বি.সি.এস. প্রিলিমিনারি পরীক্ষার নতুন সিলেবাস অনুযায়ী রচিত

- বি সি এস প্রিলিমিনারি
- বিশ্ববিদ্যালয়/মেডিকেল/ডেন্টাল ভর্তি
- ব্যাংকার্স রিক্রুটমেন্ট
- মাধ্যমিক/প্রাথমিক শিক্ষক নিয়োগ
- শিক্ষক নিবন্ধন
- বিভিন্ন মন্ত্রণালয়ে নিয়োগ

ADMISSION WAR
তোমার প্রেরণা তুমি নিজেই

পরীক্ষার এক অনন্য সহায়িকা

MP3

বি.সি.এস. প্রিলিমিনারি পরীক্ষা

বিষয়ের নাম	নম্বর বন্টন
বাংলা ভাষা ও সাহিত্য	৩৫

বাংলা

বি সি এস পরীক্ষার জন্য
আপডেট তথ্য পেতে Facebook Page/Group এ জয়েন করুন
Fan club of BCS Expert - Shakhawat

Concept & Written by :
Dr. Mohammad Shakhawat Hossain
Dr. Md. Shahadat Hossain

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

- বি.সি.এস প্রিলিমিনারি
- বিশ্ববিদ্যালয়/ মেডিক্যাল/ ডেন্টাল ভর্তি
- মাধ্যমিক/ প্রাথমিক শিক্ষক নিয়োগ
- ক্যাডেট ভর্তি
- ব্যাংক কর্মকর্তা নিয়োগ
- বিভিন্ন মন্ত্রণালয়ে নিয়োগ
- শিক্ষক নিবন্ধন

পরীক্ষার এক অনন্য সহায়িকা

MP3 বাংলা

বি.সি.এস প্রিলিমিনারি

বিষয়ের নাম	নম্বর বন্টন
বাংলা ভাষা ও সাহিত্য	৩৫

ADMISSION WAR
তোমার প্রেরণা তুমি নিজেই

প্রিয় পাঠক -
নকল বই এড়াতে MP3 বই কেনার সময় সংশ্লিষ্ট দোকানের সীল দেখে কিনুন। নকলবাজদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়ার প্রক্রিয়া চলছে।

Concept & Written by:

বোর্ড স্ট্যান্ড এবং বিসিএস পরীক্ষার মেধাতালিকায় স্থানপ্রাপ্ত

Author

Dr. Mohammad Shakhawat Hossain

BCS, DG Awarded

Dr. Md. Shahadat Hossain

MP3 PUBLICATIONS

ADMISSION WAR
তোমার প্রেরণা তুমি নিজেই

সূচিপত্র

বিষয়

বাংলা সাহিত্য

বাংলা ভাষা

বাংলা লিপি

ছাপাখানা

প্রাচীন যুগ

চর্যাপদ

মধ্যযুগ

মধ্যযুগের [illegible]

অন্ধকার যুগ (১২০০-১৩৫০ খ্রিঃ)

অন্ধকার যুগ পরবর্তী মধ্যযুগ (১৩৫১- ১৭৬০ খ্রিঃ)

মৌলিক সাহিত্যে

পদাবলী

মঙ্গলকাব্য

জীবনী সাহিত্য, নাথসাহিত্য, মর্সিয়া সাহিত্য

লোক সাহিত্যে

অনুবাদ সাহিত্য: রোমান্টিক প্রণয়োপাখ্যান, মহাভারত

আরাকান রাজসভায় বাংলা সাহিত্য

অবক্ষয় যুগ (১৭৬০-১৮৬০ খ্রিঃ)

আধুনিক যুগ (১৮০০ - বর্তমান পর্যন্ত)

বাংলা গদ্যের উৎপত্তি

ফোর্ট উইলিয়াম কলেজ

হিন্দু কলেজ ও ইয়ংবেঙ্গল

মহামেডান লিটারেরি সোসাইটি, বঙ্গীয় মুসলমান সাহিত্য সমিতি

ঢাকা মুসলিম সাহিত্য সমাজ

বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি

বাংলা একাডেমী

মুসলমান গদ্য লেখক

খোন্দকার শামসুদ্দিন মুহম্মদ [illegible]

ADMISSION WAR

তোমার প্রেরণা তুমি নিজেই

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

মামুনুর রশীদ, ইব্রাহিম খলিল, সৈলেম আল-দ্বীন, বিজন ভট্টাচার্য, আবুল্লাহ আল মামুন, ক্ষিরোদপ্রসাদ, তুলসী লাহিড়ী, জোতিরিন্দ্রনাথ ঠাকুর, সিকানদার আবু জাফর, আব্দুল হক, অমৃতলাল বসু	
বাংলা প্রবন্ধ	৬৭
বাংলা সাহিত্যের ইতিহাস বিষয়ক গ্রন্থ	৬৭
রম্যরচনা	৬৯
ভ্রমণকাহিনী	৭০
মুহম্মদ আব্দুল হাই, ড. মুহম্মদ এনামুল হক, আব্দুল করিম সাহিত্য বিশারদ, ড. আব্দুলাহ আল মূতী শরফুদ্দীন, হাসান হাফিজুর রহমান, বদরুদ্দিন ওমর, আবদুর সত্তার, মোহাম্মদ বরকতউল্লাহ, মোতাহের হোসেন চৌধুরী, কালি প্রসন্ন ঘোষ	৭০
বাংলা কাব্যগ্রন্থ	৭৪
রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়, বিহারীলাল চক্রবর্তী	৭৪
আধুনিক কবিতা	৭৫
বিষ্ণু দে, সুধীন্দ্রনাথ দত্ত, প্রেমেন্দ্র মিত্র, সমর সেন	৭৫
মোহিত লাল মজুমদার, সত্যেন্দ্রনাথ দত্ত, গোবিন্দচন্দ্র দাস, কামিনী রায়, যতীন্দ্রনাথ সেনগুপ্ত, অক্ষয়কুমার বড়াল, যতীন্দ্রমোহন বাগচী, বন্দে আলী মিয়া, আবু জাফর ওবায়দুল্লাহ, হাসান হাফিজুর রহমান	৭৭
হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়, আব্দুল কাদির, আ.ন.ম. বজলুর রশীদ, মোহাম্মদ মাহফুজ উল্লাহ, দাউদ হায়দার, আবুল হাসান, শাহাদাৎ হোসেন, দেবেন্দ্রনাথ সেন, নির্মলেন্দু গুণ, রুদ্র মুহম্মদ শহীদুল্লাহ, দ্বিজেন্দ্রনাথ ঠাকুর, দ্বিজেন্দ্রলাল রায়, সুরেন্দ্রনাথ মজুমদার, মুনায় রায়, শহীদ কাদরী	৭৭
বিখ্যাত কবিতা	৭৭
মহাকাব্য	৭৯
বিখ্যাত গল্প বা ছোটগল্প	৮২
দক্ষিণারঞ্জন মিত্র, মানিক বন্দ্যোপাধ্যায়, তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, শাহেদ আলী, রাজশেখর বসু, আবু ইসহাক, সুবোধ ঘোষ, প্রভাতকুমার মুখোপাধ্যায়, সরদার জয়েন উদ্দিন, শৈলজানন্দ মুখোপাধ্যায়, আবুল খায়ের মুসলেহউদ্দিন, হাসান আজিজুল হক	৮২
বাংলা অভিধান	৮৩
ভাষা আন্দোলনভিত্তিক গ্রন্থ	৮৪
মুক্তিযুদ্ধ ভিত্তিক রচনা	৮৬
বিখ্যাত চরিত্র ও তাঁর স্রষ্টা	৯১
উপাধি	৯৬
ছদ্মনাম ও প্রকৃত নাম	১০১
বাংলা সংবাদপত্র	১০৪
পণ্ডিত ও বক্তা	১১৩
গানের লেখক, শিল্পী, গীতিকার, সুরকার	১৩৬
প্রধান বাংলা সাহিত্যিক ও তাঁদের কর্মের পরিচয়	১৩৭
উইলিয়াম কেরি	১৩৭
রামরাম বসু	১৩৮
রামমোহন রায়	১৩৯

BookScan:www.fb.com/abubakar.chuadanga

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর	১৪০
মাইকেল মধুসূদন দত্ত	১৪৩
দীনবন্ধু মিত্র	১৪৭
ভাই গিরিশচন্দ্র সেন	১৪৯
বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়	১৫০
মীর মশাররফ হোসেন	১৫৩
কায়কোবাদ	১৫৬
রবীন্দ্রনাথ ঠাকুর	১৫৭
প্রমথ চৌধুরী	১৭০
শরৎচন্দ্র চট্টোপাধ্যায়	১৭১
সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী	১৭৪
বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন	১৭৫
ড. মুহম্মদ শহীদুল্লাহ	১৭৭
এস ওয়াজেদ আলী	১৭৯
প্রিন্সিপাল ইব্রাহীম খাঁ	১৮০
বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়	১৮১
গোলাম মোস্তফা	১৮২
আবুল মনসুর আহমদ	১৮২
জীবনানন্দ দাশ	১৮৩
কাজী নজরুল ইসলাম	১৮৬
জসিম উদদীন	১৯৬
সৈয়দ মুজতবা আলী	২০০
বুদ্ধদেব বসু	২০২
মানিক বন্দ্যোপাধ্যায়	২০৩
সুফিয়া কামাল	২০৫
আহসান হাবীব	২০৬
শওকত ওসমান	২০৭
ফররুখ আহমদ	২০৮
সৈয়দ আলী আহসান	২০৯
সৈয়দ ওয়ালীউল্লাহ	২১০
মুনীর চৌধুরী	২১২
সুকান্ত ভট্টাচার্য	২১৪
শামসুদ্দিন আবুল কালাম	২১৫
আবু ইসহাক	২১৬
শহীদুল্লা কায়সার	২১৭
আলাউদ্দিন আল আজাদ	২১৮
জহির রায়হান	২১৯
শামসুর রাহমান	২২১
সৈয়দ শামসুল হক	২২৩
আল মাহমুদ	২২৪
আখতারুজ্জামান ইলিয়াস	২২৫
আহমেদ ছফা	২২৭

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

বাংলা ভাষা

■ **ভাষা** ঃ মানুষের মুখে উচ্চারিত অর্থবোধক ও মনোভাব প্রকাশক ধ্বনি সমষ্টিকে ভাষা বলে।

■ **বাংলা ভাষার উৎপত্তি ঃ**

বাংলার আদি অধিবাসীদের ভাষা ছিল অস্ট্রিক। এ ভাষা আর্যদের আগমনের পর ধীরে ধীরে হারিয়ে যায়। আর্যদের ভাষার নাম প্রাচীন বৈদিক ভাষা। পরবর্তীকালে এ ভাষাকে সংস্কার করা হয়। এভাবে পণ্ডিতগণ বৈদিক ভাষাকে একটি সাহিত্যের ভাষায় রূপ দেন। পুরনো ভাষাকে সংস্কার করা হয়েছিল বলে এ ভাষার নাম হয় সংস্কৃত ভাষা। অনেকে বলেন, সংস্কৃত ভাষা থেকে বাংলা ভাষার উদ্ভব হয়েছে। কিন্তু আধুনিক পণ্ডিতগণ তা মেনে নেন নি। কারণ প্রাচীনকালে ব্রাহ্মণ ছাড়া সাধারণ মানুষ সংস্কৃত ভাষায় কথা বলত না। সাধারণ মানুষের মুখের ভাষার নাম 'প্রাকৃত ভাষা'। 'প্রাকৃত' শব্দের শাব্দিক অর্থ স্বাভাবিক। প্রাকৃত ভাষা থেকে সৃষ্টি হয় দুটি ভাষা। একটি 'পালি', অন্যটি 'অপভ্রংশ'। তবে সাধারণ মানুষের মুখের ভাষাটি 'প্রাকৃত ভাষা' নামেই রয়ে গেল। এ যুগে পূর্ব ভারতের অনেক দেশে নতুন নতুন ভাষার সৃষ্টি হতে থাকে। এগুলো সৃষ্টি হয় অপভ্রংশ ভাষা থেকে। এক সময় এভাবেই সৃষ্টি হয় আমাদের বাংলা ভাষা।

অধিকাংশের মতে, খ্রিস্টীয় দশম শতাব্দীতে বাংলা ভাষার উদ্ভব হয়। তবে, ড: মুহম্মদ শহীদুল্লাহর মতে, খ্রিস্টীয় সপ্তম শতাব্দীতে বাংলা ভাষার উদ্ভব হয়। দশম থেকে চতুর্দশ শতাব্দীকে বাংলা ভাষার আদিস্তরের স্থিতিকাল ধরা হয়। বর্তমানে পৃথিবীতে সাড়ে তিন হাজারের ওপর ভাষা প্রচলিত আছে। তার মধ্যে বাংলা একটি ভাষা। বাংলাদেশ ছাড়াও পশ্চিমবঙ্গের জনসাধারণ এবং ত্রিপুরা, বিহার, উড়িষ্যা ও আসামের কয়েকটি অঞ্চলের মানুষের ভাষা বাংলা। বর্তমানে পৃথিবীতে প্রায় চব্বিশ কোটি লোকের মুখের ভাষা বাংলা। ভাষার জগতে বাংলার স্থান ষষ্ঠ।

■ **বাংলা ভাষা উদ্ভবের ইতিহাস ঃ**

ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে,

ইন্দো-ইউরোপীয় ভাষা (৫০০০-৩৫০০ খ্রিঃ পূর্বাব্দ) → শতম ভাষা → আর্য ভাষা
↓
প্রাচীন ভারতীয় আর্য ভাষা → প্রাচীন ভারতীয় আর্য কথ্য → প্রাচীন প্রাচ্য প্রাকৃত
↓
গৌড়ী প্রাকৃত (মাগধী প্রাকৃতের প্রাচ্যতর রূপ) → গৌড় অপভ্রংশ → বাংলা ভাষা

জেনে রাখা ভাল

প্রশ্নঃ **বাংলা ভাষার উদ্ভব ঘটে কোন সময় থেকে ?**
উত্তরঃ ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে ঃ খ্রিস্টীয় সপ্তম শতাব্দীতে।
অধিকাংশের মতে ঃ খ্রিস্টীয় দশম শতাব্দীতে।

প্রশ্নঃ **বাংলা ভাষার আদিস্তরের স্থিতিকাল কত?**
উত্তর ঃ ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের মতে ঃ দশম থেকে চতুর্দশ শতাব্দী।
ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে ঃ সপ্তম থেকে দ্বাদশ শতাব্দী।

BookScan:www.fb.com/abubakar.chuadanga

প্রশ্ন বাংলা ভাষা কোন ভাষাগোষ্ঠীর অন্তর্গত?
উত্তর ঃ ইন্দো-ইউরোপীয় ভাষা ।

প্রশ্ন ইন্দো-ইউরোপীয় ভাষার শাখা কতটি ও কি কি?
উত্তর ঃ ২টি। যথা- কেন্তম ও শতম।

প্রশ্ন কোন ভাষা থেকে বাংলা ভাষার উদ্ভব ?
উত্তর ঃ বাংলা ভাষার জন্ম বঙ্গকামরূপী ভাষা থেকে।

ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় ও জর্জ গ্রিয়ারসনের মতানুসারে ঃ মাগধী প্রাকৃত ভাষা ।
ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে ঃ গৌড়ী প্রাকৃত ভাষা।
(মাগধী প্রাকৃতের প্রাচ্যতর রূপ)

জেনে রাখা ভাল

আধুনিক বাংলা ভাষা বঙ্গ অঞ্চলের ভাষার প্রায় দুই হাজার বছরের অবিরাম বিবর্তনের ফসল। প্রাচীনতম সাহিত্যিক ভাষা নানাবিধ বিবর্তনের মাধ্যমে বাংলা ভাষায় রূপান্তরিত হয়েছে। বাংলা ভাষার জন্ম হয়েছে প্রাকৃত ভাষা হতে খ্রিস্টীয় দশম শতাব্দীতে। প্রাকৃত শব্দের অর্থ হচ্ছে স্বাভাবিক।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

- মানুষের মুখে উচ্চারিত অর্থবোধক ও মনোভাব প্রকাশক ধ্বনি সমষ্টিকে বলে-
  ক. বর্ণ খ. শব্দ [খান সরকারি শিক্ষা কর্মকর্তা : ০৪] উত্তর: খ
  গ. বাক্য ঘ. ভাষা
- মনের ভাব প্রকাশের প্রধান মাধ্যম কোনটি? [বাংলাদেশ ব্যাংকের কর্মকর্তা ০১/ পুলিশ ব্যাংকের কর্মকর্তা ০৩]
  উত্তর:
- মানুষের ভাব প্রকাশের প্রধান বাহন কোনটি? [পরিবার পরিকল্পনা অধিদপ্তর পরিবেশোন পরিদর্শক (FWV) প্রশিক্ষণার্থী-২০১৩]
  ক. চিত্র খ. ভাষা
  গ. ইঙ্গিত ঘ. আচরণ উত্তর: খ
- ব্যাকরণ ও ভাষার মধ্যে কোনটি আগে সৃষ্টি হয়েছে? [১০ম কেরকারি শিক্ষক নিবন্ধন ও প্রভাষক পরীক্ষা (মূল/সমপর্যায়) -২০১৪]
  ক. ব্যাকরণ খ. ভাষা
  গ. ব্যাকরণ ও ভাষা উভয়ই একসাথে ঘ. কোনোটেই নয় উত্তর: খ
- কোনটি ভাষার বৈশিষ্ট্য নয়? [৯ম কেরকারি প্রভাষক নিবন্ধন ও প্রভাষক পরীক্ষা ২০১৩]
  ক. অর্তদ্যোকতা খ. ইশারা বা অঙ্গভঙ্গি
  গ. মানুষের কণ্ঠনিঃসৃত ধ্বনি ঘ. জনসমাজে ব্যবহার যোগ্যতা উত্তর: খ
- দেশ-কাল ও পরিবেশভেদে কিসের পার্থক্য ঘটে? [পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব/সহকারী প্রকৌশলী (প্রশাসন)-২০১৩]
  ক. ধ্বনির খ. ভাষার উত্তর: খ
  গ. অর্থের ঘ. শব্দের
- উপভাষা (Dialect) কোনটি? [স্কুল সার্ভিস কমিশন ০৫]
  ক. সাহিত্যের ভাষা খ. পাঠ্যপুস্তকের ভাষা উত্তর: গ
  গ. অঞ্চল বিশেষের মানুষের মুখের ভাষা ঘ. লেখ্য ভাষা

www.facebook.com/ntbd.cox

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

◆ পৃথিবীতে বর্তমানে কতগুলো ভাষা প্রচলিত? [ইপেল মন্ত্রণালয় ক্যাডার ০৯]
ক. পাঁচ হাজার খ. দু'হাজার
গ. এক হাজার ঘ. আড়াই হাজার উত্তর:
ব্যাখ্যা: পৃথিবীতে বর্তমানে সাড়ে তিন হাজার ভাষা প্রচলিত আছে। [সূত্রঃ নবম-দশম শ্রেণীর বাংলা ব্যাকরণ]

◆ ভাষার জগতে বাংলার স্থান কোথায়? [৯ম বিসিএস শিক্ষক ও নিম্নপদে মাধ্যমিক সহকারী শিক্ষক - ২০১১]
ক. ষষ্ঠ খ. সপ্তম
গ. অষ্টম ঘ. নবম উত্তর: ক

◆ বাংলা আদি অধিবাসীগণ কোন ভাষাভাষী ছিল? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ঘ ইউনিট: ০২-০৩/ বাংলাদেশ রেলওয়ে সহকারী স্টেশন মাস্টার: ০৩/ চন্দ্রকুমার নিম্ন মাধ্যমিক সহকারী শিক্ষক নিয়োগ ১১/ ৭ম বিসিএস ও নিম্নপদে মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগ: ১৩/ খাদ্য সহকারী শিক্ষক নিয়োগ: ১৩]
ক. সংস্কৃত খ. বাংলা
গ. অস্ট্রিক ঘ. হিন্দী উত্তর: গ

◆ ইন্দো-ইউরোপীয় ভাষার কটা শাখা? [সমাজসেবা অধিদপ্তরের সমাজকল্যাণ সংগঠক: ০৫]
ক. একটা খ. দুটো
গ. তিনটে ঘ. চারটে উত্তর: খ

◆ বাংলা ভাষা কোন ভাষাগোষ্ঠীর সদস্য? [শরিয়ত পরিবহন অধিদপ্তরের সহকারী পরিচালক নিয়োগ ২০১২]
ক. অস্ট্রিক খ. দ্রাবিড়
গ. ইন্দো-ইউরোপীয় ঘ. ভোটচীনীয় উত্তর: গ

◆ ইন্দো-ইউরোপীয় মূল ভাষাগোষ্ঠীর অন্তর্গত ভাষা কোনটি? [তথ্য মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ টেলিভিশন এর বিজ্ঞাপন অধিকারিক (গ্রেড ২): ০৬]
ক. বাংলা খ. ইংরেজি
গ. ফরাসি ঘ. উর্দু উত্তর: ক

◆ বাংলা ভাষার মূল উৎস কোনটি? [৯ম কেন্দ্রীয় শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১২]
ক. কানাড়ি ভাষা খ. বৈদিক ভাষা
গ. হিন্দি ভাষা ঘ. প্রাকৃত ভাষা উত্তর: ঘ

◆ কোনো অঞ্চলে কি ভাষা বলা হয়? [পরিবার পরিকল্পনা অধিদপ্তর পরিবারকল্যাণ পরিদর্শিকা (FWV) প্রতিযোগী-২০১৩]
ক. দেশী ভাষা খ. বৈদিক ভাষা
গ. বেদী ভাষা ঘ. ইংরেজি ভাষা উত্তরঃ খ

◆ বাংলা ভাষা কোন মূল ভাষার অন্তর্গত? [১১ম কেন্দ্রীয় শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়)-২০১৪]
ক. দ্রাবিড় খ. ইউরালীয়
গ. ইন্দো-ইউরোপীয় ঘ. সেমেটিক উত্তরঃ গ

◆ বাংলা ভাষার জন্ম কোন ভাষা থেকে? [মেজর জেনারেল ডিফেন্স ফাইনান্স-এর কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর-২০১৪/পরিবার পরিকল্পনা অধিদপ্তর পরিবারকল্যাণ পরিদর্শিকা (FWV) প্রতিযোগী-২০১৩]

অথবা,

বাংলা ভাষার উদ্ভব হয়েছে নিম্নোক্ত একটি ভাষা থেকে-[১৭ম বিসিএস / বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান এসিস্টেন্ট অফিসার -২০১৪/বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ২০১৩/৫ম বিএসএস (সহকারী জজ) পূর্বাঞ্চল পরীক্ষা ২০১০/জেলা আনসার ও ভিডিপি কার্যালয় ফরিদপুর চলতি, সমাজসেবা ও ইসলামী ব্যাংকের উপপরিচালক:০৭/সহকারী পরিচালক পাসপোর্ট এন্ড ইমিগ্রেশন: ০৫]
ক. সংস্কৃত খ. প্রাকৃত
গ. মৈথিলি ঘ. বৈদিক উত্তরঃ খ

BookScan:www.fb.com/abubakar.chuadanga

◆ কোন ভাষা থেকে বাংলা ভাষার জন্ম হয়েছে? [illegible] প্রভাষক নিবন্ধন ও প্রভাষক পরীক্ষা ২০১০] অথবা,
বাংলা ভাষার উৎপত্তি হয়েছে যেখান থেকে- [জগন্নাথ বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ৭ ইউনিট; ০৭-০৮]
ক. ভারতীয় আর্য খ. সংস্কৃত
গ. ইন্দো-ইউরোপীয় ঘ. বঙ্গ-কামরূপী
উত্তর: খ

◆ 'বাংলা ভাষার জন্ম হয়েছে মাগধী প্রাকৃত থেকে।'-এ মতের প্রবক্তা কে? [illegible] ও প্রভাষক পরীক্ষা ২০১৩]
ক. স্যার জর্জ অব্রাহাম গ্রিয়ারসন খ. ড. মুহম্মদ শহীদুল্লা
গ. ড. সুকুমার সেন ঘ. ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়
উত্তর: খ

◆ 'প্রাকৃত' শব্দটির অর্থ -- [illegible]
ক. প্রকৃত খ. যথার্থ
গ. যা করা হয়েছে ঘ. স্বাভাবিক
উত্তর: খ

◆ বাংলা ভাষা ও সাহিত্য কার কাছে প্রত্যক্ষভাবে ঋণী? [illegible]
ক. পালি খ. অপভ্রংশ
গ. অবহট্ট ঘ. সংস্কৃত
উত্তর: খ

◆ ড. মুহম্মদ শহীদুলাহর মতে বাংলা ভাষার উৎপত্তি কোন প্রাকৃত [illegible] নিবন্ধন ও প্রভাষক পরীক্ষা-২০১৪/[illegible] নিবন্ধন ও প্রভাষক পরীক্ষা ২০১২]
ক. মাগধী প্রাকৃত খ. গৌড়ীয় প্রাকৃত
গ. মহারাষ্ট্রীয় প্রাকৃত ঘ. অর্ধ মাগধী প্রাকৃত
উত্তর: খ

◆ কোন ভাষা থেকে বাংলা ভাষার উদ্ভব হয়েছে বলে ড. মুহম্মদ শহীদুল্লাহ মনে করেন? [illegible]
ক. গৌড়ীয় অপভ্রংশ খ. গৌড় অপভ্রংশ
গ. মাগধী অপভ্রংশ ঘ. প্রাচীন অবহট্‌ঠ
উত্তর: খ

◆ বাংলা ভাষার উদ্ভব ঘটে কোন সময় থেকে? [illegible]
ক. খ্রিস্টীয় অষ্টম শতক খ. খ্রিস্টীয় দশম শতকের কাছাকাছি সময়
গ. খ্রিস্টপূর্ব ৪০০ শতকে ঘ. খ্রিস্টীয় নবম শতকের কাছাকাছি সময়
উত্তর: খ

◆ বাংলা ভাষার উদ্ভব হয়--[illegible]
ক. সপ্তম খ্রিস্টাব্দে খ. সপ্তম খ্রিস্টপূর্বাব্দে
গ. খ্রিস্টীয় ত্রয়োদশ শতকে ঘ. খ্রিস্টীয় দ্বাদশ শতকে
উত্তর: ক

◆ বাংলা ভাষার বয়স কত? [illegible]
ক. ১০০০ বছর খ. ২০০০ বছর
গ. ২৫০০ বছর ঘ. ২৭০০ বছর
উত্তর: ক
ব্যাখ্যাঃ বাংলা ভাষার বয়স, একবিংশ শতাব্দী- সপ্তম শতাব্দী = ১৪০০ বছর
অথবা, একবিংশ শতাব্দী- দশম শতাব্দী = ১১০০ বছর

◆ বাংলা ভাষার আদিস্তরের স্থিতিকাল কোনটি? [illegible]
ক. দশম থেকে চতুর্দশ শতাব্দী খ. একাদশ থেকে পঞ্চদশ শতাব্দী
গ. দ্বাদশ থেকে ষোড়শ শতাব্দী ঘ. ত্রয়োদশ থেকে সপ্তদশ শতাব্দী
উত্তর: ক

◆ আর্যভাষার কোন স্তর থেকে বাংলা ভাষার উদ্ভব হয়েছে? [illegible]
ক. প্রাচীন ভারতীয় আর্যভাষা খ. মধ্যভারতীয় আর্যভাষা
গ. নব্যভারতীয় আর্যভাষা ঘ. সংস্কৃত ভাষা
উত্তর: ক

◆ বাংলা ভাষার পূর্ববর্তী স্তরের নাম কি? [illegible]
ক. প্রত্ন-বাঙ্গাল খ. প্রত্ন-উড়িয়া
গ. প্রাকৃতক ঘ. বৈদিক ভাষা
উত্তর: গ

www.ib.com

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

◆ ভাষার মৌলিক রীতি কোনটি? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন অডিটর - ২০১১]

ক. বক্তৃতার রীতি খ. লেখার রীতি

গ. কথা বলার রীতি ঘ. লেখা ও বলার রীতি

উত্তর: খ

বাংলা লিপি

ব্রাহ্মী লিপি হতে বাংলা লিপি ও বর্ণমালার উদ্ভব হয়। শুধু বাংলা নয় সকল ভারতীয় লিপিই এই ব্রাহ্মী লিপি থেকে জন্মলাভ করেছে। ব্রাহ্মী লিপি ভারতের মৌলিক লিপি। সিংহলী, ব্রহ্মী, শ্যামী, যবদ্বীপী ও তিব্বতি লিপির উৎসও ব্রাহ্মী লিপি। অষ্টম শতাব্দীতে ব্রাহ্মী লিপি থেকে পশ্চিমা লিপি, মধ্যভারতীয় লিপি ও পূর্বী লিপি-এই তিনটি শাখার সৃষ্টি হয়। পূর্বী লিপি থেকেই বাংলা লিপির জন্ম।

সেন যুগে বাংলা লিপির গঠনকার্য শুরু হলেও পাঠান যুগে তার মোটামুটি স্থায়ী আকার লাভ করে। ১৮০০ খ্রিষ্টাব্দে শ্রীরামপুর মিশন প্রেস স্থাপিত হওয়ার পূর্ব পর্যন্ত সুদীর্ঘ সময়ে হাতে লেখা হয়েছে বলে বাংলা লিপি নানা পরিবর্তনের মাধ্যমে অগ্রসর হয়েছে। ছাপাখানার প্রভাবে পরবর্তীকালে বাংলা লিপির আর তেমন কোন পরিবর্তন ঘটেনি।



* খরোষ্ঠীলিপি কোন লিপি ডানদিক থেকে লেখা হতো।
* সেন আমলে বাংলা লিপির স্থায়ী রূপ তৈরী করে অক্ষর গঠনের কাজ শুরু করে।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◆ ভারতীয় মৌলিক লিপি কোনটি? [ডাক সহায়কের রিক্রুটমেন্ট টেস্ট পরীক্ষা, ২ ইউনিট ০৪-০৫]

ক. ব্রাহ্মী খ. কুটীল

গ. খরোষ্ঠী ঘ. নাগরী

উত্তর: ক

◆ বাংলা লিপির উৎস কি? [১৪তম বিসিএস/ সমাজসেবা অধিদপ্তরের প্রবেশন অফিসার -২০১৩/ মধ্য-রেজিস্ট্রার ০৩/ পাবলিক এন্ড ইন্ডাস্ট্রিয়াল অধিদপ্তরের সহকারী পরিচালক ০৩]

অথবা,

বাংলা লিপির উদ্ভব হয়েছে কোন প্রাচীন লিপি থেকে? [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক ২০১২/ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের উপজেলা সেন্টার মাস্টার ২০১৩/সহকারী খাদ্য নিরীক্ষক ০৩]

ক. সংস্কৃত লিপি খ. চীনা লিপি

গ. আরবি লিপি ঘ. ব্রাহ্মী লিপি

উত্তর: ঘ

BookScan:www.fb.com/abubakar.chuadanga

ADMISSION WAR
তোমার প্রেরণা তুমি নিজেই

◆ কোন লিপি ডানদিক থেকে লেখা হতো? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক মহাফলয়ের অধীন অডিটর - ২০১১]

ক. ব্রাহ্মী লিপি খ. খরোষ্ঠীলিপি
গ. আরবীলিপি ঘ. উদ্ধলিপি

উত্তর: খ

◆ কোন শাসনামলে বাংলা লিপির স্থায়ী রূপ তৈরী করে অক্ষর গঠনের কাজ শুরু করে? [টি.এন.ও পরিদর্শক নিয়োগ পরীক্ষা ২০১১]

ক. সেন আমলে খ. গুপ্ত আমলে
গ. পাঠান আমলে ঘ. পাল আমলে

উত্তর: ক

ছাপাখানা

- উপমহাদেশে প্রথম ছাপাখানা প্রতিষ্ঠিত হয় ১৪৯৮ সালে গোয়ায় । (পর্তুগিজ ভাষার মুদ্রণযন্ত্র)
- ১৭৭৮ খ্রিস্টাব্দে হুগলিতে চার্লস উইলকিন্স প্রথম বাংলা ছাপাখানা প্রতিষ্ঠা করেন। তিনি নিজেই বাংলা অক্ষরের নকশা তৈরী করেন। তার নির্দেশনা অনুযায়ী পঞ্চানন কর্মকার বাংলা অক্ষর খোদাই করেন।
- উইলিয়াম কেরি জোশুয়া মার্শম্যানের সহযোগে ১৮০০ খ্রিষ্টাব্দে কলকাতার নিকটবর্তী শ্রীরামপুরে ব্যাপটিস্ট মিশন এবং মিশনের মুদ্রণযন্ত্র স্থাপন করেন।
- ১৮৪৭ সালে রংপুরে 'বার্তাবহ যন্ত্র' নামে একটি ছাপাখানা প্রতিষ্ঠিত হয় । এটিই বাংলাদেশে প্রথম ছাপাখানা ।
- ঢাকায় প্রথম ছাপাখানা প্রতিষ্ঠিত হয় ১৮৬০ সালে । ছাপাখানার নাম ছিল 'বাংলা প্রেস'। ১৮৬০ সালে মুদ্রিত দীনবন্ধু মিত্রের 'নীল দর্পণ' ঢাকা থেকে প্রকাশিত প্রথম গ্রন্থ ।
- চার্লস উইলকিন্স বাংলা মুদ্রাক্ষরের জনক।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◆ বাংলা মুদ্রাক্ষরের জনক বলা হয় কাকে? [ধানমন্ডি লেডিজ ও বৈদেশিক সম্পর্কসূচক মন্ত্রণালয়ের সহকারী পরিচালক ২০১২]

ক. গৌর দাস খ. চার্লস উইলকিন্স
গ. পঞ্চানন কর্মকার ঘ. গঙ্গাকিশোর ভট্টাচার্য

উত্তর: খ

◆ উপমহাদেশের প্রথম ছাপাখানা কোন সালে স্থাপিত হয়? [চট্টগ্রাম সরকারি কলেজের অধীন ডেভিডহাইটে সহকারী প্রকৌশলী ০৮]

ক. ১২৯৮ সালে খ. ১৩৯৮ সালে
গ. ১৪৯৮ সালে ঘ. ১৫৯৮ সালে

উত্তর: গ

◆ বাংলা মুদ্রণ যন্ত্র আবিষ্কার হয় যে সালে- [রাজশাহী বিশ্ববিদ্যালয়, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ ০৮-০৯]

ক. ১৯০০ খ. ১৮০০
গ. ১৯৫২ ঘ. ১৯৫৪

উত্তর: খ

◆ শ্রীরামপুরের মিশনারীরা স্মরণীয় যে জন্য? [সহকারী জজ নিয়োগ পরীক্ষা ০৮]

ক. প্রথম বাংলায় খ্রিস্টধর্ম প্রচার খ. প্রথম বাংলা মুদ্রণ
গ. প্রথম বাংলায় সংস্কার কাজ ঘ. প্রথম বাংলা স্কুল

উত্তর: খ

◆ বাংলাদেশে প্রথম কোথায় ছাপাখানা প্রতিষ্ঠিত হয়? [স ও ছ পদের কর্মকর্তার সহকারী প্রকৌশলী, পিডিবি : ০৯]

ক. ঢাকায় খ. রাজশাহীতে
গ. রংপুরে ঘ. যশোরে

উত্তর: গ

www.admcomilanbir.com

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

বাংলা সাহিত্যের রূপরেখা

বাংলা সাহিত্যের ইতিহাস

- প্রাচীন যুগ (৬৫০ - ১২০০ খ্রীঃ)
- মধ্যযুগ (১২০১ -১৮০০ খ্রীঃ)
- আধুনিক যুগ (১৮০১ খ্রীঃ -চলছে)

প্রাচীন যুগ

■ চর্যাপদ: বাংলা ভাষার প্রথম কাব্য/কবিতা সংকলন চর্যাপদ। এটি বাংলা সাহিত্যের প্রাচীন যুগের একমাত্র লিখিত নিদর্শন । ডক্টর হরপ্রসাদ শাস্ত্রী নেপালের রাজ দরবারের গ্রন্থাগার হতে ১৯০৭ সালে 'চর্যাচর্য বিনিশ্চয়' নামক পুঁথিটি আবিষ্কার করেন। চর্যাপদের সাথে 'ডাকার্ণব' ও 'দোহাকোষ' নামে আরও দুটি বই নেপালের রাজ দরবারের গ্রন্থাগার হতে আবিষ্কৃত হয়। ১৯১৬ সালে সবগুলো বই একসাথে 'হাজার বছরের পুরাণ বাঙ্গালা ভাষায় বৌদ্ধগান ও দোহা' নামে প্রকাশ করেন।

ড. হরপ্রসাদ শাস্ত্রী

বাংলার পাল বংশের রাজারা ছিলেন বৌদ্ধধর্মালম্বী। তাদের আমলে চর্যাগীতিগুলোর বিকাশ ঘটেছিল। সপ্তম থেকে দ্বাদশ শতাব্দীর মধ্যবর্তী সময়ে পদগুলো রচিত। পাল বংশের পরে আসে সেন বংশ। সেন বংশ হিন্দুধর্ম এবং ব্রাহ্মণ্যসংস্কার রাজধর্ম হিসাবে গ্রহণ করে। ফলে বৌদ্ধ সিদ্ধাচার্যেরা এদেশ হতে বিতাড়িত হয় এবং নেপালে আশ্রয় গ্রহণ করে। তাই বাংলা সাহিত্যের আদি নিদর্শন বাংলাদেশের বাহিরে নেপালে পাওয়া গেছে ।

চর্যাপদের শব্দগুলো অপরিচিত, শব্দ ব্যবহারের রীতি বর্তমানের রীতি থেকে ভিন্ন -- এর কবিতাগুলো পড়ে বুঝতে কষ্ট হয়। এজন্য চর্যাপদের ভাষাকে 'সন্ধ্যা ভাষা'ও বলে।চর্যাপদের কবিতাগুলো গাওয়া হত । তাই এগুলো একইসাথে গান ও কবিতা।

সুনীতিকুমার চট্টোপাধ্যায় তার 'বাঙলা ভাষার উৎপত্তি ও বিকাশ' (Origin and Development of Bengali language) নামক গ্রন্থে ধ্বনি তত্ত্ব ব্যাকরণ ও ছন্দ বিচার করে সিদ্ধান্ত গ্রহণ করেন যে, পদসংকলনটি আদি বাংলা ভাষায় রচিত। কেউ কেউ একে মৈথিলি, উড়িয়া বা আসামি ভাষা বলে দাবি করেন। ড: মুহম্মদ শহীদুল্লাহর মতে, সেকালের বাংলা, উড়িয়া বা আসামি ভাষার পার্থক্য ছিল সামান্যই। উল্লেখ্য যে, চর্যাপদ উড়িষ্যা, বিহার, আসাম, পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের নিজ নিজ ভাষা ও সাহিত্যের আদি নিদর্শন হিসাবে বিবেচিত।

এতে মোট ৫১ টি পদ রয়েছে। কয়েক পাতা নষ্ট হয়ে যাওয়ায় সর্বমোট সাড়ে ৪৬টি পদ পাওয়া গেছে। ২৩ নং পদটি খণ্ডিত আকারে উদ্ধার করা হয়েছে অর্থাৎ এর শেষাংশ পাওয়া যায়নি। ২৪, ২৫ ও ৪৮ নং পদগুলো পাওয়া যায়নি। চর্যাপদের মোট পদকর্তা ২৪। অনেকের মতে, আদি চর্যাকার লুইপা। ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে প্রাচীনতম চর্যাকার শবরপা এ

BookScan:www.fb.com/abubakar.chuadanga

আধুনিকতম সরহ বা ভুসুকু । তার চর্যাপদের ভাষা বঙ্গ-কামরূপী। কাহ্নপা সর্বাধিক ১৩ টি পদ রচনা করেন। মুনিদত্ত চর্যাপদের পদগুলো টীকার মাধ্যমে ব্যাখ্যা করেন।



চিত্রঃ চর্যাপদ

- পদকর্তা : লুই, শবর, কক্কুরী, বিরুআ, গুণ্ডারী, চাটিল, ভুসুকু, কাহ্ন, কামলি, ডোম্বী, শান্তি, মহিত্তা, বীণা, সরহ, আজদেব, টেণ্টণ, দারিক, ভাদে, তাড়ক, কঙ্কণ, জঅনন্দি, ধাম, তন্ত্রী ও লাড়ীডোম্বী। পদকর্তাদের নামের শেষে সম্মানসূচক 'পা' যোগ করা হয়। যেমন: লুই থেকে লুইপা, শবর থেকে শবরপা।

কাহ্ন : ১৩ টি পদ রচনা করেন।
ভুসুকু : ৮ টি পদ রচনা করেন।
সরহ : ৪ টি পদ রচনা করেন।
লুই, শান্তি ও শবরী: ২ টি করে পদ রচনা করেন।
বাকিরা : ১ টি করে পদ রচনা করেন।
লাড়ীডোম্বী : কোন পদ পাওয়া যায়নি।

চিত্রঃ কাহ্নপার নকশা

- ডাক ও খনার বচন : 'ডাক ও খনার বচন' [illegible] ইতিহাসের আদিযুগের সৃষ্টি বলে বিবেচনা করা হয়। তবে এর কোন লিখিত নিদর্শন [illegible] নেই। মুখে মুখে প্রচলিত ছড়া জাতীয় এ নমুনাকে লোকসহিত্যের আদি নিদর্শন হিসা[illegible] করা হয়।

ক) ডাকের বচন : জ্যোতিষ ও [illegible] মানব চরিত্রের ব্যাখ্যা প্রাধান্য পেয়েছে।

খ) খনার বচন : কৃষি ও আবহাওয়া [illegible] প্রাধান্য পেয়েছে।

বঙ্গীয় সাহিত্য পরিষদ কর্তৃক প্রকাশিত চর্যাপদ [illegible] করেন - শ্রী হরপ্রসাদ শাস্ত্রী

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

* চর্যাপদ যে বাংলা ভাষায় রচিত এটি প্রথম প্রমাণ করেন - ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়

জেনে রাখা ভাল

প্রশ্ন চর্যাপদের রচনাকাল কত?

উত্তর : ড: মুহম্মদ শহীদুল্লাহর মতে : ৬৫০ খ্রিস্টাব্দে ।

ড: সুনীতিকুমার চট্টোপাধ্যায়সহ অধিকাংশের মতে : ৯৫০- ১২০০ খ্রিস্টাব্দে ।

প্রশ্ন চর্যাপদে কয়টি পদ বা গান ছিল?

উত্তর : ড: মুহম্মদ শহীদুল্লাহর মতে : ৫০ টি।

সুকুমার সেনের মতে : ৫১ টি।

প্রশ্ন চর্যাপদের পদকর্তা কতজন?

উত্তর : ড: মুহম্মদ শহীদুল্লাহর মতে : ২৩ জন।

সুকুমার সেনের মতে : ২৪ জন।

প্রশ্ন চর্যাপদের প্রথম পদটির রচয়িতা কে?

উত্তর : ড: মুহম্মদ শহীদুল্লাহর মতে : শবরপা ।

অধিকাংশের মতে : লুইপা ।

প্রশ্ন চর্যাপদের বাঙালি রচয়িতা কে?

উত্তর : শবরপা।

প্রশ্ন চর্যাপদ কোন ছন্দে রচিত?

উত্তর: চর্যাপদগুলো প্রাচীন কোন ছন্দে রচিত হয়েছিল তা এখন বলা সম্ভব নয়। তবে আধুনিক ছন্দের বিচারে একে মাত্রাবৃত্ত ছন্দ বলা যায়।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◆ সবচেয়ে বেশি চর্যাপদ পাওয়া গেছে কোন কবির ? *[৩৫তম বি.সি.এস]*

ক. লুইপা খ. শবরপা

গ. ভুসুকুপা ঘ. কাহ্নপা উত্তর: ঘ

◆ বাংলা সাহিত্যের প্রাচীন যুগের নিদর্শন কোনটি ? *[৩৫তম বি.সি.এস]*

ক. নিরঞ্জনের রুষ্মা খ. দোহাকোষ

গ. গুপিচন্দ্রের সন্ন্যাস ঘ. ময়নামতির গান উত্তর: খ

◆ বাংলা সাহিত্যের প্রাচীনতম নিদর্শন কোনটি? *[জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঘ ইউনিট : ০৮-০৯]*

অথবা,

বাংলা ভাষায় সবচেয়ে পুরোনো যে পুথির সন্ধান পাওয়া গেছে তার নাম কি? *[ঢুলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তা: ০৮]*

অথবা,

বাংলা ভাষার আদি নিদর্শন কী? *[মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর-২০১৪/বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের কর্মকর্তা ২০১৩/বন মন্ত্রণালয়ের সহকারী উপ-বন্দ পরিদর্শক ২০১২/ সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ২০১২/পরিবার পরিকল্পনা অধিদপ্তর সহকারী প্রকল্প কর্মকর্তা/প্রকল্প সহকারী/প্রকল্প সহায়ক ২০১১. সরকারি কলেজের বিভাগীয় সহকারী শিক্ষক ২০১১]*

ক. বৈষ্ণব পদাবলী খ. চর্যাপদ

গ. পুঁথি সাহিত্য ঘ. বাউল সঙ্গীত উত্তর: খ

◆ কোন পণ্ডিত চর্যাপদের পদগুলো টীকার মাধ্যমে ব্যাখ্যা করেন? *[বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান কর্মকর্তা ২০১৬]*

ক. কাহ্ন পা খ. লুই পা

গ. ডাকার্ণব ঘ. মুনিদত্ত

ঙ. কোনোটিই নয় উত্তরঃ ঘ

BookScan:www.fb.com/abubakar.chuadanga

◆ চর্যাপদ প্রথম কোথা থেকে প্রকাশিত হয় ? [সমাজসেবা অধিদপ্তরের প্রবেশন অফিসার -২০১৩]
ক. বঙ্গীয় সাহিত্য পরিষদ খ. এশিয়াটিক সোসাইটি
গ. শ্রীরামপুর মিশন ঘ. ফোর্ট উইলিয়াম কলেজ উত্তরঃ ক

◆ কোন রাজবংশের আমলে চর্যাপদ রচনা শুরু হয়? [ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপজেলা পোস্ট ফাইন্যান্স ২০১০]
ক. পাল খ. সেন গ. মুঘল
ঘ. তুর্কী ঙ. কোনোটিই নয় উত্তর: ক

◆ কোন পন্ডিত চর্যাপদের পদগুলো টীকার মাধ্যমে ব্যাখ্যা করেন? [কুষ্টিয়া গণ্ডসহিত্রেকেনিসরকারী বন্ধুক ২০১৯]
ক. কাহ্ন পা খ. লুই পা গ. ডাকার্ণব
ঘ. মুনিদত্ত ঙ. কোনোটিই নয় উত্তরঃ ঘ

◆ ড. মুহম্মদ শহীদুলাহ মতে, চর্যাপদের ভাষা- [চট্টগ্রাম রেঞ্জ রেঞ্জের সহকারী রেঞ্জ কর্মকর্তা ২০১২]
(ক) ব্রজবুলি (খ) জগাখিচুড়ি
(গ) সন্ধ্যাভাষা (ঘ) বঙ্গ-কামরূপী উত্তর: ঘ

◆ বাংলা সাহিত্যের প্রাচীনতম নিদর্শন 'চর্যাপদ'পাওয়া যায়- [পররাষ্ট্র পরিষদের বিদেশের সহকারী পরিচালক কর্মকর্তা ২০১২]
ক. কলিকাতায় খ. ঢাকায়
গ. ভুটানে ঘ. নেপালে উত্তরঃ ঘ

◆ চর্যাপদ আবিষ্কার হয় কোন দেশ থেকে? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাইলার অফিসার ২০১২]
ক. চীন খ. নেপাল
গ. মিয়ানমার ঘ. ভারত উত্তর: খ

◆ চর্যাপদ এক প্রকার- [বিমারটিবির উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ২০১২]
ক. ছড়া খ. গল্প
গ. গান ঘ. রম্যরচনা উত্তর: গ

◆ বাংলা সাহিত্যের প্রাচীন যুগের একমাত্র নির্ভরযোগ্য ঐতিহাসিক নিদর্শন কোনটি? [ব্যাংক, বিমা ও কর্মকর্তা বিষয়ক মন্ত্রণালয়ের সাব-রেজিস্ট্রার-২০১২]
ক. শ্রীকৃষ্ণকীর্তন খ. চর্যাপদ
গ. মনসামঙ্গল ঘ. বৈষ্ণব পদাবলী উত্তর: খ

◆ বাংলা সাহিত্যের আদিগ্রন্থ কোনটি? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাইলার অফিসার ২০১২]
ক. শ্রীকৃষ্ণবিজয় খ. শ্রীকৃষ্ণ কীর্তন
গ. শূন্যপুরাণ ঘ. চর্যাপদ উত্তর: ঘ

◆ বাংলা ভাষার প্রথম কবিতা সংকলন- [তথ্য মন্ত্রণালয়ে সহকারী পরিচালক (গণযোগাযোগ প্রশিক্ষণ)ঃ ০১]
ক. চর্যাপদ খ. বৈষ্ণব পদাবলী
গ. ঐতরেয় আরণ্যক ঘ. দোহা কোষ উত্তর: ক

◆ বাংলা ভাষার প্রথম কাব্য সংকলন চর্যাপদ এর আবিষ্কারক? [১৭তম বিসিএস / সহকারী জজ নিয়োগ পরীক্ষা : ০৫]
ক. ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ খ. ডক্টর সুনীতিকুমার চট্টোপাধ্যায়
গ. হরপ্রসাদ শাস্ত্রী ঘ. ডক্টর সুকুমার সেন উত্তর: গ

◆ চর্যাগীতি আবিষ্কার করেন- [ইসলামী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ক ইউনিট : ০৩-০৪]
ক. দীনেশচন্দ্র সেন খ. মহাকবি বাল্মিকী
গ. ড. মুহাম্মদ শহীদুল্লাহ ঘ. হরপ্রসাদ শাস্ত্রী উত্তর: ঘ

◆ চর্যাপদ আবিষ্কৃত হয় কোথা থেকে? [২৮তম বিসিএস]
ক. আরাকান রাজগ্রন্থাগার থেকে খ. বাঁকুড়ার এক গৃহস্থের গোয়াল ঘর থেকে
গ. নেপালের রাজগ্রন্থশালা থেকে ঘ. সুদূর চীন দেশ থেকে উত্তর: গ

www.bd.commonjobs.com

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

◆ বাংলা ভাষার আদি নিদর্শন চর্যাপদ আবিষ্কৃত হয় কত সালে? [৩০তম বিসিএস]

অথবা,

'চর্যাপদ' এর পুঁথি আবিস্কৃত হয়–[বস্ত্র মন্ত্রণালয়ের অধীন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক-২০১৩]

ক. ২০০৭ সালে খ. ১৯০৭ সালে
গ. ১৯১৬ সালে ঘ. ১৯০৯ সালে
উত্তর: খ

◆ বঙ্গীয় সাহিত্য পরিষদ কর্তৃক প্রকাশিত চর্যাপদ কে সম্পাদনা করেন? [সপ্তম বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পুস্তক ২০১২]

ক. ড. মুহম্মদ শহীদুল্লাহ খ. শ্রী হরপ্রসাদ শাস্ত্রী
গ. ড. দীনেশচন্দ্র সেন ঘ. শ্রী হরলাল রায়
উত্তর: খ

◆ চর্যাপদ যে বাংলা ভাষায় রচিত এটি প্রথম কে প্রমাণ করেন? [টিপ-খাদ্য পরিদর্শক নিয়োগ পরীক্ষা ২০১১]

ক. হরপ্রসাদ শাস্ত্রী খ. সুকুমার সেন
গ. মুহম্মদ শহীদুল্লাহ ঘ. ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়
উত্তর: ঘ

◆ হরপ্রসাদ শাস্ত্রী 'চর্যাপদ' যে গ্রন্থে প্রকাশ করেছিলেন তার নাম হল- [সমাজসেবা অধিদপ্তরের সমাজ কর্মকর্তা: ০৫]

ক. চর্যাপদাবলি খ. হাজার বছরের পুরাণ বাঙ্গাল ভাষায় বৌদ্ধগান ও দোহা
গ. চর্যাচর্যবিনিশ্চয় ঘ. চর্যাগীতিকা
উত্তর: খ

◆ 'চর্যাপদ' কোন ধর্মাবলম্বীদের সাহিত্য? [পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব/সহকারী পরিচালক (প্রশাসন)–২০১৩/সহকারী পুলিশ কমিশনার (ডিবি অফিস): ০৫]

ক. সনাতন হিন্দু খ. সহজিয়া বৌদ্ধ
গ. জৈন ঘ. হরিজন
উত্তর: খ

◆ কোন সাহিত্যকর্মে সান্ধ্যভাষার প্রয়োগ আছে? [বাংলাদেশ টেলিভিশন-এর প্রযোজক: ০৬]

ক. চর্যাপদ খ. গীতগোবিন্দ
গ. পদাবলী ঘ. চৈতন্যজীবনী
উত্তর: ক

◆ চর্যাপদের বয়স আনুমানিক কত বছর? [রেলওয়ে সহ-কমান্ডেন্ট: ০০]

ক. ৮০০ বছর খ. ১০০০ বছর
গ. ১১০০ বছর ঘ. ১২০০ বছর
উত্তর: খ

ব্যাখ্যাঃ ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে, (২০১০-৬৫০) বছর = ১৩৬০ বছর প্রায়
ডঃ সুনীতিকুমার চট্টোপাধ্যায়সহ অধিকাংশের মতে,
(২০১০- ৯৫০) বছর= ১০৬০ বছর থেকে (২০১০-১২০০) বছর = ৮১০ বছর

◆ প্রাপ্ত চর্যাপদের পদকর্তা কতজন? [থানা সহকারী শিক্ষা অফিসার: ৯৯]

ক. ১৯ খ. ২৩
গ. ২৫ ঘ. ২৭
উত্তর: খ

◆ চর্যাপদের কোন পদটি খণ্ডিত আকারে পাওয়া যায়? [শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা: ০৬]

ক. ১০ নং পদ খ. ১৬ নং পদ
গ. ১৮ নং পদ ঘ. ২৩ নং পদ
উত্তর: ঘ

◆ চর্যাপদ কোন ছন্দে লেখা? [৩৫ তম বিসিএস]

ক. অক্ষরবৃত্ত খ. মাত্রাবৃত্ত
গ. স্বরবৃত্ত ঘ. অমিত্রাক্ষর ছন্দ
উত্তরঃ খ

◆ বাংলা সাহিত্যের আদি কবি কে? [১১তম বিসিএস/সহকারী উন্নয়ন কর্মকর্তা/বিআরটিসি: ০৭]

অথবা,

চর্যাপদের আদি কবি কে? [সহকারী রাজস্ব কর্মকর্তা পদে নিয়োগ পরীক্ষা ২০১৫/সহকারী থানা শিক্ষা অফিসার: ৯৯]

ক. কাহ্নপা খ. চেণ্ডনপা
গ. লুইপা ঘ. ভূসুকুপা
উত্তর: গ

BookScan:www.fb.com/abubakar.chuadanga

◆ চর্যাপদের কবিগণের মধ্যে সর্বাধিক পদরচয়িতার গৌরবের অধিকারী-[বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক-২০১৪]
ক. লুই পা খ. ভুসুকু পা
গ. সরহ পা ঘ. কাহ্ন পা
উত্তর: ঘ

◆ শবর পা কে ছিলেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (গণযোগাযোগ ও সাংবাদিকতা): ০৫-০৬]
ক. আদি সিদ্ধাচার্য খ. চর্যাকর
গ. শবরীর পতি ঘ. হস্তীবিশারদ
উত্তর: খ

◆ নিচের কোনটি সহোদর ভাষাগোষ্ঠী? [সমাজসেবা অধিদপ্তরের সমাজকল্যাণ সংগঠক: ০৫]
ক. বাংলা ও উর্দু খ. বাংলা ও অসমিয়া
গ. বাংলা ও হিন্দি ঘ. বাংলা ও সংস্কৃত
উত্তর: খ

◆ 'Origin and Development of Bengali language' গ্রন্থটির লেখক কে? [টিপচেলা নির্বাচন কমিশন: ০৮]
ক. ড. দীনেশ চন্দ্র সেন খ. ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়
গ. মুহম্মদ শহীদুল্লাহ ঘ. ড. সুকুমার সেন
উত্তর: খ

◆ 'খনার বচন' কি সংক্রান্ত? [গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে বানা প্রকৌশলী, সিভিল ইঞ্জিনিয়ার: ১১]
ক. কৃষি খ. ব্যবসা
গ. শিল্প ঘ. রাজনীতি
উত্তর: ক

◆ বাংলা সাহিত্যের ইতিহাস ও ইংরেজি সাহিত্যের ইতিহাস- এ দু'টির মধ্যে কোনটি বেশি পুরাতন? [পি.এস.সির সহকারী পরিচালক: ১৮]
ক. বাংলা সাহিত্যের ইতিহাস খ. ইংরেজি সাহিত্যের ইতিহাস
গ. দু'টিই সমসাময়িক ঘ. বিষয়টি বিতর্কিত ও অমিমাংসিত
উত্তর: খ

মধ্যযুগ

[redacted]

◆ **শাসনামল ভিত্তিক** ঃ বাংলা সাহিত্যের মধ্যযুগ ১২০১ থেকে ১৮০০ খ্রিষ্টাব্দ পর্যন্ত বিস্তৃত। ১২০৪ খ্রিষ্টাব্দে বাংলাদেশে প্রথম মুসলমান শাসনের সূত্রপাত এবং ১৭৫৭ সালে পলাশীর যুদ্ধে ইংরেজদের বিজয়ে তার অবসান। তাই বাংলা সাহিত্যের মধ্যযুগের সবটুকুই মুসলিম শাসনামলের অন্তর্গত।

মধ্যযুগ
- তুর্কি যুগ (১২০০-১৩৫০ খ্রিঃ)
- সুলতানি যুগ (১৩৫১ - ১৫৭৫ খ্রিঃ)
- মোগল যুগ (১৫৭৬-১৭৫৭)

ক. **তুর্কি যুগ** : প্রধানত ভাষা গঠনের যুগ ছিল বলে মনে করা হয়। এ সময়ের কোন উল্লেখযোগ্য সাহিত্য নিদর্শন পাওয়া যায়নি। এ সময়কে তথাকথিত 'অন্ধকার যুগ' বলে।

খ. **সুলতানি যুগ** : এই সময়ে গৌড়ীয় শাহী দরবার বাংলা ভাষা ও সাহিত্যের সাংস্কৃতিক স্নায়ুকেন্দ্র রূপে গড়ে ওঠে। গৌড়কে কেন্দ্র করে এই সময়ে বাংলা সাহিত্যের বিকাশের গুরুত্ব বিবেচনা

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

করে, এই আমলকে 'গৌড়ীয় যুগ'ও বলা হয়। মুসলিম শাসকদের পৃষ্ঠপোষকতার একটি তালি নিম্নে দেওয়া হলঃ

সুলতান	কবি	কাব্য
গিয়াস উদ্দিন আজম শাহ	শাহ মুহম্মদ সগীর	ইউসুফ-জোলেখা
জালালুদ্দিন মুহম্মদ শাহ	কৃত্তিবাস	রামায়ণ
রুকনউদ্দিন বারবক শাহ	যশোরাজ খান	শ্রীকৃষ্ণবিজয়
শামসুদ্দিন ইউসুফ শাহ	জৈনুদ্দিন	রসুলবিজয়
আলাউদ্দিন হুসেন শাহ	বিপ্রদাস	মনসাবিজয়
	বিজয়গুপ্ত	মনসামঙ্গল
	মালাধর বসু	শ্রীকৃষ্ণবিজয়
নাসিরুদ্দিন নসরত শাহ	বিদ্যাপতি	বৈষ্ণবপদ
	কবীন্দ্র পরমেশ্বর	মহাভারত অনুবাদ

* মধ্যযুগে বাংলা অনুবাদ সাহিত্যকে সমৃদ্ধ করতে মুসলমান শাসকদের উদার দৃষ্টিভ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। অনুবাদ সাহিত্যের ক্ষেত্রে আলাউদ্দিন হুসেন শাহ পৃষ্ঠপোষকতা ছিল গুরুত্বপূর্ণ।

উল্লেখ্য, গিয়াস উদ্দিন আজম শাহের পারস্যের বিখ্যাত কবি হাফিজের পত্রালাপ হয়েছিল। হাফিজকে তিনি বাংলাদেশে আমন্ত্রণ করেছিলেন।

পারস্যের কবি হাফিজ

গ. মোঘল যুগ : আরাকান রাজসভার পৃষ্ঠপোষকতায় মুসলমান কবিগণ প্রণয়কাব্য রচনা করে বাংলা সাহিত্যে স্বতন্ত্র ধারার প্রবর্তন করেন। সমসাময়িক বিভিন্ন রাজসভার কবিদের মধ্য :

রাজসভা	কবি
সম্রাট আকবরের রাজসভা	আবুল ফজল ঃ সম্রাটের সভাকবি ও প্রধানমন্ত্রী। তাঁর রচিত বিখ্যাত ঐতিহাসিক গ্রন্থ 'আইন-ই-আকবরি'।
আরাকান রাজসভা	দৌলত কাজী, আলাওল, কোরেশী মাগন ঠাকুর, মরদন, আবদুল করীম খোন্দকার, শমশের আলী
কৃষ্ণনগর রাজসভা	ভারতচন্দ্র রায়গুনাকর

BookScan:www.fb.com/abubakar.chuadanga

◆ শ্রীচৈতন্যদেবের জীবনভিত্তিকঃ

মধ্যযুগ

- প্রাকচৈতন্য যুগ (১৩৫১-১৫০০ খ্রিঃ)
- চৈতন্য যুগ (১৫০১ - ১৬০০ খ্রিঃ)
- চৈতন্য পরবর্তী যুগ (১৬০১-১৮০০ খ্রিঃ)

জেনে রাখা ভাল

প্রশ্নঃ কোন মহাপুরুষ একটি বাংলা পংক্তি না লিখলেও তাঁর নামে একটি যুগের সৃষ্টি হয়?

উত্তর ঃ শ্রীচৈতন্য ।

শ্রী চৈতন্য

শ্রীচৈতন্যদেব

বৈষ্ণবধর্মের প্রবর্তক বলা হয়। শ্রী চৈতন্যদেব ১৪৮৬ সালে জন্মগ্রহণ করেন। তার ভক্ত-শিষ্যরা তার জীবিতাবস্থায়ই তার জীবনকাহিনী নিয়ে কাব্য রচনা করেন। এ জীবনীকাব্য বাংলা সাহিত্যে ব্যাপক প্রভাব বিস্তার করে।

বাংলা সাহিত্যের মধ্যযুগে তার প্রভাব অপরিসীম। তার প্রভাবে বাংলা সাহিত্যে পদাবলী সাহিত্যের ব্যাপক বিকাশ ঘটে। তিনি কোনো সাহিত্য রচনা না করেও বাংলা সাহিত্যে চৈতন্যযুগ' নামে একটি বিশেষ স্থান দখল করেছেন।

জেনে রাখা ভাল

❑ বাংলা সাহিত্যের মধ্যযুগের গতানুগতিক ধারায় জীবনী সাহিত্য এক বিশিষ্ট স্থান দখল করে আছে। শ্রী চৈতন্যদেব ও তার কতিপয় শিষ্যের জীবনকাহিনী অবলম্বনে এই জীবনী সাহিত্যের সৃষ্টি হয়েছে। এ ধরনের বাস্তব কাহিনী নিয়ে সাহিত্য রচনা বাংলা সাহিত্যে এই প্রথম। চৈতন্যদেবের জীবনী হিসেবে যে বইটি সবচেয়ে শ্রেষ্ঠ, তা হলো চৈতন্য-চরিতামৃত'। এটি লিখেছেন কৃষ্ণদাস কবিরাজ।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◆ শ্রীচৈতন্যদেব কেন বিখ্যাত? [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক-২০১৩]

ক. বৈষ্ণব ধর্মের প্রবর্তক খ. সভাকবি

গ. কাব্যস্রষ্টা হিসেবে ঘ. অনুবাদক

উত্তরঃ ক

◆ চৈতন্যদেব ছিলেন- [নৌপরিবহন, বিজ্ঞান ও প্রযুক্তি, মহিলা ও শিশুবিষয়ক, তথ্য, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ভূমি ও প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা এবং বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী -২০১৩]

ক. বৈষ্ণব ধর্মের প্রচারক খ. পদাবলীর রচয়িতা

গ. ব্রজবুলি ভাষার প্রবর্তক ঘ. সঙ্গীতজ্ঞ

উত্তর ক

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

◆ বাংলা ভাষার মধ্যযুগ- [বিভাগীয় সহকারী পরিচালক (পরিকল্পনা) পরীক্ষা: ০১]
ক. ৯০১ থেকে ১২০০ খ্রিস্টাব্দ খ. ১২০১ থেকে ১৩৫০ খ্রিস্টাব্দ
গ. ১২০১ থেকে ১৮০০ খ্রিস্টাব্দ ঘ. ১৮০০ খ্রিস্টাব্দে-বর্তমান উত্তর: গ

◆ চৈতন্য জীবনী কাব্যের শ্রেষ্ঠ কবি কে? [বৈশাখিবন, বিজ্ঞান ও প্রযুক্তি, মহিলা ও শিশুবিষয়ক, তথ্য, আর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ভূমি ও প্রতিরক্ষা মন্ত্রণালয় প্রশাসনিক কর্মকর্তা এবং বাংলাদেশ সেক্রেটারিয়েট উপ-সহকারী প্রকৌশলী -২০১৩]
ক. কৃষ্ণদাস কবিরাজ খ. জয়ানন্দ
গ. বৃন্দাবন দাস সেন ঘ. কবি কর্ণপুর পরমানন্দ উত্তরঃ ক

ভারতবর্ষে মুসলিম শাসনামলে রাজভাষা ছিল- [১০ম কোরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১৪]
ক. বাংলা খ. সংস্কৃত
গ. আরবি ঘ. ফারসি উত্তরঃ ঘ

◆ মধ্যযুগে বাংলা সাহিত্যের পৃষ্ঠপোষকতায় অগ্রণী ভূমিকা পালন করেন -- [যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক: ১১]
ক. তুর্কী শাসকবর্গ খ. মুঘল সম্রাটগণ
গ. পাঠান সুলতানগণ ঘ. সংস্কৃত পণ্ডিতগণ উত্তর: গ

◆ বাংলা সাহিত্যের পৃষ্ঠপোষকতার জন্য বিখ্যাত শাসক? (প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৪)
ক. আলীবর্দী খাঁ খ. মুর্শিদ কুলি খাঁ
গ. ইসলাম খাঁ ঘ. আলাউদ্দিন হোসেন শাহ উত্তর: ঘ

◆ বাংলায় কৃত্তিবাসকে রামায়ণ অনুবাদের অনুরোধ জানান- [জিয়াউর রহমান বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ব ইউনিট: ০৭-০৮]
ক. নাসির উদ্দীন শাহ খ. গিয়াসুদ্দিন আজম শাহ
গ. আলাউদ্দিন খলজী ঘ. শাহ মোহাম্মদ সগীর উত্তর:

◆ কোন কবি হোসেন শাহের পৃষ্ঠপোষকতায় কাব্য রচনা করেন? [যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক: ১১]
ক. রাম নিধিগুপ্ত খ. মালাধর বসু
গ. মুকুন্দরাম চক্রবর্তী ঘ. ভারতচন্দ্র রায়গুণাকর উত্তর: খ

◆ কবি হাফিজকে বাংলাদেশে আমন্ত্রণ জানিয়েছিলেন কোন নৃপতি? [বিভাগীয় কমিশনার সহকারী কমিশনার: ১১]
ক. আলাউদ্দিন হোসেন শাহ খ. রুকনউদ্দিন বারবক শাহ
গ. ফখরুদ্দিন মুবারক শাহ ঘ. গিয়াস উদ্দিন আজম শাহ উত্তর: ঘ

◆ ইরানের কবি হাফিজের সাথে পত্রালাপ হয়েছিল বাংলার কোন সুলতানের?
ক. গিয়াস উদ্দীন আযম শাহ খ. আলাউদ্দীন হুসেন শাহ [বাতিলকৃত ২৪ তম বিসিএস]
গ. ফকরুদ্দীন মোবারক শাহ ঘ. ইলিয়াস শাহ উত্তর: ক

◆ ঐতিহাসিক গ্রন্থ 'আইন-ই-আকবরি' -এর রচয়িতা কে? [মাঠ ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় জাতীয় টেলিফোন বোর্ডের সহকারী পরিচালক: ০৪]
অথবা,
Ain-i-Akbori is written by - [শাহজালাল ইসলামী ব্যাংক সহকারী অফিসার: ০৩]
ক. Firdausi খ. Ghalib
গ. Abul Fazal ঘ. None of the above উত্তর: গ

◆ বাংলা নামের উৎপত্তি সম্বন্ধে কোন গ্রন্থে উল্লেখ আছে? [শ্রম অধিদপ্তরে শ্রম অফিসার: ৯৬/ মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে হিসাবরক্ষণ কর্মকর্তা: ৯৬]
ক. আকবরনামা খ. আলমগীরনামা
গ. আইন-ই-আকবরী ঘ. তুজুক-ই-আকবর উত্তর: গ

◆ আলাওল কোন রাজসভার কবি ছিলেন? [বিভাগীয় ও জেলা পর্যায় অধিদপ্তরে সহকারী পরিচালক ২০১১]
ক. লক্ষণ সেনের রাজসভা খ. আরাকান রাজসভা
গ. সম্রাট আকবরের রাজসভা ঘ. সম্রাট শাহজাহানের রাজসভা উত্তর: খ

BookScan:www.fb.com/abubakar.chuadanga

◆ আরাকান রাজসভার সাহিত্যিক ছিলেন - [ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা : ০৩]
ক. শাহ সগীর খ. সৈয়দ হামজা
গ. কবি জয়দেব ঘ. আলাওল উত্তর: ঘ

◆ কোন দুজন আরাকান রাজ্যসভার কবি? [বাংলাদেশ টেলিভিশন-এর প্রযোজক : ০৬]
ক. সৈয়দ সুলতান ও মুহম্মদ কবির
খ. মহাকবি আলাওল ও দৌলত কাজী
গ. কাশীরাম দাস ও মহাকবি আলাওল
ঘ. মহাকবি আলাওল ও সৈয়দ সুলতান উত্তর: খ

◆ কবি ভারতচন্দ্র সভাকবি ছিলেন- [সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ২০১১]
ক. রাজাবিক্রমাদিত্যের খ. রাজাকৃষ্ণচন্দ্রের
গ. রাজা ঈশ্বরচন্দ্রের ঘ. রাজা চন্দ্রগুপ্তের উত্তর:খ

◆ ভারতচন্দ্র রায়গুণাকর কোন্ রাজসভার কবি? [২৫ম বিসিএস]
ক. আরাকান রাজসভা খ. কৃষ্ণনগর রাজসভা
গ. রাজা গণেশের রাজসভা ঘ. লক্ষণসেনের রাজসভা উত্তর: খ

◆ মধ্যযুগের বাংলা সাহিত্যে কোন ধর্মপ্রচারকের প্রভাব অপরিসীম? [উপজেলা মৎস্য ও পশু বিভাগ কর্মকর্তা ০৭]
ক. আউল মনোহর দাস খ. চৈতন্য দেব
গ. শ্রীকৃষ্ণ ঘ. আদিনাথ শিব উত্তর: খ

অন্ধকার যুগ

বাংলা সাহিত্যে মধ্যযুগের শুরুতেই ১২০১ থেকে ১৩৫০ খ্রিষ্টাব্দ পর্যন্ত সময়কে তথাকথিত 'অন্ধকার যুগ' বলে একটি বিতর্কিত বিষয়ের অবতারণা করা হয়েছে। তথাকথিত অন্ধকার যুগের সাহিত্য সৃষ্টির কোন নির্দশন পাওয়া যায়নি এ কথাও সত্য নয়। এ সময়ে বাংলা সাহিত্যের ব্যাপক নিদর্শন পাওয়া না গেলেও অন্যান্য ভাষায় সাহিত্য সৃষ্টির নিদর্শন বর্তমান থাকাতে অন্ধকার যুগের অপবাদের অসারতা প্রমাণিত হয়। অন্য ভাষায় রচিত এ সময়ের উল্লেখযোগ্য গ্রন্থ :

- শূন্যপুরাণ : রামাই পণ্ডিত রচিত ধর্মপূজার শাস্ত্রগ্রন্থ।
- সেক শুভোদয়ার : হলায়ুধ মিশ্র রচিত।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◆ কোন সময়কে বাংলা সাহিত্যের 'অন্ধকার যুগ' বলা হয়? [বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ২০১৩/উপজেলা পোস্টমাস্টার ১০]
ক. ১২০১-১৩৫০ খ্রি. খ. ৬০০-৯৫০ খ্রি.
গ. ১৩৫১-১৫০০ খ্রি. ঘ. ৬০০-৭৫০ খ্রি. উত্তর: ক

◆ 'শূন্যপুরাণ' কাব্য কার রচনা? [জাতীয় সংসদ সচিবালয়ে সহকারী সচিব ০৫]
ক. লুইপা খ. কাহ্নপা
গ. দৌলত উজির বাহরাম খা ঘ. রামাই পণ্ডিত উত্তর: ঘ

◆ কোন শাসনকদের সময়কে বাংলা সাহিত্যের অন্ধকার যুগ বলা হয়? [কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-সহকারী কৃষি কর্মকর্তা-২০১৪/বাংলাদেশ ব্যাংক লিঃ সেকশনি সহকারী মাস্টার ২০১১]
ক. পাল খ. সেন গ. গুপ্ত
ঘ. তুর্কী ঙ. কোনোটিই নয় উত্তর: ঘ

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

অন্ধকার যুগ পরবর্তী মধ্যযুগ

মধ্যযুগের বাংলা সাহিত্যের সমগ্র সৃষ্টি অনুবাদ ও মৌলিক-এই দুই শ্রেণীতে বিভক্ত।

ক. মৌলিক রচনা : মৌলিক রচনার নিদর্শনের মধ্যে বৈষ্ণব পদাবলী, জীবনী সাহিত্য, মঙ্গলকাব্য, লোকসাহিত্য ইত্যাদির কথা উল্লেখযোগ্য।

খ. অনুবাদ শাখা :
- সংস্কৃত থেকে অনূদিত-যেমন রামায়ণ, মহাভারত, ভগবত ইত্যাদি।
- আরবি-ফারসি-হিন্দি ভাষা থেকে মুসলমান কবি রচিত প্রণয়োপাখ্যান কাব্যগুলো।



মৌলিক সাহিত্য

পদ বা পদাবলী ঃ

পদ বা পদাবলী বলতে বুঝায় বৌদ্ধ বা বৈষ্ণবীয় ধর্মের গুঢ় বিষয়ের বিশেষ সৃষ্টি । পদাবলী সাহিত্য বৈষ্ণবতত্ত্বের রসভাস্য। মধ্যযুগের বাংলা সাহিত্যের শ্রেষ্ঠ ফসল 'বৈষ্ণব পদাবলী'। বৈষ্ণবদের উপাস্য ভগবান শ্রীকৃষ্ণ। তাঁর আনন্দময় তথা প্রেমময় প্রকাশ ঘটেছে রাধার মাধ্যমে। রাধাকৃষ্ণ প্রেম-লীলার মাধুর্য পদাবলীগানের উপজীব্য হয়েছিল। বৈষ্ণবসমাজে বৈষ্ণব পদাবলী 'মহাজন পদাবলী' এবং বৈষ্ণব পদকর্তাগণ 'মহাজন' নামে পরিচিত।

বৈষ্ণব পদাবলীর পদকর্তা :

• **বিদ্যাপতি :** বিদ্যাপতি (১৩৭৪-১৪৬০) বাংলায় একটি পঙ্‌ক্তি না লিখেও বাঙালিদের কাছে একজন শ্রদ্ধেয় কবি। 'মৈথিল কোকিল' ও 'অভিনব জয়দেব' নামে খ্যাত বিদ্যাপতি বৈষ্ণব কবি ও পদসঙ্গীত ধারার রূপকার। তিনি মিথিলার সীতাময়ী মহকুমার বিসফি গ্রামে জন্মগ্রহণ করেন। তার অন্যান্য উপাধি ছিল কবিশেখর, কবিরঞ্জন, কবিকণ্ঠহার, পণ্ডিত ঠাকুর, সদুপাধ্যায়, রাজপণ্ডিত ইত্যাদি। মিথিলার কবি বিদ্যাপতি বৈষ্ণব পদাবলীর আদি রচয়িতা। তাঁর পদাবলীগুলো ব্রজবুলি ভাষায় রচিত। তার রচিত শ্রেষ্ঠ পদ-

'এ সখি হামারি দুখের নাহি ওর।
এ ভরা বাদর মাহ ভাদর
শূন্য মন্দির মোর'।

BookScan:www.fb.com/abubakar.chuadanga

- চণ্ডীদাস : বাংলা ভাষায় বৈষ্ণব পদাবলীর আদি রচয়িতা কবি চণ্ডীদাস।
- গোবিন্দদাস (বৈষ্ণব কবি): 'গীতগোবিন্দ' তাঁর বিখ্যাত পদাবলী সাহিত্য। এটি ব্রজবুলি ভাষায় রচিত। 'কেবা শুনাইল শ্যামনাম' পদটিও রচনা করেছেন তিনি।
- জ্ঞানদাস, ও বলরামদাসের নামও বিশেষ ভাবে উল্লেখযোগ্য।
- আধুনিকযুগের কবিদের মধ্য রবীন্দ্রনাথ ঠাকুরের নাম বিশেষ ভাবে উল্লেখযোগ্য।

◆ **শ্রীকৃষ্ণকীর্তন ঃ**

- মধ্যযুগে বাংলা সাহিত্যের প্রথম নিদর্শন।
- সর্বজন স্বীকৃত ও খাঁটি বাংলা ভাষায় রচিত প্রথম কাব্যগ্রন্থ।
- কাব্য পুথিটির রচয়িতা বড়ু চণ্ডীদাস। তাই বড়ু চণ্ডীদাস মধ্যযুগের আদি কবি।
- বাংলা ভাষায় রচিত কোন লেখকের প্রথম একক গ্রন্থ। এ কাব্য গ্রন্থের খন্ড সংখ্যা ১৩টি।
- চতুর্দশ শতাব্দীর শেষ দিকে তিনি কাব্যটি রচনা করেন।
- পুঁথিতে প্রাপ্ত একটি চিরকুট অনুসারে এই কাব্যের প্রকৃত নাম 'শ্রীকৃষ্ণসন্দর্ভ'।
- ১৯০৯ সালে বসন্তরঞ্জন রায় ভারতের পশ্চিমবঙ্গের বাকুড়া জেলার কাকিল্যা গ্রামের এক গৃহস্থ বাড়ির গোয়ালঘর হতে পুথিটি উদ্ধার করেন।
- ১৯১৬ সালে বঙ্গীয় সাহিত্য পরিষদ থেকে বসন্তরঞ্জন রায়ের সম্পাদনায় ইহা প্রকাশিত হয়।

◆ **চণ্ডীদাস সমস্যা** : মধ্যযুগের একাধিক কবি নিজেকে চণ্ডীদাস দাবি করলে সমস্যার সৃষ্টি হয়। ডঃ মুহম্মদ শহীদুল্লাহর মতে, চণ্ডীদাস তিন জন ঃ বড়ু চণ্ডীদাস, দ্বিজ চণ্ডীদাস ও দীন চণ্ডীদাস। তাঁদের মধ্যে শ্রীকৃষ্ণকীর্তনের কবি বড়ু চণ্ডীদাস সবচেয়ে প্রাচীন।

◆ **ব্রজবুলি ভাষা:**

বৈষ্ণব পদাবলীর অধিকাংশই রচিত হয়েছে 'ব্রজবুলি' নামে এক কৃত্রিম মিশ্র ভাষায়। মূলত ইহা মৈথিলি ও বাংলা মিশ্রণে এক মধুর সাহিত্যিক ভাষা। এতে কিছু হিন্দি শব্দও আছে। ব্রজলীলা সম্পর্কিত পদাবলীর ভাষা-- এই অর্থে ভাষাটি 'ব্রজবুলি' নামে পরিচিত। 'ব্রজবুলি' কখনও মুখের ভাষা ছিল না; সাহিত্যকর্ম ব্যতীত অন্যত্র এর ব্যবহারও নেই। মিথিলার কবি বিদ্যাপতি এ ভাষার স্রষ্টা।

জেনে রাখা ভাল

প্রশ্নঃ একটি বাংলা পংক্তি না লিখেও বাংলা সাহিত্যের অত্যন্ত মর্যাদাবান কবি কে?

উত্তরঃ বিদ্যাপতি (পদাবলীগুলো ব্রজবুলি ভাষায় রচিত)।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◆ মধ্যযুগের বাংলা সাহিত্যের শ্রেষ্ঠ নিদর্শন কোনটি? *[৯ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রভাষক পরীক্ষা ২০১৩]*

ক. শ্রীকৃষ্ণকীর্তন খ. চর্যাপদ
গ. বৈষ্ণব পদাবলী ঘ. নাথ সাহিত্য

উত্তরঃ ক

◆ কোন কবির উপাধি 'কবিকণ্ঠহার'? *[সমাজসেবা অধিদপ্তরের প্রবেশন অফিসার -২০১৩]*

ক. চণ্ডীদাস খ. বিদ্যাপতি
গ. মুকুন্দরাম চক্রবর্তী ঘ. ভারতচন্দ্র

উত্তরঃ খ

◆ 'সই কেবা শুনাইল শ্যামনাম' পদটি কোন বৈষ্ণব কবির রচনা? *[নৌপরিবহন, বিজ্ঞান ও প্রযুক্তি, মহিলা ও শিশুবিষয়ক, তথ্য, ভূতাত্ত্বিক সম্পর্ক বিভাগ, ভূমি ও প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা এবং বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী -২০১৩]*

ক. জ্ঞানদাস খ. গোবিন্দদাস
গ. দ্বিজ চন্ডিদাস ঘ. বলরাম দাস

উত্তরঃ খ

www.bcsbook.com

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

◆ সর্বজন স্বীকৃত ও খাঁটি ভাষায় রচিত প্রথম কাব্যগ্রন্থ কোনটি? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে সহকারী অফিসার : ১১]

ক. চর্যাপদ খ. শ্রীকৃষ্ণকীর্তন
গ. ইউসুফ-জোলেখা ঘ. পদ্মাবতী
উত্তর: খ

◆ মধ্যযুগের প্রথম কাব্য কোনটি? [প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক, গবেষণা কর্মকর্তা, টেলিফোন ইঞ্জিনিয়ার ও সহকারী কম্পিউটার প্রোগ্রামার ২০১৩/উপজেলা ও থানা শিক্ষা অফিসার : ০৫]

ক. শূন্য পুরাণ খ. ডাকার্ণব
গ. গীত গোবিন্দ ঘ. শ্রীকৃষ্ণ কীর্তন
উত্তর: ঘ

◆ 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের রচয়িতা [১৯তম বিসিএস/ তথ্য মন্ত্রণালয়ের অধীন গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার ২০১৩/ বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক ২০১১/ ঢাকা অধিদপ্তরের উপজেলা পোস্ট মাস্টার ২০১০/শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে শ্রম অফিসার ০৩]

ক. চণ্ডীদাস খ. বড়ু চণ্ডীদাস
গ. দ্বিজ চণ্ডীদাস ঘ. দীন চণ্ডীদাস
উত্তর: খ

◆ 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যগ্রন্থ কে আবিষ্কার করেন? [সমাজসেবা অধিদপ্তরের প্রবেশন অফিসার -২০১৩/স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন যাযাবরদের নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক-২০১৩/সহকারী উপজেলা / থানা শিক্ষা অফিসার (AEO) ২০১২ / চাউল বন্দর পোর্টের সহকারী বন্দর সমন্বয়ক ২০১২/ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক ২০১২]

ক. হরপ্রসাদ শাস্ত্রী খ. বসন্তরঞ্জন রায়
গ. মুহম্মদ শহীদুল্লাহ ঘ. আশুতোষ ভট্টাচার্য
উত্তর: খ

◆ 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের খন্ড সংখ্যা-[বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক-২০১৪]

ক. ১০ খ. ১১
গ. ১২ ঘ. ১৩
উত্তর: ঘ

◆ বিদ্যাপতি কোন ভাষায় রাধাকৃষ্ণ-বিষয়ক পদগুলো রচনা করেন? [সিনিয়র বিজেএস (সহকারী জজ) প্রথম বিসিএস ২০১২, পল্লী উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক ২০১১]

ক. মৈথিলী খ. ব্রজবুলি
গ. বাংলা ঘ. অহমীয়া
উত্তর: খ

◆ মধ্যযুগের প্রথম কবি হচ্ছে- [শ্রম মন্ত্রণালয়ের সহকারী পরিচালক : ০৫]

ক. কাহ্নপা খ. বিদ্যাপতি
গ. বড়ু চণ্ডীদাস ঘ. মালাধর বসু
উত্তর: গ

◆ পদ বা পদাবলী বলতে কি বুঝায়? [১২ তম বিসিএস/ সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদপ্তরের সহকারী প্রবেশন অফিসার : ০৬]

ক. লাচাড়ী ছন্দে রচিত পদ্য বা কবিতাবলী খ. পদ্যাকারে রচিত দেবস্তুতিমূলক রচনা
গ. বাউল বা মরমী গীতি
ঘ. বৌদ্ধ বা বৈষ্ণবীয় ধর্মের গুঢ় বিষয়ের বিশেষ সৃষ্টি
উত্তর: ঘ

◆ পদাবলীর প্রথম কবি কে? [১২ তম বিসিএস] অথবা, বৈষ্ণব পদাবলীর আদি রচয়িতা কে? [সহকারী থানা শিক্ষা অফিসার ০৬]

ক. শ্রীচৈতন্য খ. বিদ্যাপতি
গ. চণ্ডীদাস ঘ. জ্ঞানদাস
উত্তর: খ

◆ কোন উক্তিটি ঠিক? [জেলা দুর্নীতি দমন অফিসার : ১৪]

ক. বৈষ্ণব পদাবলী মধ্যযুগের বাংলার এক প্রকার কাহিনীকাব্য
খ. বৈষ্ণব পদাবলী বৈষ্ণব ধর্মের যৌক্তিক ব্যাখ্যা
গ. বৈষ্ণব পদাবলী পদ্যে রচিত চৈতন্য দেবের জীবনী বিশেষ
ঘ. বৈষ্ণব পদাবলী রাধা ও কৃষ্ণের আকর্ষণ-বিকর্ষণের বিচিত্র অনুভূতি সম্বলিত এক প্রকার গান
উত্তর: ঘ

www.fb.com/tanbir.cox

BookScan:www.fb.com/abubakar.chuadanga

◆ বাংলা ভাষায় বৈষ্ণব পদাবলীর আদি রচয়িতা কে? [বেসরকারি হাসপাতাল কর্মী পোস্টিং মার্কেট ০৫]
ক. চণ্ডীদাস খ. বিদ্যাপতি
গ. জ্ঞানদাস ঘ. আলাওল
উত্তর: ক

◆ বৈষ্ণব পদাবলীর অবাঙালি কবি কে? [বিসিএস হিসাবে সহকারী কমিশনার ০৫]
ক. গোবিন্দদাস খ. জ্ঞানদাস
গ. চণ্ডীদাস ঘ. বিদ্যাপতি
উত্তর: ঘ

◆ 'মৈথিল কোকিল' খ্যাত কে? [বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক-২০১৪]
ক. জ্ঞানদাস খ. গোবিন্দদাস
গ. বিদ্যাদাস ঘ. চণ্ডীদাস
উত্তর:
[Note: মধ্যযুগের অন্যতম সাহিত্যিক বিদ্যাপতি 'মৈথিল কোকিল' হিসেবে খ্যাত ছিলেন।]

◆ বিদ্যাপতি কোথাকার কবি ছিলেন? [১৮তম বিসিএস/সহকারী রাজস্ব কর্মকর্তা পদে নিয়োগ পরীক্ষা ২০১৫/৪র্থ বিভাগ (সহকারী জজ) পদের পরীক্ষা ২০১১]
ক. নবদ্বীপের খ. মিথিলার
গ. বৃন্দাবনের ঘ. বর্ধমানের
উত্তর: খ

◆ পদাবলী লিখেছেন- [১২তম বিসিএস]
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. মাইকেল মধুসূদন দত্ত
গ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ. কায়কোবাদ
উত্তর: ক

◆ 'ব্রজবুলি' বলতে কী বোঝায়? [১১তম বিসিএস]
ক. ব্রজধামে কথিত ভাষা খ. এক রকম কৃত্রিম কবিভাষা
গ. বাংলা ও হিন্দির যোগফল ঘ. মৈথিলি ভাষার একটি উপভাষা
উত্তর: খ

◆ 'ব্রজবুলি' কোন স্থানের ভাষা? [স্বাস্থ্য অধিদপ্তরে সিনিয়র মাদকদ্রব্য নিয়ন্ত্রক অধিদপ্তরে সহকারী পরিচালক-২০১৩]
ক. আসাম খ. মিথিলা
গ. গৌড় ঘ. পশ্চিমবঙ্গ
উত্তর: খ

◆ 'ব্রজবুলি'- তে কোন কবি পদাবলি রচনা করেন? [সহকারী উপজেলা / জেলা শিক্ষা কর্মকর্তা (ATEO) ২০১২]
ক. চণ্ডীদাস খ. জ্ঞানদাস
গ. বিদ্যাপতি ঘ. গোবিন্দদাস
উত্তর: গ

◆ বাংলা এবং মৈথিলী ভাষার সমন্বয়ে যে ভাষার সৃষ্টি হয়েছে, তার নাম কি? [সহকারী ও প্রিলিম রাজস্ব উপপরিচালক ০৫]
ক. মাগধী খ. অসমিয়া
গ. ব্রজবুলি ঘ. জগাখিচুড়ি
উত্তর: গ

◆ ব্রজভাষা কি? [ব্যাংক ইন্সট্রাক্টর (নন-টেক): ০৩]
ক. বাংলার ভাষা খ. ব্রজভূমির ভাষা
গ. বৃন্দাবনের ভাষা ঘ. মথুরার ভাষা
উত্তর: ঘ

◆ গীতগোবিন্দ কোন ভাষায় রচিত? [সরকারি চাকরির নিয়োগ পরীক্ষা: ০৬]
ক. প্রাচীন বাংলা খ. সংস্কৃত
গ. ব্রজবুলি ঘ. অবহট্‌হ
উত্তর: গ

www.fb.com/tanbir.cox

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

মঙ্গলকাব্য ঃ বাংলা সাহিত্যের মধ্যযুগে বিশেষ এক শ্রেণীর ধর্মবিষয়ক আখ্যান কাব্য। 'মঙ্গল' শব্দটির আভিধানিক অর্থ 'কল্যাণ'। যে কাব্য দেবতার আরাধনা, মাহাত্ম্য-কীর্তন করা হয়; যে কাব্য শ্রবণেও মঙ্গল হয় এবং বিপরীতটিতে হয় অমঙ্গল; যে কাব্য মঙ্গলাধার, এমন কি, যে কাব্য ঘরে রাখলেও মঙ্গল হয়-তাকেই বলা হয় 'মঙ্গলকাব্য'। বাংলা সাহিত্যের নানা শ্রেণীর কাব্যে মঙ্গল কথাটির প্রয়োগ থাকলেও কেবল বাংলা লৌকিক দেবতাদের নিয়ে রচিত কাব্যই মঙ্গলকাব্য নামে অভিহিত হয়। মঙ্গলকাব্য রচনার মূলে উলিখিত কারণ - স্বপ্নে দেবী কর্তৃক আদেশ লাভ। 'চৈতন্যমঙ্গল', 'গোবিন্দমঙ্গল' প্রভৃতি কাব্যের সঙ্গে মঙ্গল নাম থাকলেও এদের সাথে মঙ্গলকাব্যের কোন যোগসূত্র নেই--এরা বৈষ্ণব সাহিত্যের অংশ।

মঙ্গলকাব্যগুলোকে শ্রেণীগত দিক থেকে দু ভাগে ভাগ করা যায় :

ক) পৌরাণিক শ্রেণী ঃ গৌরীমঙ্গল, ভবানীমঙ্গল, দুর্গামঙ্গল, অন্নদামঙ্গল, কমলামঙ্গল, গঙ্গামঙ্গল, চণ্ডিকামঙ্গল প্রভৃতি।

খ) লৌকিক শ্রেণীঃ শিবায়ন বা শিবমঙ্গল, মনসামঙ্গল, চণ্ডীমঙ্গল, শীতলামঙ্গল, রায়মঙ্গল, কালিকামঙ্গল (বা বিদ্যাসুন্দর), ষষ্ঠীমঙ্গল, সারদামঙ্গল, সূর্যমঙ্গল প্রভৃতি।

- **মনসামঙ্গল** : সাপের অধিষ্ঠাত্রী দেবী মনসা । লৌকিক ভয়ভীতি থেকেই এ দেবীর উদ্ভব। তাঁর অপর নাম কেতকা ও পদ্মাবতী। এই দেবীর কাহিনী নিয়ে রচিত কাব্য 'মনসামঙ্গল' নামে পরিচিত। কোথাও তা 'পদ্মাপুরাণ' নামেও অভিহিত হয়েছে। চাঁদ সদাগরের বিদ্রোহ ও বেহুলার সতীত্ব কাহিনীর জন্য মনসামঙ্গল সর্বাধিক জনপ্রিয়তা অর্জন করেছিল। চাঁদ সদাগর, বেহুলা মনসামঙ্গলের বিখ্যাত চরিত্র। মনসামঙ্গলের কবিগণ :
  - কানা হরিদত্ত : মনসামঙ্গল তথা মঙ্গলকাব্যের আদিকবি।
  - অন্যান্যের মধ্যে নারায়ণ দেব, বিজয় গুপ্ত, বিপ্রদাস পিপিলাই, দ্বিজ বংশীদাস, কেতকাদাস ক্ষেমানন্দের নাম বিশেষ ভাবে উল্লেখযোগ্য।
- **চণ্ডীমঙ্গল কাব্য** : চণ্ডী দেবীর কাহিনী অবলম্বনে রচিত চণ্ডীমঙ্গল কাব্য এ দেশে যথেষ্ট জনপ্রিয়তা অর্জন করেছিল। চণ্ডীমঙ্গল কাব্যের কবিগণ:
  - মানিক দত্ত : চণ্ডীমঙ্গলের আদিকবি হিসেবে মানিক দত্তের স্থান।
  - মুকুন্দরাম চক্রবর্তী : চণ্ডীমঙ্গলের শ্রেষ্ঠ কবি ।
- **ধর্মমঙ্গল** : ধর্মঠাকুর নামে কোন এক পুরুষ দেবতার পূজা হিন্দু সমাজের নিচু স্তরের লোকদের মধ্যে বিশেষত ডোম সমাজে প্রচলিত রয়েছে। ধর্মঠাকুর প্রধানত দাতা -- নিঃসন্তান নারীকে সন্তান দান করেন, অনাবৃষ্টি হলে ফসল দেন, কুষ্ঠরোগীকে রোগ থেকে মুক্ত করেন। ধর্মঠাকুরের মাহাত্ম্য প্রচারের জন্য 'ধর্মমঙ্গল' কাব্য ধারার সূত্রপাত হয়েছে। 'ধর্মমঙ্গল' কাব্যের আদিকবি ময়ূরভট্ট।
- **অন্নদামঙ্গল** : চণ্ডী ও অন্নদা অভিন্ন-একই দেবীর দুই নাম। এ দেবীর কাহিনীই অন্নদামঙ্গলে স্থান পেয়েছে। অন্নদামঙ্গলের শ্রেষ্ঠ কবি ভারতচন্দ্র রায়গুণাকর ।
- **ভারতচন্দ্র রায়গুণাকর**: ভারতচন্দ্র মহারাজ কৃষ্ণচন্দ্রের আদেশে 'অন্নদামঙ্গল' কাব্য রচনা করেন। তিনি মধ্যযুগের বাংলা সাহিত্যের অন্যতম শ্রেষ্ঠ কবি। তিনি ১৭১২ খ্রিস্টাব্দে পশ্চিমবঙ্গের হাওড়া জেলার পাণ্ডুয়া গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি আঠারো শতকের মঙ্গলকাব্য ধারার শ্রেষ্ঠ ও সর্বশেষ কবি ছিলেন। তিনি ছিলেন নবদ্বীপের রাজা কৃষ্ণচন্দ্রের সভাকবি। 'সত্যনারায়ণ পাঁচালী' তাঁর অন্য একটি গ্রন্থ। ১৭৬০ খ্রিস্টাব্দে কবি রায়গুণাকর ভারতচন্দ্রের তিরোধানের সঙ্গে সঙ্গে বাংলা কাব্যের ইতিহাসে মঙ্গলযুগের অবসান ঘটে। তার শ্রেষ্ঠ কীর্তি 'অন্নদামঙ্গল' কাব্য (১৭৫২-৫৩) রচনা। তাকে মধ্যযুগের শেষ বড় কবি বলা হয়।

BookScan:www.fb.com/abubakar.chuadanga

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◆ মঙ্গলকাব্যের কবি নন কে ? [৩৫তম বি.সি.এস]
ক. কানাহরি দত্ত খ. মানিক দত্ত
গ. ভারতচন্দ্র ঘ. দাশু রায় উত্তর: ঘ

◆ মধ্যযুগের বাংলা সাহিত্যের অন্যতম নিদর্শন কী? [রাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন মানবসম্পদ বিভাগ অধিদপ্তরে সহকারী পরিচালক-২০১৩]
ক. চতুর্দশপদী কবিতা খ. চর্যাপদ
গ. ছোটগল্প ঘ. মঙ্গলকাব্য উত্তর: ঘ

◆ কে বাংলা ভাষার কবি নন? [রাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক-২০১৩]
ক. জ্ঞানদাস খ. জয়দেব
গ. মুকুন্দরাম ঘ. চণ্ডীদাস উত্তর: খ

◆ 'মঙ্গল কাব্য' সমূহের বিষয়বস্তু মূলত- [প্রথম শিক্ষক: ১৪]
ক. মধ্যযুগের সমাজ ব্যবস্থার বর্ণনা খ. লোকসঙ্গীত
গ. ধর্ম বিষয়ক আখ্যান ঘ. পীর পাঁচালী উত্তর: গ

◆ কোন দেবীর কাহিনী নিয়ে 'মনসামঙ্গল' কাব্য রচিত? [বাংলাদেশ ব্যাংক পরীক্ষা: ০৭]
ক. লক্ষ্মীন্দরের দেবী খ. পদ্মাবতী দেবী
গ. মনসা দেবী ঘ. বেহুলা ও চাঁদসুন্দর উত্তর: খ,গ

◆ মঙ্গলকাব্য রচনার মূলে উলিখিত কারণ কি? [তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরে সহকারী তথ্য ও যোগাযোগ ২০১৩]
ক. রাজাদেশ প্রাপ্তি খ. স্বপ্নে দেবী কর্তৃক আদেশ লাভ
গ. রাজা ও সভাসদের মনোরঞ্জন করা ঘ. রাজকবির দায়িত্ব পালন উত্তর: খ

◆ 'মনসামঙ্গল' কাব্যের আদিকবি কে? [পাসপোর্ট এন্ড ইমিগ্রেশন অধিদপ্তরে সহকারী পরিচালক পা]
ক. বিজয় দত্ত খ. ময়ূর ভট্ট
গ. মানিক দত্ত ঘ. কানা হরিদত্ত উত্তর: ঘ

◆ 'মনসামঙ্গল'- এর লেখক কে? [জেলা দুর্নীতি দমন কমিশন: ১৪]
ক. কৃত্তিবাস খ. মালাধর বসু
গ. মানিক দত্ত ঘ. কানা হরিদত্ত উত্তর: ঘ

◆ মুকুন্দরাম চক্রবর্তী কোন ধারার কবি? [ভূমি মন্ত্রণালয় অধীনস্থ সহকারী পরিচালক [সহ-তত্ত্বাবধায়ক]: ০৫]
ক. মনসা মঙ্গল খ. শীতলা মঙ্গল
গ. চণ্ডীমঙ্গল ঘ. পদাবলী উত্তর: গ

◆ মঙ্গলযুগের সর্বশেষ কবির নাম কি? [২৮তম বিসিএস]
অথবা,
মঙ্গল কাব্যধারার সর্বশেষ কবির নাম কি ? [সমাজসেবা অধিদপ্তরের প্রবেশন অফিসার -২০১৩]
ক. বিজয় গুপ্ত খ. ভারতচন্দ্র রায়গুণাকর
গ. মুকুন্দরাম চক্রবর্তী ঘ. কানাহরি দত্ত উত্তর: খ

◆ ভুরসুট পরগনার পান্ডুয়া গ্রামে জন্মগ্রহণ করেন- [বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক-২০১৪]
ক. কবিকঙ্কন মুকুন্দরাম চক্রবর্তী খ. ভারতচন্দ্র রায়গুণাকর
গ. ময়ূর ভট্ট ঘ. কানা হরিদত্ত উত্তর: খ

◆ বাংলা সাহিত্যে মধ্যযুগের শেষ কবি কে? [বন্দর নিরাপত্তা অধিদপ্তরে সহকারী পরিচালক: ১৪]
ক. ঈশ্বরচন্দ্র গুপ্ত খ. ভারতচন্দ্র রায় উত্তর: খ
গ. রাম রাম বসু ঘ. শাহ মুহম্মদ সগীর

* তাঃ সাঃ -Mp3- বাংলা : 3

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

◆ মধ্যযুগে বাংলা সাহিত্যের শ্রেষ্ঠ কবি কে? [৪র্থ বিভাগ (সহকারী জজ) প্রথমিক পরীক্ষা ২০১১/বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক: ০৪]

ক. হরিদত্ত খ. ভারতচন্দ্র
গ. মুকুন্দরাম ঘ. চণ্ডীদাস

উত্তর: খ

জীবনী সাহিত্যঃ

◆ **কড়চা** ঃ 'কড়চা' শব্দের শাব্দিক অর্থ ডায়রি বা দিনলিপি । তবে বাংলা সাহিত্যে চৈতন্য জীবনীগ্রন্থ 'কড়চা' নামে পরিচিত ।

রচয়িতা	কড়চা
বৃন্দাবনদাস	◆ চৈতন্যভাগবত : বাংলা ভাষায় শ্রীচৈতন্যের প্রথম জীবনীকাব্য ।
লোচন দাস	◆ চৈতন্যমঙ্গল
উপন্যাস (Fiction)	◆ ছাপান্ন হাজার বর্গমাইল (১৯৯৪) ◆ পাক সার জমিন সাদ বাদ (২০০৪) ◆ সবকিছু ভেঙ্গে পড়ে (১৯৯৫) ◆ মানুষ হিসেবে আমার অপরাধসমূহ(১৯৯৬) ◆ যাদুকরের মৃত্যু(১৯৯৬) ◆ শুভব্রত, তার সম্পর্কিত সুসমাচার (১৯৯৭) ◆ রাজনীতিবিদগণ(১৯৯৮) ◆ কবি অথবা দন্ডিত অপুরুষ(১৯৯৯) ◆ নিজের সঙ্গে নিজের জীবনের মধু(২০০০) ◆ ফালি ফালি ক'রে কাটা চাঁদ(২০০১)

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

	◆ উপন্যাসসংগ্রহ-১ (২০০১) ◆ শ্রাবণের বৃষ্টিতে রক্তজবা(২০০২) ◆ উপন্যাসসংগ্রহ-২ (২০০২) ◆ ১০,০০০, এবং আরো একটি ধর্ষণ (২০০৩) ◆ একটি খুনের স্বপ্ন (২০০৪)
প্রবন্ধ গ্রন্থ	◆ 'লাল নীল দীপাবলি' বা 'বাঙলা সাহিত্যের জীবনী' ◆ কতো নদী সরোবর' বা 'বাঙলা ভাষার জীবনী' (কিশোর সাহিত্যমূলক)
কবিতা	◆ অলৌকিক ইষ্টিমার (১৯৭৩) ◆ জ্বলো চিতাবাঘ (১৯৮০) ◆ সব কিছু নষ্টদের অধিকারে যাবে(১৯৮৫) ◆ যতোই গভীরে যাই মধু যতোই ◆ ওপরে যাই নীল (১৯৮৭) ◆ আমি বেঁচেছিলাম অন্যদের সময়ে (১৯৯০) ◆ হুমায়ূন আজাদের শ্রেষ্ঠ কবিতা (১৯৯৩) ◆ আধুনিক বাঙলা কবিতা (১৯৯৪) ◆ কাফনে মোড়া অশ্রুবিন্দু (১৯৯৮) ◆ কাব্য সংগ্রহ (১৯৯৮) ◆ পেরোনোর কিছু নেই (২০০৪)
ভাষাবিদ্যা	◆ বাংলার প্রমিনালাইজেশন (১৯৮৩) ◆ বাঙলা ভাষার শত্রুমিত্র (১৯৮৩) ◆ বাক্যতত্ত্ব (১৯৮৪) ◆ বাঙলা ভাষা - প্রথম খন্ড (১৯৮৫) ◆ তুলনামূলক ও ঐতিহাসিক ভাষাবিজ্ঞান (১৯৮৮) ◆ বাঙলা ভাষা - দ্বিতীয় খন্ড (১৯৯৪) ◆ অর্থবিজ্ঞান (১৯৯৯)
কিশোর সাহিত্য	◆ লাল নীল দীপাবলি বা বাঙলা সাহিত্যের জীবনী (১৯৭৬) ◆ ফুলের গন্ধে ঘুম আসেনা (১৯৮৫) ◆ কতো নদী সরোবর বা বাঙলা ভাষার জীবনী (১৯৮৭) ◆ আব্বুকে মনে পড়ে (১৯৮৯) ◆ বুকপকেটে জোনাকিপোকা (১৯৯৩) ◆ আমাদের শহরে একদল দেবদূত (১৯৯৬) ◆ অন্ধকারে গন্ধরাজ (২০০৩) ◆ আমাদের সুন্দর বাংলাদেশ (২০০৪)

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◆ 'লাল নীল দীপাবলি' কার রচনা? [প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক, গবেষণা কর্মকর্তা, টেলিফোন ইন্ডিয়ান সহকারী কম্পিউটার মোহামার ২০১৩]

ক. শামসুর রাহমান
খ. হুমায়ূন আহমেদ
গ. হুমায়ূন আজাদ
ঘ. সৈয়দ শামসুল হক

উত্তর:

BookScan:www.fb.com/abubakar.chuadanga

কুসুমকুমারী দাশ

- জন্ম: ১৮৭৫ , বরিশাল
- মৃত্যু : ১৯৪৮
- শিক্ষা : তিনি কলকাতা বেথুন স্কুলে শিক্ষালাভ করেন ১৯ বছর বয়সে ।

বাংলা সাহিত্যে অবদান

বিখ্যাত কবিতা	♦ আদর্শ ছেলে : তার থেকে উদ্ধৃত দুটি পঙক্তি যথা- 'আমাদের দেশে হবে সেই ছেলে কবে, কথায় না বড় হয়ে কাজে বড় হবে।' ♦ স্বাবলম্বী ♦ কর্মনিষ্ঠা ♦ প্রার্থনা ♦ সাধন-পথে।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

♦ 'আমাদের দেশে হবে সেই ছেলে কবে,
কথায় না বড় হয়ে কাজে বড় হবে।'- কোন কবির লেখা? *[জুডিশিয়াল সার্ভিস কমিশন গৃহীত জজ ৯ম বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা -২০১৪]*

ক. কামিনী রায় খ. সুফিয়া কামাল
গ. কুসুমকুমারী দাশ ঘ. স্বর্ণকুমারী দেবী

উত্তর: গ

ড. নীলিমা ইব্রাহিম

- জন্ম: ১১ অক্টোবর, ১৯২১, খুলনা জেলার বাগেরহাট মহকুমার মোল্লারহাট উপজেলা।
- মৃত্যু : ৮১ বছর বয়সে ২০০২ জুন ১৮ তারিখে তিনি মৃত্যুবরণ করেন
- শিক্ষাবিদ , সাহিত্যিক ও সমাজকর্মী ছিলেন।

পদক ও পুরস্কারঃ
বাংলা একাডেমী পুরস্কার (১৯৬৯), জয় বাংলা পুরস্কার (১৯৭৩), মাইকেল মধুসূদন পুরস্কার (১৯৮৭), লেখিকা সংঘ পুরস্কার (১৯৮৯) , বিচারপতি আবু সাঈদ : তার সামাজিক কাজ ও সাহিত্য অবদানের জন্য , নীলিমা ইব্রাহিম বিভিন্ন পুরস্কার ও পদক দিয়ে সম্মানিত করা হয়। চৌধুরী স্মৃতি পদক (১৯৯০), অনন্যা সাহিত্য পুরস্কার (১৯৯৬), বেগম রোকেয়া পদক (১৯৯৬) , বঙ্গবন্ধু পুরস্কার (১৯৯৭), শের -ই-বাংলা পুরস্কার (১৯৯৭) , থিয়েটার পুরস্কার (১৯৯৮) ও একুশে পদক (২০০০) ।

বাংলা সাহিত্যে অবদান

উপন্যাস	♦ বিশ শতকের মেয়ে (১৯৫৮) ♦ কেয়া বন সঞ্চারিণী (১৯৫৮)	♦ এক পথ দুই বাঁক ♦ বহ্নিকন্যা (১৯৮৫)
নাটক	♦ সূর্যাস্তের পর, ১৯৭৪ ♦ রৌদ্রদগ্ধ বিকেলে, ১৯৭৪ ♦ রমনা পার্কে ১৯৬৪	♦ ডার্ক ফরেস্ট, ১৯৭৪ ♦ দুই এবং দুই থেকে চার, ১৯৬৪ ♦ সাহিত্য ও সংস্কৃতি, ১৯৯১

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

ভ্রমনকাহিনী	♦ শাহী এলাকার পাথে পাথে, ১৯৬৩
মুক্তিযুদ্ধবিষয়ক	♦ আমি বীরাঙ্গনা বলছি (প্রথম খন্ড ১৯৯৬, ২য় খন্ড ১৯৯৭)
আত্মজীবনী	♦ বিন্দু বিসর্গ (১৯৯১)

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◈ 'বিশ শতকের মেয়ে'- উপন্যাসটির রচয়িতা কে? [জুডিশিয়াল সার্ভিস কমিশন গৃহীত জজ ৯ম বিজ্ঞপ্তি (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা -২০১৪]

ক. ড. নীলিমা ইব্রাহিম খ. বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন
গ. সেলিনা হোসেন ঘ. নূরজাহান বেগম

উত্তর: ক

ডা. মো: সাখাওয়াত হোসেন (মেধাতালিকায় স্থানপ্রাপ্ত)
রচিত এবং সম্পাদিত -
বহুল আলোচিত এবং সর্বাধিক সমাদৃত

সর্বত্রই পাওয়া যাবে

Job Solution
→ Ministry solution
→ Teachers' solution
→ BCS Solution

☑ **BCS Preliminary Digest**
☑ **Computer**
☑ **Short technique**
☑ গাণিতিক যুক্তি ও মানসিক দক্ষতা *(BCS written)*
☑ বিজ্ঞান ও প্রযুক্তি *(BCS written)*

BCS Medical written
→ Anatomy *(BCS written)*
→ Physiology *(BCS written)*
→ Pathology *(BCS written)*
→ Microbiology *(BCS written)*
→ Medicine *(BCS written)*

☑ **BCS Viva guide** *(BCS Viva)*

শীঘ্রই আসছে.....

☑ **English** *(BCS written)*
☑ ব্যাংক কর্মকর্তা নিয়োগ গাইড
☑ **Bank Internationals**
☑ **Bank Math**
☑ বাংলা *(BCS written)*
☑ **Bank Bangladesh**
☑ **Bank English**

BookScan:www.fb.com/abubakar.chuadanga

বাংলা ব্যাকরণ

www.fb.com/tanbir.cox

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

ব্যাকরণ

সংজ্ঞা ঃ 'ব্যাকরণ' শব্দটির বুৎপত্তিগত অর্থ বিশেষ ভাবে বিশ্লেষণ। যে শাস্ত্রে কোনো ভাষার বিভিন্ন উপাদানের প্রকৃতি ও স্বরূপের বিচার বিশ্লেষণ করা হয় এবং বিভিন্ন উপাদানের সম্পর্ক নির্ণয় ও প্রয়োগবিধি বিশদ ভাবে আলোচিত হয়, তাকে ব্যাকরণ বলে।

- ব্যাকরণের প্রধান কাজ হচ্ছে ভাষার বিশ্লেষণ।
- ব্যাকরণের মূল ভিত্তি ভাষা

বাংলা ব্যাকরণে আলোচ্য বিষয় ঃ

প্রত্যেক ভাষারই চারটি মৌলিক অংশ থাকে। যেমন:

- ধ্বনিতত্ত্ব (Phonology)
- শব্দতত্ত্ব বা রূপতত্ত্ব (Morphology)
- বাক্যতত্ত্ব বা পদক্রম (Syntax)
- অর্থতত্ত্ব (Semantics)

এ ছাড়া অভিধান (Lexicography), ছন্দ ও অলংকার প্রভৃতিও ব্যাকরণের আলোচ্য বিষয়

ধ্বনিতত্ত্ব ঃ মানুষের বাক্য প্রত্যঙ্গ অর্থাৎ কণ্ঠনালী, মুখবিবর, জিহ্বা, আল-জিহ্বা, কোমল তালু, শক্ত তালু, দাঁত, মাড়ি, চোয়াল, ঠোঁট ইত্যাদির সাহায্যে উচ্চারিত আওয়াজকে ধ্বনি বলা হয়। ধ্বনিতত্ত্বে আলোচ্য বিষয় :

- ধ্বনি উচ্চারণপ্রণালী ও উচ্চারণের স্থান
- সন্ধি বা ধ্বনিসংযোগ
- ধ্বনির পরিবর্তন ও লোপ
- ণত্ববিধি ও ষত্ববিধি
- ধ্বনির প্রতীক বা বর্ণের বিন্যাস

শব্দতত্ত্ব বা রূপতত্ত্ব ঃ শব্দের ক্ষুদ্রাংশকে বলা হয় রূপ । রূপ গঠন করে শব্দ। সেই জন্য শব্দতত্ত্বকে রূপতত্ত্বও বলা হয়। রূপতত্ত্বে আলোচ্য বিষয় :

- শব্দ
- শব্দরূপ
- শব্দদ্বৈত
- প্রত্যয়
- পুরুষ
- কারক-বিভক্তি
- উপসর্গ
- অনুসর্গ
- সমাস
- বাচ্য
- বচন
- লিঙ্গ
- পদ : বিশেষ্য, সর্বনাম, বিশেষণ, অব্যয়, ক্রিয়া (ক্রিয়ামূল, ক্রিয়ারকাল)

বাক্যতত্ত্ব ঃ বাক্যের মধ্যে কোন পদের পর কোন পদ বসে, কোন পদের স্থান কোথায়, বাক্যতত্ত্বে এ সবের পূর্ণ বিশ্লেষণ থাকে। বাক্যতত্ত্বকে পদক্রমও বলা হয়।

বাক্যতত্ত্বে আলোচ্য বিষয় :

- বাক্য ও বাক্যবিনাস : গঠনপ্রণালী, বিভিন্ন উপাদানের সংযোজন, বিয়োজন।
- পদবিন্যাস : পদের স্থান বা ক্রম, পদের রূপ পরিবর্তন ।
- ছেদচিহ্ন
- বাগধারা আলোচিত হয়।

অর্থতত্ত্ব ঃ (ব্যাকরণের উচ্চতর পর্যায়ে আলোচিত হয়) অর্থতত্ত্বে আলোচ্য বিষয়-

- শব্দের অর্থবিচার
- বাক্যের অর্থবিচার

BookScan:www.fb.com/abubakar.chuadanga

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

বুৎপত্তিগতভাবে ব্যাকরণ শব্দের অর্থ হলো- [দ্বাদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (কলেজ পর্যায়) ২০১৫]

ক. সংক্ষেপন খ. ভাবের বিনিময়

গ. বিশেষভাবে বিশ্লেষণ ঘ. মিলন

উত্তরঃ গ

বাংলা ব্যাকরণের ধ্বনিতত্ত্ব অংশে কোন বিষয়টি আলোচনা করা হয়? [দ্বাদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (কলেজ পর্যায়) ২০১৫]

উত্তরঃ সন্ধি।

ক. ধ্বনি খ. রূপ

গ. শব্দ ঘ. সন্ধি

উত্তরঃ ঘ

ব্যাকরণ ভাষাকে কী নির্দেশ করে? [সহকারী রাজস্ব কর্মকর্তা পদে নিয়োগ পরীক্ষা ২০১৫]

উত্তরঃ ভাষাকে বর্ণনা করতে।

ভাষার মৌলিক অংশ কয়টি? [দ্বাদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (কলেজ পর্যায়) ২০১৫]

ক. দুইটি খ. তিনটি

গ. চারটি ঘ. পাঁচটি

উত্তরঃ গ

ব্যাকরণের প্রধান কাজ হচ্ছে- [পরিকল্পনা কমিশনের অধীনে চাটা অফিসিং কম্পিউটার ০২]

ক. ভাষার নিয়ম প্রতিষ্ঠা খ. ভাষার শৃঙ্খলা

গ. ভাষার বিশ্লেষণ ঘ. ভাষার উন্নতি

উত্তরঃ গ

ব্যাকরণের মূল ভিত্তি কি? [বাংলাদেশ বেতারের অনুষ্ঠান সচিব, সাঁটলিপিকার/ সাঁটমুদ্রাক্ষরিক ও দোভাষরক্ষক ২০১১]

ক. ভাব খ. ধ্বনি

গ. ভাষা ঘ. বাক্য

উত্তর: গ

'বাগধারা' কোথায় আলোচিত হয়? [৮ম বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা ২০১৩]

ক. ধ্বনিতত্ত্বে খ. রূপতত্ত্বে

গ. শব্দতত্ত্বে ঘ. বাক্যতত্ত্বে

উত্তরঃ ঘ

ব্যাকরণের উচ্চতর পর্যায়ে আলোচিত হয় কোনটি? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন অডিটর - ২০১১]

ক. বাক্যতত্ত্ব খ. ধ্বনিতত্ত্ব

গ. শব্দতত্ত্ব ঘ. অর্থতত্ত্ব

উত্তর: ঘ

প্রত্যেক ভাষারই তিনটি মৌলিক অংশ হলো— [পল্লী কর্মসহায়ক ফাউন্ডেশন সহকারী ব্যবস্থাপক ২০০৯]

ক. ধ্বনি, শব্দ, বাক্য খ. শব্দ, সন্ধি, সমাস

গ. ধ্বনি, শব্দ, বর্ণ ঘ. অনুসর্গ, উপসর্গ, শব্দ

ঙ. অনুসর্গ, শব্দ, বাক্য

উত্তর: ক

নিচের কোনটি বাংলা ব্যাকরণের শাখা নয়? [উপ-খাদ্য পরিদর্শক নিয়োগ পরীক্ষা ২০১১]

ক. ধ্বনিতত্ত্ব খ. ভূতত্ত্ব

গ. রূপতত্ত্ব ঘ. বাক্যতত্ত্ব

উত্তর: খ

'সন্ধি' ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়? [৮ম বিসিএস/ সপ্তম বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা ২০১২/ নির্বাহী ম্যাজিস্ট্রেট সহকারী মুন্সেফ ০৫]

ক. রূপতত্ত্ব খ. ধ্বনিতত্ত্ব

গ. পদক্রম ঘ. বাক্য প্রকরণ

উত্তরঃ খ

ক্রিয়ামূল, ক্রিয়ারকাল ও পুরুষ ইত্যাদি ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়? [স্বাধীন বিজ্ঞান সহকারী শিক্ষক ২০১]

ক. ধ্বনিতত্ত্ব খ. রূপতত্ত্ব

গ. বাক্যতত্ত্ব ঘ. পদভ্রম

উত্তরঃ খ

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

◈ ব্যাকরণের কোন অংশে 'কারক' সম্বন্ধে আলোচনা করা হয়? [বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ২০১৩/পূর্ত অধিদপ্তরে রেজিস্ট্রার ০০]

ক. ধ্বনিতত্ত্বে খ. অর্থতত্ত্বে
গ. বাক্যতত্ত্বে ঘ. রূপতত্ত্বে

উত্তরঃ ঘ

◈ 'বচন' ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়? [মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে গবেষণা কর্মকর্তা ১৮]

ক. বাক্যতত্ত্বে খ. ধ্বনিতত্ত্বে
গ. পদক্রমে ঘ. রূপতত্ত্বে

উত্তরঃ ঘ

ব্যাকরণ বিষয়ক গ্রন্থ

■ **Bocabulario em Idiomae Bengalla'e Portuguez** : পাদ্রি ম্যানোএল দা আসসুম্পসাঁও পর্তুগিজ ভাষায় একখানি বাংলা ব্যাকরণ এবং একখানি পর্তুগিজ বাংলা শব্দকোষ প্রণয়ন করেছিলেন। ১৭৪৩ খ্রিস্টাব্দে লিসবন থেকে প্রকাশিত ব্যাকরণটি প্রাচীনতম বাংলা ব্যাকরণ হিসেবে বিবেচিত। এতে মূলত বাংলা থেকে পর্তুগিজ এবং পর্তুগিজ থেকে বাংলা শব্দ অনূদিত করে দেখানো হয়েছে। এটি মূলত একটি অভিধান।

■ **A Grammar of the Bengali languae** : এটি বাংলা ভাষার প্রথম আদর্শ ব্যাকরণ। ১৭৭৮ খ্রিস্টাব্দে নাথানিয়েল ব্রাসি হ্যালহেড এই বাংলা ব্যাকরণগ্রন্থটি রচনা করেছিলেন। গ্রন্থটি মূলত ইংরেজিতে মুদ্রিত, তবে এর অংশবিশেষ বাংলায় চার্লস উইলকিন্সের হুগলির মুদ্রণযন্ত্র থেকে মুদ্রিত হয়।

■ গৌড়ীয় ব্যাকরণ : বাঙালীদের মধ্য প্রথম বাংলা ব্যাকরণ রচনা করেন রাজা রামমোহন রায়। ১৮২৬ খ্রিস্টাব্দে স্কুল সোসাইটির অনুরোধে তিনি ইংরেজিতে বাংলা ব্যাকরণ রচনা করেছিলেন এবং পরে ১৮৩৩ খ্রিস্টাব্দে গ্রন্থটিকে বাংলায় অনুবাদ করে নাম দেন 'গৌড়ীয় ব্যাকরণ'। এটি বাংলা ভাষায় রচিত প্রথম বাংলা ব্যাকরণগ্রন্থ।

■ বিখ্যাত ব্যাকরণ গ্রন্থ :

রচয়িতা	ব্যাকরণ গ্রন্থ
উইলিয়াম কেরি	◆ A Grammar of the Bengali languae (১৮০১) ইংরেজি ভাষায় রচিত।
শ্যামাচরণ সরকার	◆ বাঙ্গালা ব্যাকরণ (১৮৫২)
ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর	◆ ব্যাকরণ কৌমুদী (১৮৫৩)
নকুলেশ্বর বিদ্যাভূষণ	◆ ভাষাবোধ বাঙ্গালা ব্যাকরণ
ড. মুহম্মদ শহীদুল্লাহ	◆ বাঙ্গালা ব্যাকরণ
ড. মুহম্মদ এনামুল হক	◆ ব্যাকরণ মঞ্জরী
জগদীশ চন্দ্র ঘোষ	◆ আধুনিক বাংলা ব্যাকরণ
সুনীতিকুমার চট্টোপাধ্যায়	◆ ভাষা প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ
কাজী দীন মুহম্মদ ও সুকুমার সেন	◆ অভিনব ব্যাকরণ
মুনীর চৌধুরী, ইব্রাহীম খলিল ও মোফাজ্জল হায়দার	◆ বাংলা ভাষার ব্যাকরণ
নিহার রঞ্জন রায়	◆ ভাষা প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ

BookScan:www.fb.com/abubakar.chuadanga

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

ভাষা প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ গ্রন্থের রচয়িতা কে? [১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রভাষক পরীক্ষা (স্কুল/সমমর্যাদা) -২০১৪]

ক. সুকুমার সেন খ. সুকুমারী ভট্টাচার্য
গ. নিহার রঞ্জন রায় ঘ. সুনীতিকুমার চট্টোপাধ্যায় উত্তর: গ

বাংলা ভাষার প্রথম ব্যাকরণ রচনা করেন- [শিক্ষা পরিদপ্তরের সহকারী পরিচালক: ০৯]

ক. ম্যানুয়েল দ্য আসুম্পসাও খ. ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়
গ. ড. সুকুমার সেন ঘ. ড. মুহাম্মদ শহীদুল্লাহ উত্তর: ক

বাংলা ব্যাকরণ প্রথম রচনা করেন-[ঢাকা ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা ২০০৩/প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তরে সহ: পরিচালক: ০৯]

ক. এন. বি. হ্যালহেড খ. উইলিয়াম কেরি
গ. ড. মুহম্মদ শহীদুল্লাহ ঘ. ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় উত্তর: ক

কে সর্বপ্রথম বাংলা টাইপ সহযোগে বাংলা ব্যাকরণ মুদ্রণ করেন? [২৮ম বিসিএস]

ক. স্যার উইলিয়াম জোনস্ খ. স্যার উইলিয়াম কেরি
গ. রাজীব লোচন মুখোপাধ্যায় ঘ. ব্রাসি হ্যালহেড উত্তর: ঘ

বাংলা ভাষায় রচিত প্রথম ব্যাকরণ গ্রন্থের রচয়িতা--[জনশিক্ষা অধিদপ্তর ও প্রাথমিক স্কুলের ইন্সপেক্টর: ০৭/ জব্বার তালুকদার সহকারী পরিচালক (গ্রেড-২): ০৩]

ক. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ. ম্যানুয়াল দ্যা আসসুম্পাসাঁও
গ. ড. মুহম্মদ শহীদুল্লাহ ঘ. রামমোহন রায় উত্তর: ঘ

রাজা রামমোহন রচিত বাংলা ব্যাকরণের নাম কি? [৭ম বিসিএস/ইপ্সিতা পরিবহন কর্মকর্তা:০৬]

ক. মাগধীয় ব্যাকরণ খ. গৌড়ীয় ব্যাকরণ
গ. মাতৃভাষা ব্যাকরণ ঘ. ভাষা ও ব্যাকরণ উত্তর: খ

গৌড়ীয় বাংলা ব্যাকরণ রচনা করেছেন- [সহকারী থানা শিক্ষা কর্মকর্তা: ১০]

ক. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ. রামরাম বসু
গ. রামনারায়ণ তর্করত্ন ঘ. রাজা রামমোহন রায় উত্তর: ঘ

বাংলা ভাষায় ব্যাকরণ কে লিখেন?[ডুয়েল অধিদপ্তর সহ: কর্মকর্তা: ১৪/ হাইকোর্ট রেজিস্ট্রার: ১৪]

ক. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ. ডেভিড হেয়ার
গ. মদনমোহন তর্কালঙ্কার ঘ. উইলিয়াম কেরি উত্তর: ক

'ভাষা প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ' কে রচনা করেন? [২২ম বিসিএস/ সমাজসেবা অধিদপ্তরে সহকারী কর্মকর্তা: ০৬]

ক. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ. সুনীতিকুমার চট্টোপাধ্যায়
গ. মুহম্মদ শহীদুল্লাহ ঘ. সুকুমার সেন উত্তর: খ

পাণিনি কে ছিলেন? [১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রভাষক পরীক্ষা (স্কুল/সমমর্যাদা)-২০১৪/বিমাবন্দর ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক ২০১১, কাস্টমস এন্ড এক্সাইজ অধিদপ্তরে বিভিন্ন কর্মকর্তা: ০৭]

ক. ভাষাবিদ খ. ঋগ্বেদবিদ
গ. বৈয়াকরণিক ঘ. ঔপন্যাসিক উত্তর: গ

www.tb.com/tanbir.cse

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

ভাষারীতি

বাংলা ভাষার প্রকারভেদ বা রীতিভেদ এভাবে দেখানো যায় :

বাংলা ভাষা
- লৈখিক
  - সাধু
  - চলিত
- মৌখিক
  - আঞ্চলিক (উপভাষা)

সাধু রীতি	চলিত রীতি
সুনির্ধারিত ব্যাকরণের নিয়ম অনুসরণ করে। এর পদবিন্যাস সুনিয়ন্ত্রিত ও সুনির্দিষ্ট।	চলিত রীতি পরিবর্তনশীল। কালের পরিক্রমায় ইহা পরিবর্তিত হয়।
শুধু লৈখিক রূপ।	লৈখিক ও মৌখিক উভয় রূপ আছে।
তৎসম শব্দ বহুল।	তদ্ভব শব্দ বহুল।
গুরুগম্ভীর ও আভিজাত্যের পরিচায়ক।	সংক্ষিপ্ত ও সহজবোধ্য।
নাটকের সংলাপ, বক্তৃতা এবং আলাপ-আলোচনার অনুপযোগী।	নাটকের সংলাপ, বক্তৃতা এবং আলাপ-আলোচনার উপযোগী।
সর্বনাম ও ক্রিয়াপদ বিশেষ গঠন পদ্ধতি মেনে চলে।	সর্বনাম ও ক্রিয়াপদ পরিবর্তিত ও সহজতর রূপ লাভ করে। বহু বিশেষ্য ও বিশেষণের ক্ষেত্রেও এমন ঘটে।

- 'সাধুভাষা' পরিভাষাটি প্রথম ব্যবহার করেন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।
- সাধুরীতিতে অব্যয় পদটির দীর্ঘরূপ হয় না।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

- ক্রিয়া, সর্বনাম ও অনুসর্গের পূর্ণরূপ ব্যবহৃত হয়–*[দ্বাদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যায়ন পরীক্ষা (মূল পর্যায়) ২০১৫]*
  ক. সাধু ভাষারীতিতে খ. চলিত ভাষারীতিতে
  গ. কথ্য ভাষারীতিতে ঘ. বানান ভাষারীতিতে
  উত্তরঃ ক
- চলিত ভাষা রীতির ক্ষেত্রে কোন বৈশিষ্ট্য উপযুক্ত? *[দ্বাদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যায়ন পরীক্ষা (মূল পর্যায়) ২০১৫/অষ্টম বেতনের সহকারী সচিব, স্বাস্থ্য নিয়ন্ত্রণকারী/স্বাস্থ্য মন্ত্রণালয়/সিভিল ও ইঞ্জিনিয়ারিং ২০১১]*
  ক. পরিবর্তনশীল খ. আভিজাত্যের অধিকারী
  গ. গুরুগম্ভীর ঘ. অপরিবর্তনীয়
  উত্তর: ক
- সাধু ও চলিত ভাষা রীতি বাংলা ভাষার কোন রূপে বিদ্যমান? *[দ্বাদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যায়ন পরীক্ষা (মূল পর্যায়) ২০১৫]*
  উত্তরঃ লেখ্য
  ক. কথ্য খ. আঞ্চলিক
  গ. লেখ্য ঘ. চলতি
  উত্তর: গ

BookScan:www.fb.com/abubakar.chuadanga

ভাষার কোন রীতি তদ্ভব শব্দ বহুল? [১১তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা (স্কুল/সমপর্যায় ২) -২০১৪]
ক. সাধুরীতি খ. চলিতরীতি
গ. কথ্যরীতি ঘ. বানানরীতি
উত্তরঃ খ

চলিত ভাষার বৈশিষ্ট্য নয়–[৯ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৩]
ক. সহজবোধ্যতা খ. ধ্বন্যাত্মক শব্দের প্রাধান্য
গ. ভদ্র সমাজে ব্যবহারোপযোগিতা ঘ. সংস্কৃ
উত্তরঃ ঘ

কোনটি চলিত ভাষার বৈশিষ্ট্য? [১০ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১৪]
ক. গম্ভীর্য খ. প্রমিত উচ্চারণ
গ. তৎসম শব্দের বহুল ব্যবহার ঘ. ব্যাকরনঅনুসরণ করে চলে
উত্তরঃ খ

ভাষার মৌলিক রীতি কোনটি? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন অডিটর - ২০১১]
ক. বক্তৃতার রীতি খ. লেখার রীতি
গ. কথা বলার রীতি ঘ. লেখা ও বলার রীতি
উত্তর: খ

সাধুরীতিতে কোন পদটির দীর্ঘরূপ হয় না? [৮ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১২]
ক. বিশেষ্য খ. সর্বনাম
গ. অব্যয় ঘ. ক্রিয়া
উত্তর: গ

সাধুভাষার বৈশিষ্ট্য কোনটি? [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক-২০১৩]
ক. গুরুচন্ডাল খ. গুরুগম্ভীর
গ. অবোধ্য ঘ. দুর্বোধ্য
উত্তরঃ খ

'সাধুভাষা' পরিভাষাটি প্রথম ব্যবহার করেন–[৮ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১২]
ক. রাজা মনি মোহন রায় খ. রাজা রামমোহন রায়
গ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ. অক্ষয় কুমার দত্ত
উত্তর: গ

বাংলা সাধু ভাষা বলতে বোঝায়- [পরিবার পরিকল্পনা অধিদপ্তর হিসাব রক্ষক/উপায় রক্ষক/কোষাধ্যক্ষ:২০১১]
ক. সাধু পুরুষদের ব্যবহৃত ভাষা খ. তৎসম শব্দবহুল ভাষার রীতি
গ. কবিতা রচনার ভাষা
উত্তর: খ

ভাষার কোন রীতি কেবলমাত্র লেখ্যরূপে ব্যবহৃত হয়? [উপ-খাদ্য পরিদর্শক নিয়োগ পরীক্ষা ২০১১]
ক. কথ্য রীতি খ. আঞ্চলিক রীতি
গ. সাধু রীতি ঘ. চলতি রীতি
উত্তর: গ

আঞ্চলিক ভাষার অপর নাম কি? [স্কুল শিক্ষক নিবন্ধন ১০]
ক. কথ্য ভাষা খ. উপভাষা
গ. সাধুভাষা ঘ. চলিতভাষা
উত্তরঃ খ

সাধু ভাষা ও চলিত ভাষার পার্থক্য--[১৫তম বিসিএস/ পানপাট এন্ড ইনিয়ুশন অফিসারের সহকারী পরিচালক ০৫]
ক. বাক্যের সরল ও জটিল রূপে খ. শব্দের রূপগত ভিন্নতায়
গ. তৎসম অর্ধতৎসম শব্দের ব্যবহারে
উত্তরঃ ঘ
ঘ. ক্রিয়াপদ ও সর্বনাম পদের রূপগত ভিন্নতায়

সাধু ভাষা ও চলিত ভাষার পার্থক্য -- [১৫তম বিসিএস/উপজেলা/থানা নির্বাহী অফিসার ২০১৪/ বন্দর কর্তৃপক্ষের সহকারী পরিচালক ০৫]
ক. তৎসম ও তদ্ভব শব্দের ব্যবহার খ. ক্রিয়াপদ ও সর্বনাম পদের রূপে
গ. শব্দের কথা ও লেখ্য রূপে ঘ. বাক্যের সরলতা ও জটিলতায়
উত্তরঃ খ

বাংলা ভাষার সাধুরীতির বৈশিষ্ট্য কোনটি? [জেলা দলীল মন অফিসার ১৪]
ক. বিশেষ্য ও সর্বনাম এক বিশেষ গঠন পদ্ধতি মেনে চলে
খ. বিশেষ্য ও বিশেষণ এক বিশেষ গঠন পদ্ধতি মেনে চলে
গ. সর্বনাম ও ক্রিয়াপদ এক বিশেষ গঠন পদ্ধতি মেনে চলে
ঘ. সর্বনাম ও বিশেষণ এক বিশেষ গঠন পদ্ধতি মেনে চলে
উত্তর: গ

www.ib.comitanbir.com

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

◆ সাধুভাষা থেকে চলিত বাংলায় লিখতে কোন পদযুগলের পরিবর্তন ঘটে? [দুর্নীতি দমন কমিশনে সহকারী পরিচালক-২০১৩/শুল্ক অধিদপ্তরে শুল্ক অফিসার : ১৪]

ক. বিশেষ্য ও বিশেষণ খ. সর্বনাম ও ক্রিয়া
গ. বিশেষণ ও ক্রিয়া ঘ. বিশেষ্য ও সর্বনাম

উত্তরঃ খ

◆ সাধু ভাষা সাধারণত কোথায় অনুপযোগী? [১৮তম বিসিএস / তথ্য মন্ত্রণালয়ে সহকারী পরিচালক (গণযোগাযোগ প্রকিউরমেন্ট : ০১)]

ক. কবিতার পঙ্‌ক্তিতে খ. গানের কলিতে
গ. গল্পের বর্ণনায় ঘ. নাটকের সংলাপে

উত্তরঃ ঘ

◆ কোন ভাষায় সাহিত্যের গাম্ভীর্য ও আভিজাত্য প্রকাশ পায়? [খাদ্য অধিদপ্তরের অধীনে খাদ্য পরিদর্শক : ০০]

ক. কথ্য ভাষায় খ. সাধু ভাষায়
গ. আঞ্চলিক ভাষায় ঘ. চলিত ভাষায়

উত্তরঃ খ

◆ কোন ভাষারীতির পদবিন্যাস সুনিয়ন্ত্রিত এবং সুনির্দিষ্ট? [৯ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৩/দুদ শিক্ষক নিবন্ধন : ১০]

ক. চলিত ভাষা খ. কথ্য ভাষা
গ. লেখ্য ভাষা ঘ. সাধু ভাষা

উত্তরঃ ঘ

◆ ভাষার কোন রীতি পরিবর্তনশীল? [৬ষ্ঠ বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১০/বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১০]

ক. সাধু রীতি খ. চলিত রীতি
গ. কথ্য রীতি ঘ. লেখ্য রীতি

উত্তরঃ খ

◆ কোনটি চলিত ভাষার বৈশিষ্ট্য নয়? [বাংলাদেশ টেলিভিশন-এর প্রযোজক : ০৮]

ক. ক্রিয়াপদের সঙ্কুচিত রূপ ব্যবহৃত হয়
খ. তদ্ভব, অর্ধতৎসম, দেশি ও বিদেশী শব্দের ব্যবহার অপেক্ষাকৃত বেশি
গ. তৎসম শব্দের প্রয়োগ বেশি
ঘ. সর্বনামের সংক্ষিপ্ত রূপ ব্যবহৃত হয়

উত্তরঃ গ

◆ 'তোমাকে দেখে খুবই খুশি হলাম'-এই বাক্যটি কোন ভাষারীতিতে লেখা? [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো পরিসংখ্যান জুনিয়র অ্যাসিস্টেন্ট অফিসার-২০১৪]

ক. সাধু খ. চলিত
গ. আঞ্চলিক ঘ. কথ্য
ঙ. কোনোটিই নয়

উত্তরঃ খ

◆ নিচের কোন বাক্যটি চলিত ভাষার ক্ষেত্রে প্রযোজ্য নয়? [স্বাস্থ্য মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৭]

ক. তদ্ভব ও অর্ধ -তৎসম শব্দের ব্যবহার অপেক্ষাকৃত বেশি
খ. সর্বনামের পূর্ণরূপ ব্যবহার করা হয় না
গ. চলতি ভাষা কৃত্রিম ও অপরিবর্তনীয়
ঘ. নাটকের সংলাপ ও বক্তৃতার জন্য চলিত ভাষা অত্যন্ত উপযোগী

উত্তরঃ গ

www.fb.com/tanbir

BookScan:www.fb.com/abubakar.chuadanga

■ সাধু ও চলিত রীতিতে পদের রূপভেদঃ

পদ	সাধুরীতি	চলিত রীতি
ক্রিয়া	দেন নাই	দেননি
ক্রিয়া	দেখিয়া	দেখে
ক্রিয়া	ফুটিয়া রহিয়াছে	ফুটে রয়েছে
ক্রিয়া	খুলিয়া	খুলে
ক্রিয়া	ভাঙিয়া যাইতে লাগিল	ভেঙে যেতে লাগল
ক্রিয়া	পাইয়াছিলেন	পেয়েছিলেন
ক্রিয়া	পড়িল	পড়ল/পড়লো
ক্রিয়া	পার হইয়া	পেরিয়ে
ক্রিয়া	আসিয়া	এসে

পদ	সাধুরীতি	চলিত রীতি
সর্বনাম	তাঁহারা	তাঁরা
সর্বনাম	উঁহারা	ওরা
সর্বনাম	উহা	ওটা
সর্বনাম	তাঁহার/ তাহার	তাঁর /তার
সর্বনাম	তাহাকে/ উহাকে	তাকে /ওকে
বিশেষ্য	মস্তক	মাথা
বিশেষ্য	জুতা	জুতো
বিশেষ্য	সুতা	সুতো
বিশেষ্য	তুলা	তুলো

পদ	সাধুরীতি	চলিত রীতি
ক্রিয়া	হইলেন	হলেন
ক্রিয়া	হইল	হল/হলো
ক্রিয়া	করিয়া	করে
ক্রিয়া	করিবার	করবার/ করার
ক্রিয়া	করিল	করল
অব্যয়	অপেক্ষা	চেয়ে
অব্যয়	সহিত	সঙ্গে, সাথে

পদ	সাধুরীতি	চলিত রীতি
বিশেষ্য	পূজা	পূজো
বিশেষ্য	শুষ্ক/শুকনা	শুকনো
বিশেষণ	বন্য	বুনো
বিশেষণ	সতিশয়	অত্যন্ত
অব্যয়	হইতে	হতে
অব্যয়	পূর্বেই	আগেই

সাধু	চলিত	সাধু	চলিত
করিবার	করবার/করার	দেখিয়া	দেখে
করিয়া	করে	তাহার	তার
করিলেন	করলেন	আসিয়া	এসে

■ সাধু ও চলিত রীতির প্রয়োগঃ

সাধুরীতি ঃ তাঁহারা জুতা খুলিয়া ঘরে প্রবেশ করিল।
চলিতরীতি ঃ তাঁরা জুতো খুলে ঘরে প্রবেশ করল।

সাধুরীতি ঃ একদা মরণ-সমুদ্রের বেলা ভূমিতে দাঁড়াইয়া কোন এক আরবীয় সাধক বলিয়াছিলেন।
চলিতরীতি ঃ একদিন মরণ-সমুদ্রের বেলা ভূমিতে দাঁড়িয়ে কোন এক আরবীয় সাধক বলেছিলেন।

সাধুরীতি ঃ তিনি হাঁটিতে হাঁটিতে ভাবিতেছিলেন, শুধুমাত্র মণিষী-বাক্যেই তো জীবন্মৃত যুবসমাজের কল্যাণ বহিয়া আনিতে যথেষ্ট নহে।
চলিতরীতি ঃ তিনি হাঁটতে হাঁটতে ভাবছিলেন, শুধু মণিষী-বাক্যেই তো জীবন্মৃত যুবসমাজের কল্যাণ বয়ে আনতে যথেষ্ট নয়।

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

সাধুরীতি ঃ কোন ভাষা-রীতিতে এই প্রশ্ন লিখা হইয়াছে?
চলিতরীতি ঃ কোন ভাষা-রীতিতে এ প্রশ্ন লেখা হয়েছে?

■ **বাক্য ভুলের সংখ্যা নির্ণয় ঃ**

◆ বাক্যঃ "যে কথা একবার জমিয়ে বলা গিয়াছে, তাহার পর তার ফেনাইয়া ব্যাখ্যা করা চলে না।"
চলিত ভাষায় এ বাক্যে ভুলের সংখ্যা কয়টি?
উত্তর ঃ চার। কারণ, বাক্যটি চলিত রীতিতে লিখলে ঃ
যে কথা একবার জমে বলা গেছে, তার পর তার ফেনিয়ে ব্যাখ্যা করা চলে না।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◈ চলিত ভাষার আদর্শরূপে গৃহীত ভাষাকে বলা হয়–[৯ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৩]
ক. সাধু ভাষা খ. প্রমিত ভাষা
গ. আঞ্চলিক ভাষা ঘ. উপভাষা
উত্তরঃ খ

◈ চলিত রীতিতে কোন শব্দটি ব্যবহৃত হয় না? [পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব/সহকারী পরিচালক (প্রশাসন)-২০১৩]
ক. তুলা খ. ওরা
গ. হলেন ঘ. তিনি
উত্তরঃ ক

◈ চলিতরীতির শব্দ নয় কোনটি ? [১১তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা (স্কুল/সমপর্যায় ২) --২০১৪]
ক. করবার খ. করার
গ. করিবার ঘ. করে
উত্তরঃ গ

◈ চলিত রীতির শব্দ কোনটি? [১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়-২)-২০১৪]
ক. শুষ্ক খ. শুকনা
গ. তুলা ঘ. তুলো
উত্তরঃ ঘ

◈ কোন বাক্যটি চলিত ভাষায় লেখা? [পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের অ্যাসিসটেন্ট ম্যানেজার -২০১৪]
ক. সে কাজ করিয়া বাড়ি ফিরছিল খ. পড়ায় তাহার মন নাই
গ. বাবা তার সম্পত্তি ছেলেদের মধ্যে ভাগ করে দিলেন
ঘ. এতদ্ভিন্ন বহু স্থলে এরূপ হইয়া থাকে
উত্তরঃ গ

◈ জুতো শব্দটি কোন ভাষারীতির? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]
ক. সাধু খ. চলিত
গ. প্রাকৃত ঘ. কোল
উত্তরঃ খ

◈ নিচের কোনটি চলিতরীতির শব্দ? [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপপরিদর্শক-২০১৩]
ক. তুল খ. শুকনো
গ. পড়িল ঘ. শহীদ
উত্তরঃ খ

◈ নিচের কোনটি সাধুরীতির উদাহরণ? [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক ২০১৩]
ক. তখন গভীর ছায়া নেমে আসে সর্বত্র
খ. তখন গভীর ছায়া নামিয়া আসিল সবখানে
গ. তখন গভীর ছায়া নামিয়া আসে সর্বত্র
ঘ. তখন গভীর ছায়া সর্বত্র ঢেকে গিয়েছে
উত্তরঃ খ

◈ 'কিয়ৎক্ষণ' শব্দের সঠিক চলিতরূপ কোনটি? [৯ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৩]
ক. কিছুক্ষণ খ. কিছু সময়ে
গ. কয়েকক্ষণে ঘ. কয়েক মুহূর্ত
উত্তরঃ ক

BookScan:www.fb.com/abubakar.chuadanga

'এইরূপ সাদৃশ্য অনেক চক্ষে পড়িবে'।-এর চলিতরূপ লিখুন। [৯ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৩]
ক. এইরূপ সাদৃশ্য অনেকগুলো চোখে পড়বে
খ. এরকম সাদৃশ্য অনেক চোখে পড়বে
গ. এরকম সাদৃশ্য অনেকগুলি চোখে পড়বে
ঘ. এ রকম সাদৃশ্য অনেকগুলো চক্ষে পড়বে
উত্তরঃ খ

চলিত ভাষায় নিম্নে কোনটির রূপ সংক্ষিপ্ত হয়? [৯ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৩]
ক. অনুসর্গ খ. বিশেষ্য
গ. অব্যয় ঘ. উপসর্গ
উত্তরঃ ক

কোন বাক্যে সাধু ও চলিত রীতির মিশ্রণ ঘটেছে? [স্ত্রী কর্মকর্তা [illegible] ২০০৯]
ক. পাখি সব করে রব খ. উদ্ভিদের প্রাণ আছে
গ. অতঃপর তারা চলিয়া গেল ঘ. ধূমপান স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকর
ঙ. হাঁসগুলি নদীতে সাঁতার কাটিতেছে
উত্তর:গ

নিচের কোনটি চলিত রীতির শব্দ? [৭ম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা- ২০১১]
ক. তুলা খ. শুকনো
গ. পড়িল ঘ. সহিত
উত্তর: খ

'বুনো' কোন ভাষারীতির শব্দ? [৮ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১২]
ক. সাধু ভাষা খ. কথ্য ভাষা
গ. আঞ্চলিক ভাষা ঘ. চলিত ভাষা
উত্তর: ঘ

'উহা' কোন রীতির শব্দ? [[illegible] গণপূর্ত অধিদপ্তরে উপসহকারী প্রকৌশলী, সিলেট ০১]
ক. সাধু খ. চলিত
গ. উভয় রীতির ঘ. আঞ্চলিক
উত্তরঃ ক

'বন্য' শব্দটির চলিত রূপ কোনটি? [সহকারী হিসাব নিরীক্ষক ও নিরীক্ষকের কার্যালয়ে প্রবেশ পরীক্ষা : ১৮]
ক. বন্যে খ. বুনো
গ. বনো ঘ. বন্য
উত্তরঃ খ

কোন ভাষা-রীতিতে এ প্রশ্ন লেখা হয়েছে? [মাধ্যমিক বিদ্যালয় [illegible] প্রথম শিক্ষক: ০০]
ক. সাধু রীতি খ. চলিত রীতি
গ. মিশ্র রীতি ঘ. লৌকিক রীতি
উত্তরঃ খ

'যে কথা একবার জমিয়ে বলা গিয়াছে, তাহার পর তার ফেনাইয়া ব্যাখ্যা করা চলে না।'-- চলতি ভাষায় এ বাক্যে ভুলের সংখ্যা কয়টি? [প্রিন্সেস কেটে নির্বাচিত ১৬টি পদ: ০১]
ক. ২ খ. ৩
গ. ৪ ঘ. ৫

'তিনি হাঁটিতে হাঁটিতে ভাবিতেছিলেন, শুধুমাত্র মণিষী-বাক্যেই তো জীবন্মৃত যুবসমাজের কল্যাণ বহিয়া আনিতে যথেষ্ট নহে।' চলিত রীতিতে লেখা বাক্যটিতে ভুলের সংখ্যা- [সহ-রেজিস্ট্রার ০১]
ক. সাত খ. নয়
গ. আট ঘ. দশ
উত্তরঃ ক

'একদা মরণ-সমুদ্রের বেলাভূমিতে দাঁড়াইয়া কোন এক আরবীয় সাধক বলিয়াছিলেন' -- এ বাক্যাংশটি কোন রীতিতে লিখিত? [সমাজসেবা অধিদপ্তরে সমাজসেবা অফিসার : ০৬/ দুর্নীতি [illegible] সহকারী পরিচালক: ০১]
ক. চলিত রীতি খ. সাধু রীতি
গ. মিশ্র রীতি ঘ. বিদেশী রিতি
উত্তরঃ খ

'চকিত হইয়া' এর চলিত রূপ-[পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব/সহকারী পরিচালক (প্রশাসন)-২০১৩]
ক. চকিত হয়ে খ. চকিত হইয়া
গ. চকিতে ঘ. চমকে
উত্তরঃ ঘ

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

◆ [illegible] এর মতো [illegible] (প্রশ্নপত্র) ২০১৪
ক. চন্দ্রবিন্দু খ. ব্যাঞ্জনে
গ. ব্যাঞ্জ হইলে ঘ. [illegible] দিলে উত্তর ঘ

[redacted]

■ ধ্বনি : মানুষের বাক প্রত্যঙ্গ অর্থাৎ কণ্ঠনালী, মুখবিবর, জিহ্বা, আলজিহ্বা, কোমল তালু, শক্ত তালু, দাঁত, মাড়ি, ঠোঁট, ঠোঁট ইত্যাদির সাহায্যে উচ্চারিত আওয়াজকে ধ্বনি বলা হয়। ধ্বনি হচ্ছে প্রত্যয় ক্ষুদ্র উপাদান অর্থাৎ ভাষার ক্ষুদ্রতম একক হলো 'ধ্বনি'।

বাংলা ভাষার মৌলিক ধ্বনিগুলোকে প্রধানত দু'ভাগে ভাগ করা হয় :
১. স্বরধ্বনি ২. ব্যঞ্জনধ্বনি।

◆ স্বরধ্বনি : যে সকল ধ্বনি উচ্চারণের সময় ফুসফুস তাড়িত বাতাস বেরিয়ে যেতে মুখবিবরের কোথাও কোনো প্রকার বাধা পায় না, তাদেরকে বলা হয় স্বরধ্বনি (vowel sound)। যেমন- অ, আ, ই, উ ইত্যাদি।

◆ ব্যঞ্জনধ্বনি : যে সকল ধ্বনি উচ্চারণের সময় ফুসফুস তাড়িত বাতাস বেরিয়ে যেতে মুখবিবরের কোথাও বা কোথাও কোনো প্রকার বাধা পায় কিংবা ঘর্ষণ লাগে, তাদেরকে বলা হয় ব্যঞ্জনধ্বনি (Consonant sound) যেমন- ক, চ, ট, ত, প ইত্যাদি।

■ বর্ণ : ধ্বনি নির্দেশক চিহ্নকে বলা হয় বর্ণ (letter)।

◆ স্বরবর্ণ : স্বরধ্বনি দ্যোতক লিখিত সাংকেতিক চিহ্নকে বলা হয় স্বরবর্ণ।

◆ ব্যঞ্জনবর্ণ : ব্যঞ্জনধ্বনি দ্যোতক লিখিত সাংকেতিক চিহ্নকে বলা হয় ব্যঞ্জনবর্ণ।

জেনে রাখা ভাল

❒ যে স্বরধ্বনির উচ্চারণে মুখ বিবর সবচেয়ে বেশি উন্মুক্ত বা খোলা থাকে তাকে বিবৃত স্বরধ্বনি বলা হয়। বাংলা ভাষার এ-জাতীয় স্বর মাত্র একটি (আ)।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◆ ভাষার মূল উপাদান হচ্ছে- [illegible] : ঘ/ [illegible] : ঘ)

অথবা,

ভাষার ক্ষুদ্রতম একক কোনটি ? [illegible] ২০১৫/[illegible] ২০১৪
ক. বর্ণ খ. পদ উত্তর খ
গ. ধ্বনি ঘ. বাক্য

◆ এক প্রয়াসে উচ্চারিত ধ্বনি বা ধ্বনিসমষ্টিকে বলে- [illegible] ২০১৫
ক. পদ খ. বর্ণ উত্তর খ
গ. বাক্য ঘ. অক্ষর

BookScan:www.fb.com/abubakar.chuadanga

◆ শব্দের ক্ষুদ্রতম অংশকে বলা হয় -
ক. পদ খ. ধ্বনি
গ. কারক ঘ. বর্ণ উত্তর ঘ

◆ বাংলা ভাষায় ব্যবহৃত বর্ণের সংখ্যা কতটি?
ক. ৩৯ খ. ৪১
গ. ৪২ ঘ. ৪৩ উত্তর গ

◆ বর্ণ হচ্ছে-
ক. শব্দের ক্ষুদ্রতম অংশ খ. একমাত্র চিহ্ন
গ. ধ্বনি নির্দেশক প্রতীক ঘ. ধ্বনির লিখিত রূপ উত্তর গ

◆ শব্দের ক্ষুদ্রতম অংশকে বলা হয় --
ক. পদ খ. ধ্বনি
গ. কারক ঘ. বর্ণ উত্তর ঘ

◆ 'ধ্বনি দিয়ে আট বাঁধা শব্দই ভাষার ইট।' এই ইটকে বাংলা ভাষায় কি বলে?
ক. বর্ণ খ. শব্দ
গ. বাক্য ঘ. ব্যাকরণ উত্তর ঘ

✓ ভাষার মূল উপকরণ কী?
ক. ধ্বনি খ. বাক্য
গ. শব্দ ঘ. বর্ণ উত্তর ঘ
ব্যাখ্যা : ভাষার মূল উপকরণ বাক্য এবং বাক্যের মৌলিক উপাদান শব্দ। শব্দের মূল উপাদান।

◆ উচ্চারণের সময় মুখ বিবর উন্মুক্ত থাকে বলে আ-কে কি ধ্বনি বলে?
ক. হ্রস্বধ্বনি খ. বিবৃত স্বরধ্বনি
গ. সম্মুখ স্বরধ্বনি ঘ. পশ্চাৎ স্বরধ্বনি উত্তর খ

বর্ণমালা : যে কোনো ভাষায় ব্যবহৃত লিখিত বর্ণসমষ্টিকে সে ভাষার বর্ণমালা বলা হয়। যে বর্ণমালায় বাংলা ভাষা লিখিত হয়, তাকে বলা হয় বাংলা বর্ণমালা। বাংলা বর্ণমালা (৫০)টি বর্ণ রয়েছে। তার মধ্যে স্বরবর্ণ এগারো (১১)টি এবং ব্যঞ্জনবর্ণ উনষাট (৩৯)টি।

স্বরবর্ণ : অ আ ই ঈ উ ঊ ঋ এ ঐ ও ঔ = ১১টি

ব্যঞ্জনবর্ণ:

ক খ গ ঘ ঙ	= ৫টি
চ ছ জ ঝ ঞ	= ৫টি
ট ঠ ড ঢ ণ	= ৫টি
ত থ দ ধ ন	= ৫টি
প ফ ব ভ ম	= ৫টি
য র ল	= ৩টি
শ ষ স হ	= ৪টি
ড় ঢ় য় ৎ	= ৪টি
ং ঃ	= ৩টি

মোট = ৫০টি

www.tb.com/tanbir.cox

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

- মাত্রার উপর ভিত্তি করে বর্ণ তিন প্রকার :
  - মাত্রাহীন বর্ণ ১০টি : এ, ঐ, ও, ঔ, (স্বরবর্ণ ৪টি) ঙ, ঞ, ৎ, ং, ঃ, (ব্যঞ্জনবর্ণ ৬টি)
  - অর্ধমাত্রার বর্ণ ৮টি : ঋ, (স্বরবর্ণ ১টি) খ, গ, ণ, থ, ধ, প, শ (ব্যঞ্জনবর্ণ ৭টি)
  - পূর্ণমাত্রার বর্ণ : ৩২টি। (স্বরবর্ণ ৬ টি + ব্যঞ্জনবর্ণ ২৬টি)

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◈ বাংলার স্বরবর্ণ কয়টি? [জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ব্যক্তিগত সহকারী ২০১৩/প.প. অধিদপ্তর হিসাব রক্ষক/সেকশন অফিসার-২০১১/ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে হিসাব সহকারী ২০১১]

অথবা,

বাংলা বর্ণমালায় কতটি স্বরবর্ণ আছে? [কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-সহকারী কৃষি কর্মকর্তা-২০১৪]

ক. ১২ খ. ১১
গ. ১০ উত্তর: খ

◈ বাংলা বর্ণমালায় কয়টি 'ব' আছে? [প.প.অধিদপ্তর হিসাব রক্ষক/সেকশন অফিসার-২০১১]

ক. ১ খ. ২
গ. ৩ উত্তর: ক

◈ বাংলা বর্ণমালায় অর্ধমাত্রা বিশিষ্ট বর্ণের সংখ্যা কত? [পরিবার পরিকল্পনা অধিদপ্তর নিয়োগ পরীক্ষা-২০১৪/ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী ২০১৩/বিসিআইসির সহকারী ব্যবস্থাপক (প্রশাসন) ২০১১/ সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ২০১১/ ঢাকা অঞ্চলের উপজেলা পোস্ট মাস্টার ২০১০]

ক. ৮টি খ. ১০টি
গ. ৬টি ঘ. কোনটিই নয় উত্তর: ক

ব্যাখ্যা: বাংলা বর্ণমালায় অর্ধ মাত্রায় বর্ণ ৮টি। এ বর্ণ ৮টি হল- ঋ, খ, গ, ণ, থ, প, শ।

◈ নিচের কোনটি একটি স্বরবর্ণ? [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক ২০১২]

ক. ক খ. ঙ
গ. এ ঘ. চ উত্তর: গ

◈ বাংলা ব্যঞ্জন বর্ণ কয়টি? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সহকারী পরিকল্পনা কর্মকর্তা ২০১২/স্বাস্থ্য হেলথের অফিস সহকারী ২০১১/খাদ্য অধিদপ্তরে অধীন খাদ্য পরিদর্শক: ০০]

ক. ৩৫ টি খ. ৩৭টি
গ. ৩৯ টি ঘ. ৪১টি উত্তর: গ

◈ বাংলা ভাষায় বর্ণের সংখ্যা -- [পরিকল্পনা হেলথের ডাটা প্রসেসিং অপারেটর ০২]

ক. ৪৭ টি খ. ৪৮টি
গ. ৪৯টি ঘ. ৫০টি উত্তর: ঘ

◈ আধুনিক বাংলা ভাষায় মোট কয়টি বর্ণ পূর্ণ ব্যবহৃত হয়? [বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ হেলথের অধীনে সহকারী হিসাব পরিদর্শক: ০৩]

ক. বাহান্নটি খ. পয়তাল্লিশটি
গ. চুয়ান্নটি ঘ. আটত্রিশটি উত্তর: খ

◈ বাংলা ব্যঞ্জন বর্ণ কয়টি? [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী ২০১৩/খাদ্য অধিদপ্তরের অধীনে খাদ্য পরিদর্শক: ০০]

ক. ৩৫ টি খ. ৩৭টি
গ. ৩৯ টি ঘ. ৪১টি উত্তর: গ

BookScan:www.fb.com/abubakar.chuadanga

◆ বাংলা বর্ণমালায় মাত্রাবিহীন বর্ণের সংখ্যা কয়টি? (চট্টগ্রাম বিএড/পল্লী উন্নয়ন বোর্ড-এর মাঠকর্মী-২০১৪/ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের উপ-আঞ্চলিক ব্যবস্থাপক ২০১৩/ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী ২০১৩/ সমাজসেবা অধিদপ্তরের প্রবেশন অফিসার -২০১৩/৬ষ্ঠ বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১০/ যবি সিনিয়র লিস্টার ও নিম্নতর কর্মচারী ২০১১/ পানি উন্নয়ন বোর্ড-এর সহকারী পরিকল্পনা কর্মকর্তা ২০১২/ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের উপ-সহকারী ২০১২/ প.প.পরিদপ্তর এবং প.প.কেন্দ্রের সহকারী ২০১১/ পানি ও ইউনিসেফ অধিদপ্তরে সহকারী পরিচালক ০৭/ পার্বত্য সার্ভিস কমিশন সচিবালয়ে সহকারী সচিব: ০৫/ ঢাকা কলেজের অধীনে কো অধিভুক্ত: ০৫/ ঢাকা কলেজের অধীনে কো অধিভুক্ত: ০৫)

ক.এগারটি　　খ. নয়টি
গ. দশটি　　ঘ. আটটি

উত্তরঃ গ

◆ বাংলা ব্যঞ্জন বর্ণে মাত্রাহীন বর্ণ কয়টি? (ধানমন্ডি কলেজ ও বাণিজ্যিক কলেজে প্রভাষক নিবন্ধন ০৪)

ক. ৬ টি　　খ. ৭টি
গ. ৯টি　　ঘ. ১০টি

উত্তরঃ ক

◆ কোন বর্ণগুলোতে মাত্রা হবে না? (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে সহকারী পরিচালক: ১১)

ক. ক ও খ　　খ. খ এবং ল
গ. ট এবং ঠ　　ঘ. এ এবং ঐ

উত্তরঃ ঘ

■ **স্বরধ্বনি** : ◆ মৌলিকতা অনুযায়ী, স্বরধ্বনিকে দুই ভাগে ভাগ করা হয়।

ক) **মৌলিক স্বর ঃ** যে স্বরধ্বনিকে আর বিশ্লেষণ করা যায় না, তাকে মৌলিক স্বর বলে। বাংলা ভাষায় মৌলিক স্বরধ্বনির সংখ্যা সাতঃ অ আ ই উ অ্যা এ ও । বাংলা বর্ণমালায় অ্যা ধ্বনি জ্ঞাপক কোন বর্ণ নেই। ধ্বনিবিদ মুহম্মদ আবদুল হাই বাংলা মূল স্বরধ্বনির তালিকায় নতুন 'অ্যা' ধ্বনি প্রতিষ্ঠা করেছেন ।

খ) **যৌগিক স্বরঃ** এক সঙ্গে উচ্চারিত দুটো মিলিত স্বরধ্বনিকে যৌগিক স্বর/সন্ধিস্বর/ দ্বি-স্বর/ সান্ধ্যক্ষর বলা হয়। বাংলা ভাষায় যৌগিক স্বরধ্বনির সংখ্যা পঁচিশ। বাংলা বর্ণমালায় যৌগিক স্বরজ্ঞাপক দুটো বর্ণ রয়েছে ঃ ঐ এবং ঔ। অন্য যৌগিক স্বরের প্রতীক স্বরূপ কোনো বর্ণ নেই।

ও + ই = ঐ (ঐকিক)	ও + উ = ঔ (ঔষধ)
অ + ই = অই (বই)	অ + উ = অউ (বউ)
অ+এ = অয় (ময়না)	অ + ও = অও (লও)।

◆ উচ্চারণের কাল-পরিমাণ অনুযায়ী, স্বরবর্ণকে দুই ভাগে ভাগ করা হয়।

ক) হ্রস্ব স্বর। ৪টি ঃ যথা-অ, ই, উ, ঋ।
খ) দীর্ঘ স্বর। ৭টি ঃ যথা-আ, ঈ, ঊ, এ, ঐ, ও, ঔ।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◆ বাংলা ভাষায় মৌলিক স্বরধ্বনির সংখ্যা কত ? (এএআবিসিএস/সহকারী রক্ষা কর্মকর্তা পদনিয়োগ পরীক্ষা ২০১৫)

ক. ৭টি　　খ. ৯টি
গ. ১১টি　　ঘ. ১৩টি

উত্তর: ক

◆ বাংলায় কটা মৌলিক স্বরধ্বনি আছে?(ঢাকা নির্বাচন অফিসার ০৪/ পরিসংখ্যান ব্যুরো সিনিয়র কর্মকর্তা ০৭)

ক. ছটা　　খ. সাতটা
গ. নটা　　ঘ. দশটা

উত্তরঃ খ

◆ ধ্বনিবিদ মুহম্মদ আবদুল হাই বাংলা মূল স্বরধ্বনির তালিকায় যে নতুন মূল ধ্বনিটি প্রতিষ্ঠা করেছেন সেটি - (পররাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে পুলিশ কর্মকর্তা ০১)

ক. এ্যা ধ্বনি　　খ. ও ধ্বনি
গ. য় ধ্বনি　　ঘ. উ ধ্বনি

উত্তরঃ ক

www.commanbir.com

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

একই সংগে উচ্চারিত দুইটি মিলিত স্বরধ্বনিকে কি বলে? (বি ইউনিয়ন ইনস্পেক্টর সহকারী পরিচালক ১১)
ক. স্বর-সঙ্গতি খ. যৌগিক স্বর
গ. অভিশ্রুতি ঘ. মধ্যস্বর
উত্তর: খ

পাশাপাশি দুটি স্বরধ্বনি একাক্ষর হিসেবে উচ্চারিত হলে তাকে কি বলে? (স্বাস্থ্য অধিদপ্তরে সহকারী প্রোগ্রামার ১৮)
ক. মৌলিক স্বরধ্বনি খ. যৌগিক স্বরধ্বনি
গ. মূলধ্বনি ঘ. সমধ্বনি
উত্তর: খ

কোন দুটি স্বরের মিলিত ধ্বনিতে 'ঐ' ধ্বনির সৃষ্টি হয়? (খাদ্য সহকারী পরিবারে পরিকল্পনা ইন্সপেক্টর: ১৮)
ক. ও এবং ই খ. এ এবং ই
গ. অ এবং ই ঘ. উ এবং ই
উত্তর: ক

কোন দুটি মূল স্বরধ্বনি নয়? (বাংলাদেশ ইলেকট্রনিক্স কর্পোরেশন: ০৭)
ক ঐ, অ খ আ, ঔ
গ ই, ঔ ঘ ঐ, ঔ
উত্তর: ঘ

বাংলা স্বরধ্বনিতে কয়টি হ্রস্ব স্বর আছে? (খাদ্য সহকারী পরিবার পরিকল্পনা ইন্সপেক্টর: ১৮)
ক. ৫ টি খ. ৪ টি
গ. ৭ টি ঘ. ৬ টি
উত্তর: খ

বাংলা স্বরধ্বনিতে মোট কয়টি দীর্ঘস্বর আছে? (এনজিইআইতে সহকারী প্রকৌশলী: ০৫)
ক. ৭টি খ. ৯টি
গ. ৬টি ঘ. ৫ টি
উত্তর: ক

উচ্চারণ

'প্রতীক্ষা' শব্দটির বিশুদ্ধ উচ্চারণ-(পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের অ্যাসিস্টেন্ট ম্যানেজার -২০১৪)
ক. প্রতিখখা খ. প্রতিখ্খা
গ. প্রোতিকখা ঘ. প্রোথিখ্খা
উত্তর: গ

'আহবায়ক' শব্দের প্রমিত উচ্চারণ- (জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা ২০১২)
ক. আওভায়োক্ খ. আওভায়ক্
গ. আহব্বায়ক ঘ. আহোব্বায়োক
উত্তর: খ

ব্যঞ্জনধ্বনি :

নিম্নে উচ্চারণ স্থান অনুযায়ী বাংলা ব্যঞ্জনধ্বনির বিভাগ দেখানো গেল:

উচ্চারণ স্থান	উচ্চারণ স্থান অনুযায়ী নাম	ব্যঞ্জনধ্বনির বর্ণসমূহ
জিহ্বামূল	কণ্ঠ্য বা জিহ্বামূলীয় বর্ণ	ক খ গ ঘ ঙ
অগ্রতালু	তালব্য বর্ণ	চ ছ জ ঝ ঞ শ য য়
পশ্চাৎ দন্তমূল	মূর্ধন্য বা পশ্চাৎ দন্তমূলীয় বর্ণ	ট ঠ ড ঢ ণ ষ র ড় ঢ়
অগ্র দন্তমূল	দন্ত্য বর্ণ	ত থ দ ধ ন ল স
ওষ্ঠ্য	ওষ্ঠ্য বর্ণ	প ফ ব ভ ম

ব্যঞ্জনধ্বনির বিভাগ :

- স্পর্শ ধ্বনি : যে ব্যঞ্জনের উচ্চারণে ফুসফুসতাড়িত বাতাস মুখবিবরে কোথাও না কোথাও

BookScan-www.fb.com/abubakar.chuadanga

পঁচিশটি স্পর্শধ্বনি। উচ্চারণ স্থানের দিক থেকে পাঁচটি গুচ্ছে বা বর্গে ভাগ করা হয়েছে। প্রতি গুচ্ছের প্রথম ধ্বনিটির নামানুসারে সে গুচ্ছের সবগুলো ধ্বনিকে বলা হয় ঐ বর্গীয় ধ্বনি। বর্গভুক্ত বলে এ ধ্বনির প্রতীকগুলোকেও ঐ বর্গীয় নামে অভিহিত করা হয়।

বর্গ	উচ্চারণ স্থান অনুযায়ী নাম	ব্যঞ্জনধ্বনির বর্ণসমূহ
ক - বর্গীয়	কণ্ঠ্য বা জিহ্বামূলীয় বর্ণ	ক খ গ ঘ ঙ
চ - বর্গীয়	তালব্য বর্ণ	চ ছ জ ঝ ঞ
ট - বর্গীয়	মূর্ধন্য বা পশ্চাৎ দন্তমূলীয় বর্ণ	ট ঠ ড ঢ ণ
ত - বর্গীয়	দন্ত্য বর্ণ	ত থ দ ধ ন
প - বর্গীয়	ওষ্ঠ্য বর্ণ	প ফ ব ভ ম

- **উষ্মধ্বনি** ঃ যে ব্যঞ্জনের উচ্চারণে বাতাস মুখবিবরে কোথাও বাধা না পেয়ে কেবলমাত্র ঘর্ষণপ্রাপ্ত হয় এবং শিশ্‌ধ্বনির সৃষ্টি করে, তাকে উষ্মধ্বনি/ শিশ্ ধ্বনি বলে। শ, ষ, স, হ- চারটি উষ্ম বর্ণ। শ ষ স-এ তিনটি বর্ণে দ্যোতিত ধ্বনি অঘোষ অল্পপ্রাণ, আর 'হ' ঘোষ মহাপ্রাণ ধ্বনি।
- **অন্তঃস্থ ধ্বনি** ঃ য এবং ব --এ দুটো বর্ণে দ্যোতিত ধ্বনির উচ্চারণ স্থান স্পর্শ ও উষ্মধ্বনির মাঝামাঝি। এ জন্য এদের বলা হয় অন্তঃস্থ ধ্বনি এবং বর্ণ দুটোকে বলা হয় অন্তঃস্থ বর্ণ।
- **অনুনাসিক বা নাসিক্য ধ্বনি** : ঙ ঞ ণ ন ম-এই পাঁচটি বর্ণ উচ্চারণের সময় ফুসফুস নিঃসৃত বায়ু মুখবিবর ছাড়াও নাসারন্ধ্র দিয়ে বের হয়; অর্থাৎ এগুলোর উচ্চারণে নাসিকার সাহায্য প্রয়োজন হয়। তাই এগুলোকে বলে অনুনাসিক বা নাসিক্য ধ্বনি। আর এগুলোর প্রতীক বা বর্ণকে বলা হয় অনুনাসিক বা নাসিক্য বর্ণ।
- **অঘোষ ধ্বনি** : যে ধ্বনি উচ্চারণের সময় স্বরতন্ত্রী অনুরণিত হয় না, তাকে বলা হয় অঘোষ ধ্বনি। যেমন- ক, খ, চ, ছ ইত্যাদি।
- **ঘোষ ধ্বনি** : যে ধ্বনি উচ্চারণের সময় স্বরতন্ত্রী অনুরণিত হয়, তাকে বলে ঘোষ ধ্বনি। যেমন- গ, ঘ, জ, ঝ ইত্যাদি।
- **অল্পপ্রাণ ধ্বনি** : যে ধ্বনি উচ্চারণের সময় বাতাসের চাপের স্বল্পতা থাকে, তাকে বলা হয় অল্পপ্রাণ ধ্বনি। যেমন- ক, গ, চ, জ ইত্যাদি।
- **মহাপ্রাণ ধ্বনি**: যে ধ্বনি উচ্চারণের সময় বাতাসের চাপের আধিক্য থাকে, তাকে বলা হয় মহাপ্রাণ ধ্বনি। যেমন- খ, ঘ, ছ, ঝ ইত্যাদি।

অঘোষ ধ্বনি		ঘোষ ধ্বনি		
অল্পপ্রাণ	মহাপ্রাণ	অল্পপ্রাণ	মহাপ্রাণ	নাসিক্য
ক	খ	গ	ঘ	ঙ
চ	ছ	জ	ঝ	ঞ
ট	ঠ	ড	ঢ	ণ
ত	থ	দ	ধ	ন
প	ফ	ব	ফ	ম
শ, ষ, স			হ	

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

- পরাশ্রয়ী ধ্বনি : ং ঃ ঁ এ তিনটি বর্ণ স্বাধীন ভাবে স্বতন্ত্র বর্ণ হিসেবে ভাষায় ব্যবহৃত হয় না। তাই এ বর্ণগুলোকে বলা হয় পরাশ্রয়ী বর্ণ।
- কম্পনজাত ধ্বনি : র
- পার্শ্বিক ধ্বনি : ল
- তাড়নজাত ধ্বনি : ড়, ঢ়

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◆ বাংলা বর্ণমালায় পর্বের সংখ্যা কত? [উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা ১০]

ক. ১৬ খ. ১২
গ. ১৩ ঘ. ৫

উত্তরঃ ঘ

◆ বাংলা ব্যঞ্জনবর্ণ বর্গে ভাগ করা হয়েছে? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী অফিসার ২০১২]

ক. তিন খ. চার
গ. পাঁচ ঘ. ছয়

উত্তর: গ

◆ কণ্ঠ্য থেকে উচ্চারিত ধ্বনি- [১০ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১৪]

ক. ক খ. ঙ
গ. হ ঘ. ঝ

উত্তরঃ খ

◆ 'ম' বর্ণ উচ্চারিত হয়-[পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের অ্যাসিসটেন্ট ম্যানেজার -২০১৪]

ক. তালু থেকে খ. দন্ত থেকে
গ. মূর্ধা থেকে ঘ. ওষ্ঠ্য থেকে

উত্তরঃ ঘ

◆ কোনটি দন্ত্য ধ্বনি? [হাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]

ক. ণ খ. প
গ. ত ঘ. চ

উত্তরঃ গ

◆ বাংলা ভাষায় ওষ্ঠ্যব্যঞ্জন ধ্বনির সংখ্যা কত? [পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের অ্যাসিসটেন্ট ম্যানেজার -২০১৪]

ক. ২টি খ. ৭টি
গ. ৮টি ঘ. ৫টি

উত্তরঃ ঘ

◆ নিচের কোনটি অল্পপ্রাণ ধ্বনি? [টিপ-বাদ্য পরিদর্শক নিয়োগ পরীক্ষা ২০১১]

ক. ঘ খ. ঠ
গ. প ঘ. থ

উত্তর: গ

◆ মহাপ্রাণ ঘোষধ্বনি কোনটি? [সহকারী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক ২০১২]

ক. ব খ. ট
গ. ঝ ঘ. খ

উত্তর: গ

◆ নিচের কোন ধ্বনিটি ঘোষ? [সমাজসেবা অধিদপ্তরের সহ সমাজসেবা অফিসার (হাসপাতাল)ঃ ০৭/ উপজেলা মহিলা কর্মকর্তা ০৫]

ক. চ খ. খ
গ. প ঘ. দ

উত্তরঃ ঘ

◆ ঘোষ ধ্বনি নয়- [জাতীয় ভূমি সংস্কার অধিদপ্তরের নির্বাহী অফিসার ০৭]

ক. গ খ. ঘ
গ. ঝ ঘ. শ

উত্তরঃ ঘ

◆ কোন দুটি অঘোষ ধ্বনি? [১৩তম বিসিএস/ দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শক: ১২]

ক. চ ছ খ. ড ঢ
গ. ব ভ ঘ. দ ধ

উত্তরঃ ক

BookScan:www.fb.com/abubakar.chuadanga

♦ কোন দু'টি মহাপ্রাণ ধ্বনি? (সকল পরিদপ্তরের সহকারী পরিচালক: ০৭)
ক. খ, ঝ খ. ক, খ
গ. ত, দ ঘ. চ, জ
উত্তরঃ ক

♦ চ-বর্গীয় ধ্বনির আগে কোনটি ব্যবহৃত হয়? (উপজেলা ও থানা শিক্ষা অফিসার: ০৫)
ক. ঙ খ. ঞ
গ. ন ঘ. ণ
উত্তরঃ খ

♦ কোনগুলি ওষ্ঠ্যধ্বনি? (বাংলাদেশ টেলিভিশন এবং বিজ্ঞাপন অধিদপ্তর (গ্রেড ২): ০৬)
ক. চ ছ জ ঝ খ. ত থ দ ধ
গ. প ফ ব ভ ঘ. য র ল ব
উত্তরঃ গ

♦ তাড়নজাত মহাপ্রাণ ধ্বনি কোনটি? (প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক ২০১২)
ক. ড় খ. ঢ়
গ. ল ঘ. র
উত্তর: খ

♦ তাড়নজাত ব্যঞ্জনধ্বনি কোনটি? (জনপ্রশাসন ও নির্বাচন অধিদপ্তরের সার্কেল অফিসার: ১০)
ক. ক, ঘ খ. চ, ছ
গ. ড়, ঢ় ঘ. প, ফ
উত্তরঃ গ

■ স্বরধ্বনি ও ব্যঞ্জনধ্বনির সংক্ষিপ্ত রূপ :

♦ কার ঃ স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে বলা হয় সংক্ষিপ্ত স্বর বা 'কার'।
স্বরবর্ণের নামানুসারে এদের নামকরণ করা হয়। যেমন:
আ-কার (া) ই-কার (ি) ঈ-কার (ী) উ-কার (ু) ঊ-কার (ূ)
ঋ-কার (ৃ) এ-কার (ে) ঐ-কার (ৈ), ও-কার (ো) ঔ-কার (ৌ)
অ-এর কোনো সংক্ষিপ্ত রূপ বা 'কার' নেই।

♦ ফলা ঃ ব্যঞ্জনবর্ণের সংক্ষিপ্ত রূপকে বলা হয় 'ফলা'।
য-ফলা (্য) ঃ দ + য = দ্য, স্ + য = স্য
র-ফলা (্র) ঃ ক্ + র = ক্র, ত্ + র = ত্র, ভ্ + র = ভ্র, স্ + র = স্র
ন-ফলা (ন)ঃ হ + ন = হ্ন, স + ন = স্ন
ণ-ফলা (ণ)ঃ ষ্ + ণ = ষ্ণ, হ + ণ = হ্ণ
ম-ফলা (ম)ঃ হ + ম = হ্ম, ত + ম = ত্ম , দ + ম = দ্ম
ব-ফলা (ব)ঃ স্ + ব = স্ব, হ + ব=হ্ব, ম্ + ব=ম্ব।
যেমনঃ
ক্য = ক + য। যেমন : বাক্য, মাণিক্য।
শ্র = শ + র । যেমন : অশ্রু।
ভ্র = ভ্ + র । যেমন : ভ্রমণ, ভ্রাতা।
ক্র = ক্ + র । যেমন : চক্র।
ত্র = ত + র। যেমন : পত্র, নেত্র, পত্রিকা।
হ্ন = হ + ন। যেমন: মধ্যাহ্ন, সায়াহ্ন, বহ্নি।
হ্ণ = হ + ণ। যেমন: পূর্বাহ্ণ, অপরাহ্ণ ।
ষ্ণ = ষ + ণ। যেমন: উষ্ণ, তৃষ্ণা।
হ্ম = হ + ম। যেমন: ব্রহ্মা, ব্রাহ্মণ।

www.tb.com/tanbir.cox

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

■ **সংযুক্ত বর্ণ ঃ** দুটি বা তার চেয়ে বেশি ব্যঞ্জনধ্বনির মধ্য কোন স্বরধ্বনি না থাকলে ব্যঞ্জনধ্বনি দুটি বা ধ্বনি কয়টি একত্রে উচ্চারিত হয়, তখন সংযুক্ত বর্ণ গঠিত হয়।

ক্ত = ক + ত। যেমন: রক্ত, শক্ত।
ক্ষ = ক + ষ । যেমন: বক্ষ, রক্ষা, শিক্ষা। (ক্ষ = হ + ম)
ঙ্ক = ঙ + ক। যেমন-অঙ্ক, কঙ্কাল, লঙ্কা।
ঙ্গ = ঙ + গ। যেমন: অঙ্গ, মঙ্গল, সঙ্গীত।
জ্ঞ = জ + ঞ। যেমন: জ্ঞান, বিজ্ঞান, সংজ্ঞা।
ঞ্ছ = ঞ + ছ। যেমন: বাঞ্ছা, বাঞ্ছিত, বাঞ্ছনীয়।
ঞ্জ = ঞ + জ। যেমন: অঞ্জনা, গঞ্জ, মঞ্জুষা।
ঞ্চ = ঞ+ চ। যেমন: সঞ্চয়, বঞ্চনা।
ট্ট = ট্ + ট। যেমন: অট্টালিকা, চট্টগ্রাম, ভট্টশালী।
ত্ত = ত্ + ত। যেমন: উত্তম, পত্তন, বিত্ত।
ত্থ = ত + থ। যেমন: উত্থান, উত্থিত।
দ্ধ = দ + ধ। যেমন: বদ্ধ, যুদ্ধ, সমৃদ্ধি।
ন্দ = ন + দ । যেমন: অন্দ, বন্ধু, সন্ধ্যা।
ন্ধ = ন্ + ধ । যেমন: লন্ধ।
হৃ = হ্ + ঋ। যেমন: হৃদয়, সুহৃদ।
হু = হ + উ। যেমন: হুকুম, হুশিয়ার।
হ্ম = হ্ + ম । যেমন: গ্রীষ্ম।
ন্ত = ন্ + ত। যেমন: অন্তর।
ন্থ = ন্ + থ । যেমন: মন্থর।
ণ্ট = ণ্ + ট। যেমন: কণ্টক।
ণ্ঠ = ণ্ + ঠ । যেমন: কণ্ঠ।
ণ্ড = ণ্ + ড। যেমন: কাণ্ড, ভাণ্ডার।
র্ক = র + ক। যেমন: তর্ক।

[লক্ষণীয় ঃ ক্র = ক্ + র ; র-ফলা বর্ণের পরে আসে
র্ক = র + ক ; রেফ বর্ণের আগে আসে]

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◇ স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে কি বলা হয়? [বাংলাদেশ বেতারের অনুষ্ঠান সচিব, স্ট্যাটিস্টিক্যাল ও তথ্যরক্ষক ২০১১/টিপ্পনী ও স্বর্ণ দিন রচনা: ০৫]
ক. ফলা
খ. ধ্বনি
গ. কার
ঘ. স্বর
উত্তরঃ গ

◇ 'ক্ষ' এর বিশিষ্ট রূপ- [১০ম বিসিএস/ পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৭/ সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা কর্মকর্তা: ০৯]
ক. ক+ ষ
খ. ক+খ+গ
গ. ক+ষ+ম
ঘ. হ+ম
উত্তরঃ ঘ

◇ সংযুক্ত বর্ণের কোন রূপটি সঠিক? [স্ত্রী কর্মকর্তা-কর্মচারী ব্যবস্থাপক ২০০৯]
ক. ক + ষ + ক্ষ
খ. ট + ট = ট্র
গ. হ + ক্ষ = ক্ষ
ঘ. ষ + ঞ = ষ্ণ
ঙ. জ + ঞ = জ্ঞ
উত্তর:ক

BookScan:www.fb.com/abubakar.chuadanga

- সঠিক সংযুক্ত বর্ণ বিশ্লেষণ কোনটি? [পরিবহন কলাম পরিদর্শিকা পদনিয়োগ বিভাগীয় পরীক্ষা ২০১০]

ক) হ্ন = হ্ + ণ খ) হ্ন = হ্ + ন
গ) জ্ঞ = জ্ + ঞ ঘ) জ্ঞ = জ্ + ঞ উত্তর:ঘ

- রক্ষা' শব্দের সংযুক্ত বর্ণ কোন কোন বর্ণ নিয়ে গঠিত? [সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ২০১১/মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০১]

ক. ক+ষ খ. ক+খ
গ. ক+ষ ঘ. খ+খ উত্তরঃ ক

- 'ক্ষ' যুক্তাক্ষরটি কোন দুটি বর্ণের সংযোগে জাত? [সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা-২০১২/ প.প.বিদ্যালয় শিক্ষক রেজাল্ট-২০১১/ প.কলাম পরিদর্শিকা পদনিয়োগ পরীক্ষা-২০১০/বাংলাদেশ ইনস্টিটিউটের সহকারী পরিচালক (বেতার প্রযোজনা প্রশিক্ষণ)ঃ০৩]

ক. খ + য খ. ম + হ
গ. ক + স ঘ. ক + ষ উত্তরঃ ঘ

- ক্ষ-কে ভাঙ্গলে কোনটি হয়? [যশ্য হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রণের কার্যালয়ের কর্মচারী বিধিমালা-২০১১]

ক. ষ + ক খ. ক + ষ
গ. খ + খ ঘ. ক + খ উত্তর: খ

- 'জ্ঞ' যুক্তবর্ণটি কোন কোন বর্ণের মিলনে গঠিত হয়? [স্বাস্থ্য সহকারীর কর্মীদের সার্বে অ্যাসিস্টেন্ট:১০]

ক. গ + ঞ খ. ঞ + জ
গ. ঞ + চ ঘ. জ + ঞ উত্তরঃ ঘ

- যে যে বর্ণের সমন্বয়ে 'ঋ' যুক্তবর্ণটি গঠিত হয়েছে, সেগুলো নির্দেশ করুন- [প্রথমশ্রেণি কর্মচারীদের পদোন্নতি বিধিমালা: ০৪/মাধ্যমিক বিদ্যালয় সহকারী প্রধান শিক্ষক : ০৩]

ক. ষ + ণ খ. ষ + ঞ
গ. ষ + ন ঘ. ষ + ঙ উত্তরঃ ক

ধ্বনির পরিবর্তন

- আদি স্বরাগম : উচ্চারণের সুবিধার জন্য বা অন্য কোনো কারণে শব্দের আদিতে স্বরধ্বনি এলে তাকে বলে আদি স্বরাগম। যেমন-স্কুল > ইস্কুল, স্টেশন > ইস্টিশন। এরূপ-আস্তাবল, আস্পর্ধা।

- মধ্য স্বরাগম, বিপ্রকর্ষ বা স্বরভক্তি: সময় সময় উচ্চারণের সুবিধার জন্য সংযুক্ত ব্যঞ্জন ধ্বনির মাঝখানে স্বরধ্বনি আসে। একে বলা হয় মধ্য স্বরাগম বা বিপ্রকর্ষ বা স্বরভক্তি। যেমন :
ই - প্রীতি > পিরীতি, ক্লিপ > কিলিপ, ফিল্ম > ফিলিম , রত্ন > রতন ইত্যাদি।
এ - গ্রাম > গেরাম, প্রেক > পেরেক, প্রেফ > সেরেফ ইত্যাদি।

- অন্ত্যস্বরাগম : কোনো কোনো সময় শব্দের শেষে অতিরিক্ত স্বরধ্বনি আসে। এরূপ স্বরাগমকে বলা হয় অন্ত্যস্বরাগম। যেমন:
দিশ > দিশা, পোখত্ > পোক্ত, বেঞ্চ > বেঞ্চি, সত্য > সত্যি ইত্যাদি।

- অপিনিহিতি : পরের ই-কার আগে উচ্চারিত হলে কিংবা যুক্ত ব্যঞ্জনধ্বনির আগে ই-কার বা উ-কার উচ্চারিত হলে তাকে অপিনিহিতি বলে। যেমন:
আজি > আইজ, সাধু > সাউধ, রাখিয়া > রাইখ্যা, বাক্য > বাইক্য, সত্য> সইত্য

www.tb.com/tanbir.cox

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

◆ অসমীকরণ : একই স্বরের পুনরাবৃত্তি দূর করার জন্য মাঝখানে যখন স্বরধ্বনি যুক্ত হয় তখন তাকে বলে অসমীকরণ। যেমন-ধপ + ধপ > ধপাধপ, টপ + টপ> টপাটপ ইত্যাদি।

◆ স্বরসঙ্গতি : একটি স্বরধ্বনির প্রভাবে শব্দের অপর স্বরের পরিবর্তন ঘটলে তাকে স্বরসঙ্গতি বলে। যেমন-দেশি > দিশি, বিলাতি> বিলিতি, মুলা >মুলো ইত্যাদি।

◆ সম্প্রকর্ষ বা স্বরলোপ ঃ দ্রুত উচ্চারণের জন্য শব্দের আদি, অন্ত্য বা মধ্যবর্তী কোনো স্বরধ্বনির লোপকে বলা হয় সম্প্রকর্ষ। যেমন- বসতি> বস্তি, জানালা > জানলা, গামোছা > গামছা, অগ্রু > অগ্র, সুবর্ণ > স্বর্ণ ইত্যাদি।

◆ ধ্বনি বিপর্যয় ঃ শব্দের মধ্যে দুটো ব্যঞ্জনের পরস্পর পরিবর্তন ঘটলে তাকে ধ্বনি বিপর্যয় বলে। যেমন- ইংরেজি বাক্স > বাংলা বাস্ক, জাপানি রিক্সা > বাংলা রিস্কা ইত্যাদি। অনুরূপ- পিশাচ >পিচাশ, লাফ> ফাঁল।

◆ সমীভবন : শব্দমধ্যস্থ দুটো ভিন্ন ধ্বনি একে অপরের প্রভাবে অল্প-বিস্তর সমতা লাভ করে। এ ব্যাপারকে বলা হয় সমীভবন। যেমন-জন্ম > জম্ম, কাঁদনা> কান্না ইত্যাদি।

◆ বিষমীভবন : দুটো সমবর্ণের একটির পরিবর্তনকে বিষমীভবন বলে। যেমন- শরীর> শরীল, লাল> নাল ইত্যাদি।

◆ দ্বিত্ব ব্যঞ্জন বা ব্যঞ্জনদ্বিত্বতা ঃ কখনো কখনো জোর দেওয়ার জন্য শব্দের অন্তর্গত ব্যঞ্জনের দ্বিত্ব উচ্চারণ হয়, একে বলে দ্বিত্ব ব্যঞ্জন বা ব্যঞ্জনদ্বিত্বতা। যেমন-পাকা> পাক্কা, সকাল >সক্কাল।

◆ ব্যঞ্জন বিকৃতি : শব্দ-মধ্যে কোনো কোনো সময় কোনো ব্যঞ্জন পরিবর্তিত হয়ে নতুন ব্যঞ্জনধ্বনি ব্যবহৃত হয়। একে বলে ব্যঞ্জন বিকৃতি। যেমন-কবাট> কপাট, ধোবা> ধোপা, ধাইমা> দাইমা।

◆ ব্যঞ্জনচ্যুতি ঃ পাশাপাশি সমউচ্চারণের দুটো ব্যঞ্জনধ্বনি থাকলে তার একটি লোপ পায়। এ রূপ লোপকে বলা হয় ধ্বনিচ্যুতি বা ব্যঞ্জনচ্যুতি। যেমন-বউদিদি > বউদি, বড় দাদা> বড়দা ইত্যাদি।

◆ অন্তর্হতি ঃ পদের মধ্যে কোনো ব্যঞ্জনধ্বনি লোপ পেলে তাকে বলে অন্তর্হতি। যেমন- ফাল্গুন > ফাগুন, ফলাহার > ফলার, আলাহিদা > আলাদা ইত্যাদি।

◆ অভিশ্রুতি: বিপর্যস্ত স্বরধ্বনি পূর্ববর্তী স্বরধ্বনির সাথে মিলে গেলে এবং তদনুসারে পরবর্তী স্বরধ্বনির পরিবর্তন ঘটলে তাকে বলে অভিশ্রুতি। যেমন-করিয়া থেকে অপিনিহিতির ফলে 'কইরিয়া' কিংবা বিপর্যয়ের ফলে 'কইরা' থেকে অভিশ্রুতিজাত 'করে'। এরূপ-শুনিয়া> শুনে, বলিয়া> বলে, হাটুয়া > হাউটা > হেটো, মাছুয়া > মেছো ইত্যাদি।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◆ 'ফলাহার' থেকে 'ফলার' শব্দ হওয়ার কারণ-[পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের অ্যাসিস্টেন্ট ম্যানেজার -২০১৪]

ক. বর্ণবিপর্যয় খ. বর্ণদ্বিত্ব উত্তর: গ

গ. বর্ণাগম ঘ. বর্ণলোপ

BookScan:www.fb.com/abubakar.chuadanga

মধ্য স্বরাগমের সমার্থক কোনটি? [দুর্নীতি দমন কমিশনের সহকারী পরিচালক-২০১৩]
ক. স্বরসঙ্গতি খ. অভিশ্রুতি
গ. সম্প্রকর্ষ ঘ. বিপ্রকর্ষ
ঙ. কোনটিই নয় উত্তরঃ ঘ

দ্রুত উচ্চারণের জন্য শব্দের আদি, অন্ত বা মধ্যবর্তী কোনো স্বরধ্বনি লোপ পেলে তাকে কি বলে? [দুর্নীতি দমন কমিশনের সহকারী পরিচালক-২০১৩]
ক. সমীভবন খ. সম্প্রকর্ষ
গ. স্বরাগম ঘ. স্বরসঙ্গতি
ঙ. কোনটিই নয় উত্তরঃ খ

কোনটিতে মধ্যস্বরলোপ ঘটেছে? [পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের অ্যাসিসটেন্ট ম্যানেজার -২০১৪]
ক. গামছা খ. মশারি
গ. লুঙ্গি ঘ. চাদর উত্তরঃ ক

পরের 'ই' কার ও 'উ' কার আগেই উচ্চারিত হওয়ার রীতিকে কি বলে? [ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ০৫-০৬] [ফরিদপুর বিদ্যালয় সহকারী শিক্ষক: ০০]
ক. স্বরাগম খ. বিপ্রকর্ষ
গ. অপিনিহিতি ঘ. অভিশ্রুতি উত্তরঃ গ

দুটি সমবর্ণের একটির পরিবর্তনকে বলা হয়: [ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ০৫-০৬]
ক. অপগত খ. পরাগত
গ. সমীভবন ঘ. অসমীভবন
ঙ. বিষমীভবন উত্তরঃ ঙ

একই স্বরের পুনরাবৃত্তি না করে মাঝখানে স্বরধ্বনি যুক্ত হয়, তাকে কি বলে? [লেখক মন্ত্রণালয়ের সহকারী সর্জন ০৫]
ক. সম্প্রকর্ষ খ. পরাগত
গ. স্বরসঙ্গতি ঘ. অসমীকরণ উত্তরঃ ঘ

পূর্বধ্বনির প্রভাবে পরবর্তী ধ্বনির পরিবর্তন ঘটলে তাকে কি বলে? [ইউনি. কিছু ৫ কলেজ বিভাগের ভর্তিপরীক্ষা সহ-ডেপুটি ২০১২/ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ০৮-০৯]
ক. পরাগত খ. অভিশ্রুতি
গ. স্বরসঙ্গতি ঘ. অপগত
ঙ. স্বরসঙ্গতি উত্তরঃ ঘ

আগু > আউশ- এটি ধ্বনি পরিবর্তনের কোন নিয়মের উদাহরণ? [সহকারী ভূমিকর্তা ০৮]
ক. অপিনিহিতি খ. সমীভবন
গ. বিপ্রকর্ষ ঘ. বিপ্রকর্ষ উত্তরঃ ক

ধ্বনি বিপর্যয়ের উদাহরণ কোনটি? [দুর্নীতি দমন কমিশনের সহকারী পরিচালক-২০১৩]
ক. আগুন খ. আরমারিও
গ. পিচাশ ঘ. ইচ্ছে উত্তরঃ গ
ঙ. কোনটিই নয়

ধ্বনি বিপর্যয়ের উদাহরণ কোনটি? [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ১১]
ক. ইচ্ছি → আইজ খ. পিশাচ → পিচাশ উত্তরঃ খ
গ. পাকা → পাক্কা ঘ. স্কুল → ইস্কুল

বাক্স > বাসক হওয়ার রীতিকে বলা হয়- [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ০৮-০৯]
ক. ধ্বনি বিপর্যয় খ. ধ্বনিসমীভবন উত্তরঃ ক
গ. ধ্বনিলোপ ঘ. ধ্বনিপরাগত

www.tb.com/tanbir.cox

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

◆ লাফ > ফাল কোন ধরনের ধ্বনি পরিবর্তনের দৃষ্টান্ত? [ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ০৮-০৯]

ক. বিপ্রকর্ষ খ. স্বরভক্তি
গ. স্বরসঙ্গতি ঘ. ব্যঞ্জনাগম

উত্তরঃ ঘ

◆ ব্যঞ্জন বিকৃতির দৃষ্টান্ত [ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ০৭-০৮]

ক. কাহন > কাহন খ. রেডিও > রেডিও
গ. করিতে > করতে ঘ. [illegible] > [illegible]

উত্তরঃ ঘ

◆ তৎ+হিত > তদ্ধিত কোন ধ্বনি পরিবর্তন প্রক্রিয়া? [ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ০৮-০৯]

ক. সম্প্রসারণ খ. বিপ্রকর্ষ
গ. স্বরসঙ্গতি ঘ. সমীভবন

উত্তরঃ ঘ

ণ-ত্ব ও ষ-ত্ব বিধান

[redacted] বাংলা ভাষায় বহু তৎসম বা সংস্কৃত শব্দে মূর্ধন্য-ণ এবং দন্ত্য-ন এর ব্যবহার আছে। তা বাংলায় অবিকৃত ভাবে রক্ষিত হয়। তৎসম শব্দের বানানে ণ এর সঠিক ব্যবহারের নিয়মই ণত্ব বিধান।

◆ **ণ ব্যবহারের নিয়ম :**

- ট-বর্গীয় ধ্বনির আগে দন্ত্য ন ব্যবহৃত হয়ে যুক্ত ব্যঞ্জন গঠিত হলে, সব সময় মূর্ধন্য ণ হয়। যেমন-ঘণ্টা, লণ্ঠন, কাণ্ড, বণ্টন ইত্যাদি।
- ঋ, র, ষ-এর পরে মূর্ধন্য ণ হয়। যেমন: ঋণ, তৃণ, বর্ণ, বর্ণনা, কারণ, মরণ, ব্যাকরণ, ভীষণ, ভাষণ, উষ্ণ ইত্যাদি।
- ঋ, র, ষ এর পরে স্বরধ্বনি, হ, য়, ব, ং এবং ক-বর্গীয় ও প-বর্গীয় ধ্বনি থাকলে পরবর্তী ন মূর্ধন্য ণ হয়। যেমন : কৃপণ (ঋ কারের পরে প, তার পরে ণ), হরিণ (র এর পরে ই, তার পরে ণ), অর্পণ (র্+ প্+ অ+ ণ), লক্ষ্মণ(ক্ + ষ্+ অ+ ণ)। এরূপ রামায়ণ, রূপায়ণ, ব্রাহ্মণ, ভ্রমণ, নিরূপণ ইত্যাদি।

- কতকগুলো শব্দে স্বভাবতই ণ হয় (নিত্য মূর্ধণ্য- ণ)ঃ

চাণক্য মাণিক্য গণ বাণিজ্য লবণ মণ
বেণু বীণা কঙ্কণ কণিকা।
কল্যাণ শোণিত মণি স্থাণু গুণ পুণ্য বেণী
ফণী অণু বিপণি গণিকা।
আপণ লাবণ্য বাণী নিপুণ ভণিতা পাণি
গৌণ কোণ ভাণ পণ শাণ।
চিক্কণ নিক্কণ তূণ কফোণি বণিক গুণ
গণনা পিণাক পণ্য বাণ।

BookScan:www.fb.com/abubakar.chuadanga

ণত্ব বিধান প্রযোজ্য নয় :

- বাংলা (দেশী), তদ্ভব ও বিদেশী শব্দের বানানে মূর্ধন্য বর্ণ (ণ) লেখার প্রয়োজন হয় না।
- সমাসবদ্ধ শব্দে সাধারণত ণত্ব বিধান খাটে না। এরূপ ক্ষেত্রে ন হয়। যেমন-ত্রিনয়ন, সর্বনাম, দুর্নীতি, দুর্নাম, দুর্নিবার পরনিন্দা, অগ্রনায়ক।
- ত বর্গীয় বর্ণেও সঙ্গে যুক্ত ন কখনো ণ হয় না, ন হয়। যেমন : অন্ত, গ্রন্থ, ক্রন্দন।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

- ণত্ব বিধান বাংলা বানানে কোন শব্দের ক্ষেত্রে প্রযোজ্য? [দ্বাদশ কেরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (কনেজ পর্যায়) ২০১৫]
  ক. দেশী খ. বিদেশী
  গ. সংস্কৃত ঘ. তদ্ভব
  উত্তরঃ গ
- ণত্ব বিধি সাধারণত কোন শব্দে প্রযোজ্য? [১৪তম বিসিএস]
  ক. দেশী খ. বিদেশী
  গ. তৎসম ঘ. তদ্ভব
  উত্তরঃ গ
- 'মণিক্য' শব্দের 'ণ' বসেছে ণত্ব বিধানের কোন নিয়মে? [ইউনি. কিং ও কলা বিভাগ কলেজের সহ-রেজিস্ট্রার ২০১২]
  ক. 'ম' বর্ণের পরে 'ণ' হয়
  খ. 'ক' বর্ণের পূর্বে 'ণ' হয়
  গ. 'ক' বর্ণ এবং 'ম' বর্ণের মাঝ 'ণ' হয়
  ঘ. স্বভাবতই 'ণ' হয়
  উত্তর: ঘ
- ণত্ব-বিধান কি? [জাতীয় কর্মচারী নিবন্ধন পরীক্ষা]
  ক. দেশীয় শব্দের ঐতিহ্য সংশ্লিষ্ট নিয়ম খ. বিদেশী শব্দের অভিজ্ঞতাজাত বিধান
  গ. তৎসম শব্দের রীতি ঘ. বেদ নির্দেশিত রীতি
  উত্তরঃ গ
- 'কণ্টক' বানান কোন নিয়মে হয়? [রাজস্ব বিভাগ সহকারী কমিশনার, সৃজন ২০১১]
  ক. ণ-ত্ব বিধান খ. বর্ণবিধান
  গ. ষ-ত্ব বিধান ঘ. কোনটিই না
  উত্তরঃ ক
- কোন ধরনের শব্দে কখনোই মূর্ধন্য-ণ হবে না? [৯ম কেরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৩]
  ক. তৎসম খ. বিদেশি
  গ. তদ্ভব ঘ. আঞ্চলিক
  উত্তরঃ খ
- 'সে আসুক'-এটি কোন বাচ্য? [পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব/সহকারী পরিচালক (প্রশাসন)-২০১৩]
  ক. কর্তৃবাচ্য খ. কর্মবাচ্য
  গ. ভাববাচ্য ঘ. কর্তৃকর্মবাচ্য
  উত্তরঃ গ
- কোনটি শুদ্ধ বানান? [কারাগার শিক্ষা পরিদপ্তর]
  ক. বণ্টণ খ. বন্টন
  গ. বণ্টন ঘ. বন্টণ
  উত্তরঃ গ
- কোন বানানটি শুদ্ধ? [কারাগার শিক্ষা পরিদপ্তর]
  ক. শুণ্য খ. পুণ্য
  গ. গুণ্য ঘ. মাণ্য
  উত্তরঃ খ
- কোন বানানটি শুদ্ধ? [১৩তম বিসিএস]
  ক. পাষাণ খ. পাষান
  গ. পাসান ঘ. পাশান
  উত্তরঃ ক

www.banglainternet.com

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

কোন বানানটি শুদ্ধ? [বাংলাদেশ টেলিকম এবং বিসিএস অফিসার (গ্রেড ২): ০৬]
ক. ঘটমান বর্তমান খ. সাধারন বর্তমান
গ. সাধারণ ভবিষ্যত
উত্তর: গ

◆ নিচের কোনটি নিত্যবৃত্ত অতীত? [পরিবার কল্যাণ পরিদর্শক পুলিশ্যার্থী নিয়োগ পরীক্ষা ২০১০]
ক. পড়ালাম খ. পরিয়েছিলাম
গ. পড়াতাম
উত্তর: গ

◆ "বাঙালিরা ভাত খায়।" কোন কালের উদাহরণ? (থানা সহকারী শিক্ষা অফিসার: ০৫)
ক. বর্তমান অনুঙ্গা খ. ঘটমান বর্তমান
গ. সাধারণ অতীত ঘ. সাধারণ বর্তমান
উত্তর: ঘ

◆ যে কাজ এখনও চলছে তাকে কি বলে? (প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ০১)
ক. নিত্য বর্তমান খ. ঘটমান বর্তমান
গ. পুরাঘটিত বর্তমান ঘ. বর্তমান অনুজ্ঞান
উত্তর: খ

◆ "বালকেরা স্কুলে যাচ্ছে" বাক্যটি কোন ধরনের বর্তমান কাল নির্দেশ করে? (রেলওয়ে সহকারী স্টেশনমাস্টার: ০১)
ক. সাধারণ বর্তমান খ. ঘটমান বর্তমান
গ. নিত্য বর্তমান ঘ. বর্তমান অনুজ্ঞা
উত্তর: খ

◆ "এবার আমি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি"- বাক্যটির কাল নির্ণয় কর । (দুর্নীতি দমন ব্যুরোর সহকারী পরিচালক: ০১/ দুর্নীতি দমন ব্যুরোর পরিচালক: ০৫)
ক. সাধারণ বর্তমান খ. সাধারণ অতীত
গ. নিত্যবৃত্ত বর্তমান ঘ. পুরাঘটিত বর্তমান
উত্তর: ঘ

BookScan:www.fb.com/abubakar.chuadanga

MP3

- কোন কাল নির্ণয় করুন: ' সে স্কুলে গিয়েছে'। [বাংলাদেশ টেলিভিশন এবং বিজ্ঞাপন কর্মকর্তা (গ্রেড ২)ঃ ০৪]
  ক. সাধারণ বর্তমান খ. পুরাঘটিত বর্তমান
  গ. ঘটমান বর্তমান ঘ. বর্তমান অনুজ্ঞা উত্তরঃ খ
- "সে পুরস্কার পেয়েছে" কোন ধরনের বর্তমান কাল? [স ও জ কর্মকর্তা বাণিজ্যের টেপ সহকারী পরীক্ষা: ০১]
  ক. সাধারণ বর্তমান খ. ঘটমান বর্তমান
  গ. পুরাঘটিত বর্তমান ঘ. অনুজ্ঞা বর্তমান উত্তরঃ গ
- "আগে প্রতি বছর এখান খেলা হত"। বাক্যটি কোন ধরনের অতীতকাল নির্দেশ করে? [পি.এস.সি সহকারী পরীক্ষা: ১৮]
  ক. সাধারণ অতীত খ. ঘটনার অতীত
  গ. পুরাঘটিত অতীত ঘ. নিত্যবৃত্ত অতীত উত্তরঃ ঘ
- 'তুমি যদি যেতে ভাল হত'- বাক্যটিতে 'যেতে' শব্দটি ক্রিয়ার কোন কাল? [দুর্নীতি দমন ব্যুরো সহকারী টেপ পরীক্ষা: ০৪]
  ক. সাধারণ অতীত খ. ঘটমান অতীত
  গ. পুরাঘটিত অতীত ঘ. নিত্যবৃত্ত অতীত উত্তরঃ ঘ
- নিচের কোনটি নিত্যবৃত্ত অতীত? [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী: ১০]
  ক. পড়ালাম খ. পড়িয়েছিলাম
  গ. পড়াতাম উত্তরঃ গ

ক্রিয়ার ভাব

■ ক্রিয়ার ভাবঃ ক্রিয়ার যে অবস্থা দ্বারা কার্য ঘটিবার ধরন, প্রকার বা রীতি প্রকাশ পায়, তাকে ক্রিয়ার ভাব বলে। তিন ধরনেরঃ

ক) নির্দেশক বা অবধারক ভাব
খ) অনির্দেশক বা সংযোজক বা ঘটনান্তরাপেক্ষিত ভাব
গ) অনুজ্ঞা বা আজ্ঞাদ্যোতক ভাব

নির্দেশক ভাব : ক্রিয়ার যে অবস্থা কোন কার্য ঘটিবার সাধারণ নির্দেশ বা ধারণা দেয়, তাহাকে ক্রিয়ার নির্দেশক ভাব বলে।

- সাধারণ ঘটনা নির্দেশ : সে আসে। তারা খায়না।
- প্রশ্ন জিজ্ঞাসা : তুমি কি ভাল আছ?

অনির্দেশক ভাব : একই বাক্যে এক ক্রিয়ার কাজ আর এক ক্রিয়ার উপর নির্ভরশীল রহিয়াছে এমন ভাব প্রকাশ করিলে ক্রিয়ার অনির্দেশক ভাব হয়।

যদি সে আসে তবে আমি যাইব।
আজ বাবা বেঁচে থাকলে আমার কষ্ট হতো না।

অনুজ্ঞা ভাব: আদেশ, অনুরোধ, অনুমতি, প্রার্থনা, অনুনয় প্রভৃতি অর্থে বর্তমান এবং ভবিষ্যৎ কালে মধ্যম পুরুষে ক্রিয়াপদের যে রূপ হয় তাকে অনুজ্ঞা পদ বলে।

- উত্তম পুরুষের অনুজ্ঞা পদ হতে পারে না। কারণ, কেউ নিজেকে আদেশ করতে পারে না।

www.facebook.com/tanbir.cox

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

✦ বর্তমান কাল অনুজ্ঞা:

(১) আদেশ : কাজটি করে ফেল। তোমরা এখন যাও।
(২) উপদেশ : সত্য কথা গোপন করো না। কড়া রোদে ঘোরাফেরা করিস না।
(৩) অনুরোধ : আমার কাজটা এখন কর। অঙ্কটা বুঝিয়ে দাও না।
(৪) প্রার্থনা : আমার দরখাস্তটা পড়ুন।
(৫) অভিশাপ : মর, পাপিষ্ঠ।

✦ ভবিষ্যৎ কালের অনুজ্ঞা:

(১) আদেশে : সদা সত্য কথা বলবে।
(২) সম্ভাবনায় : চেষ্টা কর, সবই বুঝতে পারবে।
(৩) বিধান অর্থে : রোগ হলে ওষুধ খাবে।
(৪) অনুরোধে : কাল এক বার এসো।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◆ কোনটি অনুজ্ঞা? (১১তম বিসিএস)
ক. তুমি গিয়েছিলে খ. তুমি যাও
গ. তুমি যাচ্ছিলে ঘ. তুমি যাচ্ছ
উত্তর: খ

◆ কোন বাক্যটি দ্বারা অনুরোধ বুঝায়? (১৮তম বিসিএস)
ক. তুই বাড়ি যা খ. ক্ষমা করা ঘোর অপরাধ
গ. কাল একবার এসো ঘ. দূর হও
উত্তর: গ

◆ "আমার এ দরখাস্তটা পড়ুন" বর্তমানের 'এ' অনুজ্ঞা দ্বারা কি বুঝায়? (বাংলা একাডেমির বাংলা পরিচালক ০৩)
ক. অনুরোধ খ. প্রার্থনা
গ. বিধান ঘ. আদেশ
উত্তর: খ

◆ আজ বাবা বেঁচে থাকলে আমার কষ্ট হতো না- বাক্যটি কোন ভাবের ক্রিয়া। (বাংলাদেশ ব্যাংকের সহকারী হিসাবরক্ষক ০৫)
ক. অনুজ্ঞা ভাব খ. সাপেক্ষ ভাব
গ. নির্দেশক ভাব ঘ. অনির্দেশক ভাব
উত্তর: ঘ

পদাশ্রিত নির্দেশক

■ **সংজ্ঞা:** কয়েকটি অব্যয় বা প্রত্যয় কোনো না কোনো পদের আশ্রয়ে বা পরে সংযুক্ত হয়ে নির্দিষ্টতা জ্ঞাপন করে, এগুলোকে পদাশ্রিত অব্যয় বা পদাশ্রিত নির্দেশক বলে।

◆ বচনভেদে পদাশ্রিত নির্দেশকেরও বিভিন্নতা প্রযুক্ত হয়।
- এক বচনে-টা, টি, খানা, খানি, গাছা, গাছি ইত্যাদি। যেমন-টাকাটা, বাড়িটি।
- বহু বচনে-গুলি, গুলা, গুলো, গুলিন প্রভৃতি। যেমন-মানুষগুলি, লোকগুলো।

◆ কোনো সংখ্যা বা পরিমাণের স্বল্পতা বোঝাতে টে, টুক, টুকু, টুকুন, টো, গোটা ইত্যাদির প্রয়োগ হয়। যেমন-চারটে ভাত, দুধটুকু, দুধটুকুন, দুটো ভাত, গোটা চারেক আম ইত্যাদি।

BookScan:www.fb.com/abubakar.chuadanga

অনুসর্গ বা কর্মপ্রবচনীয় শব্দ

■ সংজ্ঞা ঃ যে অব্যয় শব্দগুলো কখনো স্বাধীন পদ রূপে, আবার কখনো শব্দ বিভক্তির ন্যায় বাক্যে ব্যবহৃত হয়ে বাক্যের অর্থ প্রকাশে সাহায্যে করে, সেগুলোকে অনুসর্গ বা কর্মপ্রবচনীয় বলে।

■ বাংলা ভাষায় বহু অনুসর্গ আছে । যেমনঃ
প্রতি, বিনা, বিহনে, সহ, ওপর, অবধি, হেতু, মধ্যে, মাঝে, পরে, ভিন্ন, বই, ব্যতীত, জন্যে, জন্য, পর্যন্ত, অপেক্ষা, সহকারে, তরে, পানে, নামে, মত নিকট, অধিক, পক্ষে, দ্বারা, দিয়া, দিয়ে, কর্তৃক, সাথে, সঙ্গে, হইতে, হতে, থেকে চেয়ে, পাছে, ভিতর, ভেতর ইত্যাদি।

বিনা ঃ দুঃখ বিনা সুখ লাভ হয় কি মহীতে?
সনে ঃ ময়ূরীর সনে নাচিছে ময়ুর।
দিয়ে ঃ তোমাকে দিয়ে আমার চলবে না।
বই ঃ সত্য বই মিথ্যে বলবো না।

Important questions

১। উপসর্গ , অনুসর্গ, প্রত্যয়, বিভক্তি এবং পদাশ্রিত নির্দেশক শব্দের কোথায় বসে?
উত্তর ঃ শব্দের আগে বসে ঃ উপসর্গ ।
শব্দের পরে বসে ঃ অনুসর্গ, প্রত্যয়, বিভক্তি ও পদাশ্রিত নির্দেশক ।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◆ 'একটু' শব্দের 'টু' কী? *[পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের অ্যাসিসটেন্ট ম্যানেজার -২০১৪]*
ক. প্রত্যয় খ. অনুসর্গ
গ. পদাশ্রিত নির্দেশক ঘ. অব্যয় উত্তরঃ গ

◆ টি,টি,খানা ইত্যাদি - *(২৫তম বিসিএস)*
ক. পদাশ্রিত নির্দেশক খ. প্রকৃতি
গ. বিভক্তি ঘ. উপসর্গ উত্তরঃ ক

◆ সত্য বই মিথ্যে বলবো না। এখানে বই- *(সহকারী থানা শিক্ষা অফিসার ০৫)*
ক. বিশেষ্য খ. উপসর্গ
গ. অনুসর্গ ঘ. প্রত্যয় উত্তরঃ গ

◆ 'অনুসর্গ' সম্পর্কে কোন বাক্যটি সঠিক নয়? *(মাধ্যমিক স্কুলসমূহের প্রধানদের রিপোর্ট : ০৭)*
ক. ধাতুর পূর্বে বসে নতুন নতুন শব্দ গঠন করে
খ. কখনো কখনো বাক্যে স্বাধীন পদরূপে ব্যবহৃত হয়
গ. বাক্যের অর্থ সম্পাদনে সাহায্য করে
ঘ. কখনো বাক্যে বিভক্তিরূপে ব্যবহৃত হয় উত্তরঃ ক

www.tb.com/tanbir.xlsx

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

লিঙ্গ

■ **লিঙ্গের প্রকারভেদ** ঃ লিঙ্গ চার প্রকার ঃ

ক. **পুংলিঙ্গ** ঃ যে শব্দ দ্বারা পুরুষজাতি বুঝায়, তাহা পুংলিঙ্গ। যথা: বাবা, ভাই ইত্যাদি।

খ. **স্ত্রীলিঙ্গ** ঃ যে শব্দ দ্বারা স্ত্রীজাতি বুঝায়, তাহা স্ত্রীলিঙ্গ। যথা: মা, বোন ইত্যাদি।

গ. **উভলিঙ্গ** ঃ যে শব্দ দ্বারা পুরুষ ও স্ত্রী দুই বোঝায়, তাহা উভলিঙ্গ। যথা: জন, কবি, পাখি, শিশু, সাথী, সন্তান, শিক্ষিত, গুরু, রাষ্ট্রপতি, আমি ইত্যাদি।

ঘ. **ক্লীবলিঙ্গ** ঃ যে শব্দ দ্বারা পুরুষ ও স্ত্রী কিছুই বোঝায় না, তাহা ক্লীবলিঙ্গ। যথা: কলম, দালান, কাগজ, ঘড়ি, ফুল ইত্যাদি।

◆ **নিত্য পুরুষবাচক শব্দ** ঃ কতকগুলো শব্দে কেবল পুরুষ বোঝায়। এদের স্ত্রীবাচক শব্দ হয় না। যেমন : কবিরাজ, ঢাকী, কৃতদার, অকৃতদার, যোদ্ধা, রাষ্ট্রপতি, কাজী, কুস্তিগীর, পুরোহিত, জামাতা ইত্যাদি।

◆ **নিত্য স্ত্রীবাচক শব্দ** ঃকতকগুলো শব্দে কেবল স্ত্রীবাচক বোঝায়। এদের পুরুষবাচক শব্দ হয় না। যেমন : সতীন, সপত্নী, সৎমা, সধবা, বিধবা, অর্ধাঙ্গিনী, অন্তঃসৃত্বা, কলঙ্কিনী, ডাইনি, বাইজি, কুলটা, শাখিনী, অসূর্যম্পশ্যা, অরক্ষণীয়া, এয়ো, দাই ইত্যাদি।

■ **লিঙ্গান্তর** ঃ

◆ কতকগুলো শব্দের সাথে পুরুষ ও স্ত্রীবাচক শব্দ যোগ করে পুরুষ ও স্ত্রীবাচক শব্দ গঠন করা হয়।

পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ
বোন-পো	বোন-ঝি	নর/মদ্দা/হুলো বিড়াল	মেনি বিড়াল
ঠাকুর-পো	ঠাকুর-ঝি	পুরুষ কয়েদী	স্ত্রী/মেয়ে কয়েদী
ঠাকুর দাদা/ঠাকুরদা	ঠাকুরমা	এঁড়ে বাছুর	বকনা/ গাই বাছুর
গয়লা	গয়লা- বউ	বলদ গরু	গাই গরু
জেলে	জেলে-বউ		

◆ অনেক সময় আলাদা আলাদা শব্দে পুরুষবাচক ও স্ত্রীবাচক বোঝায়।

পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ
সাহেব	বিবি	তাঐ	মাঐ
বাদশা	বেগম	খানসামা	আয়া
শুক	সারী	মরদ	জেনানা

BookScan:www.fb.com/abubakar.chuadanga

P3

কতগুলো শব্দের স্ত্রীলিঙ্গে একাধিক শব্দরূপ দেখা যায়ঃ

পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ
সুকেশ	সুকেশা/ সুকেশী	শ্বশুর	শ্বশ্রূ / শাশুড়ী
সুনয়ন	সুনয়না/ সুনয়নী	ননদাই	ননদিনী/ননদী
সুকণ্ঠ	সুকণ্ঠা/ সুকণ্ঠী	দুলহা	দুলাইন/দুলহিন
চন্দ্রমুখ	চন্দ্রমুখা/ চন্দ্রমুখী	ঠাকুর	ঠাকুরুন/ঠাকুরানী/ঠাকুরাইন
অভাগা	অভাগী/অভাগিনী	রজক	রজকী/ রজকিনী

কিছু পুরুষ বাচক শব্দের দুটো করে স্ত্রীবাচক শব্দ রয়েছে। যথা :

পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ
দেবর	ননদ(দেবরের বোন)	শিক্ষক	শিক্ষয়িত্রী (পেশা অর্থে)
	জা (দেবরের স্ত্রী)		শিক্ষকপত্নী (শিক্ষকের স্ত্রী)
ভাই	বোন	বন্ধু	বান্ধবী (মেয়ে বন্ধু)
	ভাবি (ভাইয়ের স্ত্রী)		বন্ধুপত্নী (বন্ধুর স্ত্রী)
দাদা	দিদি (বড় বোন)	শূদ্র	শূদ্রা (শূদ্র জাতীয় স্ত্রীলোক)
	বৌদি (দাদার স্ত্রী)		শূদ্রানী (শূদ্রের স্ত্রী)
ঘোষ	ঘোষজা (কন্যা অর্থে)		
	ঘোষজায়া (পত্নী অর্থে)		

কিছু স্ত্রীবাচক শব্দের দুটো করে পুরুষবাচক শব্দ রয়েছে। যথা :

পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ
দেবর	ননদ	জামাই	মেয়ে
নন্দাই		ছেলে	

স্ত্রী লিঙ্গান্তর করলে অবজ্ঞা প্রকাশ পায় ঃ

পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ
ডাক্তার	ডাক্তারনী	জমিদার	জমিদারনী
দারোগা	দারোগানী	মাস্টার	মাস্টারনী

স্ত্রী লিঙ্গান্তর করলে ক্ষুদ্রার্থ বুঝায় ঃ

পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ
নাটক	নাটিকা	গীত	গীতিকা
মালা	মালিকা	পুস্তক	পুস্তিকা
ঘট	ঘটী	ছোরা	ছুরি
কাঠ	কাঠি		

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

◆ স্ত্রী লিঙ্গান্তর করলে কোনো কোনো সময় অর্থের পার্থক্য ঘটে ঃ

পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ
অরণ্য	অরণ্যানী (বৃহৎ অরণ্য)	হিম	হিমানী (জমানো বরফ)
বন	বনানী (বৃহৎ বন)		

◆ কিছু গুরুত্বপূর্ণ লিঙ্গান্তর ঃ

পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ
অজ	অজা	কর্তা	কর্ত্রী
শিষ্য	শিষ্যা	শ্রোতা	শ্রোত্রী
মহতারিম	মুহতারিমা	ধাতা	ধাত্রী
সুলতান	সুলতানা	সৎ	সতী
খান	খানম	মহৎ	মহতী
বেয়াই	বেয়াইন	শ্রীমান	শ্রীমতি
হুজুর	হুজুরাইন	গরীয়ান	গরিয়সী
সঙ্গী	সঙ্গিনী	বিদ্বান	বিদুষী
আচার্য	আচার্যানী	মনুষ্য	মনুষী
গো	গবী	মানুষ	মানুষী
বর	বধূ		

◆ সম্বোধনেও পুং ও স্ত্রীবাচক শব্দ আছে ঃ

পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ
কল্যাণীয়েষু	কল্যাণীয়াসু	শ্রদ্ধাস্পদেষু	শ্রদ্ধাস্পদাসু
কল্যাণীবরেষু	কল্যাণীবরাসু		

মনে রাখা ভাল

প্রশ্নঃ বঁধু ও বধূ এর পার্থক্য কি?

উত্তরঃ বঁধু ঃ বন্ধু (উভলিঙ্গ)
বধূ ঃ বউ (স্ত্রীলিঙ্গ)।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◆ বিশেষ নিয়মে গঠিত স্ত্রীবাচক শব্দ কোনটি? [দ্বাদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যায়ন পরীক্ষা (স্কুল পর্যায়) ২০১৫]
উত্তরঃ নর-নারী।

◆ 'মরদ'-এর বিপরীত লিঙ্গ কোনটি? [দ্বাদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যায়ন পরীক্ষা (স্কুল পর্যায়) ২০১৫]
উত্তরঃ
ক. বিবি খ. বেগম
গ. জেনানা ঘ. সারী
উত্তরঃ গ

◆ বাংলা ভাষায় শব্দ সাধন হয় না নিম্নোক্ত কোন উপায়ে ? [৩৫তম বি.সি.এস]
ক. সমাস দ্বারা খ. লিঙ্গ পরিবর্তন দ্বারা
গ. উপসর্গ যোগে ঘ. ক, খ ও গ তিন উপায়েই হয়
উত্তর: খ

◆ 'মালী' শব্দের স্ত্রীবাচক শব্দ কোনটি? [বি [illegible] ২০১৪]

BookScan:www.fb.com/mahbubkabir.bhadaichanga

MP3

ক. মালা
খ. মালিকা
গ. মালিনী
ঘ. কোনোটিই নয়

উত্তরঃ গ

লিঙ্গান্তর হয় না এমন শব্দ কোনটি? [১৮ তম বিসিএস/১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়-২)-২০১৪/ প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক, গবেষণা কর্মকর্তা, টেলিফোন ইঞ্জিনিয়ার ও সহকারী কম্পিউটার প্রোগ্রামার ২০১৩/ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী ২০১৩/পরিবার পরিকল্পনা অধিদপ্তরে সহকারী পরিকল্পনা কর্মকর্তা ২০১২ / বাংলাদেশ বেতারে সম্প্রচার সহকারী, স্টোরকিপার/ স্টোরকিপার ও ফুলবরকর ২০১১/ বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস কমিশন গৃহীত সহকারী জজ (লিখিত পরীক্ষা) ০৭/ তথ্য কমিশনে সহকারী পরিচালক (পদোন্নতির প্রার্থনা)ঃ ০৯/ বিসিএস, কৃষিবিদ ও বনবিভাগ কর্মকর্তাদের জন্য ৩-৩ বছর চাকরি অধিদপ্তরে সহকারী ভূ-তত্ত্ববিদ ১৮]

ক. সাহেব
খ. বেয়াই
গ. সঙ্গী
ঘ. কবিরাজ

উত্তরঃ ঘ

কোনটির শুধুমাত্র স্ত্রীবাচক হয়? [১১তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা (স্কুল/সমপর্যায় ২) --২০১৪]

ক. সন্তান
খ. সৎমা
গ. ঢাকী
ঘ. ঘোষজা

উত্তরঃ খ

'নাটিকা' কোন অর্থে স্ত্রীবাচক শব্দ? [জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ব্যক্তিগত সহকারী ২০১৩]

ক. বৃহদার্থে
খ. সাদৃশ্য অর্থে
গ. ব্যাঙ্গার্থে
ঘ. ক্ষুদ্রার্থে

উত্তরঃ ঘ

নারীকে সম্বোধনের ক্ষেত্রে প্রযোজ্য হবে– [১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়)-২০১৪]

ক. কল্যাণীয়েষু
খ. সুচরিতেষু
গ. শ্রদ্ধাস্পদাসু
ঘ. প্রীতিভাজনেষু

উত্তরঃ গ

রাষ্ট্রপতি কোন লিঙ্গ? [প.প. অধিদপ্তর হিসাব রক্ষক/হিসাব রক্ষক/কোষাগার-২০১১]

ক. পুংলিঙ্গ
খ. স্ত্রীলিঙ্গ
গ. উভয় লিঙ্গ

উত্তর: গ

দেবর এর স্ত্রীবাচক শব্দ কী? [প.প. অধিদপ্তর হিসাব রক্ষক/হিসাব রক্ষক/কোষাগার-২০১১]

ক. ননদ
খ. জা
গ. ভ্রাতৃবধূ

উত্তর: কও খ

'গরীয়ান' শব্দটি কোন লিঙ্গ? [স্বর্ণ মন্ত্রণালয়ের অফিস সহকারী ২০১১]

ক. পুংলিঙ্গ
খ. স্ত্রীলিঙ্গ
গ. ক্লীবলিঙ্গ
ঘ. উভয় লিঙ্গ

উত্তরঃ ক

'শিশু' শব্দটি কোন লিঙ্গ? [স্বর্ণ মন্ত্রণালয়ের অফিস সহকারী ২০১১]

ক. উভয় লিঙ্গ
খ. স্ত্রীলিঙ্গ
গ. ক্লীব লিঙ্গ
ঘ. পুংলিঙ্গ

উত্তরঃ ক

'সাথী' শব্দটি কোন লিঙ্গ? [স্বর্ণ মন্ত্রণালয়ের অফিস সহকারী ২০১১]

ক. পুংলিঙ্গ
খ. স্ত্রীলিঙ্গ
গ. ক্লীবলিঙ্গ
ঘ. উভয় লিঙ্গ

উত্তরঃ ঘ

'দালান' শব্দটি কোন লিঙ্গ? [স্বর্ণ মন্ত্রণালয়ের অফিস সহকারী ২০১১]

ক. উভয় লিঙ্গ
খ. স্ত্রীলিঙ্গ
গ. ক্লীবলিঙ্গ
ঘ. কোনোটিই নয়

উত্তরঃ গ

'আমি' শব্দটি কোন লিঙ্গ? [১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়)-২০১৪/স্বর্ণ মন্ত্রণালয় অফিস সহকারী ২০১১]

ক. পুংলিঙ্গ
খ. স্ত্রীলিঙ্গ
গ. ক্লীবলিঙ্গ
ঘ. উভয় লিঙ্গ

উত্তরঃ ঘ

www.tb.com.bd/bir.cox

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

◆ নিচের কোন পুরুষবাচক শব্দের স্ত্রীবাচক শব্দ নেই? [বা: অধিদপ্তরের সহকারী উপপরিচালক পদের ২১তম বিসিএস পরীক্ষা] কোনটিই বলা যায় না]
ক. চৌধুরী খ. কুলটা গ. নবীন
ঘ. ভাই ঙ. কোনোটিই নয় উত্তর: ঙ

◆ নিচের কোন স্ত্রীবাচক শব্দের দুটি পুরুষবাচক শব্দ রয়েছে? [ঢাকা ট্রেনিংয়ের ইন্সপেক্টর পদের ২০১০]
ক. কবিরাজ খ. কুলটা গ. ননদ
ঘ. নবীন ঙ. কোনোটিই নয় উত্তর: গ

◆ লিঙ্গান্তর হয় না কোন শব্দটির? [সরকারি চাকরি নিয়োগ: ০৮]
ক. ডাক্তার খ. ধোপা
গ. কেরানী ঘ. নাপিত উত্তর: গ

◆ নিচের কোনটি নিত্য স্ত্রীবাচক শব্দ ? [দ্বাদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যায়ন পরীক্ষা (স্কুল পর্যায়) ২০১৫]
উত্তরঃ
ক. মলিনা খ. কাজী
গ. যোদ্ধা ঘ. ত্রয়ো (এয়ো)। উত্তর: ঘ

◆ নিচের কোনটি নিত্য স্ত্রী বাচক শব্দ? [দ্বাদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যায়ন পরীক্ষা (স্কুল পর্যায়) ২০১৫]
ক. রাষ্ট্রপতি খ. কাজী
গ. যোদ্ধা ঘ. ডাইনী উত্তর: ঘ

◆ নিত্য স্ত্রীবাচক শব্দ কোনটি? (মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ০১)
ক. মজুরানী খ. ঠাকুরানী
গ. মলিনা ঘ. সৎমা উত্তর:

◆ কোনটি নিত্য স্ত্রীবাচক বাংলা শব্দ? [১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যায়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়) -২০১৪/প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩/সমাজসেবা অধিদপ্তরের অধীনস্থ সমাজসেবা অফিসার (হালকাচাল): ০৭/ ইপিজেড অফিস কর্মকর্তা ০৫/ সহকারী উপজেলা পরিচালক পদের সহকারী পরিচালক: ০৫]
ক. সতীন খ. বিধাতা
গ. সপত্নী ঘ. বিপত্নী উত্তর: ক

◆ 'অরণ্য' এর লিংগান্তর কি?(আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের অধীন হাইকোর্টের রেজিস্ট্রার: ১৪)
ক. অরণ্য খ. অরণী
গ. অরণ্য ঘ. অরণ্যানী উত্তর: ঘ

◆ কোনটির স্ত্রীলিঙ্গ ভিন্ন শব্দ? [১১তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা (স্কুল/সমপর্যায় ২) --২০১৪]
ক. বিদ্বান খ. গায়ক
গ. কোকিল ঘ. দাদা উত্তর: ক

◆ কোনটি ভিন্নার্থক স্ত্রীবাচক শব্দ? (সহকারী শিক্ষক ও নিম্নস্তরে কর্মচারী পদের কর্মকর্তা: ১৮)
ক. নাটিকা খ. পুস্তিকা
গ. বনানী ঘ. কাঠি উত্তর: গ

◆ নারীকে সম্বোধনের ক্ষেত্রে প্রযোজ্য হবে-(২০তম বিসিএস)
ক. কল্যাণীয়েষু খ. সুচরিতেষু
গ. শ্রদ্ধাস্পদাসু ঘ. প্রীতিভোজনেষু উত্তর: গ

◆ দুটি পুরুষবাচক নাম শব্দকে কি বলে? (১৮তম বিসিএস/ইপিজেড পোস্টমাস্টার: ১০)
ক. ননদ খ. প্রিয়
গ. শিষ্যা ঘ. আয়া উত্তর: ক

BookScan:www.fb.com/abubakar.chuadanga

♦ 'শ্মশ্রু' এর অর্থ কি? (সব-রেজিস্ট্রার ০১)
ক. দাড়িগোঁফ খ. শাশুড়ী
গ. শত্রু ঘ. অশ্রু উত্তরঃ খ

♦ 'বকনা' শব্দের অর্থ - (চলশক্তি, সমবায়ন ও প্রবিধান ব্যুরো উপসহকারী পরিচালক ০১)
ক. গাভী খ. বাছুর
গ. গাই-বাছুর ঘ. ষাঁড়-বাছুর উত্তরঃ গ

♦ নীচের কোন শব্দটি ক্লীব লিঙ্গ?(সমবায় অধিদপ্তরে ২য় শ্রেণীর গেজেটেড অফিসার ১৭)
ক. ফুল খ. মানুষ
গ. মৃগী ঘ. পিতা উত্তরঃ ক

♦ 'বধূ' হচ্ছে- (ভূ-তাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী পরিচালক (সহ-ভূতত্ত্ববিদ)ঃ ০৬)
ক. পুংলিঙ্গ খ. স্ত্রীলিঙ্গ
গ. নিত্য স্ত্রীলিঙ্গ ঘ. উভয় লিঙ্গ উত্তরঃ ঘ

♦ 'বিধবা' শব্দের বিপরীত লিঙ্গ কি -- [illegible]
ক. বহুপত্নীক খ. সধবা
গ. বিপত্নীক ঘ. অধবা উত্তরঃ গ

বচন

■ বচন : বচন শব্দের অর্থ 'সংখ্যার ধারণা'। ব্যাকরণে বিশেষ্য ও সর্বনামের সংখ্যার ধারণা প্রকাশের উপায়কে বলে বচন।

- কেবলমাত্র বিশেষ্য ও সর্বনাম শব্দের বচনভেদ হয়।
- দ্রব্য, গুণ ও ক্রিয়াবাচক বিশেষ্যের বহুবচন হয় না।

■ বাংলা ভাষায় বচন দু প্রকার : একবচন ও বহুবচন।

♦ একবচন : যাতে কেবল একটি সংখ্যার বোধ হয়, তা একবচন। যেমনঃ মেয়েটি ভাল।

♦ বহুবচন : যাতে একাধিক সংখ্যার বোধ হয়, তা বহুবচন। যেমনঃ মেয়েগুলো ভাল।

■ বহুবচন করিবার নিয়ম :

♦ প্রাণিবাচক ও অপ্রাণিবাচক শব্দের বহুবচনে ব্যবহৃত শব্দ ঃ

- কুল : কবিকুল, পক্ষিকুল, মাতৃকুল, বৃক্ষকুল।
- সকল : পর্বতসকল, মনুষ্যসকল।
- সব : ভাইসব, পাখিসব।
- সমূহ : বৃক্ষসমূহ, মনুষ্যসমূহ।
- গুলো : আমগুলো, ময়ূরগুলো।

♦ উন্নত প্রাণিবাচক শব্দের বহুবচনে ব্যবহৃত শব্দ :

- রা : ছাত্ররা, পাখিরা।
- এরা, দের, দিগের, দিগকে ইত্যাদিও ব্যবহৃত হয়।

www.tb.com/tanbir.cox

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

- উন্নত প্রাণিবাচক (মনুষ্য) শব্দের বহুবচনে ব্যবহৃত শব্দ :
  - গণ : দেবগণ, নরগণ, জনগণ ।
  - বৃন্দ : সুধীবৃন্দ, ভক্তবৃন্দ, শিক্ষকবৃন্দ ।
  - মণ্ডলী : নির্বাচকমণ্ডলী, শিক্ষকমণ্ডলী, সম্পাদকমণ্ডলী ।
  - বর্গ : পণ্ডিতবর্গ, মন্ত্রিবর্গ।

- নিম্নশ্রেণির প্রাণিবাচক (জন্তু)শব্দের বহুবচনে ব্যবহৃত শব্দ :
  - পাল : গরুর পাল।
  - যূথ : হস্তিযূথ ।

- অপ্রাণিবচক শব্দের বহুবচনে ব্যবহৃত শব্দ ঃ
  - পুঞ্জ : মেঘপুঞ্জ, দ্বীপপুঞ্জ।
  - মালা : পর্বতমালা, বর্ণমালা।
  - রাশি : বালিরাশি, জলরাশি।
  - রাজি : তারকারাজি, বৃক্ষরাজি।
  - আবলী : পুস্তকাবলি, পদাবলী।
  - গুচ্ছ : কবিতাগুচ্ছ, কেশগুচ্ছ।
  - দাম : কুসুমদাম, শৈবালদাম।
  - নিকর : কমলনিকর।
  - নিচয় : কুসুমনিচয়।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

'বচন' অর্থ কি? (১৮তম বিসিএস)

ক.সংখ্যার ধারণা খ. গণনার ধারণা

গ. ক্রমের ধারণা ঘ. পরিমাপের ধারণা

উত্তরঃ ক

কোনটি অপ্রাণীবাচক শব্দের বহুবচনে ব্যবহৃত হয়? (১৮তম বিসিএস)

ক. বৃন্দ খ. কুল

গ. বর্গ ঘ. গ্রাম

উত্তরঃ ঘ

'সাহেব' শব্দের বহু বচন কোনটি? (প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক, ঢাকা বিভাগঃ ০২)

ক. সাহেবান খ. সাহেবকুল

গ. সাহেবমণ্ডলী ঘ. সাহেবগণ

উত্তরঃ ক

সকল নির্বাচককে সমষ্টিগতভাবে বলা হয়- (মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষকঃ ০১)

ক. ভোটারগণ খ. ভোটারমণ্ডলী

গ. নির্বাচক ঘ. নির্বাচকমণ্ডলী

উত্তরঃ ঘ

কোনটি সঠিক? (সমাজসেবা অধিদপ্তরে সমাজসেবা অফিসার ১০)

ক. তরঙ্গপুঞ্জ খ. মেঘপুঞ্জ

গ. কুসুমপুঞ্জ ঘ. কবিতাপুঞ্জ

উত্তরঃ

BookScan:www.fb.com/abubakar.chuadanga

বিশেষ নিয়মে বহুবচন :

- বিশেষ্য শব্দের এক বচনের ব্যবহারেও অনেক সময় বহু বচন বোঝানো হয়।

যেমন : সিংহ বনে থাকে (এক বচন ও বহুবচন দুইই বোঝায়)।
পোকার আক্রমণে ফসল নষ্ট হয় (বহু বচন)।
বাজারে লোক জমেছে (বহু বচন)।

- দ্বিত্ব প্রয়োগে : অনেক সময় বিশেষ্য ও বিশেষণ পদের দ্বিত্ব প্রয়োগেও বহু বচন সাধিত হয়।

যেমন: হাঁড়ি হাঁড়ি সন্দেশ, পাকা পাকা আম,
কাঁড়ি কাঁড়ি টাকা, লাল লাল ফুল।

- কতিপয় বিদেশী শব্দে সে ভাষার অনুসরণে বহু বচন হয়।

যেমন : বুজুর্গ-বুজুর্গান, সাহেব-সাহেবান।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

- নিচের কোনটি বিশেষ নিয়মে সাধিত বহুবচনের উদাহরণ? (তুর্যাদিকে চরিশ বিশ্ববিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ প্রশ্নপত্র: ১৮)

ক. সিংহ বনে থাকে খ. বাগানে ফুল ফুটেছে
গ. মানুষ মরণশীল ঘ. এটাই করিমদের বাড়ি **উত্তরঃ ক**

- কোন দ্বিরুক্ত শব্দ দুটি বহুবচন সংকেত করে? (১০তম বিসিএস)

ক. পাকা পাকা আম খ. ছি ছি কি করছ!
গ. নরম নরম হাত ঘ. টুক টুক হাসি **উত্তরঃ ক**

- "বনে বনে ফুল ফুটেছে।" এখানে 'ফুল'- (খুলনা সহকারী শিক্ষা অফিসারঃ ০৫)

ক. একবচন খ. বহুবচন
গ. একবচন ও বহুবচন দুটোই ঘ. কোনটাই না **উত্তরঃ খ**

- "ডালে ডালে কুসুম ভার"-এখানে 'ভার' কোন অর্থ প্রকাশ করছে? (হবিগঞ্জ জেলায় কর্মরত সহকারী শিক্ষক (প্রেড-২ ০৩/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক, ঢাকা বিভাগঃ ০২)

ক. সমূহ খ. বোঝা
গ. গুরুত্ব ঘ. বিষাদ **উত্তরঃ ক**

সংখ্যাবাচক শব্দ ঃ

সংখ্যাবাচক শব্দ চারপ্রকার :

ক) অঙ্ক / সংখ্যাবাচক খ) পরিমাণ/ গণনাবাচক
গ) ক্রম/ পূরণবাচক ঘ) তারিখবাচক

অঙ্ক / সংখ্যা	পরিমাণ/ গণনাবাচক	ক্রম/পূরণবাচক	তারিখবাচক
১	এক	প্রথম	পহেলা
২	দুই	দ্বিতীয়	দোসরা
৩	তিন	তৃতীয়	তেসরা
৪	চার	চতুর্থ	চৌঠা
৫	পাঁচ	পঞ্চম	পাঁচই
৬	ছয়	ষষ্ঠ	ছউই
৭	সাত	সপ্তম	সাতই
৮	আট	অষ্টম	আটই
৯	নয়	নবম	নউই
		দশম	দশই

www.tb.comilla

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

১১	এসার	একাদশ	এগারই
১২	বার	দ্বাদশ	বারই
১৩	তের	ত্রয়োদশ	তেরই

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◈ কোনটি ক্রমবাচক সংখ্যা? *[অবহাওয়া অধিদপ্তরের অধীনে সহকারী আবহাওয়াবিদ ঃ ০০]*

ক. পাঁচই খ. সপ্তম

গ. এগারো ঘ. একুশে

উত্তর: খ

পুরুষ

■ **সংজ্ঞা ঃ**

- যাকে অবলম্বন করে ক্রিয়ার রূপভেদ হয়, তা-ই পুরুষ ।
- বিশেষ্য ও সর্বনামের বিভিন্ন প্রকৃতিকে পুরুষ বলে।

■ **পুরুষের শ্রেণীবিভাগ ঃ**

পুরুষ তিন প্রকার :

- **উত্তম পুরুষ** : স্বয়ং বক্তাই উত্তম পুরুষ । যেমন: আমি, আমরা ।
- **মধ্যম পুরুষ** : প্রত্যক্ষভাবে উদ্দিষ্ট ব্যক্তি বা শ্রোতাই মধ্যম পুরুষ। যেমন: তুমি, তোমরা, আপনি, আপনারা, তুই, তোরা।
- **নাম পুরুষ** : অনুপস্থিত পরোক্ষভাবে উদ্দিষ্ট ব্যক্তি, বস্তু বা প্রাণীই নাম পুরুষ। যেমন: সে, তারা, তিনি, তাঁরা, এটা, এগুলো, ওরা।

■ **বচন, পুরুষ ও মর্যাদাভেদে ক্রিয়ার রূপ:**

- পুরুষভেদে ক্রিয়ার রূপের পার্থক্য হয় কিন্তু বচনভেদে ক্রিয়ার রূপে কোনো পার্থক্য হয় না। যেমন :

বচন	উত্তম পুরুষ	মধ্যম পুরুষ	নাম পুরুষ
একবচন	আমি যাই	তুমি যাও	সে যায়
বহুবচন	আমরা যাই	তোমরা যাও	তারা যায়

- মর্যাদা (সাধারণ, সম্ভ্রমাত্মক, তুচ্ছার্থক) ভেদে মধ্যম ও নাম পুরুষের ক্রিয়ার রূপের পার্থক্য হয়ে থাকে কিন্তু উত্তম পুরুষে হয় না। যেমন:

পুরুষ	সাধারণ	সম্ভ্রমাত্মক	তুচ্ছার্থক/ঘনিষ্ঠার্থক
উত্তম পুরুষ	আমি যাই আমরা যাই	-	-
মধ্যম পুরুষ	তুমি যাও তোমরা যাও	আপনি যান আপনারা যান	তুই যা তোরা যা
নাম পুরুষ	সে যায় তারা যায়	তিনি যান তাঁরা যান	এটা যায় এগুলো যায়

BookScan:www.fb.com/abubakar.chuadanga

MP3

• সাধারণ ভবিষ্যৎ কালে নাম পুরুষ ও মধ্যম পুরুষের ক্রিয়ার রূপ অভিন্ন। যেমন:

	উত্তম পুরুষ	মধ্যম পুরুষ	নাম পুরুষ
সাধারণ ভবিষ্যৎ কাল	আমি যাব আমরা যাব	তুমি যাবে তোমরা যাবে	সে যাবে তারা যাবে

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

♦ ব্যাকরণে পুরুষ কাকে বলে? (সাব-রেজিস্ট্রার: ০৫)
ক. বিশেষ্যের বিভিন্ন প্রকৃতিকে খ. বিশেষ্য ও অব্যয়ের বিভিন্ন প্রকৃতিকে
গ. সর্বনামের বিভিন্ন প্রকৃতিকে ঘ. বিশেষ্য ও সর্বনামের বিভিন্ন প্রকৃতিকে উত্তরঃ ঘ

♦ 'সে' কোন পুরুষ? (পরিবার পরিকল্পনা পরিদর্শক এবং পরিবার কল্যাণ সহকারী ২০১১)
ক. নাম পুরুষ খ. উত্তম পুরুষ
গ. মধ্যম পুরুষ উত্তর: ক

♦ প্রত্যক্ষভাবে উদ্দিষ্ট ব্যক্তি বা শ্রোতাকে বলে- (কলেজ শিক্ষক সহকারী প্রকৌশলী: ০৫)
ক. উত্তম পুরুষ খ. নাম পুরুষ
গ. ক ও খ ঘ. মধ্যম পুরুষ উত্তরঃ ঘ

♦ করেছে, করেছো, করেছেন --বাংলা ক্রিয়ার এ তিনটি রূপ কেন ব্যবহৃত হয়? (সুপার ভাইজার সহকারী প্রকৌশলী: ০১)
ক. লিঙ্গভেদের কারণে খ. মর্যাদাভেদের কারণে
গ. কারক বিভক্তির কারণে ঘ. সমাসের কারণে উত্তরঃ খ

♦ কোন বাক্যে নাম পুরুষের ব্যবহার করা হয়েছে? (১০ম বিসিএস)
ক. ওরা কি করে? খ. আপনি আসবেন
গ. আমরা যাচ্ছি ঘ. তোরা খাসনে উত্তরঃ ক

উপসর্গ

■ **উপসর্গ** ঃ যে সকল অব্যয়সূচক শব্দাংশ স্বাধীন পদ হিসেবে বাক্যে ব্যবহৃত হতে পারে না কিন্তু অন্য শব্দের আগে বসে শব্দটির অর্থের পরিবর্তন সাধন করে, তাকে উপসর্গ বলে। উপসর্গ শব্দের অর্থের নিম্নরূপ পরিবর্তন সাধন করতে পারে ঃ

ক. নতুন অর্থবোধক শব্দ তৈরি হয়।
খ. শব্দের অর্থের পূর্ণতা সাধিত হয়।
গ. শব্দের অর্থের সম্প্রসারণ ঘটে।
ঘ. শব্দের অর্থের সংকোচন ঘটে।
ঙ. শব্দের অর্থের পরিবর্তন ঘটে।

উপসর্গগুলোর নিজস্ব কোনো অর্থবাচকতা নেই, কিন্তু অন্য শব্দের আগে যুক্ত হলে এদের অর্থদ্যোতকতা বা নতুন শব্দ সৃজনের ক্ষমতা থাকে। যেমনঃ 'অ' একটি অব্যয়। এর নিজস্ব কোনো অর্থ নেই। কিন্তু 'অ' অব্যয়টি 'কাজ' শব্দের আগে যুক্ত হলে হয় 'অকাজ'-যার অর্থ নিন্দনীয় কাজ। এখানে অর্থের সংকোচন হয়েছে। সুতরাং 'অ' একটি উপসর্গ।

উপসর্গ	+	শব্দ	=	উপসর্গজাত শব্দ
অ	+	কাজ	=	অকাজ
অ	+	পিচ	=	অপিচ

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

একই উপসর্গ বিভিন্ন শব্দের আগে বসে অর্থের বিভিন্ন রূপ পরিবর্তন করে।

১. আ উপসর্গ

পর্যন্ত অর্থে : আকণ্ঠ (কণ্ঠ পর্যন্ত), আমরণ (মরণ পর্যন্ত)
ঈষৎ অর্থে : আরক্তিম (ঈষৎ রক্তিম)
বিপরীত অর্থে : আদান (দানের বিপরীত), আগমন (গমনের বিপরীত)।

২. অ উপসর্গ

নিন্দিত অর্থে : অকেজো, অপয়া ।
অভাব অর্থে : অচিন, অজানা।
ক্রমাগত অর্থে : অঝোরে ।

৩. অব উপসর্গ

হীনতা অর্থে : অবজ্ঞা, অবমাননা, অবমূল্যায়ন ।
সম্যক ভাবে অর্থে : অবরোধ,অবগাহন, অবগত, অবদান ।
অধোমুখিতা অর্থে : অবতরণ, অবরোহন ।
অল্পতা অর্থে : অবশেষ, অবসান, অবেলা ।

বাংলা ভাষায় তিন প্রকার উপসর্গ আছে :

১. খাটি বাংলা উপসর্গ ২. তৎসম (সংস্কৃত) উপসর্গ ৩. বিদেশী উপসর্গ

◆ **বাংলা উপসর্গ:** বাংলা উপসর্গ মোট একুশটি :

অ, অঘা, অজ, অনা,
আ, আড়, আন, আব,
ইতি, উন, কদ, কু,
নি, পাতি, বি, ভর,
রাম, স, সা, সু,
হা = ২১ টি ।

◆ **তৎসম (সংস্কৃত) উপসর্গ :**

তৎসম উপসর্গ মোট বিশটি :

প্র, পরা, অপ, সম্, নি,
অব, অনু, নির, দূর, বি,
সু, উৎ, অধি, পরি, প্রতি,
উপ, আ অপি, অভি, অতি = ২০ টি

◆ **বিদেশী উপসর্গ :** বিদেশী উপসর্গের সংখ্যা এখনও নির্নীত হয় নি।

- ফারসি উপসর্গ : কার, দর, না, নিম্, ফি, বদ্, বে, বর্, ব, কম্
- আরবি উপসর্গ : আম, খাস, লা, গর্ ।
- ইংরেজি উপসর্গ : ফুল, হাফ, হেড, সাব ।
- উর্দু-হিন্দি উপসর্গ : হর্

BookScan:www.fb.com/abubakar.chuadanga

মনে রাখা ভাল

উপসর্গের সঙ্গে প্রত্যয়ের পার্থক্য কি?
উত্তর ঃ উপসর্গ থাকে শব্দের সামনে, প্রত্যয় থাকে শব্দের পিছনে।

খাঁটি বাংলা উপসর্গ কোন ধরনের শব্দের পূর্বে বসে?
উত্তর ঃ বাংলা শব্দের পূর্বে ।

তৎসম উপসর্গ কোন ধরনের শব্দের পূর্বে বসে?
উত্তর ঃ তৎসম শব্দের পূর্বে।

কোন উপসর্গগুলো খাটি বাংলা ও তৎসম উভয়ক্ষেত্রে পাওয়া যায়?
উত্তর ঃ চারটি । যথা ঃ সু, বি, নি, আ ।

'পরাজয়ের'---এ শব্দটিতে কোনটি উপসর্গ?
উত্তর ঃ শব্দটিতে উপসর্গ হল 'পরা' । কারণ ঃ

পরাজয়ের = পরা + জয় + এর
(উপসর্গ + শব্দ + বিভক্তি)

'অপিচ' কি ধরনের শব্দ?
উত্তর ঃ উপসর্গজাত (অপিচ = অ - উপসর্গ + পিচ)

'হাভাতে' শব্দটিতে কোন ধরনের উপসর্গের প্রয়োগ ঘটেছে?
উত্তর ঃ বাংলা উপসর্গ (হা- উপসর্গ)

'নিমরাজী' শব্দের 'নিম' উপসর্গটা কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে?
উত্তর ঃ ফারসি ভাষা থেকে ।

'বে-সামাল' শব্দটিতে কোন ধরনের উপসর্গের প্রয়োগ ঘটেছে?
উত্তর ঃ বিদেশী উপসর্গ (বে ঃ ফারসি উপসর্গ)

'অবমূল্যায়ন ও অবদান' শব্দ দুটিতে 'অব' উপসর্গটি কি অর্থে ব্যবহৃত হয়েছে?
উত্তর ঃ দুটি শব্দে অব উপসর্গটির অর্থ দুই রকম ।
অবমূল্যায়ন শব্দে ঃ হীনতা অর্থে
অবদান শব্দে ঃ সম্যক ভাবে অর্থে ।

'অপমান' শব্দের 'অপ' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত?
উত্তর ঃ বিপরীত ।

বিজ্ঞান শব্দে 'বি' উপসর্গ কোন অর্থে ব্যবহৃত হয়েছে?
উত্তর ঃ বিশেষ।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

কোনটি খাঁটি বাংলা উপসর্গ? *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা: ২০১৫]*
ক. অজানা খ. গরমিল
গ. বেমালুম ঘ. আভাস
উত্তর ঃ ক

উপসর্গের কাজ কি ? *[মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রদর্শক ২০১৩]*
ক. নতুন শব্দ গঠন করে খ. বিভক্তি নিরূপণ করে
গ. যতি সংস্করণ করে ঘ. সর্বনাম তৈরি করে
উত্তরঃ ক

www.ib.comilabir.cox

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

◆ 'নিজস্ব কোনো অর্থবাচকতা না থাকলেও, নতুন শব্দ সৃজনের ক্ষমতা আছে'-কোনটির? [বিসিএস পল্লী উন্নয়ন কর্মকর্তা ২০১২]

ক. অনুসর্গের খ. বিভক্তির
গ. উপসর্গের ঘ. পদাশ্রিত অব্যয়ের উত্তর: গ

◆ বাংলা ভাষায় কয়টি খাঁটি উপসর্গ আছে? [২৭তম বিসিএস/ পরিবার পরিকল্পনা অধিদপ্তর নিয়োগ পরীক্ষা-২০১৪/ সমাজসেবা অধিদপ্তরের প্রবেশন অফিসার -২০১৩/তথ্য মন্ত্রণালয়ের তথ্য অফিসার ২০১৩/ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের উপ-সহকারী ২০১২/ জনতা ব্যাংক লিঃ পরিচালক ১০/পররাষ্ট্র মন্ত্রণালয় ব্যক্তিগত কর্মকর্তা ০৮] হবে.

বাংলা উপসর্গ সংখ্যা কত? [১০ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১৪]

ক. উনিশ খ. কুড়ি
গ. একুশ ঘ. বাইশ উত্তর: গ

◆ বাংলা ভাষায় ব্যবহৃত বিদেশী উপসর্গ কতগুলো? [জুডিশিয়াল সার্ভিস কমিশন গৃহীত জজ ৯ম বিজ্ঞপ্তি (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা -২০১৪]

ক. ১৯টি খ. ২০টি
গ. ২১টি ঘ. অনির্ণেয় উত্তর: ঘ

◆ যেসব অব্যয় ধাতু বা শব্দের পূর্বে বসে নতুন নতুন অর্থের সৃষ্টি করে, তাদের বলে -

ক. উপসর্গ খ. কারক [লুপ্ত উন্নয়ন বোর্ডের কর্মকর্তা ১১]
গ. অনুসর্গ ঘ. প্রত্যয় উত্তর: ক

◆ নিম্নের কোনটি শব্দের আগে বসে? [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী ২০১১/উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা ১০/ গ্রাম্যপূর্ত পূর্তকাজই নিয়োগ পরীক্ষা ২০১০/নীতি দমন ব্যুরোর সহকারী পরিদর্শক: ০৪/ প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তরে সহকারী পরিচালক: ০১]

ক. অনুসর্গ খ. উপসর্গ
গ. বিভক্তি ঘ. প্রত্যয় উত্তর: খ

◆ উপসর্গের সঙ্গে প্রত্যয়ের পার্থক্য- [২৪তম বিসিএস/১৭তম বিসিএস/ পাসপোর্ট এন্ড ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক ০৬/ স্থল বন্দরে অধীন পুলিশ সহকারী কমিশনার ০২/ মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে প্রবেশ কর্মকর্তা: ১৮]

ক. অব্যয় ও শব্দাংশ খ. নতুন শব্দ গঠন
গ. ভিন্ন অর্থ প্রকাশ ঘ. উপসর্গ থাকে সামনে, প্রত্যয় থাকে পিছনে উত্তর: ঘ

◆ ইংরেজি 'prefix' শব্দকে বাংলায় কী বলে? [জুডিশিয়াল সার্ভিস কমিশন গৃহীত জজ ৯ম বিজ্ঞপ্তি (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা -২০১৪]

ক. অনুসর্গ খ. কারক
গ. সমাস ঘ. উপসর্গ উত্তর: ঘ

◆ নিচের কোনটি উপসর্গ নয়? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স-এর কার্যালয়ের অধীন অডিউটর-২০১৪]

ক. দ্বারা খ. অভি
গ. উপ ঘ. সম উত্তর: ক

◆ কোনটি উপসর্গ নয়? [বিমান ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক ২০১১]

ক. অতি খ. অভি
গ. অনু ঘ. অপু উত্তর: ঘ

◆ নিচের কোন উপসর্গটি সামীপ্য অর্থে ব্যবহৃত হয়েছে? [বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন সহকারী ব্যবস্থাপক ২০১৩]

ক. উপকূল খ. অধিকার
গ. উৎফুল্ল ঘ. পরিপাক উত্তর: ক

BookScan:www.fb.com/abubakar.chuadanga

MP3

নিচের কোনটিতে উপসর্গ যুক্ত হয়েছে? [নৌপরিবহন, বিজ্ঞান ও প্রযুক্তি, মহিলা ও শিশুবিষয়ক, তথ্য, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ভূমি ও প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা এবং বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী -২০১৩]

ক. গ্রহ খ. উপগ্রহ

গ. তারা ঘ. চন্দ্রগ্রহণ

উত্তরঃ খ

'অনুসর্গ' সম্পর্কে কোন বাক্যটি সঠিক নয়? [সংস্থাপন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা ২০০৭]

ক. ধাতুর পূর্বে বসে নতুন নতুন শব্দ গঠন করে

খ. কখনো কখনো বাক্যে স্বাধীন পদরূপে ব্যবহৃত হয়

গ. বাক্যের অর্থ সম্পাদনে সাহায্য করে

ঘ. কখনো বাক্যে বিভক্তিরূপে ব্যবহৃত হয়

উত্তর:ক

'পাতিহাস'-শব্দটিতে 'পাতি' উপসর্গটি কি অর্থ বোঝায়? [উপ-বাদ্য পরিদর্শক নিয়োগ পরীক্ষা ২০১১]

ক. বড় খ. ছোট

গ. মন্দ ঘ. বিদ্যা

উত্তর: খ

সত্য বই মিথ্যে বলবো না। এখানে 'বই'-[সড়ক ও জনপথ অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী ২০১০]

ক. বিশেষ্য খ. উপসর্গ

গ. অনুসর্গ ঘ. প্রত্যয়

উত্তরঃ গ

খাঁটি বাংলা উপসর্গ নয় কোনটি? [নোনতা, জলজ, অগ্নি ও কৃপালু বাংলার অধিকাংশ ০৮]

ক. অ খ. অঘা

গ. অতি ঘ. পাতি

ঙ. কোনটিই নয়

উত্তরঃ গ

উপসর্গজাত শব্দ কোনটি? [বি.এস.সি কর্তৃক নির্ধারিত ১২টি পদ ০১]

ক. অপিচ খ. অধীত

গ. অহিন ঘ. অপূত

উত্তরঃ ক

'সজাগ' শব্দের স-উপসর্গ কোন ভাষার? [সড়ক ও জনপথ অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী ২০১০] সমজাতীয় অধিদপ্তরের স্থপ সমজাতীয় অধিদপ্তর (হিসাবরক্ষণ) ০৭]

ক. সংস্কৃত খ. ফারসি

গ. বাংলা ঘ. আরবি

উত্তরঃ গ

'অজমূর্খ' শব্দের অজ কোন জাতের উপসর্গ? [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার ০৫]

ক. আরবি খ. বাংলা

গ. সংস্কৃত ঘ. ইংরেজি

উত্তরঃ খ

কোনটি খাঁটি বাংলা উপসর্গ? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সহকারী পরিকল্পনা কর্মকর্তা ২০১২]

ক. অজ খ. অতি

গ. ফি ঘ. খাস

উত্তরঃ ক

খাঁটি বাংলা উপসর্গ যোগে কোন শব্দটি গঠিত- [বাংলাদেশ টেলিভিশনের অডিয়েন্স রিসার্চ অফিসার : ০৫]

ক. প্রবাহ খ. অজপাড়াগাঁ

গ. খয়ের খাঁ ঘ. বেআদব

উত্তরঃ খ

নিম্নের কোন শব্দটিতে বাংলা উপসর্গের প্রয়োগ ঘটেছে? [সহকারী হাইকোর্ট ও জুডিশিয়াল অফিসার ১৭]

ক. পরিহার খ. হাভাতে

গ. উৎকর্ষ ঘ. বেশরম

উত্তরঃ খ

খাঁটি বাংলা উপসর্গ যোগে সৃষ্ট পদ- [জেলা নির্বাহী কর্মকর্তা : ১৬]

ক. আঁকড়া খ. অবেলা

গ. অপমান ঘ. অতিশয়

উত্তরঃ খ

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

◆ 'অচিন শব্দের 'অ' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত? (১৬তম বিসিএস)
ক. নেতিবাচক খ. বিয়োগাত্মক
গ. নঞর্থক ঘ. অজানা
উত্তরঃ গ

◆ বাংলা ভাষায় ব্যবহৃত তৎসম উপসর্গের মোট সংখ্যা কত? (নাব-রেজিস্ট্রার ০৩)
অথবা,
বাংলা ভাষায় ব্যবহৃত সংস্কৃত উপসর্গ কয়টি? (পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী অফিসার ২০১২/উপজেলা পোস্ট মাস্টার ১০)
ক. ১২ খ. ২০
গ. ২৪ ঘ. ৩২
উত্তরঃ খ

◆ নিচের কোনটি তৎসম উপসর্গ? (উপজেলা ও থানা শিক্ষা অফিসার : ০৫)
ক. প্র খ. গর
গ. বে ঘ. লা
উত্তরঃ ক

◆ প্র, পরা, অপ- (২৬তম বিসিএস)
ক. বাংলা উপসর্গ খ. সংস্কৃত উপসর্গ
গ. বিদেশী উপসর্গ ঘ. উপসর্গ স্থানীয় অব্যয়
উত্তরঃ খ

◆ 'অপ' কী ধরনের উপসর্গ? (৩০তম বিসিএস)
ক. সংস্কৃত খ. বাংলা
গ. বিদেশি ঘ. মিশ্র
উত্তরঃ ক

◆ সংস্কৃত উপসর্গ কয়টি? (সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ২০১১)
ক. ২০ খ. ২১
গ. ১৯ ঘ. ২২
উত্তরঃক

◆ উপসর্গ কোন্‌টি? (২৬তম বিসিএস/ বাংলাদেশ টেলিভিশনের অনুষ্ঠান বিভাগ অফিসার ০৬)
ক. অতি খ. থেকে
গ. চেয়ে ঘ. দ্বারা
উত্তরঃ ক

◆ কোনটি উপসর্গ নয়? (মাধ্যমিক-বর্তমান অধিদপ্তরের নির্বাহী অফিসার ০৭)
ক. প্র খ. পরা
গ. পরি ঘ. আমি
উত্তরঃ ঘ

◆ 'পরাজয়ের'--এ শব্দটিতে কোনটি উপসর্গ? (সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার : ০৬)
ক. জয় খ. পরা
গ. এর ঘ. জয়ের
উত্তরঃ খ

◆ 'অপমান' শব্দের 'অপ' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত? (প্রভাষক/সহকারী প্রধান শিক্ষক পদে সমাজসেবা বিভাগ ০৩)
ক. বিপরীত খ. নিকৃষ্ট
গ. বিকৃত ঘ. অভাব
উত্তরঃ ক

◆ 'অবশেষে' শব্দটির 'অব' উপসর্গ কোন অর্থে ব্যবহৃত? (প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক: ০১)
ক. নিম্নে খ. অল্পতা
গ. প্রতিকূল ঘ. সম্যকভাবে
উত্তরঃ খ

◆ 'অবমূল্যায়ন' ও 'অবদান' শব্দ দুটিতে 'অব' উপসর্গটি সম্পর্কে কোন মন্তব্যটি ঠিক? (১৬তম বিসিএস/ মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ০০)
ক. শব্দ দুটিতে উপসর্গটি মোটামোটি একই অর্থে ব্যবহৃত হয়েছে
খ. শব্দ দুটিতে উপসর্গটি একই অর্থে ব্যবহৃত হয়েছে
গ. দুটি শব্দে উপসর্গটির অর্থ দুই রকম
ঘ. দুটি শব্দে উপসর্গটির অর্থ আপাতবিচারে ভিন্ন হলেও আসলে এক উত্তরঃ গ

BookScan:www.fb.com/abdullaker.chittagong

MP3

- বিজ্ঞান শব্দে 'বি' উপসর্গ কোন অর্থে ব্যবহৃত হয়েছে? (বিদ্যালয়ের মন্ত্রণালয়ের অধীনে প্রশাসনিক কর্মকর্তা: ০৮/ বর্ব মন্ত্রণালয়ের অধীনে প্রশাসনিক কর্মকর্তা: ০৪/ তথ্য মন্ত্রণালয়ের অধীন সহকারী পরিচালক (গ্রেড-২): ০৩)
  ক. অভাব খ. সাধারণ
  গ. বিশেষ ঘ. গতি
  উত্তরঃ গ
- কোন চারটি তৎসম উপসর্গ এবং বাংলা উপসর্গ উভয় ক্ষেত্রেই রয়েছে? (ভূ-তাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী পরিচালক (সহ-ভূতত্ত্ববিদ): ০৬)
  ক. প্র, পরা, অজ, সা খ. নির, পরি, আন, সু
  গ. আ, নি, বি, সু ঘ. অতি, অপি, অনা, অ
  উত্তরঃ গ
- 'লাপাত্তা' শব্দের 'লা' উপসর্গটা বাংলা ভাষায় এসেছে- (১৭তম বিসিএস)
  ক. আরবী ভাষা থেকে খ. ফরাসী ভাষা থেকে
  গ. হিন্দী ভাষা থেকে ঘ. উর্দু ভাষা থেকে
  উত্তরঃ ক
- কোন শব্দে বিদেশী উপসর্গ ব্যবহৃত হয়েছে? (১২তম বিসিএস/ ১০ম বিসিএস)
  ক. নিখুঁত খ. আনমনা
  গ. অবহেলা ঘ. নিমরাজী
  উত্তরঃ ঘ
- কোন শব্দটি বিদেশী উপসর্গযোগে গঠিত হয়েছে? (অর্থ মন্ত্রণালয়ের অধীনে প্রশাসনিক কর্মকর্তা: ০৪)
  ক. বিদেশ খ. সুখ্যাতি
  গ. অনাবৃষ্টি ঘ. হরেক
  উত্তরঃ ঘ
- নিচের কোনটি বিদেশী উপসর্গ? (খাদ্য নিরীক্ষক অফিসার: ০৪)
  ক. অ-ভাব খ. নি-র্দোষ
  গ. বি-রাগ ঘ. বে-সামাল
  উত্তরঃ ঘ

প্রত্যয়

■ **সংজ্ঞা** ঃ যে বর্ণ বা বর্ণসমষ্টি ধাতু বা শব্দ (প্রাতিপদিক) এর পর যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে, তাকে প্রত্যয় বলে।

■ **প্রত্যয়ের শ্রেণিবিভাগ** ঃ



www.tb.com/tanbir.cox

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

■ **প্রকৃতি ঃ** কোনো মৌলিক শব্দের যে অংশকে আর কোনোভাবেই বিভক্ত বা বিশ্লেষণ করা যায় না, তাকে প্রকৃতি বলে।

প্রকৃতি
- ক্রিয়া প্রকৃতি
- নাম প্রকৃতি

♦ **ধাতু বা ক্রিয়াপ্রকৃতি ঃ** ক্রিয়ার মূলকে বলা হয় ধাতু । ধাতু কথাটি বোঝানোর জন্য ধাতুর আগে √ চিহ্ন ব্যবহার করতে হয় । এই চিহ্ন ব্যবহার করলে 'ধাতু' কথাটি লেখার প্রয়োজন হয় না। যেমনঃ √কর্ (কর্ ধাতু), √পড়্ (পড়্ ধাতু)।

♦ **নাম প্রকৃতি বা প্রাতিপদিক ঃ** বিভক্তিহীন নাম শব্দকে প্রাতিপদিক বলে। যেমনঃ মুখ, পা, বই।

অতএব বলা যায়, ক্রিয়া বা শব্দের মূলই প্রকৃতি।

■ **কৃৎ প্রত্যয় ঃ** যে বর্ণ বা বর্ণসমষ্টি ধাতুর পর যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে, তাকে কৃৎ প্রত্যয় বলে। কৃৎ প্রত্যয়ে -

(১) ক্রিয়ামূল বা ধাতুকে বলা হয় ক্রিয়াপ্রকৃতি ।

(২) কৃৎ প্রত্যয় যোগে সাধিত পদকে কৃদন্ত পদ বলে।

ধাতু	+	বর্ণ বা বর্ণসমষ্টি	=	নতুন শব্দ
(ক্রিয়াপ্রকৃতি)		(কৃৎ প্রত্যয়)		(কৃদন্ত পদ)

যেমনঃ √কৃ + তব্য = কর্তব্য

এখানে, ক্রিয়াপ্রকৃতি/ ধাতু = কৃ ; কৃৎ প্রত্যয় = তব্য ; কৃদন্ত পদ = কর্তব্য ।

♦ কৃৎ প্রত্যয় দুই প্রকার।যথাঃ ক) বাংলা কৃৎ প্রত্যয় খ) সংস্কৃত কৃৎ প্রত্যয়।

ঈশ্বর = √ঈশ্ + বর
কর্তা = √কৃ + তা
কারক = √কৃ + ণক
ক্রোধ = √ক্রুধ্ + ঘঞ্
খ্যাত = √খ্যা + ক্ত
গমন = √গম্ + অন
গায়ক = √গৈ + ণক
জ্ঞাত = √জ্ঞা + ক্ত/ত
জাত = √জন + ক্ত

উক্তি = √বচ্ +ক্তি
কার্য = √কৃ + ঘ্যণ্
ক্ষয়িষ্ণু = √ক্ষি + ইষ্ণু
খাওন = √খা + অন
গত= √গম্ +ক্ত
গতি = √গম্ + তি/ ক্তি
গ্রাহী = √গ্রহ + ণিন
জনক = √জনি + ণক
জয় = √জী + অল্

উপ্ত=√বপ্ +ক্ত
কান্না = √কাঁদ্ + না
ক্ষয়= √ক্ষি + অল্
খেলনা = √খেল্ + অনা
গম্য = √গম্ + য
গীতি = √গৈ + ক্তি
চরিত্র= √চর্ + ইত্র
জাগরূক = √জাগ্ + ঊক
ত্যাগী = √ত্যজ্ + ঘিণ্

BookScan:www.facebook.com/abubakar.chowdhuri

MP3

ত্যাগ = √ ত্যজ্ + ঘঞ
নায়ক=√নী+ণক(নৈ + অক)
দীপ্যমান = √ দীপ্ + শানচ্
দর্শক = √ দৃশ্ + ণক
পাঠক = √ পঠ্ + ণক
পাক= √ পচ্ + ঘঞ
বহুতা = √ বহ্ + তা
বর্ধমান = √ বৃধ + শানচ্
মুক্ত = √ মুচ্ +ক্ত
যুদ্ধ = √ যুধ্ +ক্ত
লেখক = √ লিখ্ + ণক
শ্রবণ = √ শ্রু + অন (অনট্)
স্মারক = √ স্মৃ + ণক
সহিষ্ণু = √ সহ্ + ইষ্ণু
হেয় = √ হা + য

ধার্য = √ ধৃ + ঘ্যণ্
নম্র = √ নিম্ + র
দোলনা = √ দুল্ + অনা
পাকড়াও = √ পাকড়্ + আও
পঠিত = √ পঠ্ + ক্ত
ভুক্ত = √ ভুজ্ + ক্ত
বর্তমান = √ বৃৎ + মান
মোড়ক = √ মুড় + অক
মরমর = √ মর্ + অ
যোদ্ধা = √ যুধ্ + তৃচ/ তা
লভ্য = √ লভ্ + য
শান্তি= √ শম্ +ক্তি
সিক্ত = √ সিচ্ + ক্ত
সৃষ্ট = সৃজ্ + ক্ত
মুক্তি = √মুচ্ + ক্তি।

নয়ন = √ নে + অন
নন্দন = √ নন্দি + অন
দাতা = √ দা + তৃচ
পাচক = √ পচ্ + ণক
প্রিয়= √ প্রী + ক
ভক্তি = √ ভজ্ +ক্তি
বিদ্বান = √ বিদ্ + ক্বসু
মহৎ = √ মহ্ + শতৃ
মাতা = √মা + তৃচ্
যোগ = √ যুজ্ + ঘঞ্
শক্তি = √ শক্ + ক্তি
শোক = √ শুচ্ + ঘঞ
সৎ = √ অস্ + শতৃ
হত = √ হন্ + ক্ত

■ <u>তদ্ধিত প্রত্যয়ঃ</u> যে বর্ণ বা বর্ণসমষ্টি প্রাতিপদিকের পর যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে, তাকে তদ্ধিত প্রত্যয় বলে। তদ্ধিত প্রত্যয়ে -

(১) প্রাতিপদিককে বলা হয় নাম প্রকৃতি ।

(২) তদ্ধিত প্রত্যয় যোগে সাধিত শব্দকে তদ্ধিত প্রত্যয়ান্ত শব্দ বলে।

প্রাতিপদিক (নাম প্রকৃতি)	+	বর্ণ বা বর্ণসমষ্টি (তদ্ধিত প্রত্যয়)	=	নতুন শব্দ (তদ্ধিত প্রত্যয়ান্ত শব্দ)

যেমনঃ অদিতি + ষ্ণ্য = আদিত্য

এখানে, নাম প্রকৃতি/ প্রাতিপদিক = অদিতি; তদ্ধিত প্রত্যয় = ষ্ণ্য;

তদ্ধিত প্রত্যয়ান্ত শব্দ = আদিত্য

♦ তদ্ধিত প্রত্যয় তিন প্রকার। যথাঃ বাংলা, সংস্কৃত ও বিদেশী।

আকস্মিক = অকস্মাৎ + ষ্ণিক
কুলীন= কুল + নীন
গরিষ্ঠ = গুরু + ইষ্ঠ
জ্ঞানী= জ্ঞান + ইন
ছেলেপনা = ছেলে + পনা
জলীয় = জল + নীয়
দাশরথি = দশরথ + ষ্ণি
দানব = দনু + ষ্ণ
নাগর = নগর + ষ্ণ
ডিঙা = ডিঙি + আ
পার্বত্য = পর্বত + ষ্ণ্য

আগ্নেয় = অগ্নি + ষ্ণেয়
কৌমার্য = কুমার + ষ্ণ
গুণবান= গুণ + বতুপ্
চৈত্র = চিত্র + ষ্ণ
জলুয়া = জল + উয়া
ঠগী = ঠগ + ঈ
দয়াবান = দয়া + বতুপ্
দৈব = দেব + ষ্ণ
নীলিমা = নীল + ইমন্
পার্থিব = পৃথিবী + ষ্ণ
প্রাচ্য = প্রাচী + য

কাব্য = কবি + য
গৌরব = গুরু + ষ্ণ
গুণী= গুণ + ইন
চাকরানী = চাকর + আনী
জেলে<জালিয়া = জাল+ ইয়া
তেজস্বী = তেজঃ + বিন্
দ্রাঘিমা = দীর্ঘ + ইমন
ধৈর্য = ধীর + ষ্ণ্য
নেয়ে<নাইয়া = না + ইয়া
পাথুরে<পাথরিয়া=পাথর + ইয়া
পারলৌকিক = পরলোক + ষ্ণিক

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

পানসে = পানস + এ
বায়বীয় = বায়ু + নীয়
বুদ্ধিমান = বুদ্ধি + মতুপ্
বৈজ্ঞানিক = বিজ্ঞান + ষ্ণিক
বাংলাদেশী = বাংলাদেশ + ঈ
মাছুয়া = মাছ + উয়া
মাধব = মধু + ষ্ণ
মেধাবী = মেধা + বিন্
মনুষ্য = মনুঃ + ষ্ণ্য
যশস্বী = যশঃ + বিন্
শৈশব = শিশু + ষ্ণ
শৌর্য =শূর + ষ্ণ্য
সার্বভৌম = সর্বভূমি + ষ্ণ
সর্বজনীন = সর্বজন + নীন
সাহিত্যিক = সাহিত্য + ষ্ণিক
হাতা = হাত + আ

বাহাদুরি = বাহাদুর + ই
বর্ষীয় = বর্ষ + নীয়
বৎসল = বৎস + ল
বর্গাদার = বর্গা + দার
মুটে = মোট + এ
মিথ্যুক = মিথ্যা + উক
মহিমা = মহৎ + ইমন্
মায়াবী = মায়া + বিন্
যৌবন = যুবন্ + ষ্ণ
লঘিষ্ঠ = লঘু + ইষ্ঠ
শ্রীমান = শ্রী + মতুপ্
সৌন্দর্য = সুন্দর + ষ্ণ্য
সাম্য = সম + য
সৌর = সূর্য + ষ্ণ
স্বামী = স্ব + মিন

বোমারু = বোম + আরু
বার্ষিক = বর্ষ + ষ্ণিক
বাগ্মী = বাক্ + মিন
বৈমাত্রেয়=বিমাতৃ(বিমাতা)+ষ্ণেয়
মেছো = মাছ + উয়া >ও
মাধুর্য = মধুর + ষ্ণ/ য
মহত্ত্ব = মহৎ + ত্ব
মানব = মনু + ষ্ণ
হৈমন্তিক = হেমন্ত + ষ্ণিক
লাঘব = লঘু + ষ্ণ
শীতল = শীত + ল
সৌভাগ্য = সুভগ + ষ্ণ্য
সুখী = সুখ + ঈন্
সভ্য = সভা + য
সেলামী = সেলাম + ঈ

♦ প্রত্যয় সাধিত বিভিন্ন অর্থ প্রকাশ করে । যেমনঃ

- আদরার্থে ঃ নিমাই।
- অবজ্ঞার্থে ঃ চোরা, কেষ্টা।
- বৃহদার্থে ঃ ডিঙা।
- সদৃশ অর্থে ঃ বাঘা, হাতা।
- নিন্দা জ্ঞাপন ঃ জেঠামি, ছেলেমি।
- নৈপুণ্য বোঝাতে ঃ খুনে, নেয়ে।
- মালিক অর্থে ঃ জমিদারী, দোকানী।
- জাত অর্থে ঃ ঢাকাই, পাবনাই, রেশমী , ধেলো।
- বৃত্তি (জীবিকা) অর্থে ঃ ডাক্তারী, মোক্তারী, পোদ্দারী, ব্যাপারী , ঠকামো, ঘরামি।
- উপজীবিকা অর্থে ঃ জেলে, মুটে, মেছো।
- উপকরণ বোঝাতে ঃ পাথুরে, মেটে, বেলে, খড়ো ।

♦ বাংলা ভাষায় ব্যবহৃত বিদেশী তদ্ধিত প্রত্যয়ঃ

- ফারসি তদ্ধিত প্রত্যয় ঃ তর, গিরি, গর, খোর, দান/দানি, দার, বাজ/ বাজি, সহি, নবিস, খানা, বন্দ/ বন্দি। যেমন: কারিগর, জমিদার ইত্যাদি।
- হিন্দি তদ্ধিত প্রত্যয় ঃ সা/ সে, আন/ওয়ান, আলা/ ওয়ালা, পনা। যেমন: গিন্নিপনা, দাড়োয়ান ইত্যাদি।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

♦ পাঠক শব্দের যথার্থ প্রকৃতি ও প্রত্যয় কোনটি? *[দ্বাদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যায়ন পরীক্ষা (কলেজ পর্যায়) ২০১৫]*

ক. √পঠ্ + নক
খ. √পঠ্ + অক
গ. √পঠ্ + ণক
ঘ. √পঠ্ + আক

উত্তরঃ গ

BookScan:www.fb.com/abubakar.chuadanga

MP3

'√কাঁদ + অন' কোন প্রত্যয়ের অন্তর্ভুক্ত? [দ্বাদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যায়ন পরীক্ষা (ভুল পর্যায়) ২০১৫]

ক. ধাতু প্রত্যয় খ. শব্দ প্রত্যয়

গ. কৃৎ প্রত্যয় ঘ. তদ্ধিত প্রত্যয় উত্তরঃ গ

'মুক্তি'-এর সঠিক প্রকৃত-প্রত্যয় কোনটি? [দ্বাদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যায়ন পরীক্ষা (ভুল পর্যায়) ২০১৫]

ক. √মু + ক্তি খ. √মচ + ক্তি

গ. √মুচ্ + ক্তি ঘ. √মৃচ + ক্তি উত্তরঃ গ

নিচের কোনটি প্রত্যয় যোগে গঠিত স্ত্রীবাচক শব্দ? [দ্বাদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যায়ন পরীক্ষা (ভুল পর্যায়) ২০১৫]

উত্তরঃ জেলেনী।

'শৈশব'-এর প্রকৃত ও প্রত্যয় কোনটি? [দ্বাদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যায়ন পরীক্ষা (ভুল পর্যায়) ২০১৫]

ক. শিশু + ষ্ণ্য খ. শিশু + ষ্ণ

গ. শিশু + ঞ ঘ. শিশু + ঞ্য উত্তর: খ

নিচের কোন শব্দটি প্রত্যয় সাধিত ? [৩৫তম বি.সি.এস]

ক. প্রলয় খ. খণ্ডিত

গ. নিঃশ্বাস ঘ. অনুপম উত্তর: খ

প্রকৃতি ও প্রত্যয় বাংলা ব্যাকরণের কোন্ অংশের আলোচ্য বিষয়? [সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ২০১১]

ক. বাক্যতত্ত্ব খ. রূপতত্ত্ব

গ. অর্থতত্ত্ব ঘ. ধ্বনিতত্ত্ব উত্তর:খ

প্রত্যয় কত প্রকার? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা:২০১২ যমুনা/প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী ২০১১]

ক. ২ প্রকার খ. ৩ প্রকার

গ. ৪ প্রকার ঘ. ৫ প্রকার উত্তর: ক

তদ্ধিত প্রত্যয় কোন প্রকৃতির সাথে যুক্ত হয়? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের সহকারী অডিটর - ২০১১]

ক. বিশেষণ প্রকৃতি খ. বিশেষ্য প্রকৃতি

গ. নাম প্রকৃতি ঘ. ক্রিয়া প্রকৃতি উত্তর: গ

যে বর্ণ বা বর্ণসমষ্টি ধাতু বা শব্দের পরে যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে তাকে কি বলে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা: ২০১২ - পদ্মা/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে সহকারী পরিচালক: ১১]

ক. কর্তা খ. কর্ম

গ. বিভক্তি ঘ. প্রত্যয় উত্তরঃ ঘ

শব্দ ও ধাতুর মূলকে বলে- [সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ২০১২/সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ২০১১/সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০/ প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ কার্যালয়ে প্রশাসনিক কর্মকর্তা: ০৪/ দুর্নীতি দমন ব্যুরোর সহকারী উপপরিচালক : ০৪/দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শক: ০৩]

ক. বিভক্তি খ. ধাতু

গ. প্রকৃতি ঘ. কারক উত্তরঃ গ

ধাতু বা শব্দের শেষে প্রত্যয় যুক্ত করার উদ্দেশ্য কি? [বিভাগীয় কমিশনারের অধীন সহকারী পরিচালক (গ্রেড-২): ০৩]

ক. বাক্যে অলংকার খ. শব্দের মিলন উত্তর ঘ

গ. ভাষা সংশোধন ঘ. নতুন শব্দ গঠন

নিম্নের কোনটিতে বৃত্তি অর্থে 'ঈ' প্রত্যয় যুক্ত হয়েছে? [১১তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা (ভুল/সমপর্যায় ২) --২০১৪]

ক. জমিদারী খ. পোদ্দারী উত্তরঃ খ

গ. উমেদারী ঘ. সরকারী

কোন শব্দটিতে বিদেশী প্রত্যয়ের প্রয়োগ ঘটেছে? [পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের অ্যাসিস্টেন্ট ম্যানেজার -২০১৪]

ক. কানকাটা খ. চালবাজ উত্তরঃ খ

গ. দিগগজ ঘ. বেআক্কেল

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

প্রকৃতি বলতে কি বোঝায়? (সাব-রেজিস্ট্রার ০৩)
ক. ধাতুর মূল খ. শব্দের মূল
গ. প্রত্যয়যুক্ত শব্দ ঘ. শব্দ ও ধাতুর মূল
উত্তরঃ

যে ধাতু বা শব্দের শেষে প্রত্যয় যুক্ত হয় তার নাম-(মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক:০১)
ক. কারক খ. প্রকৃতি
গ. বিভক্তি ঘ. যতি
উত্তরঃ খ

ক্রিয়া পদের মূল অংশকে বলা হয়—(১২তম বিসিএস /১০ম বিসিএস/ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী ২০১৩/ তথ্য মন্ত্রণালয়ের অধীন গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার ২০১৩/ ভূ-অধিক জরিপ অধিদপ্তরের সহকারী ভূ-পদার্থবিদ: ১৮)
ক. বিভক্তি খ. ধাতু
গ. প্রত্যয় ঘ. কৃৎ
উত্তরঃ খ

ক্রিয়া পদের মূল অংশকে বলা হয়---(বাংলাদেশ টেলিভিশন এবং বিজ্ঞাপন অধিকারিক (গ্রেড-২): ০৮)
ক. প্রকৃতি খ. প্রত্যয়
গ. ক্রিয়া ঘ. সর্বনাম
উত্তরঃ ক

বিভক্তিহীন নাম শব্দকে কি বলে? (১৮তম বিসিএস/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী ২০১৩)
ক. নামপদ খ. উপপদ
গ. প্রাতিপদিক ঘ. উপমিত উত্তরঃ গ

ক্রিয়া বা ধাতুর পরে যে প্রত্যয় যুক্ত হয় তাকে বলে- (প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা: ২০১২ - ঢাকা)
ক. ধাতু প্রত্যয় খ. শব্দ প্রত্যয়
গ. কৃৎ প্রত্যয় ঘ. তদ্ধিত প্রত্যয়
উত্তরঃ গ

কৃৎ প্রত্যয় কাকে বলে? (মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের চীফ ইন্সট্রাক্টর ০৩)
ক. শব্দের সঙ্গে যুক্ত প্রত্যয়কে খ. অর্থের সঙ্গে যুক্ত প্রত্যয়কে
গ. ধাতুর সঙ্গে যুক্ত প্রত্যয়কে ঘ. উপসর্গের সঙ্গে যুক্ত প্রত্যয়কে
উত্তরঃ গ

ধাতুর সঙ্গে কৃৎ প্রত্যয় যোগে যে নতুন শব্দ গঠিত হয় তাকে বলে- (আবহাওয়া অধিদপ্তরের অধীনে সহকারী আবহাওয়াবিদ: ০০)
ক. তদ্ধিতান্ত শব্দ খ. তদ্ধিত প্রত্যয়
গ. কৃদন্ত শব্দ ঘ. প্রাতিপদিক শব্দ
উত্তরঃ গ

কোন শব্দে ধাতুর সঙ্গে প্রত্যয় যুক্ত হয়েছে? (১২তম বিসিএস)
ক. ঠগী খ. পানসে
গ. পাঠক ঘ. সেলামী
উত্তরঃ গ

তদ্ধিত প্রত্যয়যুক্ত শব্দ কোনটি? (মাধ্যমিক বিদ্যালয় সহকারী প্রধান শিক্ষক/শিক্ষিকা ও জেলা সহকারী শিক্ষা অফিসার: ০৩)
ক. দর্শন খ. ঘর্ষণ
গ. বর্ষণ ঘ. বাংলাদেশী
উত্তরঃ ঘ

'মেধাবী' শব্দটির সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি? (পরিবার পরিকল্পনা পরিদর্শক এবং পরিবার কল্যাণ সহকারী ২০১১)
ক. মেধা+বী খ. মেধা + বীন
গ. মেধা + ই
উত্তরঃ খ

কোনটি সংস্কৃত তদ্ধিত প্রত্যয়ের উদাহরণ? (১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমমর্যাদা) -২০১৪)
ক. মানব খ. পানীয়
গ. জয় ঘ. স্মরণীয়
উত্তরঃ ক

কোনটি কৃৎ প্রত্যয়ের উদাহরণ? (১০ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১৪)
ক. ঢাকা + ই খ. মিশ্ + উক
গ. চোর + আ ঘ. সোনা + আলি
উত্তরঃ খ

BookScan:www.fb.com/abubakar.chuadanga

MP3

'শ্রবণ' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়)-২০১৪]

ক. শ্রবণ + অ
খ. √শ্রী + অন
গ. √শ্রু + অন
ঘ. √শ্রব + অন

উত্তরঃ গ

'বক্তব্য' এর প্রকৃতি প্রত্যয় কোনটি? [১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়-২)-২০১৪]

ক. √বক + তব্য
খ. √বক + অব্য
গ. √বক্ত + ব্য
ঘ. √বচ + তব্য

উত্তরঃ ঘ

উক্তি এর সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি? [১১তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা (স্কুল/সমপর্যায় ২) -২০১৪/১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়) -২০১৪]

ক. √উক্ + তি
খ. √উচ্ + ক্তি
গ. √বচ্ + ক্তি
ঘ. √বচ্ + তি

উত্তরঃ গ

'দোলনা' শব্দের সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি? [১৮তম বিসিএস/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী ২০১৩]

ক. দুল্+ না
খ. দোল + না
গ. দোল+অনা
ঘ. দোলনা + আ

উত্তরঃ ক

'প্রেম' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক, গবেষণা কর্মকর্তা, টেলিফোন ইঞ্জিনিয়ার ও সহকারী কম্পিউটার প্রোগ্রামার ২০১৩]

ক. প্রে+ম
খ. প্রিয়+এম
গ. প্রিয়+ইমন
ঘ. প্রেম+অ+ব

উত্তরঃ গ

'মুক্ত' শব্দের সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়)-২০১৪]

ক. √মু + ক্ত
খ. √মহ + ক্ত
গ. √মুচ + ক্ত
ঘ. √মৃচ + ক্ত

উত্তরঃ গ

'ফোঁড়ন' শব্দটি গঠিত হয়েছে [পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের অ্যাসিস্টেন্ট ম্যানেজার -২০১৪]

ক. প্রত্যয়যোগে
খ. সমাসযোগে
গ. উপসর্গযোগ
ঘ. সন্ধিযোগে

উত্তরঃ ক

'জনতা' শব্দটি ব্যাকরণের কোন নিয়মে গঠিত হয়েছে? [পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব/সহকারী পরিচালক (প্রশাসন)-২০১৩]

ক. প্রত্যয়যোগ
খ. উপসর্গযোগে
গ. সন্ধিযোগে
ঘ. বচনের সাহায্যে

উত্তরঃ ক

'নায়ক' শব্দের কৃৎপ্রত্যয় হচ্ছে-[সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ২০১১]

ক. নি:+অক
খ. নী+অক
গ. ণী+ অক
ঘ. ণী+অক

উত্তর:

[ব্যাখ্যা:সাঠক উত্তর √ নৈ+অক]

'মশারি' এর প্রকৃতি প্রত্যয় হচ্ছে- [সমবায়বাম ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তরের সহকারী পরিদর্শক ; ০৫/ শুল্ক ক্ষমতায়ন অঞ্চলের সহকারী পরিচালক ০৫]

ক. মশা+রি
খ. মশা+অরি
গ. মশা+আরি
ঘ. মশা+আরী

উত্তরঃ

'চাকরানী' শব্দটি কোন প্রত্যয় যোগে গঠিত?[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ০১]

ক. ই
খ. ঈ
গ. আনী
ঘ. নী

উত্তরঃ গ

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

◆ 'জেলে' এর প্রকৃতি কি? (গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে সহকারী প্রকৌশলী, মেকানিক্যাল এন্ড পাওয়ার: ৯৯)
ক. জাল+ ইয়া খ. জেল+এ
গ. জাল+আ ঘ. জালা+এ
উত্তর: ক

◆ 'বর্গাদার' কোন প্রত্যয়ের উদাহরণ? (গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে থানা প্রকৌশলী, সিভিল ইঞ্জিনিয়ারিং: ৯৯)
ক. বর্গ + আদার খ. বর্গ+ দর
গ. বর্গা + দার ঘ. বর্গা + তৃচ
উত্তর: গ

◆ 'মেছো' শব্দের প্রকৃতি প্রত্যয় কি? (২৭তম বিসিএস)
ক. মাছ +ও খ. মেছ +ও
গ. মাছি + উয়া >ও ঘ. মাছ + উয়া > ও
উত্তর: ঘ

◆ কোনটি বিদেশী প্রত্যয়যুক্ত শব্দ নয়? (তথ্য মন্ত্রণালয়ের অধীনে তথ্য অফিসার: ০৫)
ক. দারোয়ান খ. জমিদারী
গ. কারিগর ঘ. গিন্নীপনা
উত্তর: ঘ

◆ কোন শব্দের প্রত্যয় উপজীবিকা অর্থে ব্যবহৃত হয়েছে? (প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক, ঢাকা বিভাগ: ০১)
ক. গেঁয়ো খ. মেছো
গ. টেকো ঘ. গেছো
উত্তর: খ

◆ কোনটিতে উপকরণ বোঝাতে প্রত্যয় যুক্ত হয়? (মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ০১)
ক. পাথুরে খ. মেঝো
গ. গেঁয়ো ঘ. নেয়ে
উত্তর: ক

www.fb.com/tanbir.cox

BookScan:www.fb.com/abubakar.chuadanga

MP3

কারক ও বিভক্তি

কারক : কারক (√কৃ + ণক) শব্দটির অর্থ- যা ক্রিয়া সম্পাদন করে। বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে নাম পদের যে সম্পর্ক, তাকে কারক বলে। কারক ছয় প্রকার:

১. কর্তৃকারক ২. কর্মকারক
৩. করণ কারক ৪. সম্প্রদান কারক
৫. অপাদান কারক ৬. অধিকরণ কারক

বিভক্তি : বাক্যস্থিত একটি শব্দের সঙ্গে অন্য শব্দের অন্বয় সাধনের জন্য শব্দের সঙ্গে যে সকল বর্ণ যুক্ত হয় তাদের বিভক্তি বলে। যেমন-ছাদে বসে মা শিশুকে চাঁদ দেখাচ্ছেন। বাক্যটিতে ছাদে (ছাদ + এ বিভক্তি), মা (মা + ০ বিভক্তি), শিশুকে (শিশু + কে বিভক্তি), চাঁদ (চাঁদ+০ বিভক্তি) ইত্যাদি পদে বিভিন্ন বিভক্তি যুক্ত হয়েছে।

বিভক্তি প্রধানত দুই প্রকারঃ যথা- ১. নাম বা শব্দ বিভক্তি ২. ক্রিয়া বিভক্তি
বাংলা শব্দ-বিভক্তি সাত প্রকার : প্রথমা, দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী এবং সপ্তমী। একবচন এবং বহু বচন ভেদে বিভক্তিগুলোর আকৃতিগত পার্থক্য দেখা যায়। যেমন :

♦ বিভক্তির আকৃতি:

বিভক্তি	একবচন	বহুবচন
প্রথমা	০	গণ
দ্বিতীয়া	কে, রে	দিগকে, দিগেরে
তৃতীয়া	দ্বারা, দিয়া(দিয়ে), কর্তৃক	দিগের দিয়া, দিগকে দ্বারা, দিগ কর্তৃক
চতুর্থী	কে, রে	দিগকে, দিগেরে
পঞ্চমী	হইতে, থেকে, চেয়ে, হতে	দিগ হইতে, দিগের চেয়ে,
ষষ্ঠী	র, এর	দিগের, দের
সপ্তমী	তে, এ, য়	দিগেতে, দিগে

কারক নির্ণয়ের সহজ পদ্ধতি ঃ

ক্রিয়ার সঙ্গে ঃ

- কে / কারা দিয়ে প্রশ্নের উত্তরে ঃ কর্তৃকারক
- কি / কাকে দিয়ে প্রশ্নের উত্তরে ঃ কর্মকারক
- কীসের দ্বারা / কী উপায়ে দিয়ে প্রশ্নের উত্তরে ঃ করণ কারক
- কি / কাকে দিয়ে দিয়ে প্রশ্নের উত্তরে (যদি স্বত্ব ত্যাগ করে দান বোঝায়) ঃ সম্প্রদান কারক
- কোথা থেকে/ কি হতে/ কিসের হতে দিয়ে প্রশ্নের উত্তরে অথবা ভয়-ডর-ভীতি-শংকা প্রকাশ পেলে ঃ অপাদান কারক
- কোথায় / কিসে / কখন দিয়ে প্রশ্নের উত্তরে স্থান-কাল-পাত্র-সময়-বিষয় বোঝালে ঃ অধিকরণ কারক

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◆ নিম্নের কোনটি বিভক্তি নয়? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স-এর কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর-২০১৪]
ক. দ্বারা খ. থেকে
গ. চেয়ে ঘ. পর্যন্ত উত্তরঃ ঘ

◆ কারক (√কৃ + ণক) শব্দটির অর্থ কি? [[illegible]]
ক. যা ক্রিয়া সম্পাদন করে খ. যা পদ ও সমাসকে সম্পাদন করে
গ. যা পদকে সম্পাদন করে ঘ. যা সমাসকে সম্পাদন করে উত্তরঃ ক

◆ বাক্যের প্রতিটি পদের সাথে অন্বয় সাধনের জন্য যে সকল বর্ণ যুক্ত হয়, তাদের কি বলে? [[illegible]]
ক. বিভক্তি খ. প্রত্যয়
গ. সম্বন্ধপদ ঘ. অনুসর্গ উত্তরঃ ক

◆ ক্রিয়াপদের সাথে সম্পর্কযুক্ত পদকে কি বলে? [[illegible]]
ক. সমাস খ. কারক
গ. সন্ধি ঘ. বিশেষণ উত্তরঃ খ

◆ কোন ক্ষেত্রে বিভক্তির প্রয়োজন হয়? [[illegible]]
ক. কারক খ. সন্ধি
গ. প্রকৃতি ঘ. সমাস উত্তরঃ ক

◆ বিভক্তি প্রধানত কত প্রকার? [[illegible]]
ক. ২ প্রকার খ. ৩ প্রকার
গ. ৫ প্রকার ঘ. ৪ প্রকার উত্তরঃ ক

◆ বিভক্তি কত প্রকার? [[illegible]]
ক. ৫ প্রকার খ. ২ প্রকার
গ. ৭ প্রকার ঘ. ৩ প্রকার উত্তরঃ গ

কর্তৃকারক : বাক্যস্থিত যে বিশেষ্য বা সর্বনাম পদ ক্রিয়া সম্পন্ন করে তা ক্রিয়ার কর্তা বা কর্তৃকারক।

◆ ক্রিয়ার সঙ্গে কে বা কারা যোগ করে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তা-ই কর্তৃকারক। যেমন:

- মেয়েরা ফুল তোলে। -----কারা তোলে? মেয়েরা - কর্তৃকারক।
- অন্ধজনে বদ্ধ ঘরে, দিবা-রাত্রি কষ্ট করে। ---- কে করে? অন্ধজনে - কর্তৃকারক।
- গায়ে মানে না, আপনি মোড়ল। ---- কে মানে না? গায়ে - কর্তৃকারক।
- পাগলে কী না বলে, ছাগলে কী না খায়। --- কে বলে? পাগলে - কর্তৃকারক।
  কে খায়? ছাগলে - কর্তৃকারক।

◆ কর্মবাচ্য বা ভাববাচ্যে বাক্যের ক্ষেত্রে বাক্যেকে প্রথমে কর্তৃবাচ্যে রূপান্তর করতে হবে, তারপর ক্রিয়ার সঙ্গে কে বা কারা যোগ করে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তা-ই কর্তৃকারক।

- বসিরকে যেতে হবে।
  ভাববাচ্য: বসিরকে যেতে হবে।
  কর্তৃবাচ্য: বসির যাবে। -------- কে যাবে? বসির - কর্তৃকারক।
- ফেরদৌসী কর্তৃক শাহনামা রচিত হয়েছে।
  কর্মবাচ্য : ফেরদৌসী কর্তৃক শাহনামা রচিত হয়েছে।
  কর্তৃবাচ্য: ফেরদৌসী শাহনামা রচনা করেন। --কে করেন? ফেরদৌসী- কর্তৃকারক।

BookSearchWorld.com/abubakar.chaadem.ma

MP3

বিভিন্ন বিভক্তির ব্যবহার :

- আরিফ বই পড়ে।
  কারক : কে পড়ে? হামিদ = কর্তৃকারক
  বিভক্তি: আরিফ (আরিফ + ০) = প্রথমা
  আরিফ বই পড়ে: কর্তৃকারকে প্রথমা বিভক্তি

- বাপে না জিজ্ঞাসে, মায়ে না সম্ভাষে।
  কারক : কে জিজ্ঞাসে? বাপে = কর্তৃকারক
  বিভক্তি: বাপে (বাপ + এ) = সপ্তমী
  কারক-বিভক্তি : কর্তৃকারকে সপ্তমী বিভক্তি

- রাজায় রাজায় লড়াই, উলুখাগড়ার প্রাণান্ত। --- -কর্তৃকারক
  কারক : কারা লড়াই করে? রাজারা = কর্তৃকারক
  বিভক্তি: রাজায় (রাজা + য়) = সপ্তমী
  কারক-বিভক্তি : কর্তৃকারকে সপ্তমী বিভক্তি

- বুলবুলিতে ধান খেয়েছে।
  কারক : কে খেয়েছে? বুলবুলিতে = কর্তৃকারক
  বিভক্তি: বুলবুলিতে (বুলবুলি + তে) = সপ্তমী
  কারক-বিভক্তি : কর্তৃকারকে সপ্তমী বিভক্তি

- আমার যাওয়া হয় নি।
  ভাববাচ্যে : আমার যাওয়া হয় নি।
  কর্তৃবাচ্য : আমি যাইনি।
  কারক : কে যাইনি? আমি = কর্তৃকারক
  বিভক্তি: আমার (আমা + র) = ষষ্ঠী
  কারক-বিভক্তি : কর্তৃকারকে ষষ্ঠী বিভক্তি

কর্তৃকারকে বিভিন্ন বিভক্তির ব্যবহার :

- প্রথমা : জল পড়ে, পাতা নড়ে।
  নগরে রাজা এলো।
  জেলে ভাই ধরে মাছ মেঘের ছায়ায়।
- দ্বিতীয়া : আমাকে যেতে হবে।
- ষষ্ঠী : আমার যাওয়া হয়নি
- সপ্তমী : মানুষে ভাবে এক, হয় আর এক।
  দশে মিলে করি কজ।
  আমারে তুমি রক্ষা করো
  পাগলে কিনা বলে

জেনে রাখা ভাল

কোনো বাক্যে যে দুটো কর্তা একত্রে এক জাতীয় ক্রিয়া সম্পাদন করে, তাদের ব্যতিহার কর্তা বলে। যেমন :বাঘে-মহিষে এক ঘাটে জল খায়; রাজায় রাজায় লড়াই, উলুখাগড়ার প্রাণান্ত ইত্যাদি।

www.tb.com/tanbir.cox

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◆ আমার যাওয়া হয়নি এখানে 'আমার' কোন কারকে কোন বিভক্তি? [১১তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা (স্কুল/সমপর্যায় ২) --২০১৪]
ক. কর্মে শূন্য খ. কর্তায় শূন্য
গ. কর্তায় ষষ্ঠী ঘ. কর্মে ষষ্ঠী
উত্তরঃ গ

◆ ব্যতিহার কর্তার উদাহরণ কোনটি? [১১তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা (স্কুল/সমপর্যায় ২)-২০১৪]
ক. ছেলেরা ফুটবল খেলছে খ. মুষলধারে বৃষ্টি পড়ছে
গ. বাঘে-মহিষে এক ঘাটে জল খায় ঘ. শিক্ষক ছাত্রদের ব্যাকরণ পড়াচ্ছেন
উত্তরঃ গ

◆ কর্তৃকারকে শূন্য বিভক্তির উদাহরণ কোনটি? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২-ঢাকা]
ক. ছাগলে কিনা খায় খ. টাকায় টাকা আনে
গ. আরেফ বই পড়ে ঘ. ডাক্তার ডাক
উত্তরঃ গ

◆ কোনটি কর্তৃকারকে সপ্তমী বিভক্তির উদাহরণ? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২-মিরপুর]
ক. কোদালে মাটি কাটব খ. জাহাজ চট্টগ্রাম ছাড়ল
গ. সাপের হাসি বেদেয় চেনে ঘ. আমারে তুমি রক্ষা করো
উত্তরঃ ঘ

◆ মা শিশুকে ভাত খাওয়াচ্ছেন। এখানে 'শিশু' কে – [সহকারী উপজেলা / থানা শিক্ষা অফিসার (ATEO) ২০১২]
ক. প্রযোজক কর্তা খ. মুখ্য কর্ম
গ. প্রযোজক ক্রিয়া ঘ. প্রযোজ্য কর্তা
উত্তরঃ ঘ

◆ 'পাগলে কিনা বলে।' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২ পরা]
ক. কর্তায় ষষ্ঠী খ. কর্তায় ২য়া
গ. কর্তায় ৭মী ঘ. কর্তায় শূণ্য
উত্তরঃ গ

◆ "দশে মিলে করি কাজ" 'দশে' শব্দটির কারক ও বিভক্তি- [রেজিস্টার্ড স্কুলের সহকারী প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১১-ঢাকা/বাংলাদেশ সেনাবাহিনী সহকারী কমান্ডেন্ট: ০৭/ রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, সমাজবিজ্ঞান: ০৪-০৫]
ক. কর্তায় ৭মী খ. কর্তায় শূন্য
গ. কর্মে ৭মী ঘ. করণে ৭মী
উত্তরঃ ক

◆ 'জল পড়ে, পাতা নড়ে।' এখানে 'জল' ও 'পাতা' কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তায় প্রথমা খ. কর্তায় ৭মী [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক]
গ. কর্তায় ৪র্থী ঘ. কর্তায় ৩য়া
উত্তরঃ ক

◆ "নগরে রাজা এলো" 'রাজা' এর কারক ও বিভক্তি- [প্রাথমিক বিদ্যালয় তৃতীয়ক, খাদিম: ১০]
ক. কর্মে শূন্য খ. অধিকরণে শূন্য
গ. কর্তায় শূন্য ঘ. করণে শূন্য
উত্তরঃ গ

◆ 'জেলে ভাই ধরে মাছ মেঘের ছায়ায়।' -এখানে 'জেলে' কোন কারকে কোন বিভক্তি [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১১]
ক. কর্তৃকারকে ৭মী বিভক্তি খ. কর্তৃকারকে ১মা বিভক্তি
গ. অধিকরণ কারকে ৭মী বিভক্তি ঘ. কর্মকারকে ১মা বিভক্তি
উত্তরঃ খ

◆ 'আমাকে যেতে হবে' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক]
ক. কর্তায় ২য়া খ. কর্মে ২য়া
গ. অপাদানে ২য়া ঘ. অধিকরণে ২য়া
উত্তরঃ ক

◆ 'মানুষে ভাবে এক, হয় আর এক'। বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক]
ক. কর্তৃকারকে সপ্তমী খ. কর্মকারকে সপ্তমী
গ. অপাদানে সপ্তমী ঘ. অধিকরণে সপ্তমী
উত্তরঃ ক

BookScan:www.fb.com/abubakarchuadanga

MP3

♦ 'বুলবুলিতে ধান খেয়েছে'- এই বাক্যের 'বুলবুলিতে' কোন কারক ও বিভক্তি প্রযুক্ত হয়েছে? [বাংলাদেশ বিমানের সহকারী শিক্ষক ১০/ সাব-রেজিস্ট্রার : ০৩]

ক. করণকারকে সপ্তমী খ. অধিকরণে সপ্তমী
গ. কর্তৃকারকে সপ্তমী ঘ. অপাদানে সপ্তমী উত্তরঃ গ

♦ কোন বাক্যে কর্তায় এ বিভক্তির উদাহরণ দেওয়া হয়েছে? [illegible]

ক. অন্ধজনে বদ্ধ ঘরে, দিবা-রাত্রি কষ্ট করে খ. ঘর ভরেছে অন্ধজনে
গ. হাত বাড়িয়ে কর্মে টান অন্ধজনে ঘ. অন্ধজনে দেহ আলো উত্তরঃ ক

♦ "দশে মিলে করি কাজ" 'দশে' শব্দটির কারক ও বিভক্তি- [illegible]

ক. কর্তায় ৭মী খ. কর্তায় শূন্য
গ. কর্মে ৭মী ঘ. করণে ৭মী উত্তরঃ ক

কর্মকারক : যাকে উদ্দেশ্য করে কর্তা ক্রিয়া সম্পন্ন করে তাকে কর্মকারক বলে। ক্রিয়ার সঙ্গে কি বা কাকে যোগ করে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তা-ই কর্মকারক। যেমন:

- ডাক্তার ডাক। --------- কি ডাক? ডাক্তার - কর্মকারক।
- করিমকে রহিম গতকাল মেরেছে। --------- কাকে মেরেছে? করিমকে - কর্মকারক।
- দুধকে মোরা দুগ্ধ বলি, হলুদকে বলি হরিদ্রা। ----কি বলি? দুগ্ধ ,হরিদ্রা - কর্মকারক।
  কাকে বলি? দুধ, হলুদ - কর্মকারক।
- সর্বাঙ্গে ব্যথা, ঔষধ দিব কোথা? - কর্মকারক।
  কারক : কি দিব? ঔষধ = কর্তৃকারক
  বিভক্তি: ঔষধ (ঔষধ + ০) = প্রথমা
  কারক-বিভক্তি : কর্তৃকারকে প্রথমা (শূন্য) বিভক্তি

♦ **কর্মকারকে বিভিন্ন বিভক্তির ব্যবহার :**

- প্রথমা : রবীন্দ্রনাথ পড়লাম, নজরুল পড়লাম, এর সুরাহা খুঁজে পেলাম না।
  খালেদ বই পড়ে এমন ছেলে আর দেখিনি
  বাঁশি বাজে। ছেলেরা ক্রিকেট খেলে
  কপোল ভাসিয়া গেল নয়নের জলে
  কারক পড়ায় তারক ঠাকুর।
  শুধু বিষে দুই ছিল মোর ভুঁই
  জল পড়ে, পাতা নড়ে
  এমন মেয়ে আর দেখিনি
- দ্বিতীয়া : আমারে (আমা+রে) তুমি করিবে ত্রাণ, এ নহে মোর প্রার্থনা।
  রেখো মা দাসেরে মনে।
  রহিম ধোপাকে কাপড় ধুতে দিল।
- ষষ্ঠী : আমাদের একটি গল্প বলুন।
- সপ্তমী : জিজ্ঞাসিবে জনে জনে।
  আমার গানের মালা আমি করব কারে দান।
  গুরুজনে ভক্তি কর।
  গুণহীনে ত্যাগ কর
  পড়াশোনায় মন দাও। শিশুগণ দেয় মন নিজ নিজ পাঠে।

www.tb.com/tanbir.cox

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◆ 'জিজ্ঞাসিব জনে জনে' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [দাখিল বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল পর্যায়) ২০১৫/পরিবার পরিকল্পনা অধিদপ্তর অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর ২০১১/প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ০৮/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ৭ ইউনিট: ০৪-০৫]

ক. অপাদানে সপ্তমী খ. কর্মে সপ্তমী
গ. করণে সপ্তমী ঘ. কর্তায় সপ্তমী
উত্তরঃ খ

◆ ঘোড়া গাড়ি টানে। এখানে 'গাড়ি'–[প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী ২০১৩]

ক. কর্মকারক খ. কর্তৃকারক
গ. করণ কারক ঘ. অপাদান কারক
উত্তরঃ ক

◆ 'এমন মেয়ে আর দেখিনি'– বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [গ্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]

ক. কর্তায় শূন্য খ. কর্মে শূন্য
গ. অপাদানে শূন্য ঘ. অধিকরণে শূন্য
উত্তরঃ খ

◆ দোষী ছাত্রটিকে জরিমানা করা হয়েছে।-এখানে 'ছাত্রটিকে' কোন কারকে কোন বিভক্তি? [গ্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]

ক. কর্তায় দ্বিতীয়া খ. করণে দ্বিতীয়া
গ. অধিকরণে দ্বিতীয়া ঘ. কর্মকারকে দ্বিতীয়া
উত্তরঃ ঘ

◆ জল পড়ে, পাতা নড়ে-নিম্ন রেখা শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়-২)-২০১৪]

ক. কর্তায় শূন্য খ. অপাদানে শূন্য
গ. কর্মে শূন্য ঘ. করণে শূন্য
উত্তরঃ গ

◆ যাকে উদ্দেশ্য করে ক্রিয়া সম্পাদিত হয় তাকে বলে- [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী ২০১১/ঢাক ও টেলিযোগাযোগ হিসাবরক্ষণ কর্মকর্তা:০৩]

ক. কর্তৃকারক খ. সম্প্রদান কারক
গ. করণ কারক ঘ. কর্মকারক
উত্তরঃ ঘ

◆ ক্রিয়ার বিষয়কে কি বলে? [বাংলাদেশ রেলওয়ে হিসাবরক্ষণসমূহে সহকারী সার্ভেয়ার: ০৩]

ক. কর্ম খ. পদ
গ. সমাস ঘ. করণ
উত্তরঃ ক

◆ 'কপোল ভাসিয়া গেল নয়নের জলে' বাক্যের নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২- চট্টগ্রাম]

ক. কর্তায় শূন্য খ. করণে শূন্য
গ. কর্মে শূন্য ঘ. কর্মে ৭মী
উত্তর: গ

◆ 'গুণহীনে ত্যাগ কর'- বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা:২০১২ যশোর]

ক. কর্মে ৭মী খ. অধিকরণে ৭মী
গ. সম্প্রদানে ৭মী ঘ. অপাদানে ৫মী
উত্তরঃ ক

◆ ছেলেরা ক্রিকেট খেলে - বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [রেজিস্ট্রার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা: ২০১১]

ক. কর্মে শূণ্য খ. করণে শূণ্য
গ. অপাদানে শূণ্য ঘ. অধিকরণে শূণ্য
উত্তরঃ ক

BookScan:www.fb.com/abubakar.chuadanga

MP3

"ডাক্তার ডাক।" বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ৭ ইউনিট: ১০-১১/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ১০]

ক. কর্তৃকারকে শূন্য খ. কর্তৃকারকে দ্বিতীয়া
গ. কর্মকারকে শূন্য ঘ. কর্মকারকে সপ্তমী উত্তরঃ গ

'আরিফ বই পড়ে' নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?

ক. কর্মে শূন্য খ. করণে শূন্য
গ. সম্প্রদানে শূন্য ঘ. অধিকরণে শূন্য উত্তরঃ ক

খালেদ বই পড়ে- বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা:২০১২ কর্মশূন্য]/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (চাকা বিভাগ) : ০৮

ক. করণে শূণ্য খ. অধিকরণে শূণ্য
গ. কর্মে শূণ্য ঘ. অপাদানে শূণ্য উত্তরঃ গ

'শুধু বিষে দুই ছিল মোর ভুঁই'- এখানে 'ভুঁই' কোন কারকে কোন বিভক্তি? [জাতীয় স্কুল শিক্ষক সহকারী স্কুল সহকারী ২০১২]

(ক) কর্মে ৭মী (খ) করণে শূন্য
(গ) কর্মে শূন্য (ঘ) অধিকরণে ৭মী উত্তর: গ

"সর্বাঙ্গে ব্যথা, ঔষধ দিব কোথা" এই বাক্যে 'ঔষধ' কোন কারকে কোন বিভক্তির উদাহরণ?

ক. কর্মকারকে শূন্য খ. সম্প্রদানে সপ্তমী [কুমিল্লা বিভাগ]
গ. অধিকরণে শূন্য ঘ. কর্তৃকারকে শূন্য উত্তরঃ ক

"কারক পড়ায় তারক ঠাকুর।" কোন কারক? [রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ২০১১]

ক. কর্ম খ. সম্প্রদান
গ. কর্তা ঘ. করণ উত্তরঃ ক

'করিমকে রহিম গতকাল মেরেছে' বাক্যে কর্মকারক সূচক শব্দ কোনটি? [সমাজ অধিদপ্তর সহকারী পরিচালক ০৬/ দুর্নীতি দমন কমিশন সহকারী পরিচালক ০৬]

ক. রহিম খ. করিমকে
গ. গতকাল ঘ. মেরেছে উত্তরঃ খ

"এমন ছেলে আর দেখিনি" বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (কুমিল্লা বিভাগ): ০৯]

ক. কর্তায় শূন্য খ. কর্মে শূন্য
গ. অপাদানে শূন্য ঘ. অধিকরণে শূন্য উত্তরঃ খ

নিচের কোন বাক্যটিতে কর্ম কারকে ১মা বিভক্তি আছে? [জাতীয় স্কুল শিক্ষক ০৯]

ক. বাবাকে ভয় নাই খ. বাঁশি বাজে
গ. ফলে বৃক্ষের পরিচয় ঘ. পাপে বিরত হও উত্তরঃ খ

"রেখো মা দাসেরে মনে" এই বাক্যে 'দাসেরে' কোন কারকে কোন বিভক্তি? [ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ৭ ইউনিট: ১০-১১]

ক. কর্মে দ্বিতীয়া খ. কর্তায় দ্বিতীয়া
গ. কর্মে চতুর্থী ঘ. অপাদানে চতুর্থী উত্তরঃ ক

"রহিম ধোপাকে কাপড় ধুতে দিল" ইহা কোন কারক? [সহকারী জজ নিয়োগ পরীক্ষা: ০৮]

ক. কর্তৃকারক খ. কর্মকারক
গ. সম্প্রদান কারক ঘ. অপাদান কারক উত্তরঃ খ

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

◆ "আমাদের একটি গল্প বলুন" বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ১০]

ক. কর্মে ষষ্ঠী খ. কর্মে দ্বিতীয়া
গ. অপাদানে পঞ্চমী ঘ. সম্প্রদানে ষষ্ঠী
উত্তর: ক

◆ 'আমার গানের মালা আমি করব কারে দান' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২- রাজশাহী/প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ০৮/ মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ০৯]

ক. করণে সপ্তমী খ. কর্মে সপ্তমী
গ. কর্তায় সপ্তমী ঘ. অপাদানে সপ্তমী
উত্তর: খ

◆ "গুরুজনে ভক্তি কর।" 'গুরুজনে' কোন কারক? [বিভিন্ন শিক্ষক, গণবিজ্ঞপ্তি ২০১২/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ০৯]

ক. কর্তৃকারক খ. করণ কারক
গ. কর্মকারক ঘ. সম্প্রদান কারক
উত্তর: গ

◆ "পড়াশোনায় মন দাও।" বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [সহকারী শিক্ষক পদের জন্য জুনিয়র টেস্ট ও স্ট্রি লাইসেন্সের ২০১২/প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (মেল) : ১০]

ক. কর্তৃকারকে সপ্তমী খ. কর্মকারকে সপ্তমী
গ. অধিকরণ কারকে সপ্তমী ঘ. অপাদান কারকে সপ্তমী
উত্তর: খ

◆ "শিশুগণ দেয় মন নিজ নিজ পাঠে" বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (সহকারী শিক্ষক) : ০৮]

ক. অধিকরণে সপ্তমী খ. অপাদানে পঞ্চমী
গ. কর্মে পঞ্চমী ঘ. অধিকরণে পঞ্চমী
উত্তর: খ

করণ কারক : ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ বা সহায়ককেই করণ কারক বলা হয়। বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে কীসের দ্বারা বা কী উপায়ে প্রশ্ন করলে যে উত্তরটি পাওয়া যায়, তাই করণ কারক। যেমন:

ঘোড়াকে চাবুক মার।----------কীসের দ্বারা মার? চাবুক - করণ কারক।
জগতে কীর্তিমান হয় সাধনায়। -----কী উপায়ে কীর্তিমান হয়? সাধনা -করণ কারক।

◆ করণ কারকে বিভিন্ন বিভক্তির ব্যবহার :

- প্রথমা : রনি তাস খেলে
  ডাকাতেরা গৃহস্বামীর মাথায় লাঠি মেরেছে
  অহংকার পতনের মূল।
  নীল আকাশের নীচে আমি রাস্তা চলেছি একা
  বুদ্ধি খাটিয়ে কাজ কর
- ততীয়া : লাঙ্গল দ্বারা জমি চাষ করা হয়।
  মন দিয়া কর সবে বিদ্যা উপার্জন
- ষষ্ঠী : লাঠির ঘায়ে সাপটি মারা পড়ল।
  হাতের কাজ দেখাও।
  আত্মার সম্পর্কই আত্মীয়।
  কালির দাগ দাও।
  যখন পড়বে না মোর পায়ের চিহ্ন।
- সপ্তমী : শিকারি বিড়াল গোঁফে চেনা যায়।
  এত শঠতা, এত যে ব্যথা, তবু যেন তা মধুতে মাখা।

BookScan:www.fb.com/abubakar.chuadanga

MP3

কথা নয়, কাজে পরিচয়।
ব্যায়ামে শরীর ভাল থাকে
আলোয় আঁধায় কাটে।
অল্প শোকে কাতর
ফলে বৃক্ষের পরিচয়।
ফুলে ফুলে ঘর ভরেছে।
তিরিশ বছর ভিজায়ে রেখেছি দুই নয়নের জলে।
আশার ছলনে ভুলি কি ফল লভিনু হায়।
তিনি চোখে দেখেন না।
এ সাবানে কাপড় কাচা চলবে না।
এই কলমে ভাল লেখা হয়।
সে কি আপন রঙে মন রাঙাবে
নতুন ধান্যে হবে নবান্ন।
চেষ্টায় সব হয়।
নৌকায় নদী পার হলাম।
টাকায় কি না হয়।
টাকায় অসাধ্য সাধন হয়।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

- 'ফুলে ফুলে ঘর ভরেছে' কোন কারকে কোন বিভক্তি? *[দ্বাদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল পর্যায়) ২০১৫/১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়) -২০১৪/বাংলাদেশ নিরাপত্তা বিভাগের ভর্তি পরীক্ষা ০৫-০৬]*
  ক. অপাদানে সপ্তমী খ. কর্মে প্রথমা
  গ. করণে সপ্তমী ঘ. করণে শূন্য উত্তর: গ
- কর্তা যা দ্বারা ক্রিয়া সম্পাদন করে তাকে বলে- *[স্কুল টিচার (স্কুল) কর্মকর্তা ১৭]*
  ক. করণ কারক খ. কর্মকারক
  গ. কর্তৃকারক ঘ. অপাদান কারক উত্তর: ক
- কোন কারক নির্ণয় করুন: 'রনি তাস খেলে'। *[বাংলাদেশ টেলিকম এবং বিজনেস ডেভেলপমেন্ট (গ্রেড ২): ০৬]*
  ক. অধিকরণ খ. অপাদান
  গ. করণ ঘ. কর্তৃ উত্তর: গ
- 'এত শঠতা, এত যে ব্যথা,
  তবু যেন তা মধুতে মাখা।'-এ বাক্যে 'মধুতে' কোন কারক? *[বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক-২০১৪; সরকারি বিজ্ঞপ্তি (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা ২০১২]*
  ক. কর্মে সপ্তমী খ. করণে সপ্তমী
  গ. অপাদানে শূন্য ঘ. অধিকরণে দ্বিতীয়া উত্তর: খ
- "টাকায় অসাধ্য সাধন হয়।" বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? *[মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী ২০১৩/পরিবার পরিকল্পনা পরিদর্শক এবং পরিবার কল্যাণ সহকারী ২০১১/বাংলাদেশ বিমান বাহিনী নিবন্ধন ১৭]*
  ক. কর্মকারকে সপ্তমী খ. করণ কারকে সপ্তমী
  গ. অধিকরণ কারকে সপ্তমী ঘ. অপাদান কারকে সপ্তমী উত্তর: খ
- কোনটি করণ কারকে শূন্য বিভক্তির উদাহরণ? *[বাংলাদেশ রেলওয়ে বিভাগ প্রাথমিক ২০১২ ক্রম]*
  ক. কালির দাগ সহজে ওঠে না খ. বুদ্ধি খাটিয়ে কাজ কর উত্তর: খ
  গ. দুধ থেকে দই হয় ঘ. এ বৎসর খুব বন্যা হয়েছে

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

◆ ব্যায়ামে শরীর ভাল থাকে - বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা:২০১২ কর্মকর্তা]
ক. করণে ৭মী খ. কর্মে ৭মী
গ. অপাদানে ৭মী ঘ. অধিকরণে ৭মী উত্তরঃ ক

আলোয় আঁধায় কাটে- বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা:২০১২ কর্মকর্তা/রেজিস্ট্রার্ড কেয়েকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা: ২০১১]
ক. অধিকরণে ৭মী খ. করণে ৭মী
গ. অপাদানে ৭মী ঘ. কর্তায় ৭মী উত্তরঃ খ

◆ অল্প শোকে কাতর - বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [রেজিস্ট্রার্ড কেয়েকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা: ২০১১-লিটেলি]
ক. কর্তৃকারকে ২য়া খ. করণ কারকে ৭মী
গ. অপাদান কারকে ৭মী ঘ. অধিকরনে ৭মী উত্তরঃ খ

◆ নিম্নের কোন বাক্যে করণ কারকে শূন্য বিভক্তি ব্যবহৃত হয়েছে? [১২অ বিসিএস/ দুষ্টু ঘন বুদ্ধে প্রশিক্ষণ ১৬]
ক. ঘোড়াকে চাবুক মার খ. ডাক্তার ডাক
গ. গাড়ি স্টেশন ছেড়েছে ঘ. মুষলধারে বৃষ্টি পড়ছে উত্তরঃ ক

◆ 'অহংকার পতনের মূল' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২ সমা/প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ১০]
ক. কর্মে শূন্য খ. করণে শূন্য
গ. অপাদানে শূন্য ঘ. অধিকরণে শূন্য উত্তরঃ খ

◆ "নীল আকাশের নীচে আমি রাস্তা চলেছি একা।" 'রাস্তা' শব্দটির কারক-বিভক্তি কোনটি? [১৯ বিসিএস,গণিতিক,গণিতিক ০৯,প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ১]
ক. করণে শূন্য খ. কর্মে শূন্য
গ. অপাদানে শূন্য ঘ. কর্তায় শূন্য উত্তরঃ ক

◆ 'হাতের কাজ দেখাও' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক]
ক. অপাদানে ষষ্ঠী খ. কর্মে ৭মী
গ. করণে ষষ্ঠী ঘ. অধিকরণে ষষ্ঠী উত্তরঃ গ

◆ 'লাঠির ঘায়ে সাপটি মারা পড়ল'- বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ০৭]
ক. কর্তায় ৬ষ্ঠী খ. কর্মে ৬ষ্ঠী
গ. করণে ষষ্ঠী ঘ. অপাদানে ষষ্ঠী উত্তরঃ গ

"আত্মার সম্পর্কই আত্মীয়" নিম্নরেখ পদটি কোন কারকে কোন বিভক্তি? [বিবিতৌসিক ১৬]
ক. করণে ষষ্ঠী খ. কর্তৃকারকে ষষ্ঠী
গ. কর্মে ষষ্ঠী ঘ. অপাদানে ষষ্ঠী উত্তরঃ ক

◆ 'কালির দাগ দাও' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (মেরা বিভাগ): ০৯]
ক. কর্মে দ্বিতীয়া খ. করণে ষষ্ঠী
গ. অধিকরণে শূন্য ঘ. অপাদানে শূন্য উত্তরঃ খ

◆ 'যখন পড়বে না মোর পায়ের চিহ্ন' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে দ্বিতীয়া খ. করণে ষষ্ঠী [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (মেরা বিভাগ): ০৮]
গ. অধিকরণে ষষ্ঠী ঘ. অপাদানে ষষ্ঠী উত্তরঃ খ

BookScan:www.fb.com/abubakar.chuadanga

'কথা নয়, কাজে পরিচয়।' নিম্নরেখ পদটির কারক কোনটি? [illegible]

ক. অধিকরণ খ. কর্ম

গ. করণ ঘ. অপাদান উত্তরঃ গ

'আশার ছলনে ভুলি কি ফল লভিনু হায়' বাক্যে 'ছলনে' কোন কারকে কোন বিভক্তি? [illegible]

ক. করণে সপ্তমী খ. অধিকরণে সপ্তমী

গ. অপাদানে সপ্তমী ঘ. কর্মে সপ্তমী উত্তরঃ ক

'তিনি চোখে দেখেন না' - চোখে কোন কারক? [রেজিস্টার্ড কেরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০১১- টিপু/মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২- রাজশাহী/illegible]

ক. করণ খ. অধিকরণ

গ. অপাদান ঘ. সম্প্রদান উত্তরঃ ক

'এ সাবানে কাপড় কাচা চলবে না'- এখানে 'সাবানে' কোন কারকে কোন বিভক্তি? [illegible]

ক. কর্তায় প্রথমা খ. করণে প্রথমা

গ. কর্মে সপ্তমী ঘ. করণে সপ্তমী উত্তরঃ ঘ

এই কলমে ভাল লেখা হয়। এই বাক্যে নিম্নরেখ পদটি কোন কারকে কোন বিভক্তির উদাহরণ? [illegible]

ক. কর্তায় সপ্তমী খ. কর্মে সপ্তমী

গ. করণে সপ্তমী ঘ. অপাদানে সপ্তমী উত্তরঃ গ

'শিকারী বিড়াল গোঁফে চেনা যায়।'

এই বাক্যে 'গোঁফে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [illegible]

ক. করণে সপ্তমী খ. সম্প্রদানে সপ্তমী

গ. অধিকরণে সপ্তমী ঘ. কর্মে সপ্তমী উত্তরঃ ক

'তিরিশ বছর ভিজায়ে রেখেছি দুই নয়নের জলে' এখানে 'জলে' শব্দটির কারক ও বিভক্তি কোনটি? [illegible]

ক. অধিকরণে সপ্তমী খ. করণে সপ্তমী

গ. কর্মে সপ্তমী ঘ. কর্মে শূন্য উত্তরঃ খ

নিম্নরেখ পদটির কারক লিখঃ 'সে কি আপন রঙে মন রাঙাবে'? [illegible]

ক. অধিকরণ খ. কর্ম

গ. করণ ঘ. অপাদান উত্তরঃ গ

"নতুন ধান্যে হবে নবান্ন" বাক্যে 'ধান্যে' কোন কারকে কোন বিভক্তির উদাহরণ? [illegible]

ক. অধিকরণে সপ্তমী খ. নিমিত্তার্থে চতুর্থী

গ. করণে সপ্তমী ঘ. অপাদানে সপ্তমী উত্তরঃ গ

'জগতে কীর্তিমান হও সাধনায়' কোন কারকে কোন বিভক্তি? [illegible]

ক. করণে ১মা খ. করণে ২য়া উত্তরঃ গ

গ. করণে ৭মী ঘ. অধিকরণে ৭মী

"নৌকায় নদী পার হলাম।" বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [illegible]

ক. করণে সপ্তমী খ. সম্প্রদানে চতুর্থী উত্তরঃ ক

গ. অপাদানে পঞ্চমী ঘ. অধিকরণে সপ্তমী

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

◆ 'টাকায় কি না হয়'- 'টাকায়' কোন কারকে কোন বিভক্তি? [illegible]
ক. করণে ৬ষ্ঠী
খ. করণে ৭মী
গ. অধিকরণে ৭মী
ঘ. অপাদানে শূন্য
উত্তরঃ খ

সম্প্রদান কারক : যাকে স্বত্ব ত্যাগ করে দান, অর্চনা, সাহায্য ইত্যাদি করা হয়, তাকে (সংস্কৃত ব্যাকরণ অনুযায়ী) সম্প্রদান কারক বলে। স্বত্ব ত্যাগ করে না দিলে কর্ম কারক হবে।

- পলাতক দাসে দাও স্বাধীনতা। ---- কাকে দাও? দাসে- সম্প্রদান কারক। (স্বত্ব ত্যাগ করেছে বলে)
- ধোপাকে কাপড় দাও। ------কাকে দাও? ধোপাকে --কর্মকারক। (স্বত্ব ত্যাগ করে নাই বলে)

◆ সম্প্রদান কারকে বিভিন্ন বিভক্তির ব্যবহার:

- চতুর্থী : ভিক্ষুককে ভিক্ষা দাও।
- ষষ্ঠী : তোমার পূজার ছলে তোমায় ভুলেই থাকি।
- সপ্তমী : সৎপাত্রে কন্যা দান কর।
  সমিতিতে চাঁদা দাও।
  অন্ধজনে দেহ আলো।
  গৃহহীনে গৃহ দাও।
  গুরুজনে কর ভক্তি।

◆ জ্ঞাতব্য : নিমিত্তার্থে কে বিভক্তি যুক্ত হলে সেখানে চতুর্থী বিভক্তি হয়। যেমন : বেলা যে পড়ে এল, জলকে চল।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◆ 'ভিখারিকে ভিক্ষা দাও' কোন কারকে কোন বিভক্তি? [ছাদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যায়ন পরীক্ষা (মূল পর্যায়) ২০১৫]
ক. কর্তৃকারক
খ. করণ কারক
গ. সম্প্রদানে ৪র্থী
ঘ. অপাদান কারক
উত্তরঃ গ

◆ 'অন্ধজনে দেহ আলো।'–বাক্যে 'অন্ধজনে' কোন কারকে কোন বিভক্তি? [১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধ ও প্রত্যায়ন পরীক্ষা (মূল/সমপর্যায়-২)-২০১৪]
ক. কর্মে ৭মী
খ. কর্মে ২য়া
গ. সম্প্রদানে ৭মী
ঘ. সম্প্রদানে ৪র্থী
উত্তরঃ গ

◆ 'গুরুজনে কর ভক্তি'-'গুরুজনে' কোন প্রকারের কারক? [প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক, গবেষণা কর্মকর্তা, টেলিফোন ইঞ্জিনিয়ার ও সহকারী কন্সিলটার হোমার ২০১৩]
ক. কর্তৃকারক
খ. করণ কারক
গ. সম্প্রদান কারক
ঘ. অপাদান কারক
উত্তরঃ গ

◆ 'তোমার পূজার ছলে তোমায় ভুলেই থাকি'- বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা: ২০১২ - রেজনা]
ক. সম্প্রদানে ৬ষ্ঠী
খ. কর্মে ৭মী
গ. সম্প্রদানে ৭মী
ঘ. অপাদানে ৬ষ্ঠী
উত্তরঃ ক

BookScan:www.fb.com/abubakar.chuadanga

MP3

♦ কোনটি সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তির উদাহরণ? [illegible]
ক. ভিক্ষা দাও দেখিলে ভিক্ষুক খ. ভিক্ষা দাও দুয়ারে ভিক্ষুক
গ. ভিক্ষুককে ভিক্ষা দেয় ঘ. ভিক্ষুককে ভিক্ষা দাও
ঙ. ভিক্ষুক ভিক্ষা পায় উত্তরঃ ঘ

♦ 'পলাতক দাসে দাও স্বাধীনতা'- এখানে 'দাসে' কোন কারকে কোন বিভক্তি? [illegible]
ক. করণে সপ্তমী খ. সম্প্রদানে সপ্তমী
গ. অধিকরণে সপ্তমী ঘ. কর্মে প্রথমা উত্তরঃ খ

♦ 'গৃহহীনে গৃহ দাও' বাক্যে গৃহহীনে কোন কারক-বিভক্তি? [illegible]
ক. কর্তায় এ বিভক্তি খ. কর্মে এ বিভক্তি
গ. সম্প্রদানে সপ্তমী ঘ. অধিকরণে সপ্তমী উত্তরঃ গ

অপাদান কারক : যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয়, তাকেই অপাদান কারক বলে।
ক্রিয়ার সঙ্গে কোথা হতে / কি হতে / কিসের হতে যোগ করে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তা-ই অপাদান কারক।যেমন :

- গাড়ি স্টেশন ছাড়ে।----------কোথা হতে ছাড়ে? স্টেশন- অপাদান কারক
- তিলে তৈল হয়। ---------- কি হতে হয়? তিল - অপাদান কারক ।

বিচ্যুত : গাছ থেকে পাতা পড়ে।
মেঘ থেকে বৃষ্টি পড়ে।
গৃহীত : শুক্তি থেকে মুক্তো মেলে। দুধ থেকে দই হয়।
জাত : জমি থেকে ফসল পাই। খেজুর রসে গুড় হয়। টাকায় টাকা হয়।
বিরত : পাপে বিরত হও।
দূরীভূত : দেশ থেকে পঙ্গপাল চলে গেছে।
রক্ষিত : বিপদে মোরে রক্ষা কর।
আরম্ভ : সোমবার থেকে পরীক্ষা শুরু।
ভীত : আমি কি ডরাই সখি ভিখারী রাঘবে।
স্থান ত্যাগ : গাড়ি স্টেশন ছাড়ে।

♦ অপাদান কারকে বিভিন্ন বিভক্তির প্রয়োগ :

- প্রথমা : বোঁট-আলগা ফল গাছে থাকে না।
  মনে পড়ে সেই জৈষ্ঠ্যের দুপুরে পাঠশালা পলায়ন।
  স্কুল পালিয়ে রবীন্দ্রনাথ হওয়া যায় না।
- দ্বিতীয়া : বাবাকে বড্ড ভয় পাই।
  সে তোমাকে ভয় পায়
- তৃতীয়া : তার চোখ দিয়ে পানি পড়ে।
- পঞ্চমী : ধন হইতে সুখ হয় না।
- ষষ্ঠী : যেখানে বাঘের ভয়, সেখানে সন্ধ্যে হয়।
  বর্ষাকালে সাপের ভয়।
  বাদলের ধারা ঝরে ঝর ঝর।
- সপ্তমী : সাদা মেঘে বৃষ্টি হয় না।
  আমি কি ডরাই সখি ভিখারী রাঘবে?

www.tb.com/tanbir.cox

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

কি সাহসে ওখানে গেলে।
বিপদে মোরে রক্ষা কর এ নহে মোর প্রার্থনা।
খনিতে সোনা পাওয়া যায়
সব ঝিনুকে মুক্তা মেলে না।
পরাজয়ে ডরে না বীর
বজ্রে তোমার বাজে বাঁশী
স্কুল পালিয়ে কেউ রবীন্দ্রনাথ হয় না

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

১৭. গাড়ী 'ষ্টেশন' ছাড়ল-এখানে কোন কারকে কোন বিভক্তি? [দ্বাদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (কলেজ পর্যায়) ২০১৫]
ক. কর্মে ৭মী খ. কর্তায় শূন্য
গ. অপাদান কারকের শূন্য ঘ. অধিকরণে শূন্য
উত্তর: গ

◆ কারক নির্ণয় করুন-লোভে পাপ পাপে মৃত্যু। [১০ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১৪]
ক. কর্মকারক খ. সম্প্রদান কারক
গ. অপাদান কারক ঘ. অধিকরনকারক
উত্তর: গ

◆ 'মেঘে বৃষ্টি হয়'-এখানে কারক হলো- [জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ব্যক্তিগত সহকারী ২০১৩]
ক. অধিকরণ খ. অপাদান
গ. করণ ঘ. কর্ম
উত্তর: খ

◆ 'স্কুল পালিয়ে কেউ রবীন্দ্রনাথ হয় না'- কোন কারকে কী বিভক্তি? [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক-২০১৩]
ক. কর্মে ষষ্ঠী খ. করণে তৃতীয়া
গ. অপাদানে সপ্তমী ঘ. অধিকরণে শূন্য
উত্তর: গ

◆ বজ্রে তোমার বাজে বাঁশী - কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫/কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স-এর কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর-২০১৪]
ক. অপাদানে ৭মী খ. অধিকরণে ৭মী
গ. করনে ১মা ঘ. কর্তায় শূন্য
উত্তর: ক

◆ 'ধন হইতে সুখ হয় না' বাক্যের নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১২ কুমিল্লা]
ক. কর্মে ৫মী খ. করণে ৩য়া
গ. অপাদানে ৫মী ঘ. কর্তায় ৭মী
উত্তর: গ

◆ 'পরাজয়ে ডরে না বীর' বাক্যের নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২- চট্টগ্রাম]
ক. করণে ৭মী খ. অধিকরণে ৭মী
গ. কর্মে ৭মী ঘ. অপাদানে ৭মী
উত্তর: ঘ

◆ খনিতে সোনা পাওয়া যায়- বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা:২০১২ কুমিল্লা]
ক. করণে ৭মী খ. অপাদানে ৭মী
গ. অধিকরনে ৭মী ঘ. কর্তায় ৭মী
উত্তর: খ

◆ 'সে তোমাকে ভয় পায়'- বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা: ২০১২ - যশোর]
ক. কর্মে শূণ্য খ. অধিকরণে ২য়া
গ. অপাদানে ২য়া ঘ. অপাদানে ৩য়া
উত্তর: গ

BookScan:www.fb.com/abubakar.chuadanga

MP3

"কুল পালিয়ে রবীন্দ্রনাথ হওয়া যায় না।" এখানে কুল কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক, চট্টগ্রাম: ০১]

ক. কর্তায় শূন্য খ. অপাদানে শূন্য
গ. করণে শূন্য ঘ. অধিকরণে শূন্য উত্তরঃ খ

"মনে পড়ে সেই জ্যেষ্ঠ্যের দুপুরে পাঠশালা পলায়ন।" 'পাঠশালা' কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক, কুষ্টিয়া: ০১]

ক. অধিকরণে শূন্য খ. অপাদানে প্রথমা
গ. কর্মে শূন্য ঘ. করণে প্রথমা উত্তরঃ খ

'গাড়ী স্টেশন ছাড়ল' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [১০ম রেজিস্টার্ড প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১৪]/[রেজিস্টার্ড রেজিস্টারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা: ২০১১-বিটিসি]/[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (রাজশাহী বিভাগ): ০৯]

ক. কর্তায় শূন্য খ. কর্মে শূন্য
গ. করণে শূন্য ঘ. অপাদানে শূন্য উত্তরঃ ঘ

'তার চোখ দিয়ে পানি পড়ে।' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩/প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (রাজশাহী বিভাগ): ০৭]

ক. কর্মকারকে তৃতীয়া খ. করণে তৃতীয়া
গ. অপাদানে তৃতীয়া ঘ. অধিকরণে তৃতীয়া উত্তরঃ গ

'মেঘ থেকে বৃষ্টি হয়।' এই বাক্যের 'মেঘ থেকে' কোন কারকে কোন বিভক্তি? [জাতীয় বেতন স্কেল ২০১৫: ০৬]

ক. কর্তৃকারকে দ্বিতীয়া বিভক্তি খ. কর্মকারকে তৃতীয়া বিভক্তি
গ. অপাদানে পঞ্চমী বিভক্তি ঘ. অধিকরণে সপ্তমী বিভক্তি উত্তরঃ গ

'সাদা মেঘে বৃষ্টি হয় না'- এখানে 'মেঘে' কোন কারক? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ০৯]

ক. কর্ম খ. অপাদান
গ. সম্প্রদান ঘ. অধিকরণ উত্তরঃ খ

"কি সাহসে ওখানে গেলে" বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ১]

ক. কর্তায় সপ্তমী খ. কর্মে সপ্তমী
গ. করণে সপ্তমী ঘ. অপাদানে সপ্তমী উত্তরঃ ঘ

'বাদলের ধারা ঝরে ঝর ঝর' নিম্নরেখ পদটির কারক ও বিভক্তি কোনটি?

ক. অধিকরণে দ্বিতীয়া খ. সম্প্রদানে চতুর্থী [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ০৭]
গ. অপাদানে ষষ্ঠী ঘ. কর্মে সপ্তমী উত্তরঃ গ

"বর্ষাকালে সাপের ভয়" 'সাপের' কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক, কুষ্টিয়া: ০৩]

ক. সম্প্রদানে ষষ্ঠী খ. অধিকরণে ষষ্ঠী
গ. করণে ষষ্ঠী ঘ. অপাদানে ষষ্ঠী উত্তরঃ ঘ

'যেখানে বাঘের ভয়, সেখানে সন্ধ্যা হয়' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ০৮]

ক. অপাদানে ৬ষ্ঠী খ. কর্মে ৬ষ্ঠী উত্তরঃ ক
গ. অপাদানে ৭মী ঘ. করণে শূন্য

"বিপদে মোরে রক্ষা কর এ নহে মোর প্রার্থনা" বাক্যে 'বিপদে' কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ০৭]/[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (রাজশাহী বিভাগ): ০৭]/[কলেজের সহকারী অধ্যাপক নিয়োগের সহকারী শিক্ষক: ০৭]/[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (রাজশাহী বিভাগ): ০৭]

ক. করণে সপ্তমী খ. কর্তায় সপ্তমী উত্তরঃ গ
গ. অপাদানে সপ্তমী ঘ. অধিকরণে সপ্তমী

www.bdjobs.com

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

◆ 'আমি কি ডরাই সখি ভিখারী রাঘবে' এখানে 'রাঘবে' কোন কারক? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা:২০১২ যশোর/চবি ভর্তি পরীক্ষা ৫ ইউনিট ১৪-১৫]

ক. কর্তৃকারক
খ. করণকারক
গ. অপাদান
ঘ. সম্প্রদান

উত্তর: গ

◆ "সব ঝিনুকে মুক্তা মেলে না" বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [পাবলিক বিশ্ববিদ্যালয়]

ক. কর্তায় দ্বিতীয়া
খ. কর্মে দ্বিতীয়া
গ. অপাদানে সপ্তমী
ঘ. অধিকরণে সপ্তমী

উত্তর: গ

অধিকরণ কারক : ক্রিয়া সম্পাদনের কাল (সময়) এবং আধারকে অধিকরণ কারক বলে। ক্রিয়ার সঙ্গে কোথায় / কিসে / কখন যোগ করে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তা-ই অধিকরণ কারক। অর্থাৎ স্থান-সময়-বিষয় বুঝালে অধিকরণ কারক হয়। যেমন:

- আকাশে চাঁদ উঠেছে।---------- কোথায় উঠেছে? আকাশে- অধিকরণ কারক।
- রকিব অঙ্কে কাঁচা ।---------- কিসে কাঁচা? অঙ্কে -অধিকরণ কারক।
- প্রভাতে সূর্য ওঠে ।---------- কখন ওঠে? প্রভাতে-অধিকরণ কারক।

আধার (স্থান) : আকাশে তো আমি রাখি নাই মোর উড়িবার ইতিহাস।
কাননে কুসুম কলি সকলি ফুটিল।
পৃথিবীতে কে কাহার?

কাল (সময়) : প্রভাতে উঠিল রবি লোহিত বরণ।
পরের দিন উৎসব।

অধিকরণ কারক তিন প্রকার :

ক. কালাধিকরণ খ. আধারাধিকরণ গ. ভাবাধিকরণ

◆ আধারাধিকরণ : আধারাধিকরণ তিন ভাগে বিভক্ত :

১. ঐকদেশিক ২. অভিব্যাপক ৩. বৈষয়িক।

- ঐকদেশিক আধারাধিকরণ : বিরাট স্থানের যে কোনো অংশে ক্রিয়া সংঘটিত হলে, তাকে ঐকদেশিক আধারাধিকরণ বলে।

  পুকুরে মাছ আছে । (পুকুরের যে কোনো এক স্থানে)
  বনে বাঘ আছে। (বনের যে কোনো এক অংশে)

  সামীপ্য অর্থেও ঐকদেশিক অধিকরণ হয়। যেমন :

  ঘাটে নৌকা বাঁধা আছে (ঘাটের কাছে)।
  দুয়ারে দাঁড়ায়ে প্রার্থী, ভিক্ষাদেহ তারে (দুয়ারের কাছে)।
  রাজার দুয়ারে হাতি বাঁধা (দুয়ারের কাছে)।

- অভিব্যাপক আধারাধিকরণ : উদ্দিষ্ট বস্তু যদি সমগ্র আধার ব্যাপ্ত করে বিরাজমান থাকে, তবে তাকে অভিব্যাপক আধারাধিকরণ বলে। যেমন :

  তিলে তৈল আছে। (তিলের সারা অংশ ব্যাপী)
  নদীতে পানি আছে। (নদীর সমস্ত অংশ ব্যাপ্ত করে)

- বৈষয়িক আধারাধিকরণ: বিষয় বিশেষে বা কোনো বিশেষ গুণে কারও কোনো দক্ষতা বা ক্ষমতা থাকলে সেখানে বৈষয়িক অধিকরণ হয়।

BookScan:www.fb.com/tanbir.ebook/banglaboi

তিনি ব্যাকরণে পণ্ডিত।
ধর্মে তোমার মতি হোক।

- ভাবাধিকরণ : যদি কোনো ক্রিয়াবাচক বিশেষ্য অন্য ক্রিয়ার কোনো রূপ ভাবের অভিব্যক্তি প্রকাশ করে, তবে তাকে ভাবাধিকরণ বলে। ভাবাধিকরণে সর্বদাই সপ্তমী বিভক্তির প্রয়োগ হয় বলে একে ভাবে সপ্তমী বলা হয়। যেমন :

সূর্যোদয়ে অন্ধকার দূরীভূত হয়। আলোয় আঁধার কাটে।
কান্নায় শোক কমে।

- অধিকরণ কারকে বিভিন্ন বিভক্তির প্রয়োগ:

- প্রথমা : বাড়ি ঘুরে এস।
  রোববার স্কুল বন্ধ।
  আগামীকাল বাড়ি যাব
- দ্বিতীয়া : হৃদয় আমার নাচেরে আজিকে।
  আজিকে নগদ কালকে ধার।
- তৃতীয়া : খিলিপান দিয়ে ঔষধ খাবে।
- পঞ্চমী : বাড়ি থেকে নদী দেখা যায়।
- ষষ্ঠী : আমরা স্বাধীন বাংলাদেশের নাগরিক।
  এই নদীর মাছ বড়।
- সপ্তমী : আষাঢ়ে বৃষ্টি নামে
  পড়াশোনায় মন দাও
  নেহাল অঙ্কে খুব কাঁচা
  সন্ধ্যারাগে ঝিলিমিলি ঝিলমের স্রোতখানি বাঁকা।
  ঘরেতে ভ্রমর এল গুণগুণিয়ে।
  আয়ু যেন পদ্মা পাতায় নীড়।
  রাজার দুয়ারে হাতি বাঁধা।
  পাতায় পাতায় পড়ে শিশির।
  গগণে গরজে মেঘ ঘন বরষা
  'সর্বাঙ্গে ব্যথা, ঔষধ দিব কোথা।
  গোয়ালে গরু আছে।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

- 'আকাশে চাঁদ উঠেছে' । এখানে 'আকাশে' কোন প্রকারের অধিকরণ? [ঢাকা বোর্ডের প্রত্যায়ন পরীক্ষা (স্কুল পর্যায়) ২০১৫]
  ক. কর্তৃকারকে সপ্তমী খ. কর্মকারকে সপ্তমী
  গ. অপাদান কারকে তৃতীয়া ঘ. ঐকদেশিক অধিকরণ
  উত্তর: ঘ
- অধিকরণ কারক কত প্রকার?
  ক. দুই প্রকার খ. তিন প্রকার
  গ. চার প্রকার ঘ. পাঁচ প্রকার
  উত্তর: খ
- অধিকরণ কারকে সপ্তমী বিভক্তির উদাহরণ কোনটি? [বর্ডার বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৩]
  ক. বুলবুলিতে ধান খেয়েছে খ. গোয়ালে গরু আছে
  গ. সৎপাত্রে কন্যা দান কর ঘ. পরাজয়ে ডরে না বীর
  উত্তর: খ

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

◆ কোনটি অধিকরণ কারকে সপ্তমী বিভক্তির উদাহরণ? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২- কুমিল্লা]
ক. লোকে কিনা বলে খ. তুমি যে আমার কবিতা
গ. গগণে গরজে মেঘ ঘন বরষা ঘ. জলে বাষ্প হয়
উত্তর: গ

◆ অধিকরণ কারকে শূন্য বিভক্তির উদাহরণ কোনটি? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক পরীক্ষা ২০১২-দিনাজপুর]
ক. আমার আহারে রুচি নাই খ. আগামীকাল বাড়ি যাব
গ. আকাশ মেঘে আচ্ছন্ন ঘ. কাজে অবসর নিলাম
উত্তর: খ

◆ পড়াশোনায় মন দাও বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [রেজিস্ট্রেশন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮-টি]
ক. কর্তায় ৭মী খ. কর্মে ৭মী
গ. অপাদানে শূণ্য ঘ. অধিকরণে ৭মী
উত্তরঃ ঘ

◆ 'এই নদীর মাছ বড়।' বাক্যের নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২ গম্বা]
ক. অধিকরণে ২য়া খ. অপাদানে ৭মী
গ. করণে ৭মী ঘ. অধিকরণে ৬ষ্ঠী
উত্তরঃ ঘ

◆ আষাঢ়ে বৃষ্টি নামে - বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি ? [রেজিস্ট্রেশন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮-টি]
ক. কর্তায় ৭মী খ. কর্মে ৭মী
গ. অপাদানে ৭মী ঘ. অধিকরন কারকে ৭মী
উত্তরঃ ঘ

◆ নেহাল অঙ্কে খুব কাঁচা- বাক্যে নিম্মরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২ - সুনামগঞ্জ]
ক. কর্মে সপ্তমী খ. করণে সপ্তমী
গ. অপাদানে সপ্তমী ঘ. অধিকরণে সপ্তমী
উত্তর: ঘ

◆ "বাড়ি ঘুরে এস" বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক]
ক. কর্মে দ্বিতীয়া খ. করণে তৃতীয়া
গ. অপাদানে প্রথমা ঘ. অধিকরণে প্রথমা
উত্তরঃ ঘ

◆ 'পরের দিন উৎসব' বাক্যে মাঝের শব্দটি কোন কারকের উদাহরণ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক]
ক. অধিকরণ কারক খ. অপাদান কারক
গ. সম্প্রদান কারক ঘ. কর্তৃকারক
উত্তরঃ ক

◆ "হৃদয় আমার নাচেরে আজিকে" বাক্যে নিম্নরেখ শব্দটি কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ০৭]
ক. অপাদানে সপ্তমী খ. অধিকরণে ২য়া
গ. কর্মে ৬ষ্ঠী ঘ. করণে ২য়া
উত্তরঃ খ

◆ "আজিকে নগদ কালকে ধার।" বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২- বরিশাল/প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ১০]
ক. অপাদানে দ্বিতীয়া খ. অধিকরণে দ্বিতীয়া
গ. কর্মে শূন্য ঘ. করণে দ্বিতীয়া
উত্তরঃ খ

◆ "খিলিপান দিয়ে ঔষধ খাবে।" বাক্যে খিলিপান দিয়ে কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক, ছবিটি ০৯]
ক. অধিকরণে পঞ্চমী খ. অপাদানে পঞ্চমী
গ. করণে তৃতীয়া ঘ. করণে সপ্তমী
ঙ. অধিকরণে তৃতীয়া
উত্তরঃ ঙ

BookScan:www.fb.com/abubakar.chuadanga

MP3

অধিকরণ কারকে পঞ্চমী বিভক্তির উদাহরণ- [illegible]

ক. বাড়ি থেকে নদী দেখা যায় খ. তিনি ঢাকা থেকে এসেছেন

গ. সোমবার থেকে পরীক্ষা শুরু ঘ. জমি থেকে ফসল পাই উত্তরঃ ক

'সূর্যোদয়ে অন্ধকার দূরীভূত হয়।' এখানে সূর্যোদয়ে কোন কারকে কোন বিভক্তি? [illegible]

ক. অধিকরণে সপ্তমী খ. করণে সপ্তমী

গ. করণে তৃতীয়া ঘ. অধিকরণে তৃতীয়া উত্তরঃ ক

'আলোয় আঁধার কাটে'-এই বাক্যের 'আলোয়' কোন কারকে কোন বিভক্তি? [illegible]

ক. কর্তায় সপ্তমী খ. করণে সপ্তমী

গ. অপাদানে সপ্তমী ঘ. অধিকরণে সপ্তমী উত্তরঃ ঘ

'প্রভাতে উঠিল রবি লোহিত বরণ' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তির উদাহরণ? [illegible]

ক. অধিকরণে সপ্তমী খ. করণে ৩য়া

গ. অপাদানে সপ্তমী ঘ. কর্তায় ৭মী উত্তরঃ ক

"সন্ধ্যারাগে ঝিলিমিলি ঝিলমের স্রোতখানি বাঁকা" 'সন্ধ্যারাগে' কোন কারক? [illegible]

ক. কর্ম খ. করণ

গ. অধিকরণ ঘ. অপাদান উত্তরঃ গ

'আকাশে তো আমি রাখিনাই মোর উড়িবার ইতিহাস'-এই বাক্যে 'আকাশে' শব্দটি কোন কারকে কোন বিভক্তির উদাহরণ? [illegible]

ক. কর্তৃকারকে সপ্তমী খ. কর্মকারকে সপ্তমী

গ. অপাদান কারকে তৃতীয়া ঘ. অধিকরণ কারকে সপ্তমী উত্তরঃ ঘ

অধিকরণ কারকে সপ্তমী বিভক্তির উদাহরণ আছে কোন বাক্যটিতে? [illegible]

ক. ডানার রৌদ্রের গন্ধ মুছে ফেলে চিল খ. কাজের পরিচয় ফলে বোঝা যায়

গ. ফুলের গন্ধে ঘুম আসে না একলা জেগে রই

ঘ. আকাশে তো আমি রাখি নাই মোর উড়িবার ইতিহাস উত্তরঃ ঘ

'পৃথিবীতে কে কাহার?'- এই বাক্যে পৃথিবীতে পদটি কোন কারকে কোন বিভক্তিতে সম্পন্ন? [illegible]

ক. অপাদানে পঞ্চমী খ. কর্মে দ্বিতীয়া

গ. অধিকরণে সপ্তমী ঘ. করণে তৃতীয়া উত্তরঃ গ

'পুকুরে মাছ আছে' বাক্যে 'পুকুরে' কোন কারকে কোন বিভক্তি? [illegible]

ক. করণে সপ্তমী খ. কর্তায় সপ্তমী

গ. অপাদানে সপ্তমী ঘ. অধিকরণে সপ্তমী উত্তরঃ ঘ

"ঘরেতে ভ্রমর এল গুণগুণিয়ে" 'ঘরেতে' কোন কারক? [illegible]

ক. করণে ৭মী খ. কর্মে ৭মী

গ. অধিকরণে ৭মী ঘ. অপাদানে ৭মী উত্তরঃ গ

"আয় যেন পদ্মা পাতায় নীড়।" এই বাক্যে 'পদ্মা পাতায়'- [illegible]

ক. কর্মকারক খ. করণ কারক

গ. অধিকরণ কারক উত্তরঃ ঘ

www.jh.comilla.edu

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

◆ 'তিনি ব্যাকরণে পণ্ডিত' নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [illegible]

ক. কর্মে ৭মী — খ. করণে ৭মী
গ. অপাদানে ৭মী — ঘ. অধিকরণে ৭মী

উত্তরঃ ঘ

◆ 'কাননে কুসুম কলি সকলি ফুটিল' এ বাক্যে 'কাননে' কোন কারক ও বিভক্তি? [illegible]

ক. কর্মে সপ্তমী — খ. অপাদানে সপ্তমী
গ. অধিকরণে সপ্তমী — ঘ. করণে শূন্য

উত্তরঃ গ

◆ "রাজার দুয়ারে হাতি বাঁধা" 'দুয়ারে' পদটি কোন কারক? [illegible]

ক. করণ — খ. সম্প্রদান
গ. অপাদান — ঘ. অধিকরণ

উত্তরঃ ঘ

◆ "পাতায় পাতায় পড়ে শিশির" কোন কারকে কোন বিভক্তি? [রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১১-গোপাল/[illegible] পরীক্ষা, [illegible] ১৫-১৬]

ক. করণে ৭মী ও কর্মে ২য়া — খ. অধিকরণে ৭মী ও কর্মে শূন্য
গ. কর্মে ৭মী ও অধিকরণে শূন্য — ঘ. কর্তায় ৭মী ও অপাদানে শূন্য

উত্তরঃ খ

◆ 'কান্নায় শোক কমে।' এ বাক্যে 'কান্নায়' কোন কারক? [illegible]

ক. অধিকরণ কারক — খ. অপাদান কারক
গ. সম্প্রদান কারক — ঘ. করণ কারক

উত্তরঃ ক

◆ 'সর্বাঙ্গে ব্যথা, ঔষধ দিব কোথা' কোন কারকে কোন বিভক্তি? [illegible]

ক. কর্তায় সপ্তমী — খ. অপাদানে তৃতীয়া
গ. অধিকরণে তৃতীয়া — ঘ. অধিকরণে সপ্তমী

উত্তরঃ ঘ

◆ 'ধর্মে তোমার মতি হোক।' বাক্যে নিম্নের শব্দটি কোন কারক কোন বিভক্তি? [illegible] (IDB-ADP Project'e o)]

ক. কর্তৃকারকে সপ্তমী — খ. কর্মে সপ্তমী
গ. করণে সপ্তমী — ঘ. অধিকরণে সপ্তমী

উত্তরঃ ঘ

◆ 'আমরা স্বাধীন বাংলাদেশের নাগরিক'- কোন কারকে কোন বিভক্তি? [illegible]

ক. কর্মে ৬ষ্ঠী — খ. করণে শূন্য
গ. অধিকরণে ৬ষ্ঠী — ঘ. করণে সপ্তমী

উত্তরঃ গ

◆ 'মাঠে ধান ফলেছে।' বাক্যে 'মাঠে' কোন কারক? [রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১১-[illegible]]

ক. স্থানধিকরণ — খ. কালাধিকরণ
গ. বিষয়াধিকরণ — ঘ. ভাবাধিকরণ

উত্তরঃ ক

মনে রাখা ভাল

প্রশ্নঃ 'তিলে তৈল হয়' এবং 'তিলে তৈল আছে' কোন কারকে কোন বিভক্তি?

উত্তরঃ তিলে তৈল হয় ঃ অপাদানে সপ্তমী ।
তিলে তৈল আছে ঃ অধিকরণে সপ্তমী।

প্রশ্নঃ 'রোববার থেকে স্কুল বন্ধ' এবং 'রোববার স্কুল বন্ধ' কোন কারকে কোন বিভক্তি?

উত্তরঃ রোববার থেকে স্কুল বন্ধ ঃ অপাদানে পঞ্চমী। (আরম্ভ অর্থে)
রোববার স্কুল বন্ধ ঃ অধিকরণে শূন্য। (কাল অর্থে)

BookSeen:www.fb.com/abubakar.chuadanga

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◆ 'তিলে তৈল হয়' কোন কারকে কোন বিভক্তি? [পরিবার পরিকল্পনা অধিদপ্তর অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর ২০১১/ বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, গ ইউনিট: ১০-১১/ সড়ক ও জনপথ অধিদপ্তরে উপসহকারী প্রকৌশলী, সিলেট: ০৯/ পল্লী কর্মসংস্থান ব্যাংকে অফিসার কনসিলিয়েশন: ০৯]

ক. কর্তৃকারকে প্রথমা খ. অপাদানে সপ্তমী
গ. সম্প্রদানে চতুর্থী ঘ. অধিকরণে সপ্তমী
উত্তরঃ খ

◆ "রোববার স্কুল বন্ধ" এখানে 'রোববার' কোন কারকে কোন বিভক্তি? [রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা ১০-১১]

ক. কর্তায় শূন্য খ. অপাদানে শূন্য
গ. অধিকরণে শূন্য ঘ. কর্মে শূন্য
উত্তরঃ গ

সমাস

■ সংজ্ঞা ঃ সমাস শব্দের অর্থ সংক্ষেপ, মিল বা একাধিক পদের একপদীকরণ। অর্থ সমৃদ্ধ আছে এমন একাধিক শব্দের এক সঙ্গে যুক্ত হয়ে একটি বড় শব্দ গঠনের প্রক্রিয়াকে সমাস বলে। সমাসের রীতি সংস্কৃত থেকে বাংলায় এসেছে।

- সমাসের প্রক্রিয়ায় সমাসবদ্ধ বা সমাসনিষ্পন্ন পদটির নাম সমস্ত পদ।
- সমস্ত পদকে ভেঙে যে বাক্যাংশ করা হয়, তার নাম সমাসবাক্য/ ব্যাসবাক্য/বিগ্রহবাক্য।
- সমস্ত পদ বা সমাসবদ্ধ পদটির অন্তর্গত পদগুলোকে সমস্যমান পদ বলে।
- সমাসযুক্ত পদের প্রথম অংশকে বলা হয় পূর্বপদ বলে।
- পরবর্তী অংশকে বলা হয় উত্তরপদ বা পরপদ বলে।

উদাহরণ ঃ সিংহ চিহ্নিত আসন = সিংহাসন ।

সমস্ত পদ	ঃ	সিংহাসন ।
ব্যাসবাক্য	ঃ	সিংহ চিহ্নিত আসন ।
সমস্যমান পদ	ঃ	সিংহ, আসন।
পূর্বপদ	ঃ	সিংহ ।
পরপদ/ উত্তরপদ	ঃ	আসন ।

■ বৈশিষ্ট্য ঃ

- বাক্যে শব্দের ব্যবহার সংক্ষেপ করা ।
- দুই বা ততোধিক শব্দের সমন্বয়ে নতুন অর্থবোধক শব্দ সৃষ্টি।

■ শ্রেণিবিভাগ ঃ

◆ সাধারণভাবে ঃ

- প্রধান সমাস ঃ ছয় প্রকার ।
  ১. দ্বন্দ্ব ২. কর্মধারয় ৩. তৎপুরুষ
  ৪. বহুব্রীহি ৫. দ্বিগু ৬. অব্যয়ীভাব ।
- অপ্রধান সমাস ঃ প্রাদি, নিত্য, অলুক ইত্যাদি ।

www.tb.com/tanbir.cox

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

◆ বৈশিষ্ট্যের বিচারে ঃ চারপ্রকার-

- অব্যয়ীভাব সমাস ঃ পূর্বপদের অর্থ প্রধান ।
- তৎপুরুষ সমাস ঃ পরপদের অর্থ প্রধান ।
- দ্বন্দ্ব সমাস ঃ উভয়পদের অর্থ প্রধান ।
- বহুব্রীহি সমাস ঃ কোন পদের অর্থ প্রধান না হয়ে তৃতীয় কোন অর্থ সৃষ্টি করে।

এখানে, কর্মধারয় ও দ্বিগু সমাসকে তৎপুরুষ সমাসের অন্তর্ভুক্ত বলে ধরা হয়।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◆ ব্যাসবাক্যের অপর নাম কি? [দ্বাদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যায়ন পরীক্ষা (স্কুল পর্যায়) ২০১৫/স্কুল শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ১০]

ক. সরল বাক্য খ. যৌগিক বাক্য
গ. বিগ্রহবাক্য ঘ. জটিল বাক্য
উত্তরঃ গ

◆ 'সমাস' শব্দের অর্থ হলো -- [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২- রাজশাহী/স্নাতক শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ১০/স্বাস্থ্য মন্ত্রণালয়ের অধীন সহকারী পরিচালক (মাদক) ও কারা তত্ত্বাবধায়কঃ ০৬/ পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অধীনে রিসার্চ অফিসারঃ ০৬/ সমাজসেবা অধিদপ্তরে উপজেলা সমাজসেবা অফিসারঃ ০৬] অথবা,

সমাস শব্দের অর্থ কি? [৬ষ্ঠ বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১০]

ক. সংযোজন খ. বিশ্লেষণ
গ. সংশ্লেষণ ঘ. সংক্ষেপণ
উত্তরঃ ঘ

◆ সমাস ভাষাকে –(১)ম বিসিএস/ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের সহকারী পরিচালক (প্রশাসন) ২০১৩/ পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী অফিসার ২০১২/ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অফিস সহকারী ২০১২/ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের সিনিয়র অফিসার নিয়োগ পরীক্ষা ২০১০/ পরিকল্পনা মন্ত্রণালয় ডাটা প্রসেসিং অপারেটরঃ ০৯]

ক. সংক্ষেপ করে খ. বিস্তৃত করে
গ. ভাষারূপ করে ঘ. অর্থবোধক করে
উত্তরঃ ক

◆ 'মৃগশিশু' শব্দটির ব্যাসবাক্য কোনটি-[পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব/সহকারী পরিচালক (প্রশাসন)-২০১৩]

ক. মৃগের শিশু খ. শিশুরূপ মৃগ
গ. মৃগীর শিশু ঘ. শিশুর যে মৃগ
উত্তরঃ ক

◆ পরস্পর অন্বয়যুক্ত দুই বা ততোধিক পদকে এক পদে পরিণত করার নাম- [গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক (বেতার প্রকৌশল) পরীক্ষা: ০৩]

ক. সন্ধি খ. প্রত্যয়
গ. সমাস ঘ. পুরুষ
উত্তরঃ গ

◆ সমাসবদ্ধ পদকে কি বলে? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স-এর কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর-২০১৪]

ক. সমস্যমান খ. সমস্ত পদ
গ. ব্যাসবাক্য ঘ. বিগ্রহ বাক্য
উত্তরঃ খ

◆ সমাস নিষ্পন্ন পদটির নাম কি? (ডাক অধিদপ্তরের উপজেলা পোস্ট মাস্টার ২০১০/তুলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তা: ০৬/ ৭ম বাণিজ্য শুল্ক অফিসার: ১৪)

ক. অব্যয় পদ খ. বিগ্রহ পদ
গ. সমস্যমান পদ ঘ. সমস্ত পদ
উত্তরঃ ঘ

◆ যে যে পদে সমাস হয় তাদের প্রত্যেকটিকে কি পদ বলে? (কন্ট্রোলার জেনারেল ডিফেন্স-এর কার্যালয়ের অধীন অডিটর-২০১৪/ ৮ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১২/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা: ২০১২ - পদ্মা/ ৭ম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা- ২০১১/প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে হিসাব সহকারী ২০১১/সোনালী, জনতা, অগ্রণী ও রূপালী ব্যাংকের অফিসারঃ ০৮)

ক. সমস্যমান পদ খ. সমস্তপদ
গ. উত্তরপদ ঘ. পূর্বপদ
ঙ. কোনটিই নয়
উত্তরঃ ক

BookScan:www.fb.com/abubakar.chuadanga

◆ সমাস কত প্রকার? (প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ১০/ ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ে হিসাবরক্ষণ কর্মকর্তা: ০৩)

ক. ৩ প্রকার খ. ৪ প্রকার

গ. ৬ প্রকার ঘ. ৮ প্রকার

উত্তর: গ

◆ সমাসের রীতি কোন ভাষা থেকে আগত? (১১তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা (স্কুল/সমপর্যায় ২) -২০১৫/১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়)-২০১৪/৯ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৩/৬ষ্ঠ বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১০/মনেজ শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন: ১০)

ক. আরবি খ. ফারসি

গ. সংস্কৃত ঘ. ইংরেজি

উত্তর: গ

দ্বন্দ্ব সমাস

যে সমাসে প্রত্যেকটি সমস্যমান পদের অর্থের প্রাধান্য থাকে, তাকে দ্বন্দ্ব সমাস বলে। পূর্বপদ ও পরপদের সম্বন্ধ বোঝানোর জন্য ব্যাস বাক্যে এবং, ও, আর এ তিনটি অব্যয় পদ ব্যবহৃত হয়।

জমা ও খরচ = জমাখরচ
ভাই ও বোন = ভাই-বোন
কাগজ ও কলম = কাগজ-কলম
জায়া ও পতি = দম্পতি
অহি ও নকুল = অহিনকুল
পথে ও প্রান্তরে = পথে প্রান্তরে
ভালো ও মন্দ = ভালোমন্দ
মাতা ও পিতা = মাতাপিতা
চা ও বিস্কুট = চা-বিস্কুট
যাকে ও তাকে = যাকে তাকে
দা ও কুমড়া =দা-কুমড়া
আমি, তুমি ও সে = আমরা
হাটে ও বাজারে=হাটেবাজারে

১) মিলনাত্মক দ্বন্দ্ব : ভাই-বোন, মা-বাপ, মাসি-পিসি, ছেলে-মেয়ে, মশা-মাছি ইত্যাদি।
২) বিরোধাত্মক দ্বন্দ্ব : দা-কুমড়া, ছোট-বড়, ভাল-মন্দ, আদা-জল, জমা-খরচ, হেস্ত-নেস্ত, অহি-নকুল, সুরাসুর, দেব-দানব, বিষামৃত ইত্যাদি।
৩) সমার্থক দ্বন্দ্ব : হাট-বাজার, কাগজ-পত্র, রাজা-বাদশা, রাজা-উজির ইত্যাদি।
৪) অনুক দ্বন্দ্ব : দুধে-ভাতে, যাকে-তাকে, মায়ে-ঝিয়ে, ~~যাকে-তাকে~~, বাঘে-মোষে, ভেবে-চিন্তে, ঘরে ও বাইরে, হাতে-কলমে ইত্যাদি।
৫) বহুপদী দ্বন্দ্ব : আগ-পাছ-তলা, স্বর্গ-মর্ত্য-পাতাল ইত্যাদি।
৬) একশেষ দ্বন্দ্ব : আমরা।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◆ 'জায়া ও পতি' সমাস করলে কি হয়? (প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা: ২০১৫/দুর্নীতি দমন ব্যুরো সহকারী উপ-পরিদর্শক: ০৪)

ক. স্বামী-স্ত্রী খ. পতি-পত্নী

গ. দম্পতি ঘ. জায়া-পতি

উত্তর: গ

◆ অনুক দ্বন্দ্ব সমাস সাধিত শব্দ কোনটি? (১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়) -২০১৪)

ক. দুধে-ভাতে খ. মাতাপিতা

গ. কমবেশি ঘ. সাত-পাঁচ

উত্তর: ক

◆ কোন সমাসে উভয়পদই বিশেষ্য? (৯ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৩)

ক. দ্বন্দ্ব সমাস খ. কর্মধারয় সমাস

গ. তৎপুরুষ সমাস ঘ. প্রাদি সমাস

উত্তর: ক

www.boiRboi.blogspot.com

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

◆ কোনটি দ্বন্দ্ব সমাস? [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপপরিদর্শক-২০১৩]

ক. কোকিলকণ্ঠি খ. রাতজাগা

গ. হাটেবাজারে ঘ. মেনিমুখো

উত্তরঃ গ

◆ পথে ও প্রান্তরে = পথে প্রান্তরে- এটি কোন সমাস? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স-এর কার্যালয়ে অধীন জুনিয়র অডিটর-২০১৪]

ক. দ্বিগু খ. দ্বন্দ্ব

গ. তৎপুরুষ ঘ. কর্মধারয়

উত্তরঃ খ

◆ 'জমাখরচ' সমস্ত পদটির সঠিক ব্যাসবাক্য কোনটি? [আবহাওয়া অধিদপ্তরের অধীন সহকারী আবহাওয়াবিদ ০০/ কৃষি ও ইঞ্জিনিয়ার অধিদপ্তরে সহকারী পরিচালক ০০]

ক. জমা ও খরচ খ. জমাকে খরচ

গ. জমা থেকে খরচ ঘ. জমার খরচ

উত্তরঃ ক

◆ কোনটি দ্বন্দ্ব সমাসের উদাহরণ? [২০তম বিসিএস]

ক. সিংহাসন খ. ভাই-বোন

গ. কানাকানি ঘ. গাছপাকা

উত্তরঃ খ

◆ 'দম্পতি' কোন সমাসের উদাহরণ? [জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ব্যক্তিগত সহকারী ২০১৩]

ক. দ্বন্দ্ব খ. দ্বিগু

গ. তৎপুরুষ ঘ. অব্যয়ীভাব

উত্তরঃ ক

◆ কোনটি দ্বন্দ্ব সমাসের উদাহরণ? [পররাষ্ট্র মন্ত্রণালয়ে শিক্ষানবিশ কূটনীতিক পরীক্ষা-২০১২-সিনেট, সহকারী জজ ফিনিমারি পরীক্ষা-২০০৯]

ক. দম্পতি খ. মহাবীর

গ. নিটোল ঘ. প্রতিদিন

উত্তরঃ ক

◆ কোন শব্দটি দ্বন্দ্ব সমাস?[]

ক. সিংহাসন খ. রাজপথ

গ. প্রভাত ঘ. দম্পতি

উত্তরঃঘ

◆ কোন দ্বন্দ্ব সমাস? [ডাক অধিদপ্তরে উপজেলা পোস্ট মাস্টার ২০১০]

ক. কোকিলকণ্ঠী খ. রাতজাগা

গ. হাটেবাজারে ঘ. মেনিমুখো

উত্তরঃ গ

◆ সমাস সাধিত পদ কোনটি? [৮ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১২]

ক. চাষী খ. মানব

গ. দম্পতি ঘ. বোনাই

উত্তরঃ গ

◆ 'কাঁচামিঠা'-এর সঠিক ব্যাসবাক্য কোনটি? [পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের উপ-আঞ্চলিক ব্যবস্থাপক ২০১৩/ বিনিয়োগ সহকারী ব্যবস্থাপক ২০১১]

ক. কাঁচা ও মিঠা খ. যা কাঁচা তাই মিঠা

গ. কাঁচার মিঠা ঘ. কাঁচামিঠা

উত্তরঃ খ

◆ হাট-বাজার কোন অর্থে দ্বন্দ্ব? [রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০১১- টাঙ্গাইল]

ক. মিলনার্থে খ. সমার্থে

গ. বিপরীতার্থে ঘ. বিয়োগার্থে

উত্তরঃ খ

◆ 'দম্পতি' কোন সমাসের উদাহরণ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (পি.আই.ডি-২)ঃ ০৬/ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে সহকারী প্রকৌশলী মেকানিক্যাল এন্ড পাওয়ার ইঞ্জিনিয়ারিং ১১]

ক. দ্বন্দ্ব খ. দ্বিগু

গ. তৎপুরুষ ঘ. অব্যয়ীভাব

উত্তরঃ ক

BookScan:www.fb.com/abubakar.chuadanga

MP3

- নিচের কোনটি দ্বন্দ্ব সমাস? (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাদকদ্রব্য অধিদপ্তরের পরিদর্শক-২০১৩/ ঢাকা উত্তর বোর্ড ২০১৭)
  ক. রাজর্ষি খ. অহিনকুল
  গ. নীলকণ্ঠ ঘ. গ্রামান্তর
  উত্তরঃ খ
- কোনটি দ্বন্দ্ব সমাস? (টিপজেলা পোস্টমাস্টার: ১০/ থানা শিক্ষা অফিসার: ০৪)
  ক. মধুকণ্ঠি খ. রাতকানা
  গ. গোমড়ামুখো ঘ. হাট বাজার
  উত্তরঃ ঘ
- 'ছেলে-মেয়ে' কোন প্রকার দ্বন্দ্ব সমাস? (কৃ-ভাত্তিক জরিপ অধিদপ্তরের সহকারী পরিচালক (সহ-চতুর্থ বিদ): ০৬)
  ক. সাধারণ দ্বন্দ্ব খ. অলুক দ্বন্দ্ব
  গ. একশেষ দ্বন্দ্ব ঘ. সমার্থক দ্বন্দ্ব
  উত্তরঃ ক

কর্মধারয় সমাস

যেখানে বিশেষণ বা বিশেষণভাবাপন্ন পদের সাথে বিশেষ্য বা বিশেষ্যভাবাপন্ন পদের সমাস হয় এবং পরপদের অর্থই প্রধান রূপে প্রতীয়মান হয়, তাকে কর্মধারয় সমাস বলে। কর্মধারয় সমাসে সাধারণত যে, যিনি, যেটি ইত্যাদি শব্দ ব্যাসবাক্যে ব্যবহৃত হয়। যথা

নীল যে আকাশ = নীলাকাশ
নীল যে অম্বর = নীলাম্বর (নীলবর্ণ বস্ত্র)
যে চালাক সেই চতুর= চালাক-চতুর
যিনি জজ তিনিই সাহেব = জজ সাহেব
সুন্দরী যে লতা = সুন্দরলতা
আগে ধোয়া পরে মোছা = ধোয়ামোছা
মহৎ যে জ্ঞান = মহাজ্ঞান
মহান যে নবী = মহানবী।
মহতী যে কীর্তি = মহাকীর্তি
মহান যে রাজা = মহারাজ।
কু যে অর্থ = কদর্থ
কু যে আচার = কদাচার।
নীল যে পদ্ম= নীলপদ্ম।

- প্রকারভেদ ঃ কর্মধারয় সমাস কয়েক প্রকার ঃ
  ক. মধ্যপদলোপী কর্মধারয় খ. উপমান কর্মধারয়
  গ. উপমিত কর্মধারয় ঘ. রূপক কর্মধারয়

ক. মধ্যপদলোপী কর্মধারয় ঃ যে কর্মধারয় সমাসে ব্যাসবাক্যের মধ্যপদের লোপ হয়, তাকে মধ্যপদলোপী কর্মধারয় সমাস বলে। যথাঃ

সিংহ চিহ্নিত আসন = সিংহাসন
সাহিত্য বিষয়ক সভা = সাহিত্যসভা
হাসিমাখা মুখ = হাসিমুখ
স্মৃতি রক্ষার্থে সৌধ = স্মৃতিসৌধ
পল (মাংস) মিশ্রিত অন্ন = পলান্ন
মৌ-সঞ্চয়কারী মাছি = মৌমাছি
প্রীতি উপলক্ষে ভোজ = প্রীতিভোজ
বৌ পরিবেশন করা ভাত = বৌভাত
গোবরে নির্মিত গণেশ = গোবর গণেশ
একের অধিক দশ = একাদশ
ঈগল নামের যে পাখি = ঈগল পাখি
হারিয়েছে যে মনি = হারামনি
অধম যে নর = নরাধম

- উপমেয়-উপমান ঃ

উপমান অর্থ তুলনীয় বস্তু। প্রত্যক্ষ কোনো বস্তুর সাথে পরোক্ষ কোনো বস্তুর তুলনা করলে প্রত্যক্ষ বস্তুটিকে বলা হয় উপমেয়, পরোক্ষ বস্তুটিকে বলা হয় উপমান। উপমান ও উপমেয়ের একটি সাধারণ গুণ থাকবে। যেমন -

ভ্রমরের ন্যায় কৃষ্ণ কেশ = ভ্রমরকৃষ্ণ কেশ।
উপমান ঃ ভ্রমর
উপমেয় ঃ কেশ

www.tb.comtanbir.cox

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

খ. **উপমান কর্মধারায়** ঃ সাধারণ গুণবাচক পদের সাথে উপমানবাচক পদের যে সমাস হয়, তাকে উপমান কর্মধারয় সমাস বলে। যথা-

তুষারের ন্যায় শুভ্র = তুষারশুভ্র (এখানে, উপমান- তুষার, সাধারণ গুণ- শুভ্র)
অরুণের ন্যায় রাঙা = অরুণরাঙা ঘনের (মেঘের) ন্যায় শ্যাম = ঘনশ্যাম
বকের ন্যায় ধার্মিক = বকধার্মিক
মিশের ন্যায় কালো = মিশকালো
শশকের ন্যায় ব্যস্ত = শশব্যস্ত
চাঁদের ন্যায় মুখ = চাঁদমুখ
কাজলের ন্যায় কালো = কাজলকালো
বিষ সদৃশ বৃক্ষ = বিষবৃক্ষ

গ. **উপমিত কর্মধারয়** ঃ উপমেয় পদের সাথে উপমানের যে সমাস হয়, তাকে উপমিত কর্মধারয় সমাস বলে। এ ক্ষেত্রে সাধারণ গুণের বা ধর্মের উল্লেখ থাকে না, তা অনুমান করে নেওয়া হয়। যথা-

মুখ চন্দ্রের ন্যায় = মুখচন্দ্র । এখানে, উপমান- চন্দ্র, উপমেয়- মুখ, সাধারণ গুণ উল্লেখ নেই। তাদের মধ্য সাধারণ গুণ সহজই অনুমেয় - তা হল সৌন্দর্য।

পুরুষ সিংহের ন্যায় = পুরুষসিংহ
চরণ কমলের ন্যায় = চরণকমল
কথা অমৃতের ন্যায় = কথামৃত
অধর পল্লবের ন্যায় = অধরপল্লব
কর পল্লবের ন্যায় = করপল্লব

ঘ. **রূপক কর্মধারয়** ঃ উপমান ও উপমেয়ের মধ্যে অভিন্নতা কল্পনা করা হলে, রূপক কর্মধারয় হয়।

ক্রোধ রূপ অনল = ক্রোধানল
বিষাদ রূপ সিন্ধু = বিষাদসিন্ধু
মন রূপ মাঝি = মনমাঝি
বিদ্যা রূপ ধন = বিদ্যাধন
জীবন রূপ প্রদীপ = জীবনপ্রদীপ
পরান রূপ পাখি = পরানপাখি
ভব রূপ নদী = ভবনদী
হৃদয় রূপ মন্দির = হৃদয়মন্দির
চাঁদ রূপ মুখ = চাঁদমুখ
ফুল রূপ কুমারী = ফুলকুমারী

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◆ 'চাঁদের ন্যায় মুখ' = চাঁদমুখ কোন সমাসের উদাহরণ? *[দ্বাদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যায়ন পরীক্ষা (দ্বি পর্যায়) ২০১৫/প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক, গবেষণা কর্মকর্তা, টেলিফোন ইঞ্জিনিয়ার ও সহকারী কম্পিউটার প্রোগ্রামার ২০১৩/ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাদকদ্রব্য অধিদপ্তরের পরিদর্শক-২০১৩/ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী ২০১৩]*

ক. উপমিত কর্মধারায়
খ. উপমান কর্মধারয়
গ. মধ্যপদলোপী কর্মধারায়
ঘ. বহুব্রীহি

উত্তর: খ

◆ 'জজ সাহেব' কোন সমাসের উদাহরণ ? *[৩৫তম বি.সি.এস]*

ক. দ্বিগু
খ. কর্মধারয়
গ. দ্বন্দ্ব
ঘ. বহুব্রীহি

উত্তর: খ

◆ 'নীল যে আকাশ = নীলাকাশ' কোন সমাস? *[স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক ২০১৩/স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে পুলিশ সহকারী রাসায়নিক: ০২]*

ক. বহুব্রীহি
খ. দ্বিগু
গ. কর্মধারয়
ঘ. অব্যয়ভাব

উত্তর: গ

◆ বিশেষণের সাথে বিশেষ্যর যে সমাস হয় তার নাম কি? *[পশ্চিমাঞ্চল রেলওয়ে শিক্ষানবিশ পরীক্ষা ২০১২]*

ক. দ্বন্দ্ব
খ. তৎপুরুষ
গ. কর্মধারয়
ঘ. বহুব্রীহি

উত্তর: গ

◆ কর্মধারয় সমাসে কোন পদ প্রধান *[মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা: ২০১২ - পশু]*

ক. পূর্ব পদ
খ. পর পদ
গ. উভয় পদ

উত্তর: খ

BookScan:www.fb.com/abubakar.chuadanga

MP3

কোনটি উপমিত কর্মধারয় -এর উদাহরণ? [বিমা পরিদর্শক নিয়োগে সহকারী পরিদর্শক পরীক্ষা ২০১২]
ক. স্নেহনীড় খ. কুসুমকোমল
গ. করপল্লব ঘ. ঘনশ্যাম উত্তর: গ

সাধারণ গুণের উল্লেখ না করে উপমেয় পদের সাথে উপমানের যে সমাস হয় তাকে বলা হয়- [৮ম কেরানি গ্রেডের নিবন্ধন ও প্রভাষক পরীক্ষা ২০১২]
ক. উপমান কর্মধারয় খ. উপমিত কর্মধারয়
গ. রূপক কর্মধারয় ঘ. মধ্যপদলোপী কর্মধারয় উত্তর: খ

নিচের কোনটি কর্মধারয় সমাস? [পররাষ্ট্র বিভাগের সিনিয়র কোয়ার্টার ২১২ ব্যাচ]
ক. খাসমহল খ. রাজর্ষি
গ. আকণ্ঠ ঘ. মৌলভী সাহেব উত্তর: ক ও খ

কোনটি কর্মধারয় সমাসের উদাহরণ? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২-সমা]
ক. দুর্ভিক্ষ (ভিক্ষার অভাব) খ. নীলকণ্ঠ (নীল কণ্ঠ যার)
গ. দম্পতি (জায়া ও পতি) ঘ. একাদশ (একের অধিক দশ) উত্তর: ঘ

নরাধম শব্দটি কোন সমাস? [মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর-২০১৪]
ক. দ্বিগু সমাস খ. কর্মধারয় সমাস
গ. দ্বন্দ্ব সমাস ঘ. তৎপুরুষ সমাস উত্তর: ঘ

'মহাকীর্তি' এর ব্যাসবাক্য কোনটি? [প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক, গবেষণা কর্মকর্তা, টেলিফোন ইঞ্জিনিয়ার ও সহকারী কম্পিউটার প্রোগ্রামার ২০১৩/স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাদকদ্রব্য অধিদপ্তরের পরিদর্শক-২০১৩]
ক. মহান যে কীর্ত খ. মহতী যে কীর্তি
গ. মহৎ যে কীর্তি ঘ. মহা যে কীর্তি উত্তর: খ

কোনটি মধ্যপদলোপী কর্মধারয় সমাস? [৮ম কেরানি গ্রেডের নিবন্ধন ও প্রভাষক পরীক্ষা ২০১২]
ক. গুরুদেব খ. মৌমাছি
গ. মহাজন ঘ. কাঁচামিঠে উত্তর: ক

নিচের কোনটি কর্মধারয় সমাস? [পররাষ্ট্র বিভাগের সিনিয়র কোয়ার্টার ২১১]
ক. খাসমহল খ. আকণ্ঠ
গ. মৌলভী সাহেব ঘ. রাজর্ষি উত্তর: ঘ

কোনটি উপমিত কর্মধারয় সমাসের উদাহরণ নয়? [সুপরিচিত / জন নিয়ন্ত্রক কমিশন (ATEO) ২০১২]
ক. দুগ্ধধবল খ. কৃষ্ণনয়ন
গ. মমতারস ঘ. ফুলকুমারী উত্তর: ঘ

কোন পদটি রূপক কর্মধারয় সমাস নয়? [টিপলো/জন নিয়ন্ত্রক কমিশন ২০০৮]
ক. যৌবনবন খ. ক্ষুধানল
গ. জীবনপ্রদীপ ঘ. যুবজানি উত্তর:ঘ

'কাজলকালো' এর সঠিক ব্যাসবাক্য কোনটি? [বাংলাদেশ পল্লী টেলিফোন বোর্ডের সহকারী পরিচালক (প্রশাসন) ২০১৩]
ক. কাজলের ন্যায় কালো খ. কাজল রূপ কালো
গ. কাজল ও কালো ঘ. কালো ও কাজল উত্তর: ক

'বিষবৃক্ষ' (বিশ সদৃশ বৃক্ষ) কোন সমাস? [৪র্থ শ্রেণির সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]
ক. তৎপুরুষ খ. বহুব্রীহি
গ. অব্যয়ীভাব ঘ. কর্মধারয় উত্তর: ঘ

'মৌমাছি' কোন সমাস (মৌ সংগ্রহকারী মাছি) [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা২০১২ সমা]
ক. তৎপুরুষ খ. অব্যয়ীভাব উত্তর: গ
গ. কর্মধারয় ঘ. দ্বিগু

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

◆ 'শশব্যস্ত' কোন সমাস (শশকের ন্যায় ব্যস্ত)? [রেজিস্ট্রার কেরানি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১১]
ক. কর্মধারয় খ. তৎপুরুষ
গ. বহুব্রীহি ঘ. অব্যয়ীভাব
উত্তর: ক

◆ 'ঈগল পাখি' কোন সমাস (ঈগল নামের যে পাখি) ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১১ - সূচনা]
ক. তৎপুরুষ খ. কর্মধারয়
গ. বহুব্রীহি ঘ. অব্যয়ীভাব
উত্তর: খ

◆ 'নীলাম্বর' কোন সমাস? [রেজিস্ট্রার কেরানি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২১১-জয়. ইগলো পরিসংখ্যান কর্মকর্তা ১০/পিএসসি ১৬ পদ ০১/সাব-রেজিস্ট্রার ০১/ মূল ঠিকুজি কর্মকর্তা সহকারী পরিচালক: ১১]
ক. বহুব্রীহী খ. তৎপুরুষ
গ. কর্মধারয় ঘ,. অব্যয়ীভাব
উত্তর:
নোটঃ নীল যে অম্বর = কর্মধারয়। নীল অম্বর যার= বহুব্রীহি।

◆ হারামণি কোন সমাস (হারিয়েছে যে মণি)। [বাংলাদেশের কাস্টমস অডিট অ্যাসিস্টেন্ট/ঢাকা স্টি জনপ্রশাসন ২০১২/ রেজিস্ট্রার কেরানি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১১-পিটিআই]
(ক) তৎপুরুষ (খ) কর্মধারায়
(গ) বহুব্রীহি (ঘ) অব্যায়ীভাব
উত্তর: খ

◆ 'মহর্ষি' কোন সমাস? [সহকারী রাজস্ব কর্মকর্ত পদে নিয়োগ পরীক্ষা ২০১৫/প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ব্রহ্মণবাড়িয়া): ০৯]
ক. দ্বন্দ্ব খ. কর্মধারয়
গ. তৎপুরুষ ঘ. দ্বিগু
উত্তর: খ

◆ 'ক্ষুধিত পাষাণ' কোন সমাস? [হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক কার্যালয়ের কর্মচারী ২০১১/বাণিজ্য মন্ত্রণালয়ে কর্মচারী কর্মকর্তা-কর্মচারী নিবন্ধ কর্মকর্তা: ০৭]
ক. বহুব্রীহি খ. কর্মধারয়
গ. তৎপুরুষ ঘ. দ্বন্দ্ব
উত্তর: খ

◆ 'কদাচার' শব্দটি কোন সমাস? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (চাকা বিভাগ): ০৯]
ক. কর্মধারয় খ. তৎপুরুষ
গ. বহুব্রীহি ঘ. দ্বন্দ্ব
উত্তর: ক

◆ 'সিংহাসন' শব্দটি কোন সমাস? [ব্রহ্মণবাড়ী কৃষি উন্নয়ন ব্যাংকের সিনিয়র অফিসার নিয়োগ পরীক্ষা ২০১০/প্রকৌশলী কর্মকর্তা ও প্রকৌশলী পদে প্রকৌশলী কর্মকর্তা: ০৯/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ০১/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ১১]
ক. ষষ্ঠী তৎপুরুষ খ. মধ্যপদলোপী কর্মধারয়
গ. নিমিত্তার্থে ষষ্ঠী ঘ. নিত্য সমাস
উত্তর: খ

◆ মধ্যপদলোপী কর্মধারয় এর দৃষ্টান্ত--[১০ম বিসিএস/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (চাকা বিভাগ): ০৭/ সুইট ড্রাইভিং স্কুলের পরিদর্শক ১১]
ক. ঘর থেকে ছাড়া-ঘরছাড়া খ. অরুণের মত রাঙ্গা-অরুণরাঙা
গ. হাসিমাখা মুখ-হাসিমুখ ঘ. ক্ষণকাল ব্যাপিয়া স্থায়ী- ক্ষণস্থায়ী
উত্তর: গ

◆ কোনটি মধ্যপদলোপী কর্মধারয় সমাসের উদাহরণ? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ব্রহ্মণবাড়িয়া): ০৯]
ক. পলান্ন খ. মশা-মাছি
গ. বেহায়া ঘ. চিরসুখী
উত্তর: ক

◆ 'গোবর গণেশ' কোন সমাস? [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক (গ্রেড-২): ০৩]
ক. উপমান কর্মধারায় খ. মধ্যপদলোপী কর্মধারয়
গ. দ্বন্দ্ব ঘ. দ্বিগু
উত্তর: খ

◆ উপমান কর্মধারয় সমাসের উদাহরণ কোনটি? [৯ম কেরানি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৩]
ক. মুখচন্দ্র খ. ক্রোধানল
গ. তুষারশুভ্র ঘ. মনমাঝি
উত্তর: গ

BookScan:www.fb.com/abubakar.chuadanga

- কোন সমাসে সাধারণ ধর্মের উল্লেখ থাকে না? [১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়) - ২০১৪]
  ক. উপমিত কর্মধারয় খ. রূপক কর্মধরয়
  গ. উপমান কর্মধারয় ঘ. মধ্যপদলোপী কর্মধারয় উত্তরঃ ক
- প্রত্যক্ষ কোনো বস্তুর সাথে পরোক্ষ কোনো বস্তুর তুলনা করলে প্রত্যক্ষ বস্তুটিকে বলা হয় (২৭তম বিসিএস)
  ক. উপমিত খ. উপমান
  গ. উপমেয় ঘ. রূপক উত্তরঃ গ
- চাঁদমুখ কোন সমাস? [সহকারী উপজেলা / থানা শিক্ষা অফিসার (ATEO) ২০১২/ মূল্য হিসাব নিয়ন্ত্রক ও নিরীক্ষকের কার্যালয়ের বন্ধন অফিসার ২০১১/বাংলাদেশ টেলিভিশনে অফিসার রিসার্চ অফিসার : ০৬]
  ক উপমান খ. উপমিত
  গ রূপক ঘ. অব্যয়ীভাব উত্তরঃ গ
- 'চাঁদমুখ' এর ব্যাসবাক্য হলো- [২৫তম বিসিএস/ গণপূর্ত অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী২০১১]
  ক. চাঁদমুখের ন্যায় খ. চাঁদের মত মুখ
  গ. চাঁদ মুখ যার ঘ. চাঁদ রূপ মুখ উত্তরঃ ঘ
- 'ফুলকুমারী' শব্দটি কোন সমাস? [সমাজ পরিদপ্তরের সহকারী পরিচালক: ০৭/ ভূমি রেকর্ড অধিদপ্তরের সহকারী ভূ-রেকর্ড: ১৮]
  ক. উপমিত খ. উপমান
  গ. রূপক ঘ. ষষ্ঠী তৎপুরুষ উত্তরঃ গ
- রূপক কর্মধারয় সমাসের উদাহরণ কোন শব্দটি? [থানা নির্বাচন অফিসার ০৪]
  ক. মনমাঝি খ. জলযান
  গ. সিংহদ্বার ঘ. একাদশ উত্তরঃ ক
- 'মনমাঝি'-এর সঠিক ব্যাসবাক্য কোনটি? [৬ষ্ঠ বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১০]
  ক. মন ও মাঝি খ. মন মাঝির ন্যায়
  গ. মনরূপ মাঝি ঘ. মন যে মাঝি উত্তরঃ গ
- কোনটি ভিন্ন সমাস? [বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের সহকারী পরিচালক (প্রশাসন) ২০১৫]
  ক. সামান্য বিষয় নিয়ে শেষে লাঠালাঠি করল
  খ. চালাক চতুর দেখে একটি ছেলে পাঠাও
  গ. তিনি সস্ত্রীক বাড়ি গেলেন
  ঘ. মন্দ লোকের সাথে বেড়াতে যাওয়া চলবে না উত্তরঃ খ

দ্বিগু সমাস

যে সমাসের পূর্বপদ সংখ্যাবাচক এবং সমস্ত পদের দ্বারা সমাহার বোঝায় তাকে দ্বিগু সমাস বলে। সমাসনিষ্পন্ন পদটি বিশেষ্য পদ হয়। কর্মধারয় সমাসে সাধারণত সমাহার শব্দ ব্যাসবাক্যে ব্যবহৃত হয়। যথা

তিন কালের সমাহার = ত্রিকাল
তিন মাথার সমাহার = তেমাথা
ত্রিপদের সমাহার=ত্রিপদী
ত্রিফলের সমাহার=ত্রিফলা
চৌরাস্তার সমাহার = চৌরাস্তা
শত অব্দের সমাহার=শতাব্দী
পঞ্চবটের সমাহার = পঞ্চবটী
পঞ্চ নদীর সমাহার = পঞ্চনদ (নদী নয়)

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

- সংখ্যাবাচক শব্দ পূর্বে বসে সমষ্টি বা সমাহার বা মিলন বোঝালে কোন সমাস হয়? [৮ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১২]
  ক. অব্যয়ীভাব খ. দ্বিগু উত্তর: খ
  গ. বহুব্রীহি ঘ. কর্মধারয়

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

◆ ত্রিভুজ কোন সমাস? [উপজেলা/থানা নির্বাচন অফিসার ২০০৮]
ক. দ্বন্দ্ব খ. বহুব্রীহি
গ. কর্মধারয় ঘ. দ্বিগু
উত্তর:ঘ

◆ কোনটি দ্বিগু সমাস? [রেজিস্ট্রেশন পরিদর্শক (সহকারী শিক্ষা পরিদর্শক) পরীক্ষা ২০১১-জবা]
ক. পুরুষ সিংহ খ. চৌরাস্তা
গ. হাটবাজার ঘ. কোনটিই নয়
উত্তরঃ খ

◆ নিচের কোনটি দ্বিগু সমাসের সমস্ত পদ ? [প্রথম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা- ২০১১]
ক. সাতসমুদ্র খ. প্রতিদিন
গ. নীলকণ্ঠ ঘ. মুখে ভাত
উত্তর: ক

◆ যে সমাসের পূর্বপদ সংখ্যাবাচক এবং সমস্ত পদের দ্বারা সমাহার বোঝায় তাকে বলে?
ক. দ্বন্দ্ব সমাস খ. রূপক সমাস
গ. বহুব্রীহি সমাস ঘ. দ্বিগু সমাস
(১ম বিজ্ঞা)
উত্তরঃ ঘ

◆ 'শতাব্দী' কোন সমাস? [পরিবার পরিকল্পনা অধিদপ্তর পরিবারকল্যাণ পরিদর্শিকা (FWV) প্রশিক্ষণার্থী-২০১৩/ বর্ষ সমাপনের জন্যে প্রশাসনিক কর্মকর্তা : ০৪]
ক. দ্বিগু সমাস খ. বহুব্রীহি সমাস
গ. তৎপুরুষ সমাস ঘ. কর্মধারয় সমাস
উত্তরঃ ক

◆ 'পঞ্চানন' কোন সমাসের উদাহরণ?[গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক (বেতার প্রকৌশল প্রশিক্ষণ): ০৩]
ক. বহুব্রীহি খ. অব্যয়ীভাব
গ. দ্বিগু ঘ. ব্যতিহার বহুব্রীহি
উত্তরঃ গ

বহুব্রীহি সমাস

যে সমাসে সমস্যমান পদগুলোর কোনোটির অর্থ না বুঝিয়ে, অন্য কোনো পদকে বোঝায়, তাকে বহুব্রীহি সমাস বলে। বহুব্রীহি সমাসে সাধারণত যার, যাতে ইত্যাদি শব্দ ব্যাসবাক্যে ব্যবহৃত হয়। যথা

বহু ব্রীহি(ধান) আছে যার = বহুব্রীহি।

এখানে 'বহু' বা 'ব্রীহি' কোনোটিই না বুঝিয়ে, যার বহু ধান আছে এমন লোককে বুঝাচ্ছে।

আয়ত লোচন যার=আয়তলোচনা
নীল বসন যার = নীলবসনা
দশ আনন যার = দশানন
সমান উদর যাদের = সহোদর
যুবতী জায়া যার = যুবজানি
বীণা পাণিতে যার = বীণাপাণি
বাটা যে লঙ্কা = লঙ্কা বাটা
মহান আত্মা যার = মহাত্মা
স্থির প্রতিজ্ঞা যার = স্থিরপ্রতিজ্ঞ
পদ্ম নাভিতে যার = পদ্মনাভ
বি (বিগত) হয়েছে পত্নী যার = বিপত্নীক
নদী মাতা (মাতৃ) যার = নদীমাতৃক
আশীতে (দাঁতে) বিষ যার = আশীবিষ
সু বর্ণ যার = সুবর্ণ

◆ প্রকারভেদ ঃ বহুব্রীহি সমাস আট প্রকার ঃ

ক. সমানাধিকরণ বহুব্রীহি খ. ব্যাধিকরণ বহুব্রীহি
গ. ব্যতিহার বহুব্রীহি ঘ. নঞ বহুব্রীহি
ঙ. মধ্যপদলোপী বহুব্রীহি চ. প্রত্যয়ান্ত বহুব্রীহি
ছ. অলুক বহুব্রীহি জ. সংখ্যাবাচক বহুব্রীহি ।

Scan:www.fb.com/abubakar.chowdanga

• ব্যতিহার বহুব্রীহি ঃ ক্রিয়ার পারস্পরিক অর্থে ব্যতিহার বহুব্রীহি হয়। এ সমাসে পূর্বপদে 'আ' এবং উত্তরপদে 'ই' যুক্ত হয়। যথা-

লাঠিতে লাঠিতে যে লড়াই = লাঠালাঠি
কানে কানে যে কথা = কানাকানি।
হাতে হাতে যে দ্বন্দ্ব = হাতাহাতি

একইভাবে, চুলাচুলি, কাড়াকাড়ি, গালাগালি, দেখাদেখি, কোলাকুলি, হাসাহাসি।

• নঞ্ বহুব্রীহি ঃ না অর্থবোধক অব্যয় যোগ করে বহুব্রীহি সমাস করা হলে তাকে নঞ্ বহুব্রীহি বলে। যেমন-

ন (নাই) জ্ঞান যার = অজ্ঞান,
বে (নাই) হেড যার = বেহেড,
না (নাই) চারা (উপায়) যার = নাচার
নি (নাই) ভুল যার = নির্ভুল
না (নয়) জানা যা = নাজানা/অজানা
নাই তার যার = বেতার
নাই ধর্ম যার = অধর্ম
নাই সুখ যার = অসুখ
নাই বোধ যার = অবোধ

• মধ্যপদলোপী বহুব্রীহি ঃ বহুব্রীহি সমাসের ব্যাখ্যার জন্য ব্যবহৃত বাক্যাংশের কোনো অংশ যদি সমস্তপদে লোপ পায়, তবে তাকে মধ্যপদলোপী বহুব্রীহি বলে। যেমন-

বিড়ালের চোখের ন্যায় চোখ যে নারীর = বিড়ালচোখী।
হাতে খড়ি দেওয়া হয় যে অনুষ্ঠানে = হাতেখড়ি।
নতুন ধানের অন্ন = নবান্ন
গোঁফে খেজুর পড়িয়া থাকিলেও খায়না যে, সে = গোফ-খেজুরে। (আলসে লোক)
এমনি ভাবে- মেনিমুখো, বিড়ালাক্ষী, সোনামুখী ইত্যাদি।

• সংখ্যাবাচক বহুব্রীহি ঃ

দশ গজ পরিমাণ যার = দশগজি,
চৌ (চার) চাল যে ঘরের=চৌচালা।
তে(তিন) পায়া যার = তেপায়া

• নিপাতনে সিদ্ধ ঃ

দুদিকে অপ যার=দ্বীপ
অন্তর্গত অপ যার = অন্তরীপ
নরাকারের যে পশু = নরপশু
জীবিত থেকেও যে মৃত = জীবন্মৃত
পণ্ডিত হয়েও যে মুর্খ = পণ্ডিতমুর্খ

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◆ 'বহুব্রীহি' শব্দের অর্থ কি ? [সমাজসেবা অধিদপ্তরের প্রবেশন অফিসার -২০১৩]
ক. বহুগম খ. বহুধান
গ. বহুচাল ঘ. বহুআটা
উত্তরঃ খ

◆ 'চৌচালা' কোন সমাসের উদাহরণ ? [১১তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা (স্কুল/সমপর্যায় ২) -২০১৪]
ক. বহুব্রীহি খ. দ্বিগু
গ. তৎপুরুষ ঘ. কর্মধারয়
উত্তরঃ ক

◆ 'গায়ে হলুদ' কোন সমাসের উদাহরণ? [৬ষ্ঠ বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রভাষক পরীক্ষা ২০১০]
ক. তৎপুরুষ সমাস খ. কর্মধারয় সমাস
গ. বহুব্রীহি সমাস ঘ. দ্বন্দ্ব সমাস
উত্তরঃ গ

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

◆ কোনটি বহুব্রীহি সমাসের উদাহরণ? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২- খুলনা]
ক. একাদশ (এক অধিক দশ) খ. হাতাহাতি (হাতে হাতে যে দ্বন্দ্ব)
গ. মানানোর অভাব (বেমানান) ঘ. দুঃখাতীত (দুঃখকে অতীত)
উত্তর: খ

◆ কোনটি বহুব্রীহি সমাসের উদাহরণ? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২-ঢাকা]
ক. সুবর্ণ (সু বর্ণ যার) খ. বৃষ্টি ধৌত (বৃষ্টিতে ধৌত)
গ. ক্রোধানল (ক্রোধরূপ অনল) ঘ. হররোজ (রোজ রোজ)
উত্তর: ক

◆ 'সবান্ধব' কোন সমাস? [সিনিয়র বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা ২০১২]
ক. দ্বন্দ্ব খ. তৎপুরুষ
গ. বহুব্রীহি ঘ. অব্যয়ীভাব
উত্তর: গ

◆ 'লঙ্কা বাটা' এর সঠিক ব্যাস বাক্য কোনটি? [৮ম কেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যায়ন পরীক্ষা ২০১২]
ক. লঙ্কা ও বাটা খ. যা লঙ্কা তাই বাটা
গ. লঙ্কার বাটা ঘ. বাটা যে লঙ্কা
উত্তর: ঘ

◆ 'নদীমাতৃক' শব্দের সমাস হলো-[৬ষ্ঠ বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা ২০১১]
ক. নদী মাতা যার খ. নদীতে মাতা আছে যার
গ. নদী ও মাতা ঘ. নদী এবং মাতৃকা
উত্তর: ক

◆ 'অসুখ' কোন সমাস (নাই সুখ যার)? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা:২০১২ চট্টগ্রাম]
ক. তৎপুরুষ খ. কর্মধারয়
গ. অব্যয়ীভাব ঘ. বহুব্রীহি
উত্তর: ঘ

◆ 'অবোধ' কোন সমাস (নাই বোধ যার)? [রেজিস্টার্ড কেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা: ২০১১]
ক. অব্যয়ীভাব খ. তৎপুরুষ
গ. কর্মধারয় ঘ. বহুব্রীহি
উত্তর: ঘ

◆ 'সহোদর' কোন সমাস? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক: ০১]
ক. দ্বন্দ্ব খ. তৎপুরুষ
গ. বহুব্রীহি ঘ. অব্যয়ীভাব
উত্তর: গ

◆ কোন শব্দ বহুব্রীহি সমাসে নিষ্পন্ন? [থানা নির্বাচন অফিসার: ০৪]
ক. বীণাপাণি খ. সিংহাসন
গ. চৌরাস্তা ঘ. বাচস্পতি
উত্তর: ক

◆ 'সোনামুখী' কোন সমাস? [বাংলাদেশ টেলিভিশন এবং বিজ্ঞাপন অধিকারিক (গ্রেড ২): ০৬]
ক. উপমান খ. উপমিত
গ. রূপক ঘ. মধ্যপদলোপী
উত্তর: ঘ

◆ 'বীণাপানি' কোন সমাস? [দ্বাদশ কেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যায়ন পরীক্ষা (কলেজ পর্যায়) ২০১৫/৯ম কেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যায়ন পরীক্ষা ২০১৩]
ক. বহুব্রীহি খ. অব্যয়ীভাব
গ. কর্মধারয় ঘ. তৎপুরুষ
উত্তর: ক

◆ 'অধর্ম' শব্দের সমস্যমান পদ কোনটি? [সমাজসেবা অধিদপ্তরের শহর সমাজসেবা অফিসার (হাসপাতাল): ০৭/ উপজেলা মহিলা কর্মকর্তা: ০৫]
ক. ধর্ম নেই যার খ. ধর্মহীন যে
গ. ধর্মের অভাব ঘ. নেই ধর্ম যার
উত্তর: ঘ

◆ 'লাঠালাঠি' এটি কোন্ সমাস? [২৬তম বিসিএস/ ১৭তম বিসিএস/ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী ২০১৩/ প.গ.পরিদর্শক এবং গ.কল্যাণ সহকারী ২০১১/ জাতীয় সমাজ পরিদপ্তরের সহকারী পরিচালক ২০০৯/ মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের প্রহরী কর্মকর্তা: ১৮]
ক. প্রাদি সমাস খ. ব্যতিহার বহুব্রীহি সমাস
গ. তৎপুরুষ সমাস
উত্তর: খ

BookScan:www.fb.com/groups/bookscanbanglaBanglaBook.org

♦ নিচের কোনটি ব্যতিহার বহুব্রীহির উদাহরণ? (প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ০০)
ক. কানাকানি খ. আশীবিষ
গ. হাতেখড়ি ঘ. হাতেনাতে উত্তর: ক

♦ 'কানাকানি' শব্দটি কোন সমাস? (সুপ্রি কর্মচারী রেজিস্ট্রার: ০০)
ক. বহুব্রীহি খ. কর্মধারয়
গ. দ্বিগু ঘ. তৎপুরুষ উত্তর: ক

♦ কোনটি ব্যতিহার বহুব্রীহি সমাসের উদাহরণ? (প্রাথমিক বিদ্যালয় হেড শিক্ষক (বাংলা বিভাগ): ০৯)
ক. কাজকর্ম খ. খাসমহল
গ. উপকূল ঘ. মুখোমুখি উত্তর: ঘ

♦ কোনটি বহুব্রীহি সমাসের উদাহরণ? (সুপ্রি ট্রেজারি কর্মচারী: সহকারী পরিদর্শক: ১৪)
ক. তেমাথা খ. মনগড়া
গ. চা-বিস্কুট ঘ. হাতাহাতি উত্তর: ঘ

♦ নিচের সমাসবদ্ধ পদগুলোর মাঝে কোনটি 'ব্যতিহার বহুব্রীহি'র উদাহরণ? (সহকারী রেজিস্ট্রার: ০০)
ক. দশহাতি খ. হাতাহাতি
গ. দশানন ঘ. দ্বিপদ উত্তর: খ

♦ নিচের কোনটি ব্যতিহার বহুব্রীহি সমাস নয়? (প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ১০)
ক. কাজকর্ম খ. খাসমহল
গ. উপকূল ঘ. মুখোমুখি উত্তর: ঘ

♦ 'গোফ খেজুরে' কোন সমাস? (গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে সহকারী প্রকৌশলী, মেকানিক্যাল: ১১)
ক. মধ্যপদলোপী বহুব্রীহি খ. ব্যতিহার বহুব্রীহি
গ. ব্যধিকরণ বহুব্রীহি ঘ. দ্বিগু উত্তর: ক

♦ "চন্দ্রের ন্যায় সুন্দর যার মুখ = চন্দ্রমুখ" এটি কোন সমাসের উদাহরণ? (সিনিয়র হাই স্কুলে সহকারী শিক্ষক: ০৪)
ক. উপমান কর্মধারয় খ. উপমিত কর্মধারয়
গ. তৎপুরুষ ঘ. মধ্যপদলোপী বহুব্রীহি উত্তর: ঘ

♦ কোন শব্দটি বহুব্রীহি সমাসে নিষ্পন্ন? (কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে উপ-সহকারী কৃষি কর্মকর্তা-২০১৪/ রেজিস্ট্রার (সহকারী প্রধান বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা: ২০১১-কোরাপ/ব্যাংক ফাউন্ডেশন কর্মীদের টেলিভিশন প্রকৌশলী গ্রেড-২: ০৪)
ক. দশানন খ. সিংহাসন
গ. চৌরাস্তা ঘ. চাঁদবদন উত্তর: ক

♦ 'আশীবিষ' কোন সমাস? (৮ম সহকারী শিক্ষক নিবন্ধন ও প্রভাষক পরীক্ষা ২০১২/ রেজিস্ট্রার (সহকারী প্রধান বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১১-সিটিসি/প্রধানমন্ত্রীর কার্যালয়ে গ্রুপ-সি কর্মচারী: ০৪)
ক. কর্মধারয় খ. তৎপুরুষ
গ. বহুব্রীহি ঘ. অব্যয়ীভাব উত্তর: গ

♦ 'নবান্ন' শব্দটি কোন্ প্রক্রিয়ায় গঠিত? (১৪তম বিসিএস/ পররাষ্ট্র ক্যাডারে সহকারী কমিশনার ২০১২)
ক. সমাস খ. সন্ধি
গ. প্রত্যয় ঘ. উপসর্গ উত্তর: ক

♦ 'অর্ধচন্দ্র' কোন সমাস? (কাস্টমস-এক্সাইজ অধিদপ্তরে নিরীক্ষক: ০৭)
ক. বহুব্রীহি খ. দ্বন্দ্ব
গ. তৎপুরুষ ঘ. কর্মধারয় উত্তর: ক

www.ib.com/ib.cox

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

তৎপুরুষ সমাস

পূর্বপদের বিভক্তির লোপে যে সমাস হয় তাকে তৎপুরুষ সমাস বলে। এখানে, পরপদের অর্থ প্রধান ভাবে বোঝায় তবে পূর্বপদের বিভক্তি অনুসারে এদের নামকরণ হয়। যেমন-

বিপদকে আপন্ন = বিপদাপন্ন।

এখানে দ্বিতীয়া বিভক্তি 'কে' লোপ পেয়েছে বলে এর নাম দ্বিতীয়া তৎপুরুষ।

তৎপুরুষ সমাস নয় প্রকার ঃ দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী, সপ্তমী, নঞ, উপপদ, অলুক।

১. **দ্বিতীয়া তৎপুরুষ সমাস** ঃ পূর্বপদে কে, রে, ব্যাপিয়া লোপ পেলে দ্বিতীয়া তৎপুরুষ হয়।

দুঃখকে প্রাপ্ত = দুঃখপ্রাপ্ত
ক্ষণ ব্যাপিয়া স্থায়ী = ক্ষণস্থায়ী
বইকে পড়া = বইপড়া

২. **তৃতীয়া তৎপুরুষ সমাস** ঃ পূর্বপদে দ্বারা, দিয়ে, কর্তৃক বিভক্তি লোপ পেলে তৃতীয়া তৎপুরুষ হয়।

মন দিয়ে গড়া = মনগড়া
শ্রম দ্বারা লব্ধ = শ্রমলব্ধ
মধু দিয়ে মাখা = মধুমাখা
এক দ্বারা উন = একোন
বিদ্যা দ্বারা হীন = বিদ্যাহীন
জ্ঞান দ্বারা শূন্য = জ্ঞানশূন্য
বাক্ দ্বারা দত্তা = বাগদত্তা
মেঘ দ্বারা শূন্য = মেঘশূন্য

৩. **চতুর্থী তৎপুরুষ সমাস** ঃ পূর্বপদে কে, নিমিত্ত, জন্য লোপ পেলে চতুর্থী তৎপুরুষ হয়।

গুরুকে ভক্তি =গুরুভক্তি
আরামের জন্য কেদারা = আরামকেদারা
বসতের নিমিত্ত বাড়ি = বসতবাড়ি
বিয়ের জন্য পাগলা = বিয়েপাগলা

৪. **পঞ্চমী তৎপুরুষ সমাস**ঃ পূর্বপদে হইতে, থেকে, চেয়ে বিভক্তি লোপ পেলে পঞ্চমী তৎপুরুষ হয়।

ঘর থেকে ছাড়া = ঘরছাড়া
বিলাত থেকে ফেরত = বিলাতফেরত
জেল থেকে মুক্ত = জেলমুক্ত
পরাণের চেয়ে প্রিয়= পরাণপ্রিয়
ইতি হতে আদি = ইত্যাদি

৫. **ষষ্ঠী তৎপুরুষ সমাস** : পূর্বপদে র, এর বিভক্তি লোপ পেলে ষষ্ঠী তৎপুরুষ হয়।

চায়ের বাগান = চাবাগান
রাজার পুত্র = রাজপুত্র
হাঁসের রাজা = রাজহাঁস
মাতার সেবা = মাতৃসেবা
পথের রাজা = রাজপথ
পিতার ধন= পিতৃধন
পথের অর্ধ = অর্ধপথ
ছাগীর দুগ্ধ = ছাগদুগ্ধ
অহ্নের পূর্বভাগ = পূর্বাহ্ন
গুণের গ্রাম = গুণগ্রাম
বিশ্বের কবি = বিশ্বকবি
খেয়ার ঘাট=খেয়াঘাট।

৬. **সপ্তমী তৎপুরুষ সমাস** ঃ পূর্বপদে এ, য়, তে বিভক্তি লোপ পেলে সপ্তমী তৎপুরুষ হয়।

গাছে পাকা = গাছপাকা
দিবায় নিদ্রা = দিবানিদ্রা
পূর্বে ভূত = ভূতপূর্ব
পূর্বে অশ্রুত = অশ্রুতপূর্ব।
ছায়াতে শীতল = ছায়া শীতল

৭. **নঞ তৎপুরুষ সমাস** : [illegible] তৎপুরুষ সমাস

BookScan:www.fb.com/abubakar.chuadanga

ন আচার = অনাচার
ন অতিদীর্ঘ = নাতিদীর্ঘ
ন-বিশ্বাস = অবিশ্বাস
ন কাতর = অকাতর
ন কাল = অকাল বা আকাল
ন লৌকিক = অলৌকিক।

৮. উপপদ তৎপুরুষ সমাস ঃ যে পদের পরবর্তী ক্রিয়ামূলের সঙ্গে কৃৎ-প্রত্যয় যুক্ত হয় সে পদকে উপপদ বলে। কৃদন্ত পদের সঙ্গে উপপদের যে সমাস হয়, তাকে বলে উপপদ তৎপুরুষ সমাস।

জলে চরে যা = জলচর
পঙ্কে জন্মে যা = পঙ্কজ
জল দেয় যে = জলদ
ধামা ধরে যে = ধামাধরা

এরূপ - খেচর, প্রিয়ংবদা, সত্যবাদী, ইন্দ্রজিৎ, পকেটমার, মাছিমারা, ছারপোকা, ঘরপোড়া, বর্ণচোরা, ছেলেধরা, ছা-পোষা, হরবোলা।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◆ পূর্ব পদের বিভক্তি লোপ পেয়ে যে সমাস হয় তাকে বলে- [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১২- মুলো/ যশো]

ক. বহুব্রীহি সমাস
খ. দ্বন্দ্ব সমাস
গ. কর্মধারয় সমাস
ঘ. তৎপুরুষ সমাস
উত্তরঃ ঘ

◆ কোনটি তৎপুরুষ সমাসের উদাহরণ? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২- কুমিল্লা]

ক. জীবনবীমা (জীবন রক্ষার বীমা)
খ. গমনাগমন (গমন ও আগমন)
গ. নদীমাতৃক (নদী মাতা যার)
ঘ. বাগদত্তা (বাক্ দ্বারা দত্তা)
উত্তর: ঘ

◆ তৎপুরুষ সমাসে কোন পদ প্রধান? [চয় কেরানির পদের নিবন্ধন ও প্রভাষক পরীক্ষা ২০১২/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২- ফরিদপুর]

ক. পরপদ
খ. পূর্বপদ
গ. উভয়পদ
ঘ. অন্যপদ
উত্তর: ক

◆ উপপদের সাথে কৃদন্ত পদের যে সমাস হয় তাকে কোন সমাস বলে? [সিনিয়র সহকারী কমিশনার (লেখক) ২০১১]

ক. উপমান
খ. উপমিত
গ. কর্মধারয়
ঘ. উপপদ তৎপুরুষ
উত্তর: ঘ

◆ বাগদত্তা কোন সমাস? [পল্লী উন্নয়ন বোর্ডের হিসাব সহকারী -২০১৪]

ক. বহুব্রীহি
খ. তৎপুরুষ
গ. কর্মধারয়
ঘ. অব্যয়ীভাব
উত্তর: খ

◆ ইত্যাদি কোন সমাস (ইতি হতে আদি) ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২- সুনা]

ক. তৎপুরুষ
খ. অব্যয়ীভাব
গ. কর্মধারয়
ঘ. বহুব্রীহি
উত্তর: ক

◆ 'রাজপথ'-এর ব্যাসবাক্য কোনটি হবে? [১০ম কেরানির শিক্ষক নিবন্ধন ও প্রভাষক পরীক্ষা (ভূগ/সমাজ-২)-২০১৪]

ক. পথের রাজা
খ. রাজার পথ
গ. রাজা নির্মিত পথ
ঘ. রাজাদের পথ
উত্তর: ক

◆ 'রাজপুত্র' কোন সমাসের উদাহরণ? [বৈজ্ঞানিকগণ, বিজ্ঞান ও প্রযুক্তি, হাসিল ও পিতৃবিয়োগ, ভাত, অবিবাহিত সন্তান বিজ্ঞান, ভূমি ও প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা এবং বাংলাদেশ রেলওয়ের টপ-সহকারী প্রকৌশলী -২০১৩]

ক. তৎপুরুষ
খ. বহুব্রীহি
গ. কর্মধারয়
ঘ. দ্বন্দ্ব
উত্তর: ক

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

◆ 'মেঘশূন্য' (মেঘ দ্বারা শূন্য) কোন সমাস? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]
ক. তৎপুরুষ খ. কর্মধারয়
গ. বহুব্রীহি ঘ. অব্যয়ীভাব
উত্তর: ক

◆ 'প্রিয়ংবদা' শব্দটি কোন সমাস? [সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ২০১২]
ক. বহুব্রীহি খ. উপপদ তৎপুরুষ
গ. রূপক কর্মধারয় ঘ. ষষ্ঠী তৎপুরুষ
উত্তর: খ

◆ ছায়াশীতল' কোন সমাস (ছায়াতে শীতল)? [স্বাস্থ্য সহকারী [illegible] ২০১২, বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১১-[illegible]]
ক. তৎপুরুষ খ. কর্মধারয়
গ. বহুব্রীহি ঘ. অব্যয়ীভাব
উত্তর: ক

◆ খেচর কোন সমাস? [তথ্য মন্ত্রণালয়ের অধীন গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার ২০১৩]
ক. কর্মধারয় খ. উপপদ তৎপুরুষ
গ. বহুব্রীহি ঘ. দ্বন্দ্ব
উত্তর: খ

◆ 'বিশ্বকবি 'সমাস কি হবে? [রেজিস্ট্রার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ২০১১- টাঙ্গাইল]
ক. বিশ্বরুপ খ. যিনি বিশ্বের কবি
গ. বিশ্ব ও কবি ঘ. বিশ্বের কবি
উত্তর: ঘ

◆ 'বইপড়া' কোন সমাস? [বাংলাদেশ টেলিভিশন এবং বিজ্ঞাপন অধিকারিক (গ্রেড ২): ০৬]
ক. তৎপুরুষ খ. দ্বন্দ্ব
গ. অব্যয়ীভাব ঘ. দ্বিগু
উত্তর: ক

◆ সমাস নির্ণয় করুন-'ধানের ক্ষেত'- [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]
ক. ষষ্ঠী তৎপুরুষ খ. বহুব্রীহি
গ. কর্মধারয় ঘ. অব্যয়ীভাব
উত্তর: ক

◆ সমাস নির্ণয় করুন- বেআইনি [১০ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১৪]
ক. অব্যয়ীভাব খ. নঞ তৎপুরুষ
গ. উপপদ তৎপুরুষ ঘ. নিত্য সমাস
উত্তর: খ

◆ কোন শব্দটি তৎপুরুষ সমাস? [এলজিইডিতে সহকারী প্রকৌশলী: ০৫]
ক. কালিকলম খ. মাতাপিতা
গ. মধুমাখা ঘ. দশানন
উত্তর: গ

◆ 'হরবোলা' কোন সমাস? [তথ্য মন্ত্রণালয়ে সহকারী পরিচালক (গণযোগাযোগ অধিশাখা): ০১]
ক. দ্বিগু খ. বহুব্রীহি
গ. উপপদ তৎপুরুষ ঘ. কর্মধারয়
উত্তর: গ

◆ কোনটি উপপদ তৎপুরুষের উদাহরণ? [৬ষ্ঠ বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১০/বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা: ১০]
ক. প্রতিবাদ খ. বিলাত ফেরত
গ উপগ্রহ ঘ. ছেলেধরা
উত্তর: ঘ

◆ 'কসুর বলদ' কোন সমাস? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে সাইফার অফিসার: ১১]
ক. উপপদ তৎপুরুষ খ. অলুক তৎপুরুষ
গ. মধ্যপদলোপী কর্মধারয় ঘ. উপমিত কর্মধারয়
উত্তর: খ

BookScan:www.fb.com/abubakar.chuadanga

অব্যয়ীভাব সমাস

পূর্বপদে অব্যয়যোগে নিষ্পন্ন সমাসে যদি অব্যয়েরই অর্থের প্রাধান্য থাকে, তবে তাকে অব্যয়ীভাব সমাস বলে। সামীপ্য, বিপসা (পৌনঃ পুনিকতা), পর্যন্ত, অভাব, অনতিক্রম্যতা, সাদৃশ্য, যোগ্যতা প্রভৃতি নানা অর্থে অব্যয়ীভাব সমাস হয়।

সামীপ্য

কণ্ঠের সমীপে = উপকণ্ঠ
কূলের সমীপে = উপকূল

বিপসা

দিন দিন = প্রতি দিন
ক্ষণে ক্ষণে = প্রতি ক্ষণে/ অনুক্ষণ

অভাব

হায়ার অভাব = বেহায়া
ভাতের অভাব = হাভাতে
আদবের অভাব = বেয়াদব

পর্যন্ত

পা থেকে মাথা পর্যন্ত = আপাদমস্তক
সমুদ্র থেকে হিমাচল পর্যন্ত= আসমুদ্রহিমাচল
মরণ পর্যন্ত = আমরণ

সাদৃশ্য

শহরের সদৃশ = উপশহর
গ্রহের তুল্য = উপগ্রহ

অনতিক্রম্যতা

রীতিকে অতিক্রম না করে = যথারীতি
সাধ্যকে অতিক্রম না করে = যথাসাধ্য

বিরোধ

বিরুদ্ধ বাদ = প্রতিবাদ
বিরুদ্ধ কূল = প্রতিকূল

অতিক্রান্ত

বেলাকে অতিক্রান্ত = উদ্বেল
শৃঙ্খলাকে অতিক্রান্ত = উচ্ছৃঙ্খল

পশ্চাৎ

পশ্চাৎ গমন = অনুগমন
পশ্চাৎ ধাবন = অনুধাবন।
তাপের পশ্চাৎ = অনুতাপ

ঈষৎ

ঈষৎ রক্তিম = আরক্তিম
ঈষৎ নত = আনত

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◆ পূর্বপদ প্রধান সমাস কোনটি? [দ্বাদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (মূল পর্ষদ) ২০১৫]
ক. তৎপুরুষ খ. কর্মধারয়
গ. অব্যয়ীভাব ঘ. বহুব্রীহি
উত্তর: গ

◆ 'উপভাষা' কোন সমাসের উদাহরণ? [১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (মূল/সহপর্ষদ-২)-২০১৪]
ক. তৎপুরুষ সমাস খ. কর্মধারয় সমাস
গ. অব্যয়ীভাব সমাস ঘ. বহুব্রীহি সমাস
উত্তর: গ

◆ অব্যয়ীভাব সমাসে 'অব্যয়' পদের অর্থ-[৯ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৩]
ক. পরিবর্তিত হয় খ. প্রধান থাকে
গ. সংকুচিত হয় ঘ. বৃদ্ধি ঘটে
উত্তর: খ

◆ 'আমরণ' কোন সমাস (মরণ পর্যন্ত) ? [প্রথম বিভাগ সহকারী শিক্ষক নিবন্ধন পরীক্ষা:২০১২ সংশোধিত]
ক. তৎপুরুষ খ. কর্মধারয়
গ. অব্যয়ীভাব ঘ. বহুব্রীহি
উত্তর: গ

◆ অনুতাপ (তাপের পশ্চাৎ) কোন সমাস? [ঢাকিটা (সরকারি প্রথম বিভাগ সহকারী শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১১-পরিবর্তিত]
ক. অব্যয়ীভাব খ. তৎপুরুষ
গ. কর্মধারয় ঘ. বহুব্রীহি
উত্তর: ক

www.techpathshala.com

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

◆ 'হাতাতে' কোন সমাস? (যুব মন্ত্রণালয়ের অধীনে সংস্থার পরিচালক: ০৫/ কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তরের সহকারী পরিদর্শক : ০৫)
ক. প্রাদি খ. অব্যয়ীভাব
গ. উপপদ তৎপুরুষ ঘ. বহুব্রীহি
উত্তর: খ

◆ 'বেহায়া' কোন সমাস? (প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (ID.A-ADB Project): ০১)
ক. দ্বন্দ্ব সমাস খ. নিত্য সমাস
গ. বহুব্রীহি সমাস ঘ. অব্যয়ীভাব সমাস
উত্তর: ঘ

◆ কোনটি ঈষৎ অর্থে অব্যয়ীভাব সমাস? (মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে গবেষণা কর্মকর্তা : ১৮)
ক. আজীবন খ. আরক্তিম
গ. আগাছা ঘ. আলুনী
উত্তর: খ

◆ সমাসবদ্ধ শব্দ 'আনত' কোন সমাসের উদারণ? (বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান এসিস্টেন্ট অফিসার -২০১৪)
ক. বহুব্রীহি খ. কর্মধারয়
গ. তৎপুরুষ ঘ. দ্বিগু
ঙ. অব্যয়ীভাব
উত্তর: ঙ

◆ সমাসবদ্ধ শব্দ 'আনত' কোন সমাসের উদাহরণ? (পরিবার পরিকল্পনা অধিদপ্তর নিয়োগ পরীক্ষা-২০১৪)
ক. বহুব্রীহি খ. কর্মধারয়
গ. সুপসুপা ঘ. অব্যয়ীভাব
উত্তর: ঘ

◆ কূলের সমীপে = উপকূল, এটি কোন সমাস? (কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স-এর কার্যালয়ের অধীন ভূমি অডিটর-২০১৪/ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাদকদ্রব্য অধিদপ্তরের পরিদর্শক-২০১৩)
ক. দ্বিগু খ. দ্বন্দ্ব
গ. অব্যয়ীভাব ঘ. বহুব্রীহি
উত্তর: গ

◆ 'উপশহর' শব্দটি কোন সমাস? (যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক: ১৪)
ক. দ্বন্দ্ব খ. দ্বিগু
গ. অব্যয়ীভাব ঘ. কর্মধারয়
উত্তর: গ

◆ 'উপকথা' শব্দটি কোন সমাস? (প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ঢাকা বিভাগ): ০১)
ক. অব্যয়ীভাব খ. তৎপুরুষ
গ. দ্বিগু ঘ. দ্বন্দ্ব
উত্তর: ক

◆ কোনটি অব্যয়ীভাব সমাসে উদাহরণ? (অ্যাকাউন্টেন্ট অফিসার: ০৫)
ক. খোশমেজাজ খ. প্রতিদিন
গ. অকাল ঘ. সেতার
উত্তর: খ

অলুক সমাস

যে সমাসে কোনো সমস্যমান পদের বিভক্তি লোপ হয় না, তাকে অলুক সমাস বলে। অলুক সমাস কোন স্বাতন্ত্র্য সমাস নয়, যে কোন শ্রেণির সমাস অলুক হতে পারে।

- **অলুক দ্বন্দ্ব ঃ**

  দুধে ও ভাতে = দুধে-ভাতে
  হাতে ও কলমে =হাতে-কলমে ।
  জলে ও স্থলে = জলে-স্থলে
  দেশে ও বিদেশে = দেশে-বিদেশে

- **অলুক তৎপুরুষ ঃ**

  কলুর বলদ = কলুর বলদ

  ষষ্ঠী তৎপুরুষ ঃ ঘোড়ার ডিম, মাটির মানুষ, হাতের পাঁচ, মামার বাড়ি, সাপের পা, মনের মানুষ, কলের গান, গরুর গাড়ি, কলুর বলদ ইত্যাদি।

BookSeller www.facebook.com/tanbir.ebooks

- অলুক বহুব্রীহি ঃ
  গায়ে হলুদ দেওয়া হয় যে অনুষ্ঠানে = গায়ে হলুদ
  হাতে খড়ি দেওয়া হয় যে অনুষ্ঠানে = হাতে খড়ি
  মাথায় পাগড়ি যার = মাথায়পাগড়ি
  গলায় গামছা যার = গলায়গামছা

একইভাবে, হাতে-ছড়ি, কানে-কলম, গায়ে-পড়া, হাতে-বেড়ি, মাথায়-ছাতা, মুখে-ভাত, কানে-খাটো।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

- যে সমাসে পূর্ব পদের বিভক্তির লোপ হয় না তাকে বলে- [পরিবার পরিকল্পনা অধিদপ্তর নিয়োগ পরীক্ষা-২০১৪/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২- রাজশাহী]
  ক. নিত্য সমাস খ. অলুক সমাস
  গ. দ্বন্দ্ব সমাস ঘ. দ্বিগু সমাস উত্তর: খ
- কোন সমাসে সমস্যমান পদেও বিভক্তি লোপ পায় না? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২ - দেশব্য]
  ক. অলুক সমাস খ. নিত্য সমাস
  গ. প্রাদি সমাস ঘ. উপপদ উত্তর: ক
- কোনটি অলুক তৎপুরুষ সমাসের উদাহরণ? [পরিবার পরিকল্পনা শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২-দিনাজপুর]
  ক. অহি-নকুল খ. গায়ে হলুদ
  গ. পীতাম্বর ঘ. রাজর্ষি উত্তর: খ
- কোনটি অলুক দ্বন্দ্ব? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (তুলনা বিভাগ): ০৯]
  ক. ঘরে-বাইরে খ. ঘর-বাড়ি
  গ. ভাই-বোন ঘ. আমরা উত্তর: ক
- নিচের কোনটি অলুক দ্বন্দ্ব সমাস? [স্কুল টিচার্স অধিদপ্তরের সহকারী পরিচালক: ১৪]
  ক. কাগজ ও পত্র = কাগজ পত্র খ. সাপে ও নেউলে = সাপে নেউলে
  গ. কাগজ ও কলম = কাগজ-কলম ঘ. যাকে ও তাকে = যাকে তাকে উত্তর: ঘ
- 'তেলেভাজা' কোন সমাস? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (তুলনা বিভাগ): ০৯]
  ক বহুব্রীহি খ. দ্বন্দ্ব
  গ কর্মধারয় ঘ. তৎপুরুষ উত্তর: ঘ
- কোনটি অলুক তৎপুরুষ সমাসের উদাহরণ? [দুর্নীতি দমন কমিশনের সহকারী পরিচালক-২০১৩]
  ক. কলে ছাটা খ. মাথায় ছাতা
  গ. হাতে কলমে ঘ. গায়ে হলুদ উত্তর: ক

প্রাদি সমাস

যে সমাসে পূর্বপদে তৎসম উপসর্গ (প্র, পরা, অপ, ...) থাকে, তাকে প্রাদি সমাস বলে।

প্র (প্রকৃষ্ট) ভাত = প্রভাত অতি (অতি বড়) কায় = অতিকায়
অনু (পশ্চাত) তাপ = অনুতাপ প্র (প্রকৃষ্ট) যে বচন = প্রবচন

- পূর্ব পদে উপসর্গ বসে যে সমাস হয়, তাকে বলে- [স্কুল টিচার্স অফিসার: ১৭]
  ক. রূপক সমাস খ. নিত্য সমাস উত্তর: গ
  গ. প্রাদি সমাস ঘ. অলুক সমাস
- কোনটি প্রাদি সমাস? [বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন সহকারী ব্যবস্থাপক ২০১৩]
  ক. পুরুষসিংহ খ. কাপুরুষ উত্তর: ঘ
  গ. [illegible] ঘ. প্রবচন

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

নিত্য সমাস

যে সমাসের ব্যাসবাক্য হয় না কিংবা তা করতে গেলে অন্য পদের সাহায্য নিতে হয়, তাকে নিত্য সমাস বলা হয় ।

দুই এবং নবুই = বিরানব্বই
সে তুমি ও আমি = আমরা
কেবল দর্শন = দর্শনমাত্র
অন্য গৃহ = গৃহান্তর
বিষাক্ত কাল (যম) তুল্য যে সাপ = কালসাপ
অন্যদেশ = দেশান্তর

মনে রাখ

ব্যাসবাক্যেঃ

এবং, ও, আর থাকলে ঃ দ্বন্দ্ব
সমাহার থাকলে ঃ দ্বিগু
যে, যিনি, যেটি থাকলে ঃ কর্মধারয়
যার, যাতে থাকলে ঃ বহুব্রীহি
বিভক্তি লোপ পেলে ঃ তৎপুরুষ
বিভক্তি লোপ না পেলে ঃ অলুক

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◆ কোনটি নিত্য সমাস? *[দ্বাদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যায়ন পরীক্ষা (স্কুল পর্যায়) ২০১৫]*
ক. পঞ্চনদ খ. বেয়াদব
গ. জলমাত্র ঘ. ভালমন্দ
উত্তরঃ গ

◆ যে সমাসের ব্যাসবাক্য হয় না কিংবা তা করতে গেলে অন্য পদের সাহায্য নিতে হয়, তাকে বলা হয় - *(২০তম বিসিএস/প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২- চট্টগ্রাম/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২-ঢাকা)*
ক. দ্বন্দ্ব সমাস খ. অব্যয়ীভাব সমাস
গ. কর্মধারয় সমাস ঘ. নিত্য সমাস
উত্তরঃ ঘ

◆ কোন সমাসে ব্যাসবাক্য হয় না? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তর নিয়োগ পরীক্ষা-২০১৪]*
ক. নিত্য সমাস খ. দ্বন্দ্ব সমাস
গ. তৎপুরুষ সমাস ঘ. কর্মধারয় সমাস
উত্তরঃ ক

◆ যে সমাসে পদগুলি নিত্য সমাসবদ্ধ থাকে, ব্যাসবাক্যের প্রয়োজন হয় না, তাহাকে কোন সমাস বলে? *(যুব উন্নয়ন অধিদপ্তরে সহকারী পরিচালকঃ ১১)*
ক. নিত্য সমাস খ. অলুক দ্বন্দ্ব
গ. প্রাদি সমাস ঘ. অব্যয়ীভাব
উত্তরঃ ক

◆ কোনটি নিত্য সমাস? *[১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়)-২০১৪/কর্মচারী নিয়োগ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষাঃ ২০১১-গোলাপ/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষকঃ ১০]*
ক. পঞ্চনদ খ. বেয়াদব
গ. দেশান্তর ঘ. ভালমন্দ
উত্তরঃ গ

www.fb.com/tanbir.ebooks

BookScan:www.fb.com/abubakar.chuadanga

বাক্য

■ **বাক্য:** যে সুবিন্যস্ত পদসমষ্টি দ্বারা কোনো বিষয়ে বক্তার মনোভাব সম্পূর্ণ রূপে প্রকাশিত হয়, তাকে বাক্য বলে।

■ **বাক্যের ভিত্তি:** ভাষার বিচারে বাক্যের নিম্নলিখিত তিনটি গুণ থাকা চাই।
যেমন : ক) আকাঙ্খা ২)আসত্তি ৩) যোগ্যতা

♦ **আকাঙ্খা** : বাক্যের অর্থ পরিস্কার ভাবে বোঝার জন্য এক পদের পর অন্য পদ শোনার যে ইচ্ছা তাই আকাঙ্খা। যেমন :
অপূর্ণাঙ্গ বাক্য ঃ রহিম খুব। (আকাঙ্খার নিবৃত্তি হয়নি, আরও কিছু শোনার ইচ্ছা হয়)
পূর্ণাঙ্গ বাক্য ঃ রহিম খুব ভাল ছেলে। (আকাঙ্খার নিবৃত্তি হয়েছে)

♦ **আসত্তি** : মনোভাব প্রকামের জন্য বাক্যে শব্দগুলোকে এমন ভাবে পর পর সাজাতে হবে যাতে মনোভাব প্রকাশে বাধাগ্রস্ত না হয়। বাক্যে অর্থসঙ্গতি রক্ষার জন্য সুশৃঙ্খল পদবিন্যাসই আসত্তি।
আসত্তিহীন লেখা ঃ খুব ছেলে রহিম ভাল। (মনোভাব প্রকাশিত হয়নি)
আসত্তি সম্পন্ন বাক্যঃ রহিম খুব ভাল ছেলে। (মনোভাব পূর্ণ ভাবে প্রকাশিত হয়েছে)

♦ **যোগ্যতা** : বাক্যস্থিত পদসমূহের অর্থগত এবং ভাবগত মিলবন্ধনের নাম যোগ্যতা। যেমন :
যোগ্যতাসম্পন্ন বাক্য ঃ 'বর্ষার বৃষ্টিতে প্লাবনের সৃষ্টি হয়'। কারণ বাক্যস্থিত পদসমূহের অর্থগত এবং ভাবগত সমন্বয় আছে ।
যোগ্যতাহীন বাক্য ঃ 'বর্ষার রৌদ্র প্লাবনের সৃষ্টি করে'। বাক্যটি ভাবপ্রকাশে যোগ্যতা হারিয়েছে। কারণ, রৌদ্র প্লাবন সৃষ্টি করে না।

শব্দের যোগ্যতার সঙ্গে নিম্নলিখিত বিষয় গুলো জড়িত থাকে :
ক) **রীতিসিদ্ধ অর্থবাচকতা**

খ) **দুর্বোধ্যতা** : অপ্রচলিত, দুর্বোধ্য শব্দ ব্যবহার করলে বাক্যের যোগ্যতা বিনষ্ট হয়।
অশুদ্ধ ঃ তুমি আমার সঙ্গে প্রপঞ্চ করেছো। (বাংলায় প্রপঞ্চ শব্দটি অপ্রচলিত)
শুদ্ধ ঃ তুমি আমার সঙ্গে চাতুরী করেছো।

গ) **উপমার ভুল প্রয়াগ** : ঠিক ভাবে উপমা অলংকার ব্যবহার না করলে যোগ্যতার হানি ঘটে। যেমন
অশুদ্ধ ঃ আমার হৃদয়-মন্দিরে আশার বীজ উপ্ত হল। (বীজ ক্ষেতে বপন করা হয়, মন্দিরে নয়)
শুদ্ধ ঃ আমার হৃদয়-ক্ষেত্রে আশার বীজ উপ্ত হল।

ঘ) **বাহুল্য-দোষ** : প্রয়োজনের অতিরিক্ত শব্দ ব্যবহারে বাহুল্য দোষ ঘটে । যেমন :
অশুদ্ধ ঃ সব ছাত্ররা উপস্থিত । (ছাত্ররা বহু বচনবাচক শব্দ। এর সঙ্গে 'সব' শব্দটির অতিরিক্ত ব্যবহার বাহুল-দোষ সৃষ্টি করেছে)
শুদ্ধ ঃ সব ছাত্র উপস্থিত বা ছাত্ররা উপস্থিত ।

ঙ) **বাগধারার শব্দ পরিবর্তন** : বাগধারা ভাষাবিশেষের ঐতিহ্য। এর যথেচ্ছ পরিবর্তন করলে শব্দ

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

অশুদ্ধ ঃ কাঠ হাসি (বাগধারাটি যোগ্যতাহীন)
শুদ্ধ ঃ কাষ্ঠ হাসি (অর্থ : শুকনো হাসি)
অশুদ্ধ ঃ বনে ক্রন্দন (বাগধারাটি যোগ্যতাহীন)
শুদ্ধ ঃ অরণ্যে রোদন (অর্থ : নিষ্ফল আবেদন)

চ) **গুরুচণ্ডালী দোষ** : এ দোষে দুষ্ট শব্দ তার যোগ্যতা হারায়।
১) তৎসম শব্দের সঙ্গে দেশীয় শব্দের মিশ্রণ। ২) সাধু ও চলিত ভাষার মিশ্রণ।

অশুদ্ধ ঃ মড়াদাহ (দেশী + তৎসম)।
শুদ্ধ ঃ মড়াপোড়া (দেশী + দেশী)
অশুদ্ধ ঃ গরুর শকট(দেশী + তৎসম)
শুদ্ধ ঃ গরুর গাড়ি (দেশী + দেশী)
অশুদ্ধ ঃ শবপোড়া (তৎসম + দেশী)
শুদ্ধ ঃ শবদাহ (তৎসম + তৎসম)

বিস্ময়সূচক বাক্য	যে বাক্যে মনের সুখ, দুঃখ, আনন্দ, বেদনা ইত্যাদি আবেগ ও উচ্ছ্বাস প্রকাশিত হয় তাকে বিস্ময়সূচক বাক্য বলে। যেমন-আ! কী সুন্দর দৃশ্য, আ! মিতার কণ্ঠ কতইনা মিষ্টি।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◆ কোনটি বাক্যের বৈশিষ্ট্য নয় ? *[৩৫তম বি.সি.এস]*
ক. যোগ্যতা খ. আকাঙ্ক্ষা
গ. আসক্তি ঘ. আসত্তি
উত্তর: গ

◆ কোন বাক্যটিতে গুরুচন্ডালী দোষমুক্ত? *[৯ম কেরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৩]*
ক. তার বাহিরে যাবার সময় হয়েছে খ. সে এখন স্কুলে যাবে
গ. তার বিবাহ হয় নাই ঘ. তাহারা রওয়ানা হলো
উত্তরঃ খ

◆ আকাঙ্খা আসক্তি ও যোগ্যতা-এ তিনটি কিসের গুণ? *[স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে সহকারী পরিচালক-২০১৩]*
ক. শব্দের খ. কারকের
গ. বাক্যের ঘ. সমাসের
উত্তরঃ গ

◆ হে সিন্ধু! বন্ধু মোর-মজিনু তব রূপে। এটা কোন ধরনের বাক্য? *[কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স-এর কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর-২০১৪]*
ক. প্রার্থনাসূচক খ. অনুজ্ঞাসূচক
গ. কার্যকরণাত্মক ঘ. বিস্ময়সূচক
উত্তরঃ ঘ

◆ বাক্যে এক পদের পর অন্যপদ শোনার ইচ্ছাকে কী বলে? *[৮ম কেরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১১]*
ক. আসত্তি খ. আকাঙ্ক্ষা
গ. যোগ্যতা ঘ. আসক্তি
উত্তর: খ

◆ একটি আদর্শ বাক্যে কয়টি গুণ থাকা আবশ্যক? *[স্বাস্থ্য মন্ত্রণালয়ের অধীন পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সহকারী তথ্য কর্মকর্তা ২০১৩]*
ক. ২ খ. ৩
গ. ৪ ঘ. ৫
উত্তর: খ

◆ বাক্যের তিনটি গুণ কি কি? *[বিশ্ববিদ্যালয়ের অফিসার ২১]*
ক. আকাঙ্ক্ষা, আসক্তি ও বিধেয় খ. আকাঙ্ক্ষা, আসত্তি ও যোগ্যতা
গ. যোগ্যতা, উদ্দেশ্য ও বিধেয় ঘ. কোনোটিই নয়
উত্তর: খ

BookScan:www.fb.com/tanbir.chuadanga

◆ আমার হৃদয় মন্দিরে আশার বীজ উপ্ত হলো-বাক্যটিতে কোন দোষ আছে? (বাংলাদেশ বিমানের সহকারী শিক্ষক ০১)

ক. বাগধারার দোষ খ. গুরুচণ্ডালী দোষ
গ. উপমার ভুল প্রয়োগ ঘ. বাহুল্য দোষ উত্তরঃ গ

◆ 'গুরুচণ্ডালী দোষ' বলতে বুঝায় - (সুপ্র পরিদপ্তরের বেতনভাতা কর্মকর্তা২০০৭/ঢাকা উত্তর রোর্ডের কর্মকর্তা ১৭)

ক. সাধু ও চলিত ভাষার মিশ্রণ খ. সাধু ও আঞ্চলিক ভাষার মিশ্রণ
গ. বিদেশী ও দেশী ভাষার মিশ্রণ ঘ. বাংলা ও ইংরেজি ভাষার মিশ্রণউত্তরঃ ক

◆ 'গুরুচণ্ডালী দোষ' কী? (সমাজ সিরাজগঞ্জ কলেজ ২০০৭)

ক. বিজ্ঞ ও মূর্খের সমস্যা
খ. তৎসম শব্দের সাথে দেশী শব্দের প্রয়োগ
গ. সাধু-চলতি ভাষারীতির মিশ্রণ
ঘ. ক ও গ উভয়ই উত্তর: ঘ

ব্যাখ্যা: 'গুরুচণ্ডালী দোষ' বলতে বুঝায় সাধু ও চলিত ভাষার মিশ্রণ।

◆ গুরুচণ্ডালী দোষমুক্ত কোনটি? (১০ম বিসিএস)

ক. শব পোড়া খ. মড়া দেহ
গ. শবদাহ ঘ. শবমড়া উত্তরঃ গ

◆ কোন বাক্যটি শুদ্ধ? (পরিবার পরিকল্পনা অধিদপ্তর হিসাব রক্ষক/দোষ রক্ষক/মোবাইল:২০১১)

ক. ৫ জন ছাত্ররা স্কুলে যায় খ. ৫ জন ছাত্রগণ স্কুলে যায়
গ. ৫ জন ছাত্র স্কুলে যায় উত্তর: গ

◆ সকল আলেমগণ আজ উপস্থিত। এই বাক্যটি কোন দোষে দুষ্ট? (৭ম শিক্ষক নিবন্ধন ও প্রভাষক পরীক্ষা- ২০১১, অবসরোত্তর অধিদপ্তরের অধীনে সরকারী অবসরভোগী : ০০)

ক. গুরুচণ্ডালী দোষে খ. বাহুল্য দোষে
গ. দুর্বোধ্যতা দোষে ঘ. বিদেশী শব্দ দোষে উত্তরঃ খ

◆ 'পড়া শেষে খেলতে যাবো' এই বাক্যে কোন লক্ষণ প্রকাশিত? (শিক্ষা পরিদপ্তরের সহকারী পরিচালক ০৯)

ক. স্পৃহা খ. আসক্তি
গ. অভ্যাস ঘ. অভিপ্রায় উত্তরঃ ঘ

■ **বাক্যের মূল ভাগ:** প্রত্যেক বাক্য দুই অংশে বিভক্ত।
যথা : ক) উদ্দেশ্য খ) বিধেয় ।

ক) উদ্দেশ্য ঃ যার সম্বন্ধে কিছু বলা হয়, তাই উদ্দেশ্য।
খ) বিধেয় ঃ উদ্দেশ্য সম্বন্ধে যা বলা হয়, তাই বিধেয়।
যথাঃ তিনি অতি দয়ালু । এই বাক্যে 'তিনি' উদ্দেশ্য পদ এবং 'অতি দয়ালু' বিধেয়।

■ **বাক্যের প্রকারভেদ :**
গঠন অনুযায়ী বাক্য তিন প্রকার :
১. সরল বাক্য ২. মিশ্র বা জটিল বাক্য ৩. যৌগিক বাক্য

◆ **সরল বাক্য** : যে বাক্যে একটি মাত্র কর্তা (উদ্দেশ্য) এবং একটি মাত্র সমাপিকা ক্রিয়া (বিধেয়) থাকে, তাকে সরল বাক্য বলে। যথা :
বিদ্বান লোক সকলের শ্রদ্ধার পাত্র।
পুকুরে পদ্মফুল জন্মে।

www.tb.com/tanbir.cox

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

হযরত মোহাম্মদ (সাঃ) ছিলেন একজন আদর্শ মানব।
সুশিক্ষিত লোক মানেই স্বশিক্ষিত।
ইহাদের মত রূপবতী রমনী আমার অন্তঃপুরে নাই।

◆ মিশ্র বা জটিল বাক্য : যে বাক্যে একটি প্রধান খণ্ডবাক্যে ও এক বা একাধিক আশ্রিত বাক্য পরস্পর সাপেক্ষ ভাবে ব্যবহৃত হয়, তাকে মিশ্র বা জটিল বাক্য বলে। যথা :

আশ্রিত বাক্য	প্রধান খণ্ডবাক্য
যে পরিশ্রম করে,	সেই সুখ লাভ করে।
যেহেতু তুমি বেশী নম্বর পেয়েছ,	সুতরাং তুমি প্রথম হবে।
সে যে অপরাধ করেছে,	তা মুখ দেখেই বুঝেছি।

যতই পরিশ্রম করবে ততই ফল পাবে।
যদি বৃষ্টি হয়, তবে বের হব না।

◆ যৌগিক বাক্য : পরস্পর নিরপেক্ষ দুই বা ততোধিক সরল বা মিশ্র বাক্য মিলিত হয়ে একটি সম্পূর্ণ বাক্য গঠন করলে তাকে যৌগিক বাক্য বলে। যৌগিক বাক্যের অন্তর্গত নিরপেক্ষ বাক্যগুলো এবং, ও, কিন্তু, অথবা, অথচ, কিংবা, বরং, তথাপি প্রভৃতি অব্যয় যোগে সংযুক্ত থাকে।

যেমন : তার বয়স বেড়েছে কিন্তু বুদ্ধি বাড়েনি।
বিপদ ও দুঃখ এক সময়ে আসে।
সে যেতে চায় তথাপি বসে আছে।
সে বলতে চায় তথাপি বলে না।
হয় রওনা হও নতুবা গাড়িতে ওঠো।

■ বাক্যের রূপান্তর :

সরল বাক্য : মেঘ গর্জন করলে ময়ূর নৃত্য করে।
জটিল বাক্য : যখন মেঘ গর্জন করে, তখন ময়ূর নৃত্য করে।
যৌগিক বাক্য : মেঘ গর্জন করে, তবে ময়ূর নৃত্য করে।

সরল বাক্য : টাকা থাকলেও তিনি দান করেন না।
জটিল বাক্য : যদিও তার টাকা আছে, তথাপি তিনি দান করেন না।
যৌগিক বাক্য : তার টাকা আছে কিন্তু তিনি দান করেন না।

সরল বাক্য : তার বয়স বাড়লেও বুদ্ধি বাড়েনি।
জটিল বাক্য : তার বয়স বেড়েছে, বুদ্ধি বাড়েনি।
যৌগিক বাক্য : তার বয়স বেড়েছে কিন্তু বুদ্ধি বাড়েনি।

সরল বাক্য : বিপদ-দুঃখ এক সময়ে আসে।
জটিল বাক্য : যখন বিপদ আসে, তখন দুঃখও আসে।
যৌগিক বাক্য : বিপদ ও দুঃখ এক সময়ে আসে।
সরল বাক্য : বেশী নম্বর পাওয়ার কারণেই তুমি প্রথম হবে।

BookScan www.fb.com/abubakar.chuadanga

সরল বাক্য ঃ হযরত মোহাম্মদ (সাঃ) ছিলেন একজন আদর্শ মানব।
জটিল বাক্য ঃ হযরত মোহাম্মদ (সাঃ) ছিলেন একজন মানব যিনি ছিলেন আদর্শবান ।
যৌগিক বাক্য ঃ হযরত মোহাম্মদ (সাঃ) ছিলেন একজন মানব এবং তিনি ছিলেন আদর্শবান

সরল বাক্য ঃ লেখাপড়া করলে গাড়িঘোড়া চড়তে পারবে।
জটিল বাক্য ঃ লেখাপড়া করে যেই, গাড়িঘোড়া চড়ে সেই।
যৌগিক বাক্য ঃ লেখাপড়া কর তাহলে গাড়িঘোড়ায় চড়তে পারবে।

সরল বাক্য ঃ কোথাও পথ না পেয়ে তোমার কাছে এসেছি।
জটিল বাক্য ঃ যেহেতু কোথাও কোন পথ পাইনি তাই তোমার কাছে এসেছি।
যৌগিক বাক্য ঃ কোথাও পথ পেলাম না বলে তোমার কাছে এসেছি।

সরল বাক্য ঃ সত্য বললে মুক্তি পাবে।
জটিল বাক্য ঃ যদি সত্য বল তাহলে মুক্তি পাবে।
যৌগিক বাক্য ঃ সত্য বল, তাহলে মুক্তি পাবে।

সরল বাক্য ঃ তাকে দর্শনমাত্রই আমরা প্রস্থান করলাম।
জটিল বাক্য ঃ যে-ই তার দর্শন পেলাম, সে-ই আমরা প্রস্থান করলাম।
যৌগিক বাক্য ঃ তার দর্শন পেলাম, তারপর আমরা প্রস্থান করলাম।

সরল বাক্য ঃ হাসান নিয়মিত পড়াশোনা করার কারণেই পুরস্কার পায় ।
জটিল বাক্য ঃ যেহেতু হাসান নিয়মিত পড়াশোনা করে সেজন্য সে পুরস্কার পায় ।
যৌগিক বাক্য ঃ হাসান নিয়মিত পড়াশোনা করে বলে পুরস্কার পায় ।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

প্রতিটি বাক্যে প্রধান কয়টি অংশ থাকে? *(সেনা,জন্ত,জী ওপী বাংলাদেশ ৩)*
ক. ২টি খ. ৩টি
গ. ৪টি ঘ. ৫টি
ঙ. কোনটিই নয় **উত্তরঃ ক**

গঠন অনুসারে বাক্য কত প্রকার? *[বুয় ৬ কর্মসংস্থান ব্যাংকের সহকারী প্রধান পরীক্ষা ৩]*
ক. ২ প্রকার খ. ৩ প্রকার
গ. ৪ প্রকার ঘ. ৫ প্রকার **উত্তরঃ খ**

'পুকুরে পদ্মফুল জন্মে'-কোন ধরনের বাক্য? *[কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-সহকারী কৃষি কর্মকর্তা-২০১৪]*
ক. সরল বাক্য খ. জটিল বাক্য
গ. যৌগিক বাক্য ঘ. মিশ্র বাক্য **উত্তরঃ ক**
ঙ. কোনোটিই নয়

'যতই পরিশ্রম করবে ততই ফল পাবে'- *[৮৭ সোনালী ব্যাংক লিঃ ৬ প্রভাষক পরীক্ষা ২০১২]*
ক. নির্দেশক বাক্য খ. সরল বাক্য
গ. যৌগিক বাক্য ঘ. জটিল বাক্য **উত্তরঃ ঘ**

'বিদ্বান লোক সকলের শ্রদ্ধার পাত্র'- এটি কোন শ্রেণীর বাক্য? *[সহকারী জজ নিয়োগ বিধি-২০০৭]*
ক. যৌগিক খ. জটিল
গ. সরল ঘ. বিযুক্ত **উত্তরঃগ**

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

◆ নিচের কোনটি সরল বাক্য তা চিহ্নিত করুন। [সংস্থাপন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা ২০০৭]
ক. ইহারা যেরূপ, এরূপ রূপবতী রমণী আমার অন্তঃপুরে অনুপস্থিত
খ. ইহারা যেরূপ, এরূপ রূপবতী রমণী আমার অন্তঃপুরের বাইরে আছে
গ. ইহাদের মত রূপবতী রমনী আমার অন্তঃপুরে নাই
ঘ. ইহারা যেরূপ, এরূপ রূপবতী রমণী আমার অন্তঃপুরে নাই
উত্তর:গ

◆ নিচের কোন বাক্যটি শুদ্ধ? [৮ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১২]
ক. সূর্য উদয় হয়েছে? খ. তার সৌজন্যতায় মুগ্ধ হয়েছি
গ. যুক্তি খন্ডন হয়েছে কিন্তু মুক্তি মেলেনি
ঘ. বিধি লঙ্ঘন হয়েছে
উত্তর: গ

◆ নিচের কোন বাক্যটি শুদ্ধ? [৮ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১২]
ক. 'গীতাঞ্জলি' পড়েছ কি? খ. এ কথা প্রমাণ হয়েছে
গ. অল্প দিনের মধ্যে তিনি আরোগ্য হলেন
ঘ. আবশ্যক ব্যয়ে কার্পণ্য করা অনুচিত
উত্তর: ক

◆ তিনি সৎ কিন্তু কৃপণ-বাক্যটি-[ঢাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]
ক. সরল বাক্য খ. যৌগিক বাক্য
গ. মিশ্র বাক্য ঘ. বিস্ময়বোধক বাক্য
উত্তর: খ

◆ 'সে যেতে চায় তথাপি বসে আছে' – এটি কোন শ্রেণীর বাক্য? [বাংলাদেশ গ্যাস ফিল্ড কোম্পানি সহকারী ব্যবস্থাপক ২০১]
ক. সরল বাক্য খ. জটিল বাক্য গ. যৌগিক বাক্য
ঘ. ব্যাস বাক্য ঙ. কোনোটিই নয়
উত্তর: গ

◆ 'তপুর বয়স অল্প কিন্তু বেশি বুদ্ধিমান'- বাক্যটি কোন ধরণের ? [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে সহকারী ২০১৩]
ক. সরল খ. জটিল
গ. যৌগিক ঘ. মিশ্র
উত্তর: গ

◆ 'তুমি আসবে বলে হে স্বাধীনতা, সখিনা বিবির কপাল ভাঙল।' এটি কোন ধরনের বাক্যের উদাহরণ? [৮ম রিজেন্স (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা ২০১৩]
ক. মিশ্র খ. সরল
গ. যৌগিক ঘ. বিভ্রমপূর্ণ বাক্য
উত্তর: খ

◆ 'সে বলতে চায় তথাপি বলে না'-এটি কান শ্রেণী বাক্য? [বাদ্য অধিদপ্তরের সহকারী উপ-বাদ্য পরিদর্শক ২০১২]
ক. সরল বাক্য খ. জটিল বাক্য
গ. যৌগিক বাক্য ঘ. ব্যাসরাক্য
উত্তর: গ

◆ হয় রওনা হও নতুবা গাড়িতে ওঠো এটি কোন ধরনের বাক্য ? [রেজিস্ট্রেশন অধিদপ্তরে সহকারী নিবন্ধক পরীক্ষা ২০১৩]
ক. সরল বাক্য খ. যৌগিক বাক্য
গ. জটিল বাক্য ঘ. মিশ্র বাক্য
উত্তর: খ

◆ 'যদি বৃষ্টি হয়, তবে বের হব না'- এটি কোন ধরনের বাক্য? [তথ্য মন্ত্রণালয়ের অধীন গণযোগাযোগ অধিদপ্তরে সহকারী প্রক্ষিক ২০১৩]
ক. সরল বাক্য খ. জটিল বাক্য
গ. যৌগিক বাক্য ঘ. নির্দেশাত্মক বাক্য
উত্তর: খ

◆ 'হযরত মোহাম্মদ (সাঃ) ছিলেন একজন আদর্শ মানব' বাক্যটি নিম্নোক্ত একটি শ্রেণীর--- [১৭তম বিসিএস]
ক. মিশ্র খ. জটিল
গ. যৌগিক ঘ. সরল
উত্তর: ঘ

BookScan:www.fb.com/abubakar.chuadanga

'সুশিক্ষিত লোক মানেই স্বশিক্ষিত'-এটি কোন ধরনের বাক্য?/ সমাজসেবা অধিদপ্তরের সহর সমাজসেবা অফিসার (হাসপাতাল): ০৭/ উপজেলা মহিলা কর্মকর্তা: ০৫/

ক. সরল খ. জটিল
গ. যৌগিক ঘ. মিশ্র
উত্তর: ক

'তাঁর চুল পেকেছে কিন্তু বুদ্ধি পাকেনি'- এটা কোন ধরনের বাক্য? /কাস্টমস সার্ভিস কমিশন কর্তৃক জজ ১ম বিজ্ঞপ্তি (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা -২০১৪//পাসপোর্ট এন্ড ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৩/

ক. যৌগিক বাক্য খ. জটিল বাক্য
গ. সরল বাক্য ঘ. মিশ্র বাক্য
উত্তর: ক

'তার বয়স বাড়লেও বুদ্ধি বাড়েনি' এটি কোন ধরনের বাক্য? /সমাজ কল্যাণের মাননীয় মন্ত্রণালয় নিম্নে অধিদপ্তরের পরিদর্শক ২০১৩/উপজেলা পোস্টমাস্টার: ১০/

ক. সরল বাক্য খ. জটিল বাক্য
গ. যৌগিক বাক্য ঘ. ব্যাস বাক্য
ঙ. কোনটিই নয়
উত্তর: ক

'তার বয়স বেড়েছে কিন্তু বুদ্ধি বাড়েনি' এটা কোন ধরনের বাক্য?/১৮ম বিসিএস/১০ম সেকেন্ডারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়-২)-২০১৪/প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (চাকরি বিশেষ): ০৯/

ক. যৌগিক বাক্য খ. সাধারণ বাক্য
গ. মিশ্র বাক্য ঘ. সরল বাক্য
উত্তর: ক

নিচের কোনটি সরল বাক্য তা চিহ্নিত করুন। (সংস্থাপন মন্ত্রণালয়ে প্রশাসনিক কর্মকর্তা: ০৭)

ক ইহারা যেরূপ,এরূপ রূপবতী রমণী আমার অন্তঃপুরে অনুপস্থিত
খ ইহারা যেরূপ, এরূপ রূপবতী রমণী আমার অন্তঃপুরের বাইরে আছে
গ ইহাদের মত রূপবতী রমণী আমার অন্তঃপুরে নাই
ঘ ইহারা যেরূপ, এরূপ রূপবতী রমণী আমার অন্তঃপুরে নাই
উত্তর: গ

কোনটি সরল বাক্য? (অর্থ মন্ত্রণালয়ের অধীনে প্রশাসনিক কর্মকর্তা: ০৪)

ক. যে রক্ষক সেই ভক্ষক খ. তিনি দরিদ্র কিন্তু চরিত্রহীন নন
গ. ধনের ধর্মই অসাম্য ঘ. তার বয়স হয়েছে কিন্তু বুদ্ধি হয়নি
উত্তর: গ

'মেঘ গর্জন করলে ময়ূর নৃত্য করে'-কোন ধরনের বাক্য?(মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০১)

ক. সরল খ. যৌগিক
গ. মিশ্র ঘ. বিবৃতিমূলক
উত্তর: ক

যে-ই তার দর্শন পেলাম, সে-ই আমরা প্রস্থান করলাম- এটি কোন্ জাতীয় বাক্য?/১০ম বিসিএস/

ক. সরল বাক্য খ. যৌগিক বাক্য
গ. মৌলিক বাক্য ঘ. মিশ্র বাক্য
উত্তর: ঘ

'বিপদে মোরে রক্ষা কর এ নহে মোর প্রার্থনা'-এটি কোন শ্রেণীর বাক্য? /জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ব্যক্তিগত সহকারী ২০১৩/

ক. সরল বাক্য খ. জটিল বাক্য
গ. যৌগিক বাক্য ঘ. ব্যাসবাক্য
উত্তর: খ

'সত্যি সেলুকাস, এ দেশ বড় বিচিত্র'। -কোন বাক্য? /৯ম সেকেন্ডারি প্রভাষক নিয়োগ ও প্রভাষক পরীক্ষা ২০১৩/

ক. নির্দেশাত্মক বাক্য খ. বিস্ময়বোধক বাক্য
গ. যৌগিক বাক্য ঘ. জটিল বাক্য
উত্তর: ঘ

'যেহেতু তুমি বেশী নম্বর পেয়েছ, সুতরাং তুমি প্রথম হবে' কোন ধরনের বাক্য?/১৮ম বিসিএস/

ক. সরল খ. জটিল
গ. যৌগিক ঘ. অনুজ্ঞামূলক
উত্তর: খ

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

◆ 'যদি সত্য বল তাহলে মুক্তি পাবে'-এটি কোন ধরনের বাক্য? (পরিকল্পনা মন্ত্রণালয় ৪টা প্রসেসিং কর্মকর্তা ০২)
ক. সংযুক্ত বাক্য খ. যৌগিক বাক্য
গ. সরল বাক্য ঘ. মিশ্র বাক্য
উত্তর: ঘ

◆ 'যেমন কাজ করবে তেমন ফল পাবে' বাক্যটির সরল রূপ কোনটি? (সমাজসেবা অধিদপ্তরে সমাজসেবা অফিসার ১৯)
ক. কাজ অনুযায়ী ফল পাবে খ. যেমন কর্ম তেমন ফল
গ. ফলেই কর্মের পরিচয় ঘ. কাজের উপর ফল নির্ভর করে
উত্তর: ক

◆ যৌগিক বাক্যের অন্যতম গুণ কি? (১৪তম বিসিএস)
ক. একটি জটিল ও একটি সরল বাক্যের সাহায্যে বাক্য গঠন
খ. একটি সংযুক্ত ও একটি বিযুক্ত বাক্যের সাহায্যে বাক্য গঠন
গ. দুটি সরল বাক্যের সাহায্যে বাক্য গঠন
ঘ. দুটি মিশ্র বাক্যের সাহায্যে বাক্য গঠন
উত্তর: গ

◆ 'গাড়িঘোড়া চড়লে লেখাপড়া কর' এই সরল বাক্যটির যৌগিক রূপ কোনটি? (সমাজসেবা অধিদপ্তরে সহকারী প্রজেক্ট অফিসার ১৯)
ক. লেখাপড়া কর তাহলে গাড়িঘোড়ায় চড়তে পারবে
খ. লেখাপড়া করে গাড়িঘোড়া চড়তে পারবে
গ. লেখাপড়া করে যেই, গাড়িঘোড়া চড়ে সেই
ঘ. গাড়িঘোড়ায় চড়ার জন্য প্রয়োজন লেখাপড়া
উত্তর: ক

◆ হাসান নিয়মিত পড়াশোনা করে বলে পুরস্কার পায় ।- এই জটিল বাক্যের সরল রূপ হলো- (সমাজসেবা অধিদপ্তরের শহর সমাজসেবা অফিসার (হাসপাতাল): ০৭/ উপজেলা মহিলা কর্মকর্তা: ০৫)
ক. নিয়মিত পড়াশোনা করার কারণেই হাসান পুরস্কার পায়
খ. হাসান নিয়মিত পড়াশোনা করে ,তাই সে পুরস্কার পায়
গ. হাসান নিয়মিত পড়াশোনা করে এবং পুরস্কার পায়
ঘ. নিয়মিত পড়াশোনা করে সেজন্য হাসান পুরস্কার পায়
উত্তর: ক

◆ 'কোথাও পথ পেলাম না বলে তোমার কাছে এসেছি।' বাক্যটি কোন প্রকারের? (স্বাস্থ্য অধিদপ্তরে সহকারী উপসহকারী প্রকৌশলী: ০১)
ক. সরল খ. জটিল
গ. যৌগিক ঘ. মিশ্র
উত্তর: গ

◆ কোনটি অস্বস্তিবাচক বাক্য? (অর্থ মন্ত্রণালয়ের অধীনে প্রশাসনিক কর্মকর্তা: ০৪)
ক. পৃথিবী চিরস্থায়ী নয় খ. ওকে চেনাই যায় না
গ. কথাটা না মেনে উপায় নেই ঘ. জায়গাটা নির্জন
উত্তর: ঘ

◆ 'বল বীর বল উন্নত মম শির' বাক্যটি কি? (ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরে সহকারী ড্রিলিং প্রকৌশলী: ১৮)
ক. ইচ্ছাসূচক খ. প্রশ্নসূচক
গ. আদেশ সূচক ঘ. বিস্ময় বোধক
উত্তর: গ

◆ "তাদের ভুলটা ভাঙতে দেরি হয় না।" নেতিবাচক বাক্যটির অস্তিবাচক রূপ- (গ.গ. অধিদপ্তর অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর ২০১১)
ক. তাদের ভুলটা ভাঙতে দেরি হয় খ. অচিরেই তাদের ভুল ভাঙে
গ. তাদের ভুলটা দেরিতে ভাঙে
উত্তর: খ

◆ 'খোদা আপনার মঙ্গল করুন' কী অর্থে ব্যবহার করা হয়েছে? (অর্থ মন্ত্রণালয়ের অফিসার ২০১১)
ক. উপকার খ. প্রার্থনা
গ. বিধান ঘ. কোনোটিই নয়
উত্তর: খ

BookScan:www.fb.com/abubakar.chuadanga

'প্রিয়ংবদা যথার্থ কহিয়াছে।' বাক্যটির নেতিবাচক রূপ নিচের কোনটি? [বস্তু বাংলাদেশ বস্তু সংসদ: ১০/ গ. ব.পরিদর্শিকা পুলিশকার্যালয় নিয়োগ পরীক্ষা ২০১০]

ক. প্রিয়ংবদা যথার্থ কহে নাই খ. প্রিয়ংবদা অযথার্থ কহিয়াছে

গ. প্রিয়ংবদা অযথার্থ কহে নাই

উত্তরঃ গ

'তুই যেতে পারবি না।' বাক্যটির অস্তিবাচক রূপ নিচের কোনটি? [বস্তু বাংলাদেশ বস্তু সংসদ: ১০/ গ.ব.পরিদর্শিকা পুলিশকার্যালয় নিয়োগ পরীক্ষা ২০১০]

ক. তুই যেতে পারবি খ. তুই না যেয়ে পারবি না

গ. তোকে থাকতে হবে

উত্তরঃ গ

বাচ্য-পরিবর্তন

বাচ্য : বাক্যের বিভিন্ন ধরনের প্রকাশভঙ্গিকে বলা হয় 'বাচ্য'।

বাচ্য প্রধানত তিন প্রকার:

১) কর্তৃবাচ্য ২) কর্মবাচ্য ৩) ভাববাচ্য।

কর্তৃবাচ্য ঃ যে বাক্যে কর্তার অর্থের প্রাধান্য রক্ষিত হয় এবং ক্রিয়াপদ কর্তার অনুসারী হয়, তাকে কর্তৃবাচ্যের বাক্য বলে।

- কর্তৃবাচ্যে ক্রিয়াপদ সর্বদাই কর্তার অনুসারী হয়।
- কর্তৃবাচ্যে ক্রিয়া সকর্মক ও অকর্মক দুইই হইতে পারে।
- কর্তৃবাচ্যে কর্তায় প্রথম বা শূন্য বিভক্তি এবং কর্মে দ্বিতীয়া, ষষ্ঠী বা শূন্য বিভক্তি হয়। যথা: শিক্ষক ছাত্রদের পড়ান। রোগী পথ্য সেবন করে।

কর্মবাচ্য ঃ যে বাক্যে কর্মের সাথে ক্রিয়ার সম্বন্ধ প্রধান ভাবে প্রকাশিত হয়, তাকে কর্মবাচ্য বলে।

- কর্মবাচ্যে ক্রিয়াপদ কর্মের অনুসারী হয় ।
- কর্মবাচ্য কেবল সকর্মক ক্রিয়া হইতে গঠিত হয়।
- কর্মবাচ্যে কর্মে প্রথমা, কর্তায় তৃতীয়া বিভক্তি ও দ্বারা দিয়া (দিয়ে), কর্তৃক অনুসর্গ ব্যবহৃত হয়। যথা: আলেকজান্ডার কর্তৃক পারস্য দেশ বিজিত হয়। কখনো কখনো কর্মে দ্বিতীয়া বিভক্তিও হতে পারে। যথা: আসামিকে জরিমানা করা হয়েছে।

ভাববাচ্য ঃ যে বাচ্যে কর্ম থাকে না এবং বাক্যে ক্রিয়ার অর্থই বিশেষ ভাবে ব্যক্ত হয় তাকে ভাববাচ্য বলে।

- ভাববাচ্যের ক্রিয়া সর্বদাই নাম পুরুষের হয়।
- ভাববাচ্য কেবল অকর্মক ক্রিয়া হইতে গঠিত হয়।
- ভাববাচ্যের কর্তায় ষষ্ঠী, দ্বিতীয়া অথবা তৃতীয়া বিভক্তি প্রযুক্ত হয়। যথা:
  আমার (কর্তায় ষষ্ঠী) খাওয়া হল না। (নাম পুরুষের ক্রিয়া)
  আমাকে (কর্তায় দ্বিতীয়া) ভাত দেওয়া হয়নি । (নাম পুরুষের ক্রিয়া)
  তোমার দ্বারা (কর্তায় তৃতীয়া) এ কাজ হবে না। (নাম পুরুষের ক্রিয়া)
  তোমাদের কখন আসা হলো
- কখনো কখনো ভাববাচ্যে কর্তা উহ্য থাকে । যেমন:
  এ বার ট্রেনে ওঠা যাক। কোথা থেকে আসা হচ্ছে?
  কোথায় থাকা হয়?

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

কর্মকর্তৃবাচ্য ঃ যে বাক্যে কর্মপদই কর্তৃস্থানীয় হয়ে বাক্য গঠন করে, তাকে কর্মকর্তৃবাচ্যের বাক্য বলা হয়। যেমন :

সুতি কাপড় অনেক দিন টেকে।
তোমাকে রোগা দেখায়।
ফুলটি ফুটিল।
বাঁশি বাজে।
আসামীকে জরিমানা করা হয়েছে
কাজটা ভাল দেখায় না।
আম পাকিয়াছে।
আকাশে মেঘ করিয়াছে।
চাঁদ দেখা যাচ্ছে।

যদু বাঁশি বাজায়' বলিলে কর্তৃবাচ্যের বাক্য হয়। আর, বাঁশি আপনি বাজিলে উহা কর্ম-কর্তৃবাচ্যের বাক্য হয়। এইরূপ বাক্যের সংখ্যা বাংলায় খুব বেশি নহে। সাধারণত, প্রাকৃতিক ঘটনামূলক ক্রিয়াই বাচ্যের প্রয়োগ দেখা যায়।

বাচ্যের পরিবর্তন :

- বাচ্য পরিবর্তনে ক্রিয়ার ভাব (Mood) পরিবর্তিত হয়।
- বাচ্য-পরিবর্তনে ক্রিয়ার কাল পরিবর্তিত হয় না।
- বাচ্য পরিবর্তনে বাক্যের (সরল, যৌগিক বা জটিল) প্রকারের পরিবর্তন হয় না।

ক্রিয়াপদ সকর্মক হলে কর্তৃবাচ্যকে কর্মবাচ্যে এবং কর্মবাচ্যেকে কর্তৃবাচ্য রূপান্তর করা যায়।

কর্তৃবাচ্য	কর্মবাচ্য
ক) বিদ্বানকে সকলেই আদর করে।	ক) বিদ্বান সকলের দ্বারা আদৃত হন।
খ) খোদাতায়ালা বিশ্বজগৎ সৃষ্টি করেছেন।	খ) বিশ্বজগৎ খোদাতায়ালা কর্তৃক সৃষ্ট হয়েছে
গ) আমি ভাত খেয়েছি।	গ) আমার ভাত খাওয়া হয়েছে।
ঘ) আমি বই পড়েছি ।	ঘ) আমার বই পড়া হয়েছে ।

কর্মবাচ্য	কর্তৃবাচ্য
ক) আমা দ্বারা ফুল তোলা হইয়াছে ।	ক) আমি ফুল তুলিয়াছি।
খ) আমার (আমা কর্তৃক) আম খাওয়া হইয়াছে।	খ) আমি আম খাইয়াছি।

ক্রিয়াপদ অকর্মক হলে কর্তৃবাচ্যকে ভাববাচ্যে এবং ভাববাচ্যক কর্তৃবাচ্য রূপান্তর করা যায়।

কর্তৃবাচ্য	ভাববাচ্য
ক) আমি আর গেলাম না ।	ক) আমার আর যাওয়া হল না।
খ) তুমিই ঢাকা যাবে।	খ) তোমাকেই ঢাকা যেতে হবে।
গ) তোমরা কখন এলে?	গ) তোমাদের কখন আসা হল?
ঘ) তোরা সব ভাতের যোগাড় কর।	ঘ) ভাতের যোগাড় করা হোক।
ঙ) তুমি বেড়ালে ।	ঙ) তোমার বেড়ানো হলো ।

ভাববাচ্য	কর্তৃবাচ্য
ক) তোমাকে হাটতে হবে।	ক) তুমি হাঁটবে।
খ) তার যেন আসা হয়।	খ) সে যেন আসে।
গ) একটি গান করা হউক।	গ) একটি গান কর।
ঘ) এবার যাহা [illegible]	

BookScan:www.fb.com/groups/BanglaBook.org

MP3

- কর্মবাচ্যের ক্রিয়াপদ সকর্মক এবং ভাববাচ্যের ক্রিয়াপদ অকর্মক- তাই তাদের মধ্য রূপান্তর নয়।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

- 'কোথায় থাকা হয়?'– এটি কোন বাচ্যের উদাহরণ? [স্বাস্থ্য মন্ত্রণালয়ের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরি ২০১৩/প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী ২০১১]

ক. ভাব বাচ্যের খ. কর্তৃ বাচ্যের
গ. কর্ম-কর্তৃ বাচ্যের ঘ. কর্ম বাচ্যের উত্তর:

- 'সে আসুক'-এটি কোন বাচ্য? [পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব/সহকারী পরিচালক (প্রশাসন)-২০১৩]

ক. কর্তৃবাচ্য খ. কর্মবাচ্য
গ. ভাববাচ্য ঘ. কর্তৃকর্মবাচ্য উত্তরঃ গ

- 'তোমাদের কখন আসা হলো' এটি কোন বাচ্যের উদাহরণ? [পরিবার পরিকল্পনা পরিদর্শক এবং পরিবার কল্যাণ সহকারী ১১]

ক. ভাববাচ্য খ. কর্মবাচ্য
গ. কর্তৃবাচ্য উত্তর: ক

- কর্ম বাচ্যের উদাহরণ কোনটি? [সিনিয়র বিজ্ঞেপ্ত (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা ২০১২]

ক. আপনার কী করা হয় খ. দূর থেকে পাহাড় নিচু মনে হয়
গ. কেমন শীত শীত করছে ঘ. আসামীকে জরিমানা করা হয়েছে উত্তর: ঘ

- 'তিনি বললেন যে, বইটা তার দরকার' বাক্যটি কিসের উদাহরণ? [বিজ্ঞপ্তি/টিপ্পনী পল্লী উন্নয়ন কর্মকর্তা ২০১২]

ক. প্রত্যক্ষ উক্তির খ. কর্মবাচ্যের
গ. কর্মবাচ্যের ঘ. পরোক্ষ উক্তির উত্তর: ঘ

- "আমার বই পড়া হয়েছে" বাক্যটির কর্তৃবাচ্য রূপ হচ্ছে- [সমাজসেবা অধিদপ্তরের পদে সমাজসেবা অফিসার (হাসপাতাল): ০৭/ উপজেলা মহিলা কর্মকর্তা: ০৫]

ক. আমি বই পড়ছি খ. আমরা বই পড়েছি
গ. আমি বই পড়তে যাচ্ছি ঘ. আমি বই পড়েছি উত্তরঃ ঘ

- যে বাচ্যের কর্ম থাকে না এবং বাক্যে ক্রিয়ার অর্থই প্রধানরূপে প্রতীয়মান হয়, তাকে কোন বাচ্য বলে? [শ্রম পরিদপ্তরের মেডিক্যাল অফিসার: ০৫/ পাসপোর্ট এন্ড ইমিগ্রেশন অধিদপ্তরে সহকারী পরিচালক: ০৩]

ক. কর্ম-কর্তৃবাচ্য খ. কর্মবাচ্য
গ. ভাববাচ্য ঘ. কর্তৃবাচ্য উত্তরঃ গ

- ভাববাচ্যের উদাহরণ- [পি.এস.সি কর্তৃক নির্বাচিত ১১টি পদ: ০১]

ক. আমি আর গেলাম না খ. এবার মাছ ধরা যাক
গ. আম বোধ হয় পেকেছে ঘ. কুকুর লোকটিকে কামড়াল উত্তরঃ খ

- নিচের কোন বাক্যটি ভাববাচ্যের? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক: ১১]

ক. আমি ভাত খেয়েছি খ. আমার ভাত খাওয়া হয়েছে
গ. আমাকে ভাত দেওয়া হয়নি ঘ. তোরা সব ভাতের যোগাড় কর উত্তরঃ গ

- তুমি বেড়ালে। এ বাক্যের ভাববাচ্যে রূপান্তর- [সহকারী জজ পিজি অফিসার: ০৫]

ক. তোমার বেড়ানো হলো খ. তোমার বেড়ানো শেষ
গ. তুমি বেড়িয়ে এলে ঘ. তোমা কর্তৃক বেড়ানো হলো উত্তরঃ ক

- 'বাঁশি বাজে ওই দূরে' -- কোন বাচ্যের উদাহরণ? [সাব-রেজিস্ট্রার: ০৩]

ক. ভাববাচ্যের খ. কর্তৃব্যবাচ্যের
গ. কর্ম-কর্তৃবাচ্যের ঘ. কর্মবাচ্যের উত্তরঃ গ

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

◈ 'চাঁদ দেখা যাচ্ছে' এই বাক্য কোন বাচ্যের প্রয়োগ ঘটেছে? (সমবায় অধিদপ্তরে ২য় শ্রেণীর প্রজেক্টে অফিসার ১১)

ক. কর্তৃবাচ্য খ. কর্মবাচ্য

গ. ভাববাচ্য ঘ. কর্মকর্তৃবাচ্য

উত্তরঃ ঘ

বাক্যসংক্ষেপণ/এক কথায় প্রকাশ

একাধিক পদ বা উপবাক্যকে একটি শব্দে প্রকাশ করা হলে, তাকে বাক্য সংক্ষেপণ বলে।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

উত্তরঃ খ

◆ চাকরির জন্য যে পত্র লিখতে হয় তার নাম কি? [বিসিএস প্রিলিমিনারি ১]
ক. ব্যক্তিগতপত্র খ. আবেদনপত্র
গ. নিমন্ত্রণপত্র ঘ. অভিযোগ সংক্রান্তপত্র
উত্তরঃ খ

BookScan:www.fb.com/abubakar.chuadanga

◆ সুযোগ-সুবিধা প্রার্থনা করে কর্তৃপক্ষের নিকট লিখিত পত্রের নাম- [illegible]
ক. চুক্তিপত্র খ. মানপত্র
গ. ব্যক্তিগত পত্র ঘ. আবেদনপত্র উত্তরঃ ঘ

◆ সংবাদপত্রে একটি আবেদন প্রকাশের জন্য কার বরাবর পাঠাতে হবে? [illegible]
ক. মালিকের বরাবর খ. সাংবাদিকের বরাবর
গ. প্রকাশকের বরাবর ঘ. সম্পাদকের বরাবর উত্তরঃ ঘ

◆ সংবাদপত্রে প্রকাশের জন্য নিখোঁজ সংবাদ কোন ধরনের পত্র? [৪র্থ শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা- ২০১১]
ক. বিজ্ঞপ্তি খ. অভিযোগপত্র
গ. চুক্তিপত্র ঘ. প্রতিবেদন উত্তর: ক

সারাংশ

◆ সারাংশের জন্য গুরুত্বপূর্ণ দিক কোনটি? [৯ম কেরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৩]
ক. প্রাঞ্জলতা খ. সৃজনশীলতা
গ. মননশীলতা ঘ. ভাষারীতির শুদ্ধতা উত্তরঃ ক

◆ সারাংশ লিখনে একাধিক অনুচ্ছেদ থাকা–[৯ম কেরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৩]
ক. অপরিহার্য খ. বাঞ্ছনীয়
গ. অপ্রয়োজনীয় ঘ. অসম্ভব উত্তরঃ গ

◆ 'শৈবাল দীঘিরে বলে উচ্চ করি শির, লিখে রেখ, এক ফোটা দিলেম শিশির'–এই অংশটুকুর মূল প্রতিপাদ্য- [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান জুনিয়র অ্যাসিস্টেন্ট অফিসার-২০১৪]
ক. অসহিষ্ণুতা খ. প্রত্যুপকার
গ. প্রতিদান ঘ. অকৃতজ্ঞতা উত্তরঃ ঘ
ঙ. কোনোটিই নয়

◆ সারাংশের মূল উদ্দেশ্য কী? [illegible]
ক. অন্তর্নিহিত তাৎপর্য তুলে ধরা খ. ভাবের অংশ প্রকাশ করা
গ. বাইরের ভাব বিশ্লেষণ করা ঘ. অন্যভাব ফুটিয়ে তোলা উত্তরঃ ক

◆ সারাংশে কোনটি প্রয়োজন নেই? [৯ম কেরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১২]
ক. অলঙ্কার খ. প্রাঞ্জলতা
গ. সরলতা ঘ. সংক্ষেপণ উত্তর: ক

◆ সারাংশ কোন পুরুষে লিখতে হয়? [৯ম কেরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১২]
ক. উত্তম পুরুষ খ. মধ্যম পুরুষ
গ. প্রথম পুরুষ ঘ. উপরের সবগুলো উত্তর: গ

◆ 'সারাংশ লিখন' শিক্ষার উদ্দেশ্য কী? [illegible]
ক. বক্তব্য বিশ্লেষণ খ. বক্তব্য সংযোজন
গ. বক্তব্য সংমিশ্রণ ঘ. বক্তব্য সংক্ষেপণ উত্তরঃ ঘ

◆ সারাংশ বা সারমর্ম সাধারণত কয়টি অনুচ্ছেদে লিখতে হয়? [illegible]
ক. একটি খ. দুইটি
গ. তিনটি ঘ. চারটি উত্তরঃ ক

◆ সারাংশ লিখতে ভাষায় বাহুল্য, উপমা, অলংকার এ সকল- [illegible]
ক. বর্জনীয় খ. প্রাসঙ্গিক
গ. গ্রহণীয় ঘ. যৌক্তিক উত্তরঃ ক

www.facebook.com/tanbir.cox

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

◈ সারাংশে প্রত্যক্ষ উক্তির ক্ষেত্রে কি করতে হয়? [বিসিএস প্রাথমিক]
ক. গ্রহণ করতে হবে খ. পরিবর্তন করতে হবে
গ. অবিকল লিখতে হবে ঘ. বর্জন করতে হবে উত্তর

ভাবসম্প্রসারণ

◈ কোনটি ভাব-সম্প্রসারণে হুবহু ব্যবহৃত হওয়া উচিত নয়? [৯ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রভা ২০১৩]
ক. তথ্য খ. উপমা
গ. অলঙ্কার ঘ. মূল ছত্র উত্তর

◈ ব্যাখ্যার মাধ্যমে ভাবকে সহজ করে তোলার নামই হচ্ছে-[৬ষ্ঠ বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রভা ২০১০]
ক. সারাংশ খ. অনুবাদ
গ. ভাবসম্প্রসারণ ঘ. বাগধারা উত্তর

◈ ভাব-সম্প্রসারণ ভাবের–[৯ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৩]
ক. পরিবর্তন ঘটে খ. অলঙ্কৃত ঘটে
গ. সম্প্রসারণ ঘটে ঘ. সংকোচন ঘটে উত্তর

◈ কোনটি ভাব-সম্প্রসারণের বৈশিষ্ট্য নয়? [৯ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৩]
ক. একাধিক অনুচ্ছেদ খ. বাক্যের পুনরাবৃত্তি
গ. প্রবাদ-প্রবচনের ব্যবহার ঘ. অভিমত প্রদান উত্তর

◈ ভাবের সুসংগত প্রসারণের নাম কী? [৮ম বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১২]
ক. ভাবার্থ খ. মর্মার্থ
গ. সারভাব ঘ. ভাব-সম্প্রসারণ উত্তর

◈ ব্যাখ্যার মাধ্যমে ভাবকে সহজ করে তোলার নামই হচ্ছে- [কেরানী পরীক্ষা]
ক. সারাংশ খ. অনুবাদ
গ. ভাবসম্প্রসারণ ঘ. বাগধারা উত্তর

◈ ইঙ্গিতময়, অর্থপূর্ণ ভাবঘন বাক্যকে সম্প্রসারিত করার নাম কি? [বিসিএস]
ক. সারাংশ খ. সারমর্ম
গ. রচনা ঘ. ভাবসম্প্রসারণ উত্তর

◈ ভাবসম্প্রসারণের ক্ষেত্রে দোষের বিষয় কোনটি? [বিসিএস]
ক. একই কথার পুনরাবৃত্তি খ. প্রাসঙ্গিক আলোচনা
গ. যুক্তিতর্কপূর্ণ বিষয় ঘ. বৈজ্ঞানিক ব্যাখ্যা

◈ 'দুর্নীতি জাতির সকল উন্নতির অন্তরায়' মূলত কোন বিষয়ে আলোচিত হয়? [বিসিএস]
ক. সারমর্ম খ. প্রবন্ধ
গ. ভাব সম্প্রসারণ ঘ. আবেদনপত্র উত্তর

◈ "বন্যেরা বনে সুন্দর শিশুরা মাতৃক্রোড়ে" -উক্তিটির তাৎপর্য হচ্ছে- [৬ষ্ঠ বেসরকারি প্রভাষক নিব প্রত্যয়ন পরীক্ষা ২০১০/সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ২০১১]
ক. আদিবাসী মানুষ অরণ্য জনপদে বাস করে
খ. বনের পশু বনে থাকতেই ভালোবাসে
গ. জীবন মাত্রই স্বাভাবিক অবস্থানে সুন্দর

BookScan www.fb.com/abubakar.chuadanga

◆ 'সপ্তসুরে' কথাটি বলতে কী বুঝায়? [পল্লী উন্নয়ন বোর্ড-এর মাঠকর্মী-২০১৪]

ক. সাতটি সুর খ. চরম সুর

গ. চড়া সুর ঘ. নরম সুর উত্তরঃ গ

ব্যাখ্যা: 'সপ্তসুরে' কথাটি বলতে বোঝায় চড়া সুর বা উচ্চ সুর। তাছাড়া সপ্তসুর দ্বারা সঙ্গীতের সাতটি (ষড়জ, ঋষভ, গান্ধার, মধ্যম, পঞ্চম, ধৈবত, ও নিষাত) সুরকে বোঝায়।

◆ 'ভিক্ষুকটা যে পিছনে লেগেই রয়েছে, কি বিপদ;' এ বাক্যের 'কি' এর অর্থ-[পল্লী উন্নয়ন বোর্ড-এর মাঠকর্মী-২০১৪]

ক. ভয় খ. বিরক্তি

গ. রাগ ঘ. বিপদ উত্তরঃ খ

[স্বরভঙ্গির দ্বারা যে শব্দ ও বাক্য সৃষ্ট ও উচ্চারিত হয়, তার লিখিত আকার এবং উচ্চারিত অবস্থাকে বাগভঙ্গি বলা হয়। যেমন-আনন্দ প্রকাশে : বেশ বেশ, খুব ভালো হয়েছে। ভীতি প্রদর্শনে : যাবি কি না বল? ঘৃণা প্রকাশে :তুমি এত নীচ। বিরক্তি প্রকাশে :আঃ, ভালো লাগছে না, এখন এখান থেকে যাও তো।]

◆ 'সেতার'-এর সে কোন অর্থ দ্যোতনা করে? [দুর্নীতি দমন কমিশনের সহকারী পরিচালক-২০১৩]

ক. তার খ. অনেক

গ. প্রত্যেক ঘ. সকল

ঙ. কোনটিই নয় উত্তরঃ খ

ব্যাখ্যা :'সেতার' বলতে বোঝায় তিন তারযুক্ত বাদ্যযন্ত্র বিশেষ। তাই সেতার-এর সে অনেক অর্থে দ্যোতনা করে। সঠিক উত্তর (খ)।

◆ 'আষাঢ়ে মেঘ থেকে আসার নামে'– এ বাক্যে 'আসার' শব্দের অর্থ কি? [৮ম বিজেএস (সহকারী চঃ প্রাথমিক পরীক্ষা ২০১৩]

ক. জলধারা খ. জলকণা

গ. জলধর ঘ. জলঝড় উত্তরঃ খ

www.fb.com/tanbir.cox

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

বিসিএস প্রিলিমিনারি প্রশ্নোত্তর ও ব্যাখ্যা

www.fb.com/tanbir.cox

BookScan:www.fb.com/abubakar.chuadanga

৩৫তম বি.সি.এস

১. জীবনঢুলী কি ?
ক. একটি উপন্যাসের নাম
খ. একটি কাব্যগ্রন্থের নাম
গ. একটি আত্মজীবনীর নাম
ঘ. একটি চলচ্চিত্রের নাম
উত্তর: ঘ

ব্যাখ্যাঃ 'জীবনঢুলী' হল বাংলাদেশের মহান স্বাধীনতা যুদ্ধের পটভূমিতে নির্মিত একটি চলচ্চিত্র। ১৯৭১ সালে এদেশের সাধারণ মানুষদের ওপর পাকিস্তানি হানাদার বাহিনীরা যে বর্বরোচিত হত্যাযজ্ঞ চালিয়েছে তারই এক চলমান দলিল এ চলচ্চিত্র। এই চলচ্চিত্রটি সরকারি অনুদানে নির্মিত হয়েছে। ১৪ই ফেব্রুয়ারি, ২০১৪ সালে ছবিটির প্রিমিয়ার শো হয়। তানভীর মোকাম্মেল পরিচালিত এই ছবিতে নিম্নবর্ণের দরিদ্র ঢাকি "জীবনকৃষ্ণ দাস" এর জীবন এবং তার এলাকায় ঘটে যাওয়া নারকীয় হত্যাযজ্ঞ আবির্ভূত হয়েছে। ছবিটির চিত্রগ্রহণ করেছেন মাহফুজুর রহমান খান, শিল্প নির্দেশনা ও প্রধান সহকারী পরিচালক -উত্তম গুহ,সঙ্গীত পরিচালনা- সৈয়দ সাবাব আলী আরজু,সম্পাদনা -মহাদেব শী এবং নিবেদক হচ্ছেন- সাইফুর রহমান।

২. **'Making of Nation Bangladesh'** গ্রন্থের রচয়িতা কে ?
ক. কামাল হোসেন খ. এস. এ. করিম
গ. নুরুল ইসলাম ঘ. আনিসুর রহমান
উত্তর: গ

ব্যাখ্যাঃ **'Making of Nation Bangladesh'** গ্রন্থের রচয়িতা নুরুল ইসলাম।

৩. নিম্নোক্ত কোন উপন্যাসে বাংলাদেশে মুক্তিযুদ্ধোত্তর সময়ের চিত্র অঙ্কিত হয়েছে ?
ক. দেবেশ রায়ের 'তিস্তাপাড়ের বৃত্তান্ত'
খ. সুনীল গঙ্গোপাধ্যায়ের 'পূর্ব-পশ্চিম'
গ. শীর্ষেন্দু মুখোপাধ্যায়ের 'যাও পাখি'
ঘ. অভিজিৎ সেনের 'বহুচণ্ডালের হাড়'
উত্তর: খ

ব্যাখ্যাঃ 'পূর্ব-পশ্চিম' উপন্যাসটিতে বিভাজনপূর্ব বাংলার একটি পরিবার, ১৯৪৭ এর ভারত বিভাগের সময়কার পরিস্থিতি, দেশত্যাগ উদ্বাস্তুদের জীবন, নতুন প্রজন্মের চিন্তাধারা, পশ্চিমবঙ্গের নক্সাল আন্দোলন, এবং বাংলাদেশের মুক্তিযুদ্ধ স্থান পেয়েছে।

ছদ্মনাম	প্রকৃত নাম
নীল লোহিত/নীল উপাধ্যায়/ সনাতন পাঠক	সুনীল গঙ্গোপাধ্যায়

৪. নিচের কোন সাহিত্যিক আততায়ীর হাতে ঢাকায় মৃত্যুবরণ করেন ?
ক. আবুল হাসান খ. হুমায়ুন কবির
গ. সোমেন চন্দ ঘ. কল্যাণ মিত্র
উত্তর: গ

ব্যাখ্যাঃ সোমেন চন্দের বিখ্যাত ছোটগল্পের নাম 'ইঁদুর'।

৫. 'হুলিয়া' কবিতাটি কার রচনা ?
ক. আবুল হাসান খ. আবুল হোসেন
গ. মহাদেব সাহা ঘ. নির্মলেন্দু গুণ
উত্তর: ঘ

ব্যাখ্যাঃ হুলিয়া' কবি নির্মলেন্দু গুণের একটি বিখ্যাত কবিতা।

৬. 'মাটির ময়না' চলচ্চিত্রের নির্মাতা কে ?
ক. আলমগীর কবির খ. হুমায়ুন আহমেদ
গ. তারেক মাসুদ ঘ. শেখ নিয়ামত আলী
উত্তর: গ

www.somitanbir.cox

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

ব্যাখ্যাঃ তারেক মাসুদ এর পরিচালিত বিখ্যাত চলচ্চিত্রঃ-

প্রামাণ্য চিত্র	চলচ্চিত্র
'Let there be light'	'মাটির ময়না' 'মুক্তির গান'
'মাটির ময়না' কান চলচ্চিত্র উৎসবে পুরস্কার প্রাপ্ত প্রথম বালাদেশী চলচ্চিত্র।	

৭. "প্রাণের বান্ধব রে বুড়ি হইলাম তোর কারণে।"- গানটির গীতিকার কে ?
ক. শাহ আবদুল করিম খ. রাধারমন
গ. শেখ ওয়াহিদ ঘ. কুদ্দুস বয়াতি উত্তর: গ
ব্যাখ্যাঃ "প্রাণের বান্ধব রে বুড়ি হইলাম তোর কারণে।" এই গানটির গীতিকার শেখ ওয়াহিদ।

৮. 'অসমাপ্ত আত্মজীবনী' কার রচিত গ্রন্থ ?
ক. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
খ. শেখ হাসিনা
গ. মাওলানা আবদুল হামিদ খান ভাসানী
ঘ. এ.কে. ফজলুল হক উত্তর: ক
ব্যাখ্যাঃ 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান'- রচিত গ্রন্থ 'অসমাপ্ত আত্মজীবনী'।

৯. 'মিলির হাতে স্টেনগান'-গল্পটি কার লেখা ?
ক. আখতারুজ্জামান ইলিয়াস খ. শহীদুল জহির
গ. শওকত ওসমান ঘ. শওকত আলী উত্তর: ক
ব্যাখ্যাঃ

আখতারুজ্জামান ইলিয়াস এর রচিত অন্যান্য গ্রন্থ			
গল্প	✦ দুধে ভাতে উৎপাত	✦ দোজখের ওম	✦ অন্য ঘরে অন্য রং ✦ খোয়ারি

১০. দ্রৌপদী কে ?
ক. রামায়নে সীতার সহচরী খ. মহাভারতে দুর্যোধনের স্ত্রী
গ. রামায়নে লক্ষণের প্রণয়প্রার্থী নারী
ঘ. মহাভারতে পাঁচ ভাইয়ের এক স্ত্রী উত্তর: ঘ
ব্যাখ্যাঃ মহাভারত কথাটির অর্থ হল ভরত বংশের মহান উপাখ্যান। এই গ্রন্থটি 'জয়', 'ভারত' 'মহাভারত' এই তিন নামে খ্যাত।

১১. কোনটি রবীন্দ্র রচনার অন্তর্গত নয় ?
ক. "কালের যাত্রার ধ্বনি শুনিতে কি পাও"?
খ. "অগ্নিগ্রাসী বিশ্বত্রাসি জাগুক আবার আত্মদান"।
গ. "প্রাণের মানুষ আছে প্রাণে তাই হেরি তায় সকল খানে"?
ঘ. "কি আঁচল বিছায়েছ বটের মূলে নদীর কূলে"। উত্তর: খ
ব্যাখ্যাঃ "অগ্নিগ্রাসী বিশ্বত্রাসি জাগুক আবার আত্মদান"। - উক্তিটি কাজী নজরুল ইসলামের।

১২. 'কপাল কুণ্ডলা' কোন প্রকৃতির রচনা ?
ক. রোমান্সমূলক উপন্যাস খ. বিয়োগান্তক নাটক
গ. ঐতিহাসিক উপন্যাস ঘ. সামাজিক উপন্যাস উত্তর: ক
ব্যাখ্যাঃ 'কপাল কুণ্ডলা' উপন্যাসের নায়কের নাম নবকুমার।

গ্রন্থকার	চরিত্র	গ্রন্থ
বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়	আয়েশা, তিলোত্তমা	দুর্গেশনন্দিনী (উপন্যাস)
	কপালকুণ্ডলা, নবকুমার	কপালকুণ্ডলা (উপন্যাস)
	কুন্দনন্দিনী, নগেন্দ্রনাথ	বিষবৃক্ষ (উপন্যাস)
	রোহিনী, গোবিন্দলাল	কৃষ্ণকান্তের উইল (উপন্যাস)

BookScan:www.fb.com/abubakar.chuadanga

১৩. বাংলা সাহিত্যে প্রথম সার্থক ট্রাজেডি নাটক কোনটি ?
ক. কৃষ্ণকুমারী খ. শর্মিষ্ঠা
গ. সধবার একাদশী ঘ. নীলদর্পণ উত্তর: ক
ব্যাখ্যাঃ কৃষ্ণকুমারী : বাংলা সাহিত্যের প্রথম সার্থক বিয়োগান্তক বা ট্র্যাজেডী নাটক । মাইকেল মধুসূদন দত্ত এটি রচনা করেন।

১৪. 'তেল নুন লকড়ি' কার রচিত গ্রন্থ?
ক. প্রবোধ চন্দ্র সেন খ. প্রমথনাথ বিশি
গ. প্রমথ চৌধুরী ঘ. প্রদ্যুম্ন মিত্র উত্তর: গ
ব্যাখ্যাঃ

	প্রমথ চৌধুরী
প্রবন্ধ	◆ বীরবলের হালখাতা : বাংলা সাহিত্যে চলিত রীতিতে লেখা প্রথম গ্রন্থ। 'সবুজপত্র' পত্রিকায় প্রকাশিত হয়। ◆ তেল নুন লাকড়ী ◆ রায়তের কথা
গল্পগ্রন্থ	◆ চার ইয়ারী কথা

১৫. রবীন্দ্রনাথ ঠাকুরের পূর্বপুরুষের আদি বসতি কোথায় ছিল ?
ক. খুলনার দক্ষিণ ডিহি খ. যশোরের কেশবপুর
গ. ছোটনাগপুর মালভূমি ঘ. কুষ্টিয়ার শিলাইদহ উত্তর: ক
ব্যাখ্যাঃ জন্ম : ২৫ বৈশাখ, ১২৬৮ বঙ্গাব্দ (৭মে, ১৮৬১খ্রিঃ) সালে কলকাতার জোড়াসাঁকোর ঠাকুর বাড়িতে। পিতা: মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর, মাতা: সারদা দেবী। জোড়াসাকোর ঠাকুর পরিবারের আসল পদবী ছিল 'কুশারী'। পারিবারিকভাবে তাঁরা জমিদার ছিলেন।

১৬. কোনটি ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের আত্মজীবনী ?
ক. স্মৃতি কথামালা খ. আত্মচরিত
গ. আত্মকথা ঘ. আমার কথা উত্তর: খ
ব্যাখ্যাঃ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের আত্মজীবনী হলো 'বিদ্যাসাগর রচিত'।

১৭. 'সমাচার দর্পণ' পত্রিকার সম্পাদক ছিলেন-
ক. জন ক্লার্ক মার্শম্যান খ. জর্জ অব্রাহাম গ্রিয়ার্সন
গ. উইলিয়াম কেরি ঘ. ডেভিড হেয়ার উত্তর: ক
ব্যাখ্যাঃ

সংবাদপত্র	প্রকাশকাল	সম্পাদক
বেঙ্গল গেজেট	১৭৮০	জেমস অগাস্টাস হিকি
দিগদর্শন	১৮১৮	জন ক্লার্ক মার্শম্যান
সমাচার দর্পণ	১৮১৮	জন ক্লার্ক মার্শম্যান

১৮. মঙ্গলকাব্যের কবি নন কে ?
ক. কানাহরি দত্ত খ. মানিক দত্ত
গ. ভারতচন্দ্র ঘ. দাশু রায় উত্তর: ঘ
ব্যাখ্যাঃ বাংলা সাহিত্যের মধ্যযুগে বিশেষ এক শ্রেণীর ধর্মবিষয়ক আখ্যান কাব্য। 'মঙ্গল' শব্দটির আভিধানিক অর্থ 'কল্যাণ'।

কবি	রচনা করেন
কানাহরি দত্ত	মনসামঙ্গল
মানিক দত্ত	চণ্ডীমঙ্গল কাব্য
ভারতচন্দ্র	অন্নদামঙ্গল

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

১৯. 'হপ্ত পয়কর' কার রচনা ?

ক. সৈয়দ আলাওল খ. জৈনুদ্দিন

গ. দীনবন্ধু মিত্র ঘ. অমিয় দেব উত্তর: ক

ব্যাখ্যাঃ

সৈয়দ আলাওল এর	বিখ্যাত রচনা
(ফরাসি থেকে)	সপ্ত পয়কর, সিকান্দর নামা, তোহফা, সয়ফুলমুলক-বদিউজ্জামান

২০. "তাম্বুল রাতুল হইল অধর পরশে"। অর্থ কী ?

ক. ঠোঁটের পরশে পান লাল হল

খ. পানের পরশে ঠোঁট লাল হল

গ. অস্তাচলগামী সূর্যের আভায় মুখ রক্তিম দেখা গেল

ঘ. অস্তাচলগামী সূর্য ও মুখ একই রকম লাল হয়ে গেল উত্তর: ক

ব্যাখ্যাঃ আলাওলের বিখ্যাত 'পদ্মাবতী'-র রূপ বর্ণনা খন্ডে কবি বলেছেন-

"রক্ত উৎপল লাজে জলান্তরে বৈসে।
তাম্বুল রাতুল হইল অধর পরশে।"

২১. বাংলা সাহিত্যের প্রাচীন যুগের নিদর্শন কোনটি ?

ক. নিরঞ্জনের রুষ্মা খ. দোহাকোষ

গ. গুপিচন্দ্রের সন্ন্যাস ঘ. ময়নামতির গান উত্তর: খ

ব্যাখ্যাঃ চর্যাপদের সাথে 'ডাকার্ণব' ও 'দোহাকোষ' নামে আরও দুটি বই নেপালের রাজ দরবারের গ্রন্থাগার হতে আবিষ্কৃত হয়। ১৯১৬ সালে সবগুলো বই একসাথে 'হাজার বছরের পুরাণ বাঙ্গালা ভাষায় বৌদ্ধগান ও দোহা' নামে প্রকাশ করেন।

২২. সবচেয়ে বেশি চর্যাপদ পাওয়া গেছে কোন কবির ?

ক. লুইপা খ. শবরপা

গ. ভুসুকুপা ঘ. কাহ্নপা উত্তর: ঘ

ব্যাখ্যাঃ বাংলা ভাষার প্রথম কাব্য/কবিতা সংকলন চর্যাপদ। এটি বাংলা সাহিত্যের আদিযুগের একমাত্র লিখিত নিদর্শন ।

ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে প্রাচীনতম চর্যাকার শবরপা এবং আধুনিকতম সরহ বা ভুসুকু । তার চর্যাপদের ভাষা বঙ্গ-কামরূপী। কাহ্নপা সর্বাধিক ১৩ টি পদ রচনা করেন। মুনিদত্ত চর্যাপদের পদগুলো টীকার মাধ্যমে ব্যাখ্যা করেন।

২৩. নিচের কোনটি ধ্বনি-পরিবর্তনের উদাহরণ নয় ?

ক. প্রাতিপদিক খ. অভিশ্রুতি

গ. অপিনিহিতি ঘ. ধ্বনি-বিপর্যয় উত্তর: ক

ব্যাখ্যাঃ

প্রাতিপদিক	বিভক্তিহীন নাম শব্দকে প্রাতিপদিক বলে। যেমনঃ মুখ, পা , বই ।
অভিশ্রুতি	বিপর্যস্ত স্বরধ্বনি পূর্ববর্তী স্বরধ্বনির সাথে মিলে গেলে এবং তদনুসারে পরবর্তী স্বরধ্বনির পরিবর্তন ঘটলে তাকে বলে অভিশ্রুতি। যেমন-করিয়া থেকে অপিনিহিতির ফলে 'কইরিয়া' কিংবা বিপর্যয়ের ফলে 'কইরা' থেকে অভিশ্রুতিজাত 'করে'। এরূপ-শুনিয়া> শুনে, বলিয়া> বলে, হাটুয়া > হাউটা > হেটো, মাছুয়া > মেছো ইত্যাদি।
অপিনিহিতি	পরের ই-কার আগে উচ্চারিত হলে কিংবা যুক্ত ব্যঞ্জনধ্বনির আগে ই-কার বা উ-কার উচ্চারিত হলে তাকে অপিনিহিতি বলে। যেমন: আজি > আইজ, সাধু > সাউধ, রাখিয়া > রাইখ্যা, বাক্য > বাইক্য, সত্য> সইত্য

BookScan:www.fb.com/abubakar.chuadanga

ধ্বনি-বিপর্যয়	শব্দের মধ্যে দুটো ব্যঞ্জনের পরস্পর পরিবর্তন ঘটলে তাকে ধ্বনি বিপর্যয় বলে। যেমন- ইংরেজি বাক্স > বাংলা বাস্ক, জাপানি রিক্সা > বাংলা রিস্কা ইত্যাদি। অনুরূপ- পিশাচ >পিচাশ, লাফ> ফাল।

২৪. 'জজ সাহেব' কোন সমাসের উদাহরণ ?

ক. দিগু খ. কর্মধারয়

গ. দ্বন্দ্ব ঘ. বহুব্রীহি উত্তর: খ

ব্যাখ্যাঃ কর্মধারয় সমাসঃ

যেখানে বিশেষণ বা বিশেষণভাবাপন্ন পদের সাথে বিশেষ্য বা বিশেষ্যভাবাপন্ন পদের সমাস হয় এবং পরপদের অর্থই প্রধান রূপে প্রতীয়মান হয়, তাকে কর্মধারয় সমাস বলে। কর্মধারয় সমাসে সাধারণত যে, যিনি, যেটি ইত্যাদি শব্দ ব্যাসবাক্যে ব্যবহৃত হয়। যথা:

নীল যে অম্বর = নীলাম্বর (নীলবর্ণ বস্ত্র) নীল যে আকাশ = নীলাকাশ

যে চালাক সেই চতুর= চালাক-চতুর যিনি জজ তিনিই সাহেব = জজ সাহেব

২৫. 'দ্বৈপায়ন' শব্দের শুদ্ধ সন্ধিবিচ্ছেদ কোনটি ?

ক. দ্বীপ + আয়ন খ. দ্বীপ + অয়ন

গ. দ্বিপ + অনট ঘ. দ্বীপ + অনট উত্তর: ক

ব্যাখ্যাঃ 'দ্বৈপায়ন' শব্দের শুদ্ধ সন্ধিবিচ্ছেদ হচ্ছে 'দ্বীপ + আয়ন'।

২৬. নিচের কোন শব্দটি প্রত্যয় সাধিত ?

ক. প্রলয় খ. খণ্ডিত

গ. নিঃশ্বাস ঘ. অনুপম উত্তর: খ

ব্যাখ্যাঃ যে বর্ণ বা বর্ণসমষ্টি ধাতু বা শব্দ (প্রাতিপদিক) এর পর যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে, তাকে প্রত্যয় বলে।

২৭. 'লবণ' শব্দের বিশেষ্য কোনটি?

ক. নোনতা খ. লবণাক্ত

গ. লাবণ্য ঘ. ললিত উত্তর: ক

ব্যাখ্যাঃ প্রশ্নে ভুল আছে। কারণ, লবণ শব্দটি বিশেষ্য এবং এর বিশেষণ হবে লবণাক্ত। নোনতা শব্দটি বিশেষ্য।

২৮. কোনটি বাক্যের বৈশিষ্ট্য নয় ?

ক. যোগ্যতা খ. আকাঙ্ক্ষা

গ. আসক্তি ঘ. আসত্তি উত্তর: গ

ব্যাখ্যাঃ

বাক্যের ভিত্তি: ভাষার বিচারে বাক্যের নিম্নলিখিত তিনটি গুণ থাকা চাই। যেমন : ক) আকাঙ্ক্ষা ২)আসত্তি ৩) যোগ্যতা	
আকাঙ্ক্ষা	বাক্যের অর্থ পরিষ্কার ভাবে বোঝার জন্য এক পদের পর অন্য পদ শোনার যে ইচ্ছা তাই আকাঙ্ক্ষা।
আসত্তি	মনোভাব প্রকাশের জন্য বাক্যে শব্দগুলোকে এমন ভাবে পর পর সাজাতে হবে যাতে মনোভাব প্রকাশে বাধাগ্রস্ত না হয়। বাক্যে অর্থসঙ্গতি রক্ষার জন্য সুশৃঙ্খল পদবিন্যাসই আসত্তি।
যোগ্যতা	বাক্যস্থিত পদসমূহের অর্থগত এবং ভাবগত মিলবন্ধনের নাম যোগ্যতা।

২৯. বাংলা ভাষায় শব্দ সাধন হয় না নিম্নোক্ত কোন উপায়ে ?

ক. সমাস দ্বারা খ. লিঙ্গ পরিবর্তন দ্বারা উত্তর: খ

গ. উপসর্গ যোগে

ঘ. ক, খ ও গ তিন উপায়েই হয়

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

ব্যাখ্যাঃ

সমাস	সম্বন্ধ আছে এমন একাধিক শব্দের এক সঙ্গে যুক্ত হয়ে একটি বড় শব্দ গঠনের প্রক্রিয়াকে সমাস বলে।
লিঙ্গ	শব্দ সাধন হয় না
উপসর্গ	যে সকল অব্যয়সূচক শব্দাংশ স্বাধীন পদ হিসেবে বাক্যে ব্যবহৃত হতে পারে না কিন্তু অন্য শব্দের আগে বসে শব্দটির অর্থের পরিবর্তন সাধন করে, তাকে উপসর্গ বলে।

৩০. বাংলা ভাষায় মৌলিক স্বরধ্বনির সংখ্যা কত ?

ক. ৭টি খ. ৯টি
গ. ১১টি ঘ. ১৩টি

উত্তরঃ ক

ব্যাখ্যাঃ স্বরধ্বনি : মৌলিকতা অনুযায়ী, স্বরধ্বনিকে দুই ভাগে ভাগ করা হয়।

ক) মৌলিক স্বর ঃ যে স্বরধ্বনিকে আর বিশ্লেষণ করা যায় না, তাকে মৌলিক স্বর বলে। বাংলা ভাষায় মৌলিক স্বরধ্বনির সংখ্যা সাতঃ অ আ ই উ অ্যা এ ও । বাংলা বর্ণমালায় অ্যা ধ্বনি জ্ঞাপক কোন বর্ণ নেই। ধ্বনিবিদ মুহম্মদ আবদুল হাই বাংলা মূল স্বরধ্বনির তালিকায় নতুন 'অ্যা' ধ্বনি প্রতিষ্ঠা করেছেন ।

খ) যৌগিক স্বরঃ এক সঙ্গে উচ্চারিত দুটো মিলিত স্বরধ্বনিকে যৌগিক স্বর/সন্ধিস্বর/ দ্বি-স্বর/ সান্ধ্যক্ষর বলা হয়। বাংলা ভাষায় যৌগিক স্বরধ্বনির সংখ্যা পঁচিশ। বাংলা বর্ণমালায় যৌগিক স্বরজ্ঞাপক দুটো বর্ণ রয়েছে ঃ ঐ এবং ঔ। অন্য যৌগিক স্বরের প্রতীক স্বরূপ কোনো বর্ণ নেই।

ও + ই = ঐ (ঐকিক) ও + উ = ঔ (ঔষধ)
অ + ই = অই (বই) অ + উ = অউ (বউ)
অ+এ = অয় (ময়না) অ + ও = অও (লও)।

৩১. 'পরশ্ব' শব্দটির অর্থ কী ?

ক. পরশু খ. পরের ধন
গ. কোকিল ঘ. পার্শ্ববর্তী

উত্তরঃ ক

ব্যাখ্যাঃ 'পরশ্ব' শব্দের অর্থ পরশু; অর্থাৎ আগামীকালের পরদিন বা গতকালের আগের দিন।

৩২. কোন শব্দজোড় বিপরীতার্থক নয় ?

ক. অনুলোম-প্রতিলোম খ. নশ্বর-শাশ্বত
গ. গরিষ্ঠ-লঘিষ্ঠ ঘ. হৃষ্ট-পুষ্ট

উত্তরঃ ঘ

ব্যাখ্যাঃ

৩৩. 'জল' শব্দের সমার্থক নয় কোনটি ?

ক. সলিল খ. উদক
গ. জলধি ঘ. নীর

উত্তরঃ গ

ব্যাখ্যাঃ

মূল শব্দ	সমার্থক বা একার্থক শব্দ বা প্রতিশব্দ
জল	অম্বু, জীবন, নীর, পানি, সলিল, পয়ঃ, বারি, অপ, উদক, তোয়

৩৪. 'Consumer goods'-এর উপযুক্ত বাংলা পরিভাষা কী ?

ক. ভোক্তার কল্যাণ খ. ভোগ্যপণ্য
গ. ক্রয়কৃত পণ্য ঘ. ক্রেতার গুণাগুণ

উত্তরঃ খ

BookScan:www.fb.com/abubakar.chuadanga

৩৫. কোন বাক্যটি শুদ্ধ ?
ক. দৈন্যতা সর্বদা মহত্বের পরিচায়ক নয়
খ. দৈন্য সর্বদা মহত্বের পরিচায়ক নয়
গ. দৈন্যতা সর্বদা মহত্ত্বের পরিচায়ক নয়
ঘ. দৈন্য সর্বদা মহত্ত্বের পরিচায়ক নয় উত্তর: ঘ

ব্যাখ্যাঃ

শুদ্ধ শব্দ	অশুদ্ধ শব্দ
দৈন্য	দৈন্যতা
মহত্ত্ব	মহত্ব

৩৬. নিচের কোন বানানটি শুদ্ধ ?
ক. মনীষী খ. মনিষি
গ. মনীষি ঘ. মনিষী উত্তর: ক

৩৭. "পুরষ্কার-বিতরণী অনুষ্ঠানের পরিবেশ এত অপরিষ্কার"।-বাক্যটির নিম্নরেখ পদ ষ/স ব্যবহারে-
ক. প্রথমটি অশুদ্ধ, দ্বিতীয় শুদ্ধ খ. প্রথমটি শুদ্ধ, দ্বিতীয়টি অশুদ্ধ
গ. দুটোই অশুদ্ধ ঘ. দুটোই শুদ্ধ উত্তর: গ

ব্যাখ্যাঃ "পুরষ্কার" এবং" অপরিষ্কার" দুটো বানানই অশুদ্ধ। এই শব্দ দুটোর শুদ্ধরূপ যথাক্রমে "পুরস্কার" এবং "অপরিষ্কার"। ই/উ-যুক্ত শব্দে সাধারণত 'ষ' হবে। যেমন-পরিষ্কার, আবিষ্কার ইত্যাদি। অ-যুক্ত বা মুক্ত বর্ণের পরে সাধারণত 'স' হবে। যেমন-নমস্কার, তিরস্কার, পুরস্কার ইত্যাদি।

৩৪তম বি.সি.এস

১। চর্যাপদ কত সালে আবিষ্কৃত হয়?
ক. ১৮০০ খ. ১৮৫৭
গ. ১৯০৭ ঘ. ১৯০৯ উত্তরঃ গ

ব্যাখ্যাঃ বাংলা ভাষার প্রথম কাব্য সংকলন চর্যাপদ। ডক্টর হরপ্রসাদ শাস্ত্রী নেপালের রাজ দরবারের গ্রন্থাগার হতে ১৯০৭ সালে 'চর্যাচর্য বিনিশ্চয়' নামক পুঁথিটি আবিষ্কার করেন।

২। বাংলা সাহিত্যের পঠন-পাঠনের সুবিধার জন্য বাংলা সাহিত্যের ইতিহাসকে তিনটি যুগে ভাগ করা হয়েছে। বাংলা সাহিত্যের প্রাচীন যুগ-
ক. ৪৫০-৬৫০ খ. ১৮৫৭
গ. ৬৫০-১২০০ ঘ. ৬৫০-১২৫০ উত্তরঃ গ

ব্যাখ্যাঃ

বাংলা সাহিত্যের ইতিহাস
- আদিযুগ (৬৫০ - ১২০০ খ্রীঃ)
- মধ্যযুগ (১২০১ -১৮০০ খ্রীঃ)
- আধুনিক যুগ (১৮০১ খ্রীঃ -চলছে)

৩। মধ্যযুগের কবি নন কে?
ক. জয়নন্দী খ. বড়ু চণ্ডীদাস
গ. গোবিন্দ দাস ঘ. জ্ঞান দাস উত্তরঃ ক

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

ব্যাখ্যাঃ মধ্যযুগের বাংলা সাহিত্যের শ্রেষ্ঠ ফসল 'বৈষ্ণব পদাবলী'। বৈষ্ণব পদাবলীর বিখ্যাত পদকর্তা ছিলেন বড়ু চণ্ডীদাস, গোবিন্দদাস, জ্ঞান দাস প্রমুখ।

৪। বাংলা সাহিত্যে অন্ধকার যুগ বলেতে-

ক. ১১৯৯-১২৫০ পর্যন্ত খ. ১২০১-১৩৫০ পর্যন্ত

গ. ১২৫০-১৩৫০ পর্যন্ত ঘ. ১২৫০-১৪৫০ পর্যন্ত উত্তরঃ খ

ব্যাখ্যাঃ বাংলা সাহিত্যে মধ্যযুগের শুরুতেই ১২০১ থেকে ১৩৫০ খ্রিষ্টাব্দ পর্যন্ত সময়কে তথাকথিত 'অন্ধকার যুগ' বলে একটি বিতর্কিত বিষয়ের অবতারণা করা হয়েছে। তথাকথিত অন্ধকার যুগের সাহিত্য সৃষ্টির কোন নির্দশন পাওয়া যায় নি এ কথাও সত্য নয়। এ সময়ে বাংলা সাহিত্যের ব্যাপক নিদর্শন পাওয়া না গেলেও অন্যান্য ভাষায় সাহিত্য সৃষ্টির নিদর্শন বর্তমান থাকাতে অন্ধকার যুগের অপবাদের অসারতা প্রমাণিত হয়।

৫। ফোর্ট উইরিয়াম কলেজের অধ্যক্ষ কে ছিলেন?

ক. উইলিয়াম কেরি খ. লর্ড ওয়েলেসলি

গ. মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ঘ. রামরাম বসু উত্তরঃ ক

ব্যাখ্যাঃ বাংলাদেশে কর্মরত ইস্ট ইন্ডিয়া কোম্পানির ইংরেজ কর্মচারীদের দেশীয় ভাষায় শিক্ষাদানের জন্য তৎকালীন ইংরেজ শাসিত ভারতের গভর্নর জেনারেল লর্ড ওয়েলেসলি কর্তৃক ১৮০০ খ্রিষ্টাব্দে ৪ মে কলকাতায় ফোর্ট উইলিয়াম কলেজ প্রতিষ্ঠিত হয়। এই কলেজে ১৮০১ খ্রিস্টাব্দে বাংলা বিভাগ খোলা হলে অধ্যক্ষ হিসেবে আসেন শ্রীরামপুর মিশনের পাদ্রি এবং বাইবেলের অনুবাদক বাংলায় অভিজ্ঞ উইলিয়াম কেরি। কলেজের অন্যান্য পণ্ডিতদের মধ্যে ছিলেন রামরাম বসু, মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার, গোলকনাথ শর্মা প্রভৃতির নাম উল্লেখযোগ্য।

৬। বাংলা সাহিত্যের জনক হিসেবে কার নাম চির স্মরণীয়?

ক. মাইকেল মধুসূদন দত্ত খ. রাজা রামমোহন রায়

গ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় উত্তরঃ

ব্যাখ্যাঃ বাংলা গদ্যের জনক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। বাংলা উপন্যাসের জনক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়। মাইকেল মধুসূদন দত্ত বাংলা সনেটের প্রবর্তক।

৭। মাইকেল মধুসূদন দত্তের রচনা নয় কোনটি?

ক. তিলোত্তমা কাব্য খ. মেঘনাদবধ কাব্য

গ. বেতাল পঞ্চবিংশতি ঘ. বীরাঙ্গনা উত্তরঃ গ

গ্রন্থের নাম	ধরন	রচয়িতা
তিলোত্তমা কাব্য	কাব্যগ্রন্থ	মাইকেল মধুসূদন দত্ত
মেঘনাদবধ কাব্য	মহাকাব্য	মাইকেল মধুসূদন দত্ত
বেতাল পঞ্চবিংশতি	অনুবাদ গ্রন্থ	ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
বীরাঙ্গনা	কাব্যগ্রন্থ	মাইকেল মধুসূদন দত্ত

৮। কুলীন কুল সর্বস্ব নাটকটি কার লেখা?

ক. মাইকেল মধুসূদন দত্ত খ. দীনবন্ধু মিত্র

গ. রামনারায়ণ তর্করত্ন ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর উত্তরঃ গ

ব্যাখ্যাঃ কৌলিন্য প্রথা অবলম্বনে রচিত রামনারায়ণ তর্করত্নের সামাজিক নাটক 'কুলীন কুল সর্বস্ব'।

৯। 'নীলদর্পণ' নাটকটির বিষয়বস্তু কি?

ক. নীলকরদের অত্যাচার খ. ভাষা আন্দোলন

গ. অসহযোগ আন্দোলন ঘ. তে-ভাগা আন্দোলন উত্তরঃ ক

BookScan:www.fb.com/abubakar.chuadanga

ব্যাখ্যাঃ দীনবন্ধু মিত্রের 'নীলদর্পণ' নাটকটি ১৮৬০ সালে ঢাকার 'বাংলা প্রেস' থেকে প্রকাশিত হয়। এটি ঢাকা থেকে প্রকাশিত প্রথম গ্রন্থ। নাটকটির কাহিনী মেহেরপুর অঞ্চলের এবং নীলকর সাহেবদের অত্যাচারের চিত্র এতে নিখুতভাবে অঙ্কিত হয়েছে।

১০। 'ঘরে বাইরে' উপন্যাসটি কার লেখা?

ক. আলাওল খ. কাজী দীন মহম্মদ

গ. কাজী মোতাহের হোসেন ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর উত্তরঃ ঘ

ব্যাখ্যাঃ 'ঘরে বাইরে' চলিত ভাষায় লেখা রবীন্দ্রনাথের প্রথম উপন্যাস। স্বদেশী আন্দোলনের পটভূমিকায় উপন্যাসটি রচিত।

১১। সৈয়দ মুজতবা আলীর প্রবন্ধ গ্রন্থ কোনটি?

ক. পঞ্চতন্ত্র খ. কালান্তর

গ. প্রবন্ধ সংগ্রহ ঘ. শাশ্বত বঙ্গ উত্তরঃ ক

ব্যাখ্যাঃ সৈয়দ মুজতবা আলীর 'পঞ্চতন্ত্র' দুই পর্বে বিভক্ত ব্যক্তিগত প্রবন্ধ সংকলন। 'কালান্তর' রবীন্দ্রনাথের ভারতবর্ষীয় রাজনৈতিক সমস্যা বিষয়ক বিভিন্ন প্রবন্ধের সংকলন। 'শাশ্বত বঙ্গ' কাজী আব্দুল ওদুদের প্রবন্ধগ্রন্থ।

১২। 'তত্ত্ববোধিনী' পত্রিকার সম্পাদক কে ছিলেন?

ক. অক্ষয়কুমার দত্ত খ. প্যারীচাঁদ মিত্র

গ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ. সৈয়দ মুজতবা আলী উত্তরঃ ক

ব্যাখ্যাঃ ১৮৪৩ সালে অক্ষয়কুমার দত্তের সম্পাদনায় 'তত্ত্ববোধিনী' প্রথম প্রকাশিত হয়। বিজ্ঞান ও নীতি বিষয়ক আলোচন 'তত্ত্ববোধিনী' কে শীর্ষস্থানীয় পত্রিকার মর্যাদা দেয়।

১৩। ভাষা আন্দোলন ভিত্তিক নাটক কোনটি?

ক. কবর খ. পায়ের আওয়াজ পাওয়া যায়

গ. জভিস ও বিবিধ বেলুন ঘ. ওরা কদম আলী উত্তরঃ ক

ব্যাখ্যাঃ 'কবর' (১৯৫৩) প্রখ্যাত নাট্যকার মুনীর চৌধুরীর ভাষা আন্দোলন ভিত্তিক একটি বিখ্যাত নাটক। তিনি ঢাকা কেন্দ্রীয় কারাগারে কারাবন্দী থাকাকালে নাটকটি রচনা করেন। নাটকটি রাজবন্দীদের দ্বারা অভিনীত হয়। সৈয়দ শামসুল হকের মুক্তিযুদ্ধভিত্তিক নাটক 'পায়ের আওয়াজ পাওয়া যায়'। নাট্যকার মামুনুর রশীদের প্রথম নাটক 'ওরা কদম আলী'। সেলিম আল দীনের বিখ্যাত নাটক 'জভিস ও বিবিধ বেলুন'।

১৪। 'ভানুসিংহ ঠাকুর' কার ছদ্ম নাম?

ক. দীনবন্ধু মিত্র খ. রবীন্দ্রনাথ ঠাকুর

গ. প্রমথ চৌধুরী ঘ. জীবনানন্দ দাস উত্তরঃ খ

ব্যাখ্যাঃ প্রমথ চৌধুরীর ছদ্ম নাম ছিল বীরবল।

১৫। কোন কাব্যটি পল্লী কবি জসীম উদ্‌দীন রচিত?

ক. চৈতালী খ. রাখালী

গ. ফণিমনসা ঘ. আলো পৃথিবী উত্তরঃ খ

ব্যাখ্যাঃ 'চৈতালী' বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্যগ্রন্থ। পল্লী কবি জসীম উদ্‌দীনের প্রথম কাব্যগ্রন্থ 'রাখালী'। 'ফণিমনসা' বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম রচিত কাব্যগ্রন্থ।

১৬। তুমি আসবে বলে হে স্বাধীনতা' কার কবিতা?

ক. শওকত ওসমান খ. সিকান্দার আবু জাফর

গ. সুফিয়া কামাল ঘ. শামসুর রাহমান উত্তরঃ ঘ

১৭। 'দেয়াল' রচনাটি কার?

ক. হুমায়ূন আহমেদ খ. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

গ. বুদ্ধদেব বসু ঘ. সেলিনা হোসেন উত্তরঃ ক

www.bcsmitanbir.com

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

ব্যাখ্যাঃ 'দেয়াল' হুমায়ূন আহমেদের একটি রাজনৈতিক উপন্যাস।

১৮। মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস কোনটি?
ক. ক্রীতদাসের হাসি খ. মাটি আর অশ্রু
গ. হাঙর নদী গ্রেনেড ঘ. সারেং বউ
উত্তরঃ গ

ব্যাখ্যাঃ শওকত ওসমানের 'ক্রীতদাসের হাসি' (১৯৬২) উপন্যাসটিতে প্রতীকাশ্রয়ে তৎকালীন পাকিস্তানীদের বিরূপ শাসনের সমালোচনা করা হয়েছে। শহীদুল্লা কায়সারের 'সারেং বউ' (১৯৬২) উপন্যাসে বাংলাদেশের সমুদ্র উপকূলবর্তী জনপদের বিশৃস্ত চিত্র আছে। সেলিনা হোসেনের মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস 'হাঙর নদী গ্রেনড' (১৯৭৬)।

১৯। 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি আমি কি ভুলিতে পারি।' এ গানের প্রথম সুরকার কে?
ক. আবদুল গাফফার চৌধুরী খ. আসাদ চৌধুরী
গ. আলতাফ মাহমুদ ঘ. আবদুল লতিফ
উত্তরঃ ঘ

ব্যাখ্যাঃ 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি আমি কি ভুলিতে পারি' - আবদুল গাফ্ফার চৌধুরীর একটি কবিতা যা পরে গান হিসাবে সংকলিত হয়। গানটির প্রথম সুরকার ছিলেন আব্দুল লতিফ - বর্তমান সুরকার আলতাফ মাহমুদ।

২০। ১৯৮৫ সালে নাসির উদ্দিন স্বর্ণপদক কে পান?
ক. সৈয়দ আলী আহসান খ. সৈয়দ ওয়ালীউল্লাহ
গ. সৈয়দ শামসুল হক ঘ. সিকান্দার আবু জাফর
উত্তরঃ ক

৩৩তম বি.সি.এস

১। চর্যাপদ কোন ছন্দে লেখা?
ক. অক্ষরবৃত্ত খ. মাত্রাবৃত্ত
গ. স্বরবৃত্ত ঘ. অমিত্রাক্ষর ছন্দ
উত্তরঃ খ

ব্যাখ্যাঃ চর্যাপদগুলো প্রাচীন কোন ছন্দে রচিত হয়েছিল তা এখন বলা সম্ভব নয়। তবে আধুনিক ছন্দের বিচারে একে মাত্রাবৃত্ত ছন্দ বলা যায়।

২। কবিওয়ালা ও শায়েরের উদ্ভব ঘটে কখন?
ক. আঠারো শতকের শেষার্ধে ও উনিশ শতকের প্রথমার্ধে
খ. ষোড়শ শতকের শেষার্ধে ও সপ্তদশ শতকের প্রথমার্ধে
গ. সপ্তদশ শতকের শেষার্ধে ও আঠারো শতকের প্রথমার্ধে
ঘ. উনিশ শতকের শেষার্ধে ও বিংশ শতকের প্রথমার্ধে
উত্তরঃ ক

ব্যাখ্যাঃ মধ্যযুগের পরিধি ১২০১ থেকে ১৮০০ খ্রিষ্টাব্দ পর্যন্ত বিস্তৃত বলে বিবেচনা করা হলেও প্রকৃতপক্ষে ১৭৬০ খ্রিষ্টাব্দে এই যুগের সর্বশেষ কবি রায়গুণাকর ভারতচন্দ্রের তিরোধানের সঙ্গে সঙ্গে বাংলা কাব্যের ইতিহাসে মধ্যযুগের অবসান ঘটে। ১৭৬০ খ্রিষ্টাব্দে ভারতচন্দ্রের মৃত্যুর পর থেকে ১৮৬০ সালে আধুনিকতার যথার্থ বিকাশের পূর্ব পর্যন্ত এই একশ' বছর বাংলা কাব্যের ক্ষেত্রে উৎকর্ষপূর্ণ কোন নিদর্শন বিদ্যমান নেই। মধ্যযুগের শেষ আর আধুনিক যুগের শুরুর এই সময়টুকু অর্থাৎ ১৭৬০-১৮৬০ খ্রিষ্টাব্দ পর্যন্ত 'অবক্ষয় যুগ' বলা হয়েছে। কারও কারও মতে এই সময়টা 'যুগ সন্ধিক্ষণ' নামে আখ্যাত হওয়া উচিত। 'অবক্ষয় যুগ' তথা যুগসন্ধিক্ষণের ফসল হিসাবে হিন্দুদের মধ্যে কবিগান ও মুসলমানদের মধ্যে পুঁথি সাহিত্যের উদ্ভব ঘটে। হিন্দু সমাজে কবিগানের রচয়িতাদের কবিওয়ালা এবং মুসলমান সমাজে মিশ্র ভাষারীতির পুঁথি রচয়িতাদের শায়ের বলা হত।

BookScan:www.fb.com/abubakar.chuadanga

৩। কবি গানের প্রথম কবি কে?
ক. গোঁজলা গুঁই খ. হরু ঠাকুর
গ. ভবানী ঘোষ ঘ. নিতাই বৈরাগী উত্তরঃ ক

ব্যাখ্যাঃ কবিগান দুইপক্ষের বিতর্কের মাধ্যমে অনুষ্ঠিত হত। দুই দলের মধ্যে প্রতিযোগিতাই এর বৈশিষ্ট্য। কবিওয়ালারা মূলত ছিলেন গায়ক, তাঁরা অর্থের বিনিময়ে জনমনোরঞ্জন করতেন। কবিওয়ালাদের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছেন ঃ

• গোঁজলা গুঁই : তিনি কবিগানের আদিগুরু বলে পরিচিত।

• ভবানী বেনে, ভোলা ময়রা, হরুঠাকুর, কেষ্টা মুচি, এন্টনি ফিরিঙ্গি, রামবসু, রাসু-নৃসিংহ, নিতাইবৈরাগী, শ্রীধর কথক, নীলমণি পাটনী, বলরাম বৈষ্ণব, রামসুন্দর স্যাকরা নামও বিশেষভাবে উল্লেখযোগ্য।

৪। 'কেন পান্থ ক্ষান্ত হও হেরি দীর্ঘ পথ' কার লেখা?
ক. কৃষ্ণচন্দ্র মজুমদার খ. ঈশ্বরচন্দ্র গুপ্ত
গ. কামিনী রায় ঘ. যতীন্দ্র মোহন বাগচী উত্তরঃ ক

৫। কোন বানানটি শুদ্ধ নয়?
ক. দরিদ্রতা খ. উপযোগিতা
গ. শ্রদ্ধাঞ্জলি ঘ. উর্দ্ধ উত্তরঃ ঘ

ব্যাখ্যাঃ উর্দ্ধ এর শুদ্ধ বানান ঊর্ধ্ব।

৬। গৃহী শব্দের বিপরীতার্থক শব্দ -
ক. সংসারী খ. সঞ্চয়ী
গ. সংস্থিতি ঘ. সন্ন্যাসী উত্তরঃ ঘ

৭। কোন বাক্যটি শুদ্ধ?
ক. তোমার গোপন কথা শোনা আমার পক্ষে সম্ভব নয়
খ. দরিদ্রতা আমাদের প্রধান সমস্যা
গ. সলজ্জিত হাসি হেসে মেয়েটি উত্তর দিল
ঘ. সর্ব বিষয়ে বাহুল্যতা বর্জন করা উচিত উত্তরঃ খ

ব্যাখ্যাঃ নিচে বাক্যগুলোর শুদ্ধরূপ দেওয়া হলো-
অশুদ্ধ ঃ তোমার গোপন কথা শোনা আমার পক্ষে সম্ভব নয়।
শুদ্ধ ঃ তোমার গোপনীয় কথা শোনা আমার পক্ষে সম্ভব নয়।
অশুদ্ধ ঃ সলজ্জিত হাসি হেসে মেয়েটি উত্তর দিল।
শুদ্ধ ঃ সলজ্জ হাসি হেসে মেয়েটি উত্তর দিল।
অশুদ্ধ ঃ সর্ব বিষয়ে বাহুল্যতা বর্জন করা উচিত।
শুদ্ধ ঃ সর্ব বিষয়ে বাহুল্য বর্জন করা উচিত।

৮। 'তুমি আসবে বলে হে স্বাধীনতা
সখিনা বিবির কপাল ভাঙল'- এটি কোন বাক্য?
ক. সরল খ. মিশ্র বা জটিল
গ. যৌগিক ঘ. সংযুক্ত উত্তরঃ খ

ব্যাখ্যাঃ যে বাক্যে একটি প্রধান খণ্ডবাক্যে ও এক বা একাধিক আশ্রিত বাক্য পরস্পর সাপেক্ষ ভাবে ব্যবহৃত হয়, তাকে মিশ্র বা জটিল বাক্য বলে। এখানে,

আশ্রিত বাক্য	প্রধান খণ্ডবাক্য
তুমি আসবে বলে হে স্বাধীনতা	সখিনা বিবির কপাল ভাঙল

www.bd.comilla.gov.bd

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

৯। কোনটি 'অগ্নি' -র সমার্থক শব্দ নয়?
ক. পাবক খ. বৈশ্বানর
গ. সর্বশুচি ঘ. প্রজ্জলিত
উত্তরঃ ঘ
ব্যাখ্যাঃ 'অগ্নি' -র সমার্থক শব্দ পাবক, বৈশ্বানর, আগুন, বিভাবসু, বহ্নি, অনল, হুতাশন, শিখা, দহন, কৃশানু, সর্বভুক, সর্বশুচি প্রভৃতি।

১০। কোনটি সঠিক বানান?
ক. নিশিথিনী খ. নীশিথিনী
গ. নিশীথিনী ঘ. নিশিথিনি
উত্তরঃ গ

১১। কোনটি 'কোলন'?
ক. ; খ. ঃ
গ. = ঘ. " "
উত্তরঃ খ

যতি চিহ্নের নাম	আকৃতি		যতি চিহ্নের নাম	আকৃতি
সেমি কোলন	;		সমান	=
কোলন	ঃ		উদ্ধরণ চিহ্ন	" "

১২। বাংলা সাহিত্যের অন্যতম বিশিষ্ট পত্রিকা 'কল্লোল' কত সালে প্রথম প্রকাশিত হয়?
ক. ১৯২৩ সালে খ. ১৯২৪ সালে
গ. ১৯২৫ সালে ঘ. ১৯২৭ সালে
ব্যাখ্যাঃ বাংলা সাহিত্যের অন্যতম বিশিষ্ট পত্রিকা 'কল্লোল' ১৯২৩ সালে প্রকাশিত হয়। পত্রিকাটির প্রতিষ্ঠাকালীন সম্পাদক ছিলেন দীনেশ চন্দ্র দাশ।

১৩। কোন গ্রন্থটি সুকান্ত ভট্টাচার্য কর্তৃক রচিত?
ক. হরতাল খ. পালাবদল
গ. উত্তীর্ণ পঞ্চাশে ঘ. অদ্বিষ্ট স্বদেশ
উত্তরঃ ক
ব্যাখ্যাঃ কিশোর কবি সুকান্ত ভট্টাচার্যের বিখ্যাত গ্রন্থ 'ছাড়পত্র', ঘুম নেই, পূর্বাভাস, অভিযান হরতাল এবং গীতিগুচ্ছ।

১৪। 'ঢাকের কাঠি' বাগধারার অর্থ কি?
ক. কপট ব্যক্তি খ. ঘনিষ্ট সম্পর্ক
গ. হতভাগ্য ঘ. মোসাহেব
উত্তরঃ ঘ

বাগধারা	অর্থ		বাগধারা	অর্থ
ঢাকের কাঠি	মোসাহেব		আট কপালে	হতভাগ্য
দহরম মহরম	ঘনিষ্ট সম্পর্ক		ভেজা বিড়াল	কপট ব্যক্তি

১৫। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'বিষবৃক্ষ' উপন্যাসের চরিত্র কোনটি?
ক. কুন্দনন্দিনী খ. শ্যামনন্দরী
ঘ. বিমলা ঘ. রোহিনী
উত্তরঃ ক
ব্যাখ্যাঃ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের বিখ্যাত সামাজিক উপন্যাস বিষবৃক্ষ। কুন্দনন্দিনী এবং নগেন্দ্রনাথ উপন্যাসটির দুটি উল্লেখযোগ্য চরিত্র।

১৬। কোন বানানটি শুদ্ধ?
ক. পিপিলিকা খ. পিপীলিকা
গ. পীপিলিকা ঘ. পিপিলীকা
উত্তরঃ খ

১৭। গীতাঞ্জলির ইংরেজি অনুবাদ সম্পাদনা করেছেন -
ক. এজরা পাউন্ড খ. টি.এস এলিয়ট
গ. ডব্লিউ. বি. ইয়েটস ঘ. কীটস্
উত্তরঃ গ

BookScan:www.fb.com/abubakar.chuadanga

ব্যাখ্যাঃ বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর 'গীতাঞ্জলি' কাব্যগ্রন্থের জন্য 'নোবেল পুরস্কার' পান। 'গীতাঞ্জলি'র ইংরেজি অনুবাদের নাম Song offerings। রবীন্দ্রনাথ ঠাকুর স্বয়ং এটি ইংরেজীতে অনুবাদের করেন। ইংরেজি অনুবাদে ভূমিকা লেখেন W. B. Yeates।

১৮। **'The Orgin and Development of Bengali Language' গ্রন্থটি রচনা করেছেন-**

ক. ড. মুহম্মদ শহীদুল্লাহ খ. ড. সুনীতি কুমার চট্টোপাধ্যায়
গ. হর প্রসাদ শাস্ত্রী ঘ. স্যার জর্জ গ্রিয়ারসন উত্তরঃ খ

ব্যাখ্যাঃ সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের বিখ্যাত গ্রন্থ 'বাঙলা ভাষার উৎপত্তি ও বিকাশ' (Origin and Development of Bengali language)। এই গ্রন্থে তিনি ধ্বনি তত্ত্ব ব্যাকরণ ও ছন্দ বিচার করে সিদ্ধান্ত গ্রহণ করেন যে, চর্যাপদ আদি বাংলা ভাষায় রচিত।

৩২তম বি.সি.এস

১। **'বৃক্ষ' শব্দের সমার্থক শব্দ কোনটি?**

ক. কলাপী খ. নীরধি
গ. বিটপী ঘ. অবনি উত্তরঃ গ

ব্যাখ্যাঃ 'বৃক্ষ' এর সমার্থক শব্দ গাছ, পাদপ, তরু, শাখী, বিটপী, অটবী, মহীরুহ, দ্রুম, উদ্ভিদ, শিখারী, পর্ণী, পল্লবী। 'কলাপী' শব্দের অর্থ ময়ূর।

২। **'Subconscious' শব্দটির বাংলা পারিভাষিক শব্দ হল-**

ক. অর্ধচেতন খ. অবচেতন
গ. চেতনাহীন ঘ. চেতনাপ্রবাহ উত্তরঃ খ

৩। **কোনটি ইংরেজি শব্দ?**

ক. ম্যাজেন্টা খ. পিস্তল
গ. আলমারি ঘ. কমা উত্তরঃ ঘ

ব্যাখ্যাঃ আলমারি পর্তুগিজ শব্দ। কমা (Comma) ইংরেজি শব্দ।

৪। **'শূন্যপুরাণ' রচনা করেছেন-**

ক. রামাই পণ্ডিত খ. শ্রীকর নন্দী
গ. বিজয় গুপ্ত ঘ. লোচন দাস উত্তরঃ ক

ব্যাখ্যাঃ বাংলা সাহিত্যে মধ্যযুগের শুরুতেই ১২০১ থেকে ১৩৫০ খ্রিষ্টাব্দ পর্যন্ত সময়কে তথাকথিত 'অন্ধকার যুগ' বলে। এই সময়ের সবচেয়ে উল্লেখযোগ্য গ্রন্থ রামাই পণ্ডিত রচিত 'শূন্যপুরাণ'। এটি ধর্মপূজার শাস্ত্রগ্রন্থ।

৫। **কোন শব্দ গঠনে বাংলা উপসর্গ ব্যবহৃত হয়েছে-**

ক. পরাকাষ্ঠা খ. অভিব্যক্তি
গ. পরিশ্রান্ত ঘ. অনাবৃষ্টি উত্তরঃ ঘ

ব্যাখ্যাঃ অনাবৃষ্টি = অনা + বৃষ্টি। এখানে 'অনা' বাংলা উপসর্গ। বাংলা ভাষায় ব্যবহৃত বাংলা উপসর্গ মোট একুশটি। যথা- অ, অঘা, অজ, অনা, আ, আড়, আন, আব, ইতি, উন, কদ, কু, নি, পাতি, বি, ভর, রাম, স, সা, সু, হা।

৬। **'পালামৌ' ভ্রমণকাহিনীটি কার রচনা?**

ক. শরৎ চন্দ্র চট্টোপাধ্যায় খ. সুনীল গঙ্গোপাধ্যায়
গ. সঞ্জীব চন্দ্র চট্টোপাধ্যায় ঘ. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় উত্তরঃ গ

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

সংলাপ

✦ উদ্ধরণ চিহ্ন (" ") বক্তার প্রত্যক্ষ উক্তিকে এই চিহ্নের অন্তর্ভুক্ত করতে হয় যথা-শিক্ষক বললেন, "গতকাল ইরানে ভয়ানক ভূমিকম্প হয়েছে।"

◈ উদ্ধৃতি চিহ্ন কোথায় বসে? *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. বাক্যের শেষে খ. শ্লোষাত্মক বাক্যের মাঝে
গ. সংলাপে ঘ. প্রশ্নবোধক বাক্যে
উত্তরঃ গ

টীকা

◈ 'টীকা ভাষ্য' অর্থ- *[১০ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১৪]*
ক. ব্যাখ্যা বিশ্লেষণ খ. সারকথা
গ. উৎস খোঁজা ঘ. নির্ঘন্ট
উত্তরঃ ক

শব্দের অপপ্রয়োগ

◈ কোন শব্দটিতে অপপ্রয়োগ ঘটেছে? *[পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের অ্যাসিসটেন্ট ম্যানেজার -২০১৪]*
ক. একত্র খ. ফলশ্রুতি
গ. অধীনস্থ ঘ. নির্ভরশীলতা
উত্তরঃ
[এখানে, অধীনস্থ ও নির্ভরশীলতা দুটি শব্দেই বানানগত অপপ্রয়োগ ঘটেছে। অধীনস্থ ও নির্ভরশীলতা শব্দ দুটির শুদ্ধ প্রয়োগ হবে- অধীন ও নির্ভর। প্রদত্ত অপশনে (গ) ও (ঘ) দুটোতেই অপপ্রয়োগ ঘটেছে।

◈ কোনটি অপপ্রয়োগের দৃষ্টান্ত? *[পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের অ্যাসিসটেন্ট ম্যানেজার -২০১৪]*
ক. উপর্যুক্ত খ. মিথস্ক্রিয়া
গ. ধসপ্রাপ্ত ঘ. একত্রিত
উত্তরঃ ঘ
[শব্দের শুদ্ধ প্রয়োগ হবে একত্র।]

বিবিধ অর্থ

◈ সকল অর্থ সমস্ত, শকল অর্থ কোনটি? *[জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ব্যক্তিগত সহকারী ২০১৩]*
ক. কথা খ. ভাত
গ. ঘটি ঘ. মাছের আঁশ
উত্তরঃ ঘ
ব্যাখ্যা : কথা-বচন, ভাত-অন্ন, ঘটি-জলপাত্র।

◈ নাড়ী অর্থ শিরা; নারি অর্থ কী? *[৮ম বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা ২০১৩]*
ক. পানি খ. স্ত্রীলোক
গ. পারি না ঘ. খড়ের শেষাংশ
উত্তরঃ গ

BookScan:www.fb.com/abubakar.chuadanga

৭। 'দিবারাত্রির কাব্য' কার লেখা উপন্যাস?
ক. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় খ. শ্রী কুমার বন্দ্যোপাধ্যায়
গ. ঈশান চন্দ্র বন্দ্যোপাধ্যায় ঘ. মানিক বন্দ্যোপাধ্যায় উত্তরঃ ঘ
ব্যাখ্যাঃ 'দিবারাত্রির কাব্য' কথাশিল্পী মানিক বন্দ্যোপাধ্যায়ের একটি বিখ্যাত উপন্যাস। উপন্যাসটির প্রকাশকাল ১৯৩৫ খ্রিষ্টাব্দ ।

৮। কোনটি শুদ্ধ বানান?
ক. আকাংখা খ. আকাঙ্ক্ষা
গ. আকাঙ্খা ঘ. আকাংক্ষা উত্তরঃ খ

৯। কোনটি সাধিত শব্দ নয়?
ক. পানসা খ. ফুলেল
গ. গোলাপ ঘ. হাতল উত্তরঃ গ
ব্যাখ্যাঃ যে সব শব্দ বিশ্লেষণ করা যায় না বা ভেঙে আলাদা করা যায় না, সেগুলোকে মৌলিক শব্দ বলে। যেমন : গোলাপ, নাক, লাল, তিন। যে সব শব্দকে বিশ্লেষণ করা হলে আলাদা অর্থবোধক শব্দ পাওয়া যায়, সেগুলোকে সাধিত শব্দ বলে। সাধারণত একাধিক শব্দের সমাস হয়ে কিংবা প্রত্যয় বা উপসর্গ যোগ হয়ে সাধিত শব্দ গঠিত হয়ে থাকে। যেমন- হাতল (হাত +ল), ফুলেল (ফুল হইতে তৈরি) ইত্যাদি।

১০। কাজী নজরুল ইসলাম রচিত গল্প কোনটি?
ক. পদ্মরাগ খ. পদ্মগোখরা
গ. পদ্মপুরাণ ঘ. পদ্মাবতী উত্তরঃ খ
ব্যাখ্যাঃ 'পদ্মগোখরা' গল্পটি কাজী নজরুল ইসলামের শিউলীমালা গল্পগ্রন্থের অন্তর্ভুক্ত। 'পদ্মরাগ' বেগম রোকেয়া সাখাওয়াত রচিত একটি উপন্যাস। 'পদ্মাবতী' মহাকবি আলাওল রচিত বিখ্যাত প্রণয়োপাখ্যান।

১১। 'আনোয়ারা' গ্রন্থটি কার রচনা?
ক. কাজী এমদাদুল হক খ. মীর মশাররফ হোসেন
গ. মোহাম্মদ নজিবর রহমান ঘ. ইসমাইল হোসেন সিরাজী উত্তরঃ গ
ব্যাখ্যাঃ মোহাম্মদ নজিবর রহমান সাহিত্যরত্নের প্রথম ও সবচেয়ে বিখ্যাত উপন্যাস 'আনোয়ারা'। উপন্যাসটির প্রকাশকাল - ১৯১৪ খ্রিষ্টাব্দ। ধর্ম ও সত্যের জয়, অধর্মের পরাজয় এবং আনোয়ারার স্বামীনিষ্ঠা উপন্যাসটির প্রতিপাদ্য।

১২। 'বীরবল' ছদ্মনামে কে লিখতেন?
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. মুনীর চৌধুরী
গ. সমরেশ বসু ঘ. প্রমথ চৌধুরী উত্তরঃ ঘ
ব্যাখ্যাঃ রবীন্দ্রনাথ ঠাকুরের ছদ্মনাম 'ভানুসিংহ ঠাকুর'। সমরেশ বসু 'কালকূট' ছদ্মনামে লিখতেন।

১৩। কোনটি 'বাতাস' শব্দের সমার্থক নয়?
ক. পাবক খ. মারুত
গ. পবন ঘ. অনিল উত্তরঃ ক
ব্যাখ্যাঃ 'বাতাস' এর সমার্থক শব্দ অনিল, সমীর, মারুত, মরুৎ, সমীরণ, বাত, পবন ইত্যাদি। 'পাবক' শব্দের অর্থ আগুন।

১৪। ভাষার ক্ষুদ্রতম একক কোনটি?
ক. বর্ণ খ. শব্দ
গ. অক্ষর ঘ. ধ্বনি উত্তরঃ ঘ

www.tb.com.bd

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

ব্যাখ্যাঃ মানুষের বাক্য প্রত্যঙ্গ অর্থাৎ কণ্ঠনালী, মুখবিবর, জিহ্বা, আল-জিহ্বা, কোমল তালু, শক্ত তালু, দাঁত, মাড়ি, চোয়াল, ঠোঁট ইত্যাদির সাহায্যে উচ্চারিত আওয়াজকে ধ্বনি বলা হয়। ধ্বনি হচ্ছে ভাষার মূল উপাদান ।

১৫। 'গাছপাথর' বাগধারাটির অর্থ কি?
ক. ভূমিকা করা খ. হিসাব নিকাশ
গ. অসম্ভব বস্তু ঘ. বাড়াবাড়ি করা
উত্তরঃ খ

১৬। 'মা ছিল না বলে কেউ তার চুল বেঁধে দেয়নি।' এটি একটি-
ক. যৌগিক বাক্য খ. জটিল বাক্য
গ. মিশ্র বাক্য ঘ. সরল বাক্য
উত্তরঃ ঘ
ব্যাখ্যাঃ যে বাক্যে একটি মাত্র কর্তা (উদ্দেশ্য) এবং একটি মাত্র সমাপিকা ক্রিয়া (বিধেয়) থাকে, তাকে সরল বাক্য বলে। উল্লিখিত বাক্যে একটি কর্তা (কেউ) এবং একটি সমাপিকা ক্রিয়া (বেঁধে দেয়নি) রয়েছে।

১৭। 'তুমি অধম, তাই বলে আমি উত্তম না হব কেন?' এই প্রবাদটির রচয়িতা কে?
ক. মীর মশাররফ হোসেন খ. বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন
গ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর
উত্তরঃ গ
ব্যাখ্যাঃ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'কপালকুণ্ডলা' উপন্যাস হতে সংকলিত।

১৮। ভাষা আন্দোলন বিষয়ক উপন্যাস কোনটি?
ক. আরেক ফাল্গুন খ. জীবন ঘষে আগুন
গ. নন্দিত নরকে ঘ. পিঙ্গল আকাশ
উত্তরঃ ক
ব্যাখ্যাঃ বাঙালি জাতীয়তাবাদী আন্দোলন ও ২১ ফেব্রুয়ারি পালনের অভিজ্ঞতায় জহির রায়হান 'আরেক ফাল্গুন' উপন্যাসটি রচনা করেন। ১৯৪৮ - ১৯৫২ - ১৯৫৫ সাল পর্যন্ত চলমান ভাষার আন্দোলন, জনতার সম্মিলন উপন্যাসটির মূল প্রতিপাদ্য।

১৯। মুক্তিযুদ্ধ নির্ভর রচনা কোনটি?
ক. এই সব দিনরাত্রি খ. নূরুলদীনের সারা জীবন
গ. একাত্তরের দিনগুলি ঘ. সৎ মানুষে খোজে
উত্তরঃ গ
ব্যাখ্যাঃ 'একাত্তরের দিনগুলি' জাহানারা ইমাম রচিত মুক্তিযুদ্ধের স্মৃতিকথা। 'এই সব দিনরাত্রি' হুমায়ূন আহমেদের একটি উপন্যাস।

৩১তম বি.সি.এস

১। বাংলা গদ্যের জনক কে?
ক. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
গ. উইলিয়াম কেরী ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর
উত্তরঃ ক
ব্যাখ্যাঃ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরকে 'বাংলা গদ্যের জনক' বলা হয়। তিনি বাংলা সাহিত্যে যতি বিরাম চিহ্নের প্রবর্তক। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়কে 'সাহিত্য সম্রাট' বলা হয়। তিনি বাংলা সাহিত্যের প্রথম সার্থক ঔপন্যাসিক। রবীন্দ্রনাথ ঠাকুরের উপাধি 'বিশ্বকবি'।

২। 'আনন্দমঠ' উপন্যাসের লেখক কে?
ক. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় খ. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়
গ. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় ঘ. আনন্দমোহন বাগচী
উত্তরঃ ক

BookScan:www.fb.com/abubakar.chuadanga

ব্যাখ্যাঃ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের তিনটি উপন্যাস 'সীতারাম' , 'দেবী চৌধুরাণী' ও 'আনন্দমঠ' কে একত্রে 'ত্রয়ী উপন্যাস' বলা হয়। 'আনন্দমঠ' উপন্যাসটি ছিয়াত্তরের মন্বন্তরের পটভূমিকায় সন্ন্যাসী বিদ্রোহের ছায়া অবলম্বনে রচিত। এই উপন্যাসে লেখকের দেশপ্রেম ফুটে উঠেছে।

৩। 'বিদ্রোহী' কবিতা কোন কাব্যের অন্তর্গত?

ক. দোলনচাঁপা খ. বিষের বাঁশী

গ. সাম্যবাদী ঘ. অগ্নিবীণা উত্তরঃ ঘ

ব্যাখ্যাঃ 'বিদ্রোহী' কাজী নজরুল ইসলামের একটি বিখ্যাত কবিতা। এটি 'অগ্নিবীণা' কাব্যগ্রন্থের দ্বিতীয় কবিতা। অগ্নিবীণা কাব্যগ্রন্থে মোট ১২টি কবিতা স্থান পায়। যথা- 'প্রলয়োল্লাস', 'বিদ্রোহী', 'রক্তাম্বরধারিণী মা', 'আগমনী', 'ধূমকেতু', 'কামালপাশা', 'আনোয়ার', 'রণভেরী', সাত-ইল-আরব', 'খেয়া পাড়ের তরণী', 'কোরবানী' এবং 'মোহররম'।

৪। তাম্বুলখানা গ্রামে জন্মেছিলেন কোন কবি?

ক. জসীমউদ্‌দীন খ. ফররুখ আহমদ

গ. আবুল হাসান ঘ. শহীদ কাদরী উত্তরঃ ক

ব্যাখ্যাঃ পল্লীকবি জসীমউদ্‌দীন ১৯০৩ সালের ১ জানুয়ারি ফরিদপুর জেলায় তাম্বুলখানা গ্রামে জন্মগ্রহণ করেন। ১৯৭৬ সালের ১৩ মার্চ তিনি ঢাকায় পরলোকগমণ করেন।

৫। 'ছিন্নপত্র' এর অধিকাংশ পত্র কাকে উদ্দেশ্য করে লেখা?

ক. ইন্দিরা দেবী খ. কাদম্বরী দেবী

গ. মৃণালিনী দেবী ঘ. মৈত্রেয়ী দেবী উত্তরঃ ক

ব্যাখ্যাঃ রবীন্দ্রনাথ ঠাকুরের বিখ্যাত গ্রন্থ 'ছিন্নপত্র' ১৯১২ সালে প্রকাশিত হয়। এই গ্রন্থের অধিকাংশ পত্র তার ভ্রাতুষ্পুত্রী ইন্দিরা দেবীকে লেখা। ইন্দিরা দেবী ছিলেন প্রমথ চৌধুরীর অর্ধাঙ্গিনী।

৬। আলাওলের 'তোহফা' কোন ধরনের কাব্য?

ক. আত্মজীবনী খ. প্রণয়কাব্য

গ. নীতিকাব্য ঘ. জঙ্গনামা উত্তরঃ গ

৭। মাইকেল মধুসূদন দত্তের 'বীরঙ্গনা কাব্য' কোন ধরনের কাব্য?

ক. মহাকাব্য খ. সনেট

গ. পত্রকাব্য ঘ. গীতিকাব্য উত্তরঃ গ

ব্যাখ্যাঃ মাইকেল মধুসূদন দত্তের বিখ্যাত কাব্যগ্রন্থ 'বীরঙ্গনা কাব্য' ১৮৬২ সালে প্রকাশিত হয়। এটি একটি পত্রকাব্য। এটি বাংলা সাহিত্যে পত্রাকারে রচিত প্রথম কাব্যগ্রন্থ। রোমান কবি ওভিদের 'হোরাইদাইদস' কাব্যের অনুসরণে এই গ্রন্থ রচিত।

৮। 'উজবুক' শব্দটি কোন ভাষা হতে বাংলা ভাষায় এসেছে?

ক. ফার্সি খ. তুর্কি

গ. পর্তুগিজ ঘ. আরবি উত্তরঃ খ

ব্যাখ্যাঃ বাংলা ভাষায় ব্যবহৃত উল্লেখযোগ্য তুর্কি শব্দ আলখাল্লা, উজবুক, কাঁচি, কাবু, কুলি, কুর্নিশ, কোর্তা, ক্রেক, খাঁ, চাকর, চাকু, তোপ, দারোগা, বন্দুক, বারুদ, বাবা, বাবুর্চি, বোচকা, মুচলেকা, লাশ, সুলতান ইত্যাদি।

৯। সমাসবদ্ধ শব্দ 'আনত' কোন সমাসের উদাহরণ?

ক. বহুব্রীহি খ. কর্মধারয়

গ. সুপসুপা ঘ. অব্যয়ীভাব

উত্তরঃ ঘ

Useful Bangla eBooks :-www.facebook.com/tanbir.ebooks

ব্যাখ্যাঃ 'আনত' এর ব্যাসবাক্য - ঈষৎ নত। এটি অব্যয়ীভাব সমাসের উদাহরণ। পূর্বপদে অব্যয়যোগে নিষ্পন্ন সমাসে যদি অব্যয়েরই অর্থের প্রাধান্য থাকে, তবে তাকে অব্যয়ীভাব সমাস বলে। সামীপ্য, বিপসা (পৌনঃ পুনিকতা), পর্যন্ত, অভাব, অনতিক্রম্যতা, সাদৃশ্য, যোগ্যতা প্রভৃতি নানা অর্থে অব্যয়ীভাব সমাস হয়।

১০। 'অশোক সৈয়দ' কার ছদ্মনাম?
ক. আব্দুল মান্নান সৈয়দ খ. সৈয়দ আজিজুল হক
গ. আবু সয়ীদ আইয়ুব ঘ. সৈয়দ শামসুল হক উত্তরঃ ক

১১। সন্ধি সাধিত শব্দ 'পরস্পর' কোন ধরনের সন্ধির দৃষ্টান্ত?
ক. ব্যঞ্জন ধ্বনি খ. স্বর ধ্বনি
গ. নিপাতনে সিদ্ধ ঘ. বিসর্গ সন্ধি উত্তরঃ গ

ব্যাখ্যাঃ যেসব ক্ষেত্রে সন্ধি নিয়মানুসারে হয় না তাকে নিপাতনে সিদ্ধ সন্ধি বলে। নিপাতনে সিদ্ধ স্বরসন্ধির উদাহরণ - কুলটা, গবাক্ষ, পৌঢ়, অন্যান্য, মার্তণ্ড, শুদ্ধোদন। নিপাতনে সিদ্ধ ব্যঞ্জনসন্ধির উদাহরণ- বনস্পতি, গোষ্পদ, ষোড়শী, পতঞ্জলি, আশ্চর্য, তস্কর, মনীষা, পরস্পর, একাদশ, বৃহস্পতি। নিপাতনে সিদ্ধ বিসর্গসন্ধির উদাহরণ প্রাতঃকাল, মনঃকষ্ট, শিরঃপীড়া, বাচস্পতি, অহরহ, অহর্নিশ, ভাস্কর।

১২। 'অদিতি' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি?
ক. পৃথী খ. নীর
গ. ক্ষিতি ঘ. অবনী উত্তরঃ খ

ব্যাখ্যাঃ 'অদিতি' শব্দের অর্থ পৃথিবী। 'অদিতি' এর সমার্থক শব্দ ক্ষিতি, ভূ, অবনী, বসমুতী, ধরা, ধরণী, ধরিত্রী, বসুন্ধরা, মেদিনী, বসুধা, মহী, উর্বী, পৃথী, ভুবন, জগৎ। 'নীর' শব্দের অর্থ পানি।

১৩। 'পরাগলী মহাভারত' খ্যাত গ্রন্থের অনুবাদকের নাম কি?
ক. সঞ্জয় খ. কবীন্দ্র পরমেশ্বর
গ. শ্রীকর নন্দী ঘ. কাশীরাম দাস উত্তরঃ খ

১৪। 'বটতলার উপন্যাস' গ্রন্থের লেখকের নাম কি?
ক. দিলারা হাশেম খ. রাজিয়া খান
গ. রিজিয়া রহমান ঘ. সেলিনা হোসেন উত্তরঃ খ

১৫। 'Quarterly' শব্দের অর্থ কী?
ক. সাপ্তাহিক খ. পাক্ষিক
গ. ষান্মাসিক ঘ. ত্রৈমাসিক উত্তরঃ ঘ

ব্যাখ্যাঃ Quarterly শব্দের অর্থ ত্রৈমাসিক; Weekly শব্দের অর্থ সাপ্তাহিক; Fortnightly শব্দের অর্থ পাক্ষিক; Half Yearly শব্দের অর্থ ষান্মাসিক

১৬। নিচের কোন বানানটি শুদ্ধ?
ক. নিশিথিনী খ. নিশীথীনি
গ. নিশিথীনী ঘ. নিশীথিনী উত্তরঃ ঘ

ব্যাখ্যাঃ 'নিশীথিনী' শব্দের অর্থ রাত।

১৭। 'শিখণ্ডী' শব্দের অর্থ কী?
ক. কবুতর খ. কোকিল
গ. খরগোশ ঘ. ময়ূর উত্তরঃ ঘ

ব্যাখ্যাঃ ময়ূর এর সমার্থক শব্দ করাপী, কেকা, শিখী, শিখণ্ডী, বর্হী; কোকিলের সমার্থক শব্দ কাকপুষ্ট, পরপুষ্ট, কলকণ্ঠ, পরভৃত, বসন্তদূত এবং পিক।

BookScan:www.fb.com/abubakar.chuadanga

MP3

৮। সাহিত্যে অলঙ্কার প্রধানত কত প্রকার?

ক. ৬ খ. ২

গ. ৪ ঘ. ৫

উত্তরঃ খ

ব্যাখ্যাঃ সাহিত্যে অলঙ্কার প্রধানত দুই প্রকার। যথা- শব্দালঙ্কার ও অর্থালঙ্কার।

ক) শব্দালঙ্কার : যার দ্বারা শব্দের চমৎকারিত্ব বৃদ্ধি হয়, তাকে শব্দালঙ্কার বলে।

খ) অর্থালঙ্কার : যার দ্বারা কাব্যার্থের চমৎকারিত্ব বৃদ্ধি হয়, তাকে অর্থালঙ্কার বলে।

৯। অধ্যাপক আহমদ শরীফের মৃত্যুসন কোনটি ?

ক. ১৯৯৭ খ. ১৯৯৮

গ. ১৯৯৯ ঘ. ২০০০

উত্তরঃ গ

ব্যাখ্যাঃ অধ্যাপক আহমদ শরীফ ১৯২১ সালের ১৩ ফেব্রুয়ারি চট্টগ্রামের সুচক্রদণ্ডীতে জন্মগ্রহণ করেন। তিনি ছিলেন মূলত শিক্ষাবিদ ও গবেষক। ১৯৯৯ সালের ২৪ ফেব্রুয়ারি তিনি পরলোকগমন করেন।

#৩০তম বি.সি.এস

১। বাংলা ভাষার আদি নিদর্শন চর্যাপদ আবিষ্কৃত হয় কত সালে?

ক. ২০০৭ সালে খ. ১৯০৭ সালে

গ. ১৯১৬ সালে ঘ. ১৯০৯ সালে

উত্তরঃ খ

ব্যাখ্যাঃ বাংলা ভাষার প্রথম কাব্য সংকলন চর্যাপদ। এটি বাংলা সাহিত্যের আদিযুগের একমাত্র লিখিত নিদর্শন। ডক্টর হরপ্রসাদ শাস্ত্রী নেপালের রাজ দরবারের গ্রন্থাগার হতে ১৯০৭ সালে 'চর্যাচর্য বিনিশ্চয়' নামক পুঁথিটি আবিষ্কার করেন।

২। নিচের কোনটি শরৎচন্দ্রের ছদ্মনাম?

ক. বীরবল খ. ভিমরুল

গ. অনিলা দেবী ঘ. যাযাবর

উত্তরঃ গ

ব্যাখ্যাঃ অপরাজেয় কথাশিল্পী শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের ছদ্মনাম 'অনিলাদেবী'। তিনি 'নারীর মূল্য' প্রবন্ধে এ ছদ্মনাম ব্যবহার করেন। প্রমথ চৌধুরীর ছদ্মনাম বীরবল। বিনয় কুমার মুখোপাধ্যায়ের ছদ্মনাম যাযাবর।

৩। 'আধ্যাত্মিকা' উপন্যাসের লেখক কে?

ক. প্যারিচাঁদ মিত্র খ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

গ. দামোদর বন্দ্যোপাধ্যায় ঘ. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

উত্তরঃ ক

ব্যাখ্যাঃ বাংলা সাহিত্যের প্রথম ঔপন্যাসিক প্যারিচাঁদ মিত্রের উল্লেখযোগ্য গ্রন্থ-

- আলালের ঘরের দুলাল (১৮৫৭): বাংলা সাহিত্যের প্রথম উপন্যাস। এখানে তিনি যে কথ্য ভাষা ব্যবহার করেছিলেন তা 'আলালী ভাষা' নামে পরিচিতি লাভ করে। এই গ্রন্থটি ইংরেজিতে অনুবাদ করা হয়েছিল The Spoiled Child নামে।
- মদ খাওয়া বড় দায়, জাত থাকার কি উপায় (১৮৫৯)
- অভেদী (১৮৭১)
- আধ্যাত্মিকা (১৮৮০)
- The Zemindar and Ryots: চিরস্থায়ী বন্দোবস্তের সমালোচনা করে তিনি গ্রন্থটি রচনা করেছিলেন।